#### Shri Anadi Das :

এই রকম ডিপ্রিসিয়েশন করেও, প্রাইভেট বাস কোম্পানীগুলি লাভ করে যাচ্ছে এবং ইনকাম ট্যাক্সও লিচ্ছে ; অথচ সরকারী বাসে এই রকম ভাবে লোকসান হচ্ছে কেন ?

#### Shri Saila Kumar Mukherjee:

ডিপ্রিসিয়েশন প্রভৃতি এইগুলি যদি ধরেন, তাহলে এক কোটী টাকা করে লাভ হচ্ছে। আমরা সেটা ধরচ দেখিয়েছি।

## Government Dairy Farms

- \*213. (Admitted question No. \*1338.) Shri Monoranjan Bakshi :
  শশ্ম চিকিৎসা ও পশ্ম পালন বিভাগের মন্ত্রীমহাশ্ম অন্যগ্রহপ্তর্বক জানাইবেন কি-
  - (ক) পশ্চিম বাংলার কোন্ জেলার কোন্ স্থানে জনসাধারণকে দর্শ্ব সরবরাহ করিবার জন্য সরকারী পরিচালনায় ডেয়ারী ফার্ম স্থাপন করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা: এবং
  - (খ) থাকিলে তাহা কখন কার্যকরী করা হইবে?

## Shri S. M. Fazlur Rahman:

- (क) পরিকল্পনা অত্নযায়ী সরকায়ী পরিচালনায় বর্ধমান ও দার্জিলিং জেলায় যথাক্রমে ত্রুগাপুর তেয়ায়ী ও শিলিগুড়ি মালটিপারপাস ডেয়ায়ী প্রতিষ্ঠা করিবার কথা আছে।
- (গ) যন্ত্রপাতি যথাসময়ে পাওয়া গেলে তুর্গাপুর ডেয়ারী ১৯৬৭ সাল নাগাদ চালু হইবে বলিয়া আশা করা যায়। বর্তমান জরুরী অবস্থার পরিপ্রেক্ষিতে বায় সংকোচ হেতু শিলিগুড়ির মালটিপারপাস ডেয়ারী প্রতিষ্ঠায় বিলম্ব হওয়ার সম্ভাবনা রহিয়াছে।

Shri Lakshmi Ranjan Josse: There was a proposal for setting up a Chilling Plant in Kalimpong. How far has it progressed, what is the position, Sir?

Shri S. M. Fazlur Rahman: The question relates to the establishment of Dairy Farm and not Chilling Plant. Please put a different question and I will reply to it.

#### Shri Aswini Roy:

এই যে তুর্গাপুরে ডেয়ারী ফার্ম করবার কথা হয়েছে, এটা কোন জায়গায় হবে, সেই জায়গা কি দ্বল করা হয়েছে এবং কোন অফিসার এই প্লাণ্টে কান্ধ করবার জন্ম নিযুক্ত হয়েছেন কি ? আর সেগানে যারা নিযুক্ত হয়েছেন, তালের সংখ্যা কত ?

## Shri S. M. Fazlur Rahman :

জায়গা যথাযথভাবে গ্রহণ করা হয়েছে এই ডেয়ারী ফার্মের জন্ম। কিন্তু দেখানে যন্ত্রপাতি মেশিনারী ন বসিয়ে কর্মচারী নিয়োগ করা যায় না।

#### Shri Aswini Roy:

কত একর জায়গা এই পারপাজ-এ গ্রহণ করা হয়েছে ?

#### Shri S. M. Fazlur Rahman :

বিশেষজ্ঞদের মতে যতটুকু জায়গা প্রয়োজন, ততটুকু জায়গা।

## Shri Gour Chandra Kundu:

মন্ত্রী মহাশয় জানাবেন কি হরিণঘাটা ডেয়ারী ফার্ম এক্সটেনসন করে সেখানে যে ঘরদোর করা হয়েছে সেখানে কি গরু মহিষ এসেছে কী ?

#### Shri S. M. Fazlur Rahman :

এ প্রশ্ন পথকভাবে করবেন।

## Dr. Kanailal Bhattacharya:

তুর্গাপুরে ও শিলিগুড়ি যেখানে জমি এাাকয়ার করেছেন, সেখানে কতগুলি গরু মহিষ রাখবার পরিকল্পন আছে এবং তারজন্ম কত টাকা ব্যয় বরাদ্ধ করেছেন ?

#### Shri S. M. Faziur Rahman:

তুর্গাপুরের জন্ম ৪৭ লক্ষ ৫০ হাজার টাকা, এর মধ্যে বিদেশী মুদ্রার পরিমাণ হচ্ছে ১৩ লক্ষ টাকা। অন্সার্চ ডিটেলস এর জন্ম প্রশ্ন করলে পরে জবাব দেব।

#### Shri Monoranjan Roy:

দার্জ্জিলিং-এ কি কোন ডেয়ারী ফার্ম করবার পরিকল্পনা আছে ?

#### Shri S. M. Fazlur Rahman:

না, তবে শিলিগুড়িতে একটা মালটীপারপাজ ডেয়ারী ফার্ম করা হবে।

## Shri Jiban Krishna Dey :

কুচবিহারে যে ষ্টেট ডেয়ারী ফার্ম ছিল, সেটা কি এখনো চালু আছে ?

#### Shri S. M. Fazlur Rahman:

সেকথা আমার জানা নাই।

## Shri Panchugopal Bhaduri :

মন্ত্রী মহাশয় জানাবেন কি হুগলী জেলার সিংগুর প্রাভৃতি অঞ্চলে যে মিল্ক পকেটগুলি ছিল, ছানা ক আদেশের পরিপ্রেক্ষিতে সেথানে ছোট ছোট ডেয়ারী করবার কোন পরিকল্পনা আছে কিনা ?

## Shri S. M. Fazlur Rahman:

আমানের চতুর্থ পরিকল্পনায় যে যে স্থানে ডেয়ারী স্থাপন করবেন, সেগুনো হলো খড়গপুর, চুঁচুড় চন্দননগর, ফরাক্কা, বর্দ্ধমান। এই কয়টী জায়গায় ৫টী ডেয়ারী এসটাবিলিস করবার পরিকল্পনা আছে .50-2 p.m.]

## Shri Panchu Gopal Bhaduri:

শ্রুতি এই সব এলাকায় যে সব এলাকা থেকে ছানার চালান হতো সেথানে হুধের চাহিনা খুব কমে যাওয়ার ন্ম ক্যাটেলের সমস্ত বিজনেস বা যারা গো-পালন করতো তালের বিশেষ ক্ষতি হবার সম্ভাবন। আছে, সেই থা বিবেচনা করে অবিলম্বে ফোর্থ প্লানের আগে কোন ষ্টপ গ্যাপ এ্যারেঞ্জমেন্ট করবার কথা মন্ত্রী মহাশায় াবছেন কিনা ?

## Shri S. M. Fazlur Rahman:

দ কথাও চিস্তা করা হচ্ছে, এ্যাকটিভ কনসিভারেশনের মধ্যে আছে।

## Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

াননীয় মন্ত্রী মহাশয় বলবেন কিঃ কল্যানীতে যে ফার্ম করেছিলেন তার অবস্থা কি ?

## Shri S. M. Fazlur Rahman:

ার্মটা আর একবার বলুন।

## Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

আমি জিজ্ঞাসা করছি যে এই কোশ্চেনটার কোন জায়গায় মেনশন নেই যে অমৃক জায়গার কথা, সমস্ত বাংলা দেশে কি কি পরিকল্পনা আছে, সেগানে আমি জিজ্ঞাসা করছি যে কল্যাণীতে যে ফার্মটা হয়েছিল ভার অবস্থা কি ?

## Shri S. M. Fazlur Rahman:

নাননীয় সভাপাল মহাশায়, প্রশ্নটা হচ্ছে পশ্চিম বাংলার কোন জেলার কোন স্থানে জনসাধারণকে তুগ্ধ দুরবরাহ করিবার জন্ম সরকারী পরিচালনায় ভেয়ারী ফার্ম স্থাপন করিবার কোন পরিকল্পনা সরকারের আছে কিনা, সেথানে স্পষ্টভাবে উত্তর দেওয়া হয়েছে।

## Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

**ক্ল্যাণীতে সেই পরিকল্পনা কি অবস্থায় আছে ?** 

#### Shri S. M. Fazlur Rahman:

সে সম্বন্ধে আলাদা প্রশ্ন দেবেন, জবাব দেবো।

#### Shri Monoranjan Roy:

াননীয় মন্ত্রী মহাশয় বললেন যে তৃতীয় পরিকল্পনার মধ্যে শিলিগুড়িতে একটা ডেয়ারী কার্ম হবার কথা লেছেন কিন্তু এথন আমরা জানি যে মাননীয় মন্ত্রী থগেন দাশগুপ্ত মহাশয় জলপাইগুড়িতে একটা ডেয়ারী গর্মের জক্য তদ্বির করেছিলেন সেটার কি হল সেটা কি শিলিগুড়িতে করবেন ন। ঐ নিউ জলপাইগুড়িতে দ্ববেন।

## Shri S. M. Faziur Rahman:

স তদ্বির বোধ হয় আপনার কাছে করেছেন, আমার কাছে করেননি। K-3

## Special allowance for the Headmasters of Primary Schools \*214. (Admitted question No. \*1344.) Shri Amarendra Kath Roy Prodh শিক্ষা বিভাগের মত্ত্রীমহাশ্য অন্ত্রহপ্রেক জানাইবেন কি—

- (ক) পশ্চিমবংগের প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের কি কোন বিশেষ ভাতা অ মাহিনা প্রদান করা হয়: এবং
- (খ) যদি 'ক' প্রশেনর উত্তর হার্ট হয়, তবে কোন কোন শ্রেণীর প্রধান শিক্ষকদের বিশেষ ভাতা অথবা মাহিনা দেওয়া হয় ?

#### Shri Rabindralal Sinha:

- (ক) হা। বিশেষ ভাতা প্রদান করা হয়।
- (a) (b) নিম্ন বুনিয়াদী বিভালয়ে কাণ্যরত নিম্ন বুনিয়াদী শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত প্রধান শিক্ষকর্গণ।
- প্রাথমিক বিত্যালয়ে 'ক' শ্রেণীভুক্ত প্রধান শিক্ষকগণ।
- 'ক' শ্রেণীভুক্ত শিক্ষকগণের শিক্ষাগত যোগাতা—মাার্টি ক ট্রেণ্ড অথবা নন্ মাার্টি ক ভি এম ট্রে পাশ।

## Shri Amarendra Nath Roy Prodhan:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন কত টাকা ভাতা প্রদান করা হয় ?

#### Shri Rabindralal Sinha:

বুনিয়াদী স্কুলে ১৫ টাকা, আর অন্যান্য প্রাথমিক বিভালয়ে ৫ টাকা।

#### Shri Amarendra Nath Roy Prodhan :

মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয়ই জানেন পশ্চিম বাংলায় শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত শিক্ষকদের মত সমস্ত প্রাথমি বিত্যালয়ের প্রাথমিক শিক্ষকরা শিক্ষণ শিক্ষা পাওয়ার স্থযোগ পাচ্ছেনা, সেই সব বিত্যালয়ে যারা প্রধা শিক্ষকরূপে ৫ বছর ধরে চাকরী করছেন তাঁদের সেই ক্ষেত্রে প্রধান শিক্ষকের ভাতা দেওয়া হবে কিনা ?

#### Shri Rabindralal Sinha:

যাঁরা শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত নন তালের প্রধান শিক্ষক করা হয় না, তাঁর। সাধারণ শিক্ষক হিসাবে টিচার ইন চার্জ থাকেন, তালের এই ভাতা দেবার কোন প্রস্তাব সরকারের নেই।

#### Shri Amarendra Nath Roy Prodhan :

মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যিনি টিচার ইন চার্চ্জ থাকেন তাঁর এবং প্রধান শিক্ষকের কাজ একট রকমের ?

#### Shri Rabindralal Sinha:

এই ভাতা দেওয়া হয় যোগ্যতা এবং কাজ ফুটো বিচার করে। সেখানে যোগ্যতা কম আছে সেইজক্স ভাত দেওয়া হয় না।

## Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে যেখানে প্রধান শিক্ষকদের ভাতা দেওয়া হয় না সেখানে এই কার্য় বর্ত্তমান থাকে যে তাঁরা পি, টি, ট্রেনিং শিক্ষা শিক্ষা সংক্রাস্ত ব্যাপারে শিক্ষিত নন বলে। এর আগে আপনি বললেন যে প্রধান শিক্ষকদের যে স্পেশাল কোয়ালিফিকেশন সেটা থাকলে তবে মোটামুটি প্রধান ক্ষক হতে পারে। এখন প্রধান শিক্ষক থাকা কালীন যাঁরা ভাতা পাচ্ছেন না তাঁরা টেমপোরারিলি চ্ছেন না, পরে শিক্ষণ শিক্ষা কেন্দ্র থেকে পাশ করে এলে তাঁদের দেওয়া হবে সেই কণ্ডিশন তাঁদের বলা ছে। অথবা এই রকম আপনারা ব্যবস্থা করেছেন যে প্রধান শিক্ষক টেমপোরারি না হলেও যদি পনাদের মৰ্চ্ছিল হয় তাহলে আপনি দেবেন তা না হলে দেবেন না, কোনটা ?

#### Shri Rabindralal Sinha:

মানের একটা নীতি আছে সেই নীতিটা হচ্ছে হে মৃহত্তে তাঁরা শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত হবে এবং প্রধান ক্ষক হিসাবে কাজ করবে নিশ্চয়ই তাঁরা পাবেন।

### Shri Sailendra Nath Adhikary:

মি আপনাকে এই কথা বলছি প্রধান শিক্ষক শিক্ষণ শিক্ষাপ্রাপ্ত না হলে হয় না। যেথানে হয় ধানে স্পেশাল কনসিডারেশন করা হয়। স্পেশাল কনসিডারেশন করে যথন প্রধান শিক্ষক করা হচ্ছে নি তাকে ভাতার স্ক্যোগ থেকে বঞ্চিত করছেন কেন ?

#### Shri Rabindralal Sinha:

মি প্রশ্নোত্তরে আগেই জানিয়েছি যে তুটো জিনিষ, একটা হল কাজ এবং আর একটা হল তাঁর নিজের কাগত যোগাতা, এই তুটি জিনিষ বিচার করে ভাতা দেওয়া হয়।

#### Shri Balai Lal Das Mahapatra:

নীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে ওয়ার্ধাতে এবং বলরামপুরে শিক্ষণ শিক্ষা কেন্দ্র থেকে পাশ করে য়া শিক্ষকতা করছেন তাঁর। এই ১৫ টাকার স্থযোগ পাবেন কিনা ?

#### Shri Rabindralal Sinha:

ানে কোন একটা পার্টিকুলার বিচ্চালয় সম্বন্ধে প্রশ্ন করলে আমি বলতে পারবো না।

#### Shri Balai Lal Das Mahapatra:

মি জিজ্ঞাসা করছি যে ওয়ার্ধা ও বলরামপুর শিক্ষা শিক্ষা কেন্দ্র থেকে শিক্ষা নিয়ে এলে তাঁদের এই যাগ দেবেন কিনা যাঁরা পশ্চিমবঙ্গে কাজ কর্ম করবেন ?

#### Shri Rabindralal Sinha:

শ্চম বাংলার ব্নিয়াদি শিক্ষণ শিক্ষার যে ষ্টাণ্ডার্ড দেই ষ্ট্যাণ্ডার্ডের সম ষ্ট্যাণ্ডার্ড ভূক্ত কোন প্রতিষ্ঠান কে তাঁরা যদি শিক্ষা নেন এবং সেই কোর্স সেই ডিউরেশন অব দি কোর্স, এই সব যদি থাকে তাহলে শুয়ই পাবেন কিন্তু যে তুটি পার্টি কুলার ইনষ্টিটিউশনের কথা জিজ্ঞাসা করলেন সে সম্বন্ধে নোটিশানা ল বলতে পারবো না।

#### Shri Balai Lal Das Mahapatra:

ননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন প্রথমে ধাঁরা নিম্ন বনিয়াদির ট্রেনিং নিয়ে আসেন তাঁদের তৃতীয় বর্গ পাস্ত কা দেবার অধিকার দেওয়া হচ্ছে একথা সত্যি কিনা ?

#### Shri Rabindralal Sinha:

শ্লটা হচ্ছে প্রধান শিক্ষকদের ভাতা সম্পর্কে, সে প্রশ্নের জবাব আমি দিয়েছি। অন্য কোন প্রশ্ন করতে ইলে প্রশ্ন দেবেন নিশ্চয়ই আমি জবাব দেবো।

#### Shri Balai Lal Das Mahapatra:

নিনীয় অধ্যক্ষ মহাশয়, উনি বলেছেন যে নিম্ন বুনিয়াদী বিভালয়ে যাঁরা প্রধান শিক্ষকের কাজ করবেন গদের ১৫ টাকা ভাতা দেওয়া হবে। আমি জিজ্ঞাসা করছি ওয়ার্ধা এবং বলরামপুর থেকে ট্রেনিং পেয়ে এসে যদি শিক্ষকতা করেন এবং প্রধান শিক্ষকের কান্ত করেন তাহলে তাঁদের সেই স্থযোগ দেবেন কিনা দেশ স্বাধীন হওয়ার পর ওয়ার্ধা ঐবং বলরামপুরএ বুনিয়াদী টেনিং দেবার ব্যবস্থা হয় এবং সেই টেনিংপ্রাঃ শিক্ষকদের ততীয় বর্গ পৃথস্ত পড়াবার অধিকার দেওয়া হচ্ছে তাঁদের সে স্থযোগ দেবেন কিনা ?

#### Shri Rabindralal Sinha:

এই প্রশ্ন করলে জবাব দেবো।

## M. R. dealership of Anchal Pradhans in Purulia district

\*215. (Admitted question No. \*1359.) Shri Girish Mahato: পঞ্চায়েত বিভাগের মন্ত্রীমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- কুরুলিয়া জিলায় কোন কোন অঞ্চল পঞ্চায়েতের প্রধান এম, আয়, ডিলায় আছেন ;
- (থ) ভাহাদের নাম কি; এবং
- (গ) অঞ্চল প্রধানদের এম, আর, ডিলার হইতে আইনগত কোন বাধা আছে কিনা <u>?</u>

#### Shri Sowrindra Mohan Misra:

- (क) ও (খ) নিম্নলিখিত অঞ্চল পঞ্চায়েতের প্রধানগণ এম, আর ডিলার আছেন।
  - (১) মহম্মদ সইব আনসারী থরা ব্লকে দলদলি অঞ্চল প্রধান ;
  - (২) শ্রীকাশীনাথ মণ্ডল নেতুরিয়া ব্লকে রাইবাঁধ অঞ্চল প্রধান এবং
  - এীপ্রহলাদ চক্রবর্তী মানবাজার ব্লকে গোপালনগর অঞ্চল প্রধান।
- (গ) পঞ্চায়েত আইনে কোন বাধা নাই, তবে ২৯শে সেপ্টেম্বর ১৯৬৫ তারিথের থান্স দপ্তরের একা নির্দেশ অনুষায়ী তাঁহার আর এন, আর ডিলার থাকিতে পারিবেন না। ইতিমধ্যেই তাঁহাদে ডিলারশিপ বাতিল করার জন্ম জেলা কর্তৃপক্ষ যথাযোগ্য ব্যবস্থা অবলম্বন করিয়াছেন।

## Shri Birendra Narayan Roy:

যাদের আপনারা এম, আর ডিলার করেছেন তাদের কি একমাত্র এই কারণে করেছেন যে তারা সবাই কংগ্রে দলের সদস্য ?

#### Shri Sowrindra Mohan Misra:

তার। কংগ্রেস দলের সদস্য কি বীরেন রায়ের দলের সদস্য আমি জানিনা। এখন কথা হচ্ছে অঞ্চল প্রধানরা ডিলা ছিলেন, কিন্তু অঞ্চল পঞ্চায়েতে নৃতন সাকুলার দিয়েছে ১৯৬৫ সালের সেপ্টেম্বরে যে তারা আর এম, আ ডিলার থাকতে পারবেনা। ইতিমধ্যে জেলা কর্তৃপক্ষ ত্র'মাসের মধ্যে ডিলারশিপ ক্যানসেলের জস্ম নোটি দিয়েছেন।

#### Shri Birendra Narayan Roy:

তারা যদি মেম্বারশিপ ছেড়ে দেয় তাহলে কি তাদের ডিলারশিপ থাকবে ?

#### Shri Sowrindra Mohan Misra:

খান্ত দপ্তরের যে নির্দেশ তাতে তারা যদি অঞ্চলে আর না থাকে তাহলে ডিলারশিপ থাকবেনা কেন?

#### Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে পঞ্চায়েত আইনে এই রকম কোন বিধান নেই যে অঞ্চল প্রধানরা এম আ ভিলার থাকতে পারবেনা, এটা আমরা জানি। কিন্তু মন্ত্রী মহাশয় কি জানেন যারা অঞ্চলের প্রধান তারা হচ্ছে দেখানকার রিলিফ কমিটির প্রেসিডেন্ট এবং এটা আপনি জানেন কিনা যে গভর্গমেন্টের একটা জি <sup>১</sup> আছে যে রিলিফ কমিটির কোন মেম্বার এম, আর ভিলার হতে পারবেনা ? জানলে সেদিক থেকে কোন ত্রু করেছেন কিনা ?

[2-2-10 p.m.]

#### Shri Sowrindra Mohan Misra:

মাননীয় দলসাকে উত্তরটা থেকে একটু দেখতে বলি যে রিলিফ কমিটি যথন সমস্ত অঞ্চল থেকে চলে গেল তথন খান্ত দপ্তর নির্দেশ দিয়েছে যে তারা আর এম, আর ডিলার থাকতে পারবে না—২৯শে সেপ্টেম্বর খান্ত দপ্তর-এর যে নোটিশ গেছে তাতে জ্বেলা কর্তৃ পক্ষকে ডিলারসিপ বাতিল করার নির্দেশ দিয়েছে এবং জ্বেলা কর্তৃপক্ষ ডিলারসিপ বাতিল করার নোটিশ দিয়েছে।

#### Shri Sanat Kumar Raha:

এই নোটিশ দেবার পর তাদের ছেলে বা সেই পরিবারের কোন লোককে ডিলারসিপ হস্তাস্তর করেছে এটা কি জানেন ?

#### Shri Sowrindra Mohan Misra:

এই তিন ক্ষেত্রে আমি উত্তর দিয়েছি। এখানে আমি বলবো যেটা নোটিশ দিয়েছে খাত্য দপ্তর সেথানে এমন কি তাঁর আত্মীয় স্বজনও বিশেষ অকুমতি ছাড়া ডিলার থাকতে পারবে না।

#### Shri Sanat Kumar Raha:

অমুমতিটা কার—টেট গভর্ণমেন্টের, না লোক্যাল কণ্টে ালারের ?

#### Shri Sowrindra Mohan Misra:

निर्दिश मिरश्रद्ध जिक्कि माजिरहें ।

#### Shri Girish Mahato:

আঞ্চলিক পরিষদের ভাইস প্রেসিডেন্ট এম, আর, ডিলার থাকতে পারেন কিনা ?

### Shri Sowrindra Mohan Misra:

না, থাকতে পারে না এই নির্দেশ অমুযায়ী।

# STARRED QUESTIONS (to which answers were laid on the table.)

#### Cultivable lands and ponds under Zilla Parishads

\*216. (Admitted question No. \*1395.) Shri Sanat Kumar Raha:

পঞ্চায়েত বিভাগের মন্ত্রীমহাশয় অমুগ্রহপুর্বক জানাইবেন কি—

- (क) जिला शतियानत व्यथीन एवं मकल अपि कांचर्याना के अपि कि जारव वास्तावन्छ (मञ्जा हेत्र ;
- (খ) জেলা পরিষদের অধীন বে সকল পুছরিণী ও জলাশয় আছে তাহার বন্দোবস্ত কি ভাবে হয়; এবং
- (গ) উপরোক্ত বিষয়ে যথাক্রমে গরীব চাষী ও গরীব মংস্যঙ্গীবিদের সম্পর্কে বিদি বন্দোবন্তের কোন নীতি আছে কিনা ?

#### The Minister for Panchayats:

- (ক), (খ) ও (গ) :—পশ্চিমবংগ জিলা পরিষদ নিয়মাবলীর ১২৯নং নিয়মে উল্লিখিত আছে বে জিলা পরিষদ বা আঞ্চলিক প্লরিষদের উপর গ্রন্ত বা উহার তত্ত্বাবধানে এবং রক্ষণাবেক্ষণে অপিত অস্থাবর সম্পত্তির মেয়াদী বন্দোবন্ত নিয়লিখিত সর্ত্ত সাপেক্ষ যথা—
- (क) একটি ন্যায় সক্ষত বাৎসরিক খাজনা নির্দ্ধারণ করিতে হইবে এবং মেরাদের সময় উত্তীর্ণ না হওরা পর্যাস্ত উচা প্রতিবংসরই দিতে হইবে।
- (খ) জিলা পরিষদ অথবা আঞ্চলিক পরিষদের সভার পূর্ব অন্থুমোদন ব্যতীত কোন মেয়াদী বন্দোবন্ত বা মেয়াদী বন্দোবন্তের চুক্তি-সম্পাদন করা যাইবেনা। জিলা পরিষদের অস্থাবর সম্পত্তি উপরোক্ত নিয়ম অন্থ্যায়ী বিলি বন্দোবন্ত করার ভার সম্পূর্ণভাবে জিলা পরিষদেরই। এবিষয়ে উপরোক্ত নিয়ম ছাড়া জিলা পরিষদ আইনে অন্ত কোন নির্দ্দেশ নাই। জিলা পরিষদ গরীব চাষী ও গরীব মংসজীবিদের আবেদন উপরোক্ত নিয়ম সাপেক্ষে যথাযোগা বিবেচনা করিয়া সিদ্ধান্ত গ্রহণ করিতে পারেন।

## Plying of buses on some routes by Durgapur State Transport Corporation

- \*217. (Admitted question No. \*1497.) Shri Haridas Chakravarty:
- স্বরাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি-
  - (ক) তুর্গাপুর রাষ্ট্রীয় পরিবহণ কর্তৃপক্ষ কর্তৃক তুর্গাপুর-আসানসোল, তুর্গাপুর-চিত্তরঞ্জন, তুর্গাপুর-বরাকর, তুর্গাপুর-বাকুড়া প্রভৃতি রুটে সরকারী বাস চালু করিবার কোন সিদ্ধান্ত সরকার গ্রহণ করিয়াছেন কিনা; এবং
  - (খ) সিদ্ধান্ত গ্রহণ করিয়া থাকিলে, সেই সিদ্ধান্ত কতদ্র কার্যকরী করা হইয়াছে ?

## The Minister for Home (Transport):

- (ক) তুর্গাপুর-আসানসোল, তুর্গাপুর-সিউড়ি, তুর্গাপুর-বর্ধমান ও তুর্গাপুর-রাণীগঞ্জ রুটে সরকারী বাস চালু করা হইয়াছে।
- (খ) তুর্গাপুর হইতে বাঁকুড়া হইয়া আরামবাগ অবধি একটি রুটে শীঘ ই সরকারী বাস চালু করিবার সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। উহা আগামী ডিসেম্বর মাসের মাঝামাঝি সময় হইতে চালু করা যাইবে বলিয়া আশা করা যায়।

#### Circular Railway

- \*218. (Admitted question No. \*1216.) Shri Aswini Roy:
  শ্বরাষ্ট্র (পরিবহণ ) বিভাগের মন্ত্রীমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) (১) কলিকাতায় চক্রবেড় রেল নির্মাণের প্রকল্পটি চূড়াস্কভাবে গৃহীত হইয়াছে ;
  - (२) इटेग्ना थाकित्न, महीमहाना अञ्चादशृर्वक जानाहरवन कि-
    - (ক) উক্ত প্রকল্পের বিস্তারিত বিবরণ;
    - (খ) প্রকল্পর জন্য আমুমানিক ব্যয়;
    - (গ) কাৰ্করী করার স্ভাব্য সময় ?

## The Minister for Home (Transport):

- (क) (১) এখনও হয় নাই।
- (২) প্রশ্ন ওঠে না।

#### State buses in Calcutta

- \*219. (Admitted question No. \*1293.) Shri Gour Chandra Kundu: রোষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রীমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
- - (ক) কলিকাতায় ষ্টেট বাদ-এর মোট দংখ্যা কত ; এবং
  - (খ) গত ৬ মাসে টেট বাসের সংখ্যা কিছু বাড়ানো হইয়াছে কি ?

## The Minister for Home (Transport):

- (ক) ১,০২৩ থানি বাস।
- (থ) স্টেট বাসের সংখ্যা ১০৪ খানি বাড়ানো হইয়াছে।

## Pay-scales of the honours graduate teachers of Senior Basic Schools in Cooch Behar district

\*220. (Admitted question No. \*1298.) Shri Amarendra Nath Ray : radhan:

শক্ষা বিভাগের মন্ত্রীমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সত্য যে কোচবিহার জেলার উচচ বুনিয়াদি বিভালয়গুলিতে যে সকল অনাস গ্রাজ্বয়েট শিক্ষক আছেন তাহাদিগকে অনাস স্কেলের বৈতন প্রদান করা হয় না ; এবং
- (খ) সত্য হইলে, অনাস স্কেল প্রদান না করার কারণ কি ?

#### The Minister for Education:

- কোন উচ্চ ব্নিয়াদি বিভালয়ে অনার্শ গ্রাক্তয়েট শিক্ষকের পদ নাই। স্থতরাং কোনও অনার্শ াজুয়েট শিক্ষক উচ্চ বুনিয়াদি বিভালয়ে কার্য্য করিলে তাঁহাকে অনার্স স্কেল প্রাদান করা হয় না। কাচবিহার জেলার ক্ষেত্রেও এই নিয়মই প্রযোজা।

## State bus accidents in Calcutta

- \*221. (Admitted question No. \*1298.) Shri Gour Chandra Kundu:
- ারাষ্ট্র ( পরিবহণ ) বিভাগের মন্ত্রীমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ১৯৬৫ সালের জাছয়ারী মাস হইতে আজ পর্যস্ত কলকাতা সহরে ষ্টেট বাস তুর্ঘটনায় মোট কত নরনারী ও শিশু নিহত ও আহত হইয়াছে ; এবং
  - (খ) ছর্ঘটনায় নিহত কোনও ব্যক্তির পরিবারবর্গকে সরকারের পক্ষ হইতে কোন ক্ষতিপুরণ দেওয়া হইয়াছে কিনা ?

#### The Minister for Home (Transport):

- (ক) ১৯৬৫ সালের ১লা জামুয়ারী হইতে ৩১এ অক্টোবর পর্যস্ত ষ্টেটবাস তুর্ঘটনায় ৬২জন পুরুষ, ২জন স্ত্রীলোক ও ৬ জন শিশু নিহত হইয়াছেন এবং ৩০৩ জন পুরুষ, ৪৪ জন স্ত্রীলোক ও ২৪ জন শিশু তাহত হইয়াছিল।
  - (খ) ৬ জন নিহত ব্যক্তির পরিবারবর্গকে খয়রাতি সাহায্য (এক্স-গ্রাসিয়া গ্রাণ্ট) দেওয়া হইয়াছে।

## Collection of educational dates by the primary school teachers in Cooch Behar district

\*222. (Admitted question No. \*1347.) Shri Amarendra Nath Ray 'adhan :

শক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জনোইবেন কি—

 ইহা কি সত্য যে কোচবিহার জেলায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ কার্য্যের জন্ত্য জেলার প্রাথমিক বিভালয়ের শিক্ষকগণকে বাধ্যতামূলকভাবে প্রতি তিন মাস অস্তর বিভালয়ের পার্শ্ববতী চারবর্গ মাইল এলাকায় সরেজমিন তদন্ত করিয়া চৌদ্দ বৎসর বয়স পর্যস্ত বালকবালিকা দের শিক্ষা সংক্রান্ত তথ্য সংগ্রহ করিতে হয়; এবং

(গ) সভ্য হইলে, এই অতিরিক্ত কার্যক্রমের জন্ম প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে কোন বিশেষ ভাত দেওয়া হয় কিনা ? "

#### The Minister for Education:

- (ক) না।
- (খ) এই প্রশ্ন উঠে না।

# UNSTARRED QUESTIONS (to which written answers laid on the Table.)

#### Women Police

- 319. (Admitted question No. 154.) Shri Mrigendra Bhattacharya স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিফ্রাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) পশ্চিমবঙ্গে কোন বৎসর হইতে মহিলাদের পুলিশ বিভাগে লওয়া হইতেছে;
  - (থ) ১৯৬৫ সালের জুলাই পর্যন্ত কোন্ বংসর কতজনকে এই বিভাগে নেওয়া হইয়াছে ; এবং মোট সংখ্যা কত ;
  - (গ) উহাদের কোন কোন জেলায় নিযুক্ত করা হইয়াছে ;
  - (ঘ) উহাদের কোন কোন পোস্টে নিযুক্ত করা হয় এবং চাকরিতে প্রমোশনের কি কি ব্যবস্থা আছে;
  - (৬) পুলিশের কোন কোন কাজে (ডিউটি) এ দের নিযুক্ত করা হয়; এবং
  - (চ) কত বৎসর বয়সে এবং কি কি যোগ্যতা থাকলে এঁদের রিক্রট করা হয় ?

#### The Minister for Home (Police):

- (क) ১৯৪৯ मान हरेएछ !
- (왕) —

		<b>সাল ও সংখ্যা</b>		
7282	•••	•••	•••	৩৩
>360	•••	•••	•••	2¢
7567	•••	•••	•••	৬
<b>५</b> ३६२	•••	•••	•••	>
8964	•••	•••	•••	ર
2366	•••	•••	•••	>
<b>५</b> ३६५	•••	•••	•••	<b>ે</b> ર
<i>७७७</i> ०	•••	•••	•••	b
১৯৬২	•••	•••	•••	8
<i>७७६८</i>	•••	•••	•••	¢
<i>\$⊎</i> 8€	•••	•••	•••	<b>ર</b>
3066	•••	•••	•••	•

২৩ জন চাকরি হইতে পদত্যাগ করাতে মোট সংখ্যা এখন ৭২।

- (গ) কলিকাতা শহর, শিয়ালদহ এবং হাওড়া জি আর পি।
- (খ) ইন্সপেক্টর, সাব-ইন্সপেক্টর, আাফিট্যাণ্ট সাব-ইন্সপেক্টর, কনফেবল এবং মহিলা পেট্রোলার। বোগাপ্রার্থীদের উচ্চতর পদে প্রমোশনের স্থবোগ আছে।
- (\$) পশ্চিমবঙ্গ পুলিশে এ'দের নিযুক্ত করা হইয়াছে বৃহত্তর কলিকাতা এবং শিল্পাঞ্চল কর্ড নিং-এর ক্রান্তে। কলিকাতার মহিলা পুলিশদের কাজের একটি বিবরণী নিম্নে রাগা হইল।
- (চ) সাব-ইন্সপেক্টর: (১) ভারতীয় সংবিধানের দ্বিতীয় খণ্ডে বর্ণিত সংজ্ঞা অন্ধ্যায়ী ভারতীয় নাগরিক।
  - (২) কোন অম্বমোদিত বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী।
  - (৩) বাংলাভাষায় জ্ঞান।
  - (৪) ১'৬০ মীটার সর্বনিম উচ্চতা।
  - (৫) ২১---২৫ বৎসর পর্যস্ত বয়স।

আাদিস্ট্যাণ্ট সাব-ইন্সপেক্টর: (১) ভারতীয় সংবিধানের দ্বিতীয় খণ্ডে বর্ণিত সংজ্ঞা অন্ত্যায়ী ভারতীয় নাগরিক।

- (২) স্কুল ফাইন্সাল বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ।
- (৩) বাংলাভাষায় জ্ঞান।
- (৪) ১৮—২৫ বংসর প<sup>‡</sup>স্ত বয়স।
- (e) ১'e২ মীটার সর্বনিম্ন উচ্চতা।

কনস্টেবল: (১) ভারতীয় সংবিধানের দিতীয় খণ্ডে বর্ণিত সংজ্ঞা অমুযায়ী ভারতীয় নাগরিক।

- (২) লিখিতে এবং পড়িতে সক্ষম।
- (৩) ১৮—২৫ বৎসর পর্যন্ত বয়**স**।

Statement referred to in reply to clause (Uma) of unstarred question No. 319.

## কলিকাতার নারী পুলিশবাহিনীর কার্গের তালিকা

- (১) নারী অপরাধীদের গ্রেপ্টারে সহায়তা কর। ও অপহৃতা নারী এবং শিশুদের উদ্ধার কাশের জন্ম তলাসীতে সহায়তা করা।
- (২) পতিতা নিবোধ আইনের কার্য পরিচালনায় সহায়তা করা।
- (c) নারী এবং শিশু কয়েদীদের স্থানাস্তরে লইয়া যাওয়ার সময় প্রহরীর কাজ কর।।
- (৪) নারী ও শিশুমঙ্গল, মাতৃসদন প্রভৃতি প্রতিষ্ঠানগুলি পরিদর্শন।
- (a) হাসপাভাল এবং পুলিশ লক-আপে নারী অপরাধীদের প্রহরা দেওয়া।
- (৬) যেসকল কেসে নারীরা লিপ্ত থাকেন সেইসকল কেসের অমুসদ্ধানে সহায়তা করা।
- (१) যেসকল বিক্ষোভ প্রদর্শনে নারীরা অংশ গ্রহণ করেন সেইসকল বিক্ষোভ নিয়ন্ত্রণ করিতে সহায়ত। করা।
- (৮) জ্বাভেনাইল এড ব্যুরো, অম্প্রদান অফিস এবং জনসংযোগ বিভাগের কার্যে সহায়তা করা।
- (a) অন্তান্ত কার্ব যাহা নগরপাল মহাশয় নারী পুলিশবাহিনীকে উপযুক্ত বিবেচনা করিয়া সম্পাদন করিবার দায়িত্ব প্রদান করেন।

#### Pak infiltrants

- 320. (Admitted question No. 356.) Shri Surendra Nath Mahato: বাষ্ট্র (ছাড়পত্র) বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - রাজ্যের নিরাপত্তায় বিদ্ব স্টের ক্-মতলবে বর্তমান সনে পশ্চিমবঙ্গ রাজ্যে মোট কতজন পাক
    জ্বপ্রবেশ করিয়াছে;
  - (খ) এই অহুপ্রবেশকারীদের সংখ্যা কোন জেলায় কতজন ; এবং
  - (গ) ইহাদের মধ্যে কোন জেলায় কডজন গ্রেপ্তার হইয়াছিল ?

### The Minister for Home (Passport):

(ক), (ব) ও (গ) ১৯৬৫ সালের ১লা জাহুয়ারী হঁইতে ১৫ই অক্টোবর পর্যন্ত মোট ৩,২১৫ জন পাকিন্তাল অহুপ্রবেশকারী গ্রেপ্তার হইয়াছিল,। তাহাদের কাহারও কাছে পাশপোর্ট বা অন্ত বৈধ ছাড়পত্র ছিল না জেলা অহুযায়ী একটি তালিকা এতৎসঙ্গে সন্মিবেশিত হইল। ইহাদের ভিতর ২,৫৫২ জন পাকিন্তাল মুসলমান ছিল এবং তাহারা কুমতলবেই পশ্চিমবঙ্গে প্রবেশ করিয়াছিল বলিয়া অহুমান করা যাইতে পারে।

Statement referred to in reply to unstarred question No. 320.

Number of Pak infiltrants (Hindu, Muslim and others) arrested in different districts of West Bengal during the period from 1st Januar 1965 to 15th October, 1965.

		No.
Districts		Arrest
Bankura	•••	
Birbhum	•••	
Burdwan	•••	33
Cooch Behar	•••	138
Darjeeling		8
Hooghly	•••	16
Howrah	•••	8
Jalpaiguri		62
Malda		97
Murshidabad		101
Midnapore	• • • •	17
Nadia		743
Purulia		1
S.R.P., Sealdah	• • •	391
S.R.P., Howrah		36
West Dinajpur		141
24-Parganas	•••	1,190
Calcutta	··· .	233
Total		3,215

Surrender of sanctioned money from Nayagram Block, Midnapur 321. (Admitted question No. 361.) Shri Surendra Nath Mahato: কৃষি ও সুমষ্টি উন্নয়ন (সুমষ্টি উন্নয়ন ) বিভাগের মন্ত্রিমহাশয় অন্ত্রাহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার নয়াগ্রাম ব্লকের বিভিন্ন খাতে মঞ্বীকৃত টাকা গত ১৯৬৪-৬৫ আর্থিক বৎসরের মধ্যে খরচ করতে না পারায় ফেরত দেওয়া ইইয়াছে।
- (খ) সত্য হইলে কোন্ কোন্ খাতে কত টাকা খরচ করা হয় নাই; এবং
- (গ) ঐগুলি খরচ না হওয়ার কারণ কি ?

The Minister of State for Agriculture and Community Development

(क) হাা, কতকগুলি সমষ্টি-উন্নয়ন প্রকল্পে মঞ্জুরীকৃত টাকা ব্যয় হয় নাই।

#### (খ) প্রকল্প

ব্যন্ন না হওরা অর্থের
পরিমাণ (টাকা)

(১) বিবিধ কৃষি প্রকল্প (মিদলেনিয়াস এগ্রিকালচারাল স্কীমস)

(২) ফলাফল প্রদর্শন (রেজান্ট ডিমনসট্রেসন)

(৬) ক্ষুত্র কর্মশালা (মূল ওয়ার্কসপ)

৬০০

(৪) কৃষি উন্নয়নের জন্ম উৎপাদক পরিকল্পনা (প্রোডাকটিভ স্কীম

ফর প্রোমশন অব এগ্রিকালচার)

২,০০০

(৫) ক্ষুত্র সেচ প্রকল্প (মূল ইরিগেসন)

১৩,০০০

(৬) প্রমোদমলক অন্তর্গান, পুরস্কার, ইন্ড্যাদি (বিক্রিয়েসনাল

আাকটিভিটিদ এণ্ড প্রাইজেদ, একদেষ্ট্রা )

৪৫৫
(গ) চাহিদার তুলনায় প্রয়োজনীয় এগ্রিকালচারাল একদর্টেনদন অফিসার এবং সাব-আাসিষ্ট্যান্ট

Surrender of sanctioned money from Dinpur Block I, Midnapur 322. (Admitted question No. 368.) Shri Surendra Nath Mahato: বি ও সুমষ্টি উন্নয়ন ( সুমষ্টি উন্নয়ন ) বিভাগের মন্ত্রিমহাশায় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (क) ইহা কি সত্য যে, মেদিনীপুর জেলার বিনপুর ১নং ব্লকের বিভিন্ন থাতে মঞ্জুরীকৃত টাকা গত ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালের আর্থিক বংসরের মধ্যে থরচ করিতে না পারায় ফেরং দেওয়া হইয়াছে।
- (খ) সত্য হইলে কোন বংসর কোন কোন খাতে কত টাকা খরচ করা হয় নাই; এবং

ঞ্জিনীয়ার কম থাকায় উক্ত ব্লকে উক্ত কর্মচারী নিযুক্ত না থাকার জন্ম।

(গ) এগুলি খরচ না হওয়ার কারণ কি ?

#### The Minister of State for Agriculture and Community Development:

- (ক) বিনপুর ১নং ব্লকে সমষ্টি উন্নয়ন প্রকল্পে এই তুই বৎগরের মঞ্জুরীক্বত অর্থের সামান্ত অংশ ব্যয় হয় নাই।
- (খ) ও (গ) একটি বিবৃতি নিম্নে প্রদত্ত হইল।

Statement referred to in reply to clauses (Kha) and (Ga) of unstarred question No. 322

## ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ আর্থিক বংসরে বিনগরে ১নং রকের বিভিন্ন সমুতি উল্লেখ্য প্রকল্পে বরুদ্দ অর্থ বায় না হওয়ার বিবরণ

ার্থিক বৎসর	প্রকল্প	ব্যয় না হওয়া অর্থের পরিমাণ ( টাকা )	ব্যয় না হওয়ার কারণ
५७ <u>-७</u> ८ ) ।	স্বাস্থ্য ও গ্রামীন অনাময় ব্যবস্থা হেলথ এণ্ড ক্ষ্ম্যাল স্থানিটেশন	৬৩১	প্রকল্পে অংশ গ্রহণকারী কয়েকজন ব্যক্তি নির্দিষ্ট সময়ের মধ্যে কার্ব শেষ করিতে না পারায় এই অর্থ উদ্বৃত্ত হইয়াছে।
2	। যোগাযোগ ব্যবস্থা (কমিউনিকেশন )	>>。	উক্ত সামাশু উধৃত্ত অর্থে আর কোন প্রকল্প গ্রহণ করা সম্ভব ছিল না।
৬৪-৬৫ আ	ভও <del>ভিহ্নাল</del> ইউনিট	8	আবন্টনের তৃশনায় উধৃত্ত অর্থ অতি সামায়।

#### Sevayatan B. T. College, Midnapur

- 323. (Admitted question No. 371). Shri Surendra Nath Mahato:
  শিক্ষা বিভাগের মদ্ধিম্মাশ্য অনুগ্রন্থপূর্বক জানাইবেন কি—
  - ক) মেদিনীপুর জেলার ঝাড়গ্রাম মহকুমার সেবায়তন বি টি কলেজের আসনসংখ্যা কত ;
  - (খ) এই বিভালয়ে গত সেমনে কত জন শিক্ষা গ্রহণ করিয়াছেন ;
  - (গ) গত ফাইনাল পরীক্ষায় কতজনের মধ্যে কতজন পাশ করিয়াছেন;
  - (ঘ) এই কলেজে ১৯৬৫ সালে ট্রেনীদিগকে প্রদত্ত স্টাইপেণ্ড-এর হার কত ;
  - (৬) স্টাইপেণ্ড প্রদানে কোন নিয়ম অমুস্ত হয় কি না ; একং
  - (5) ১৯৬৫ সালের মার্চ মাসের মধ্যে এই কলেজে কভজন ট্রেনীকে স্টাইপেণ্ড প্রদান করা হইয়াছে ?

#### The Minister for Education:

- (ক) ১২০ জন।
- (খ) ১২০ জন।
- (গ) ১২০ জনের মধ্যে তৃইজন পরীক্ষা দেন নাই। ১১৮ জনের মধ্যে ৮৮ জন পাশ করিয়াছিলেন পাচজনের ফলাফল বিশ্ববিদ্যালয় হইতে পাইবার জন্ম অপেক্ষা করা হইতেছে এবং ২৫ জন **অক্নতকা** হইয়াছেন।
  - (ঘ) মাসিক ৪০ টাকা মোট ১০ মাস দেয়।
  - (%) ইনা। নিম্নলিখিত বিষয়ের বিচারে স্টাইপেণ্ড দেওয়া হয়।
    - (১) প্রার্থীর আর্থিক অবস্থা।
    - (২) স্টাইপেণ্ড দিবার জন্য পরীক্ষার ফল।
    - আচার, আচরণ ও কলেজের নিয়মান্থবতিতার রিপোট'।
  - (চ) ৬০ জনকে।

#### Rice for West Bengal

324. (Admitted question No. 574.) Shri Amarendra Nath Roy Pradhan:

খান্ত ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) পশ্চিমবঙ্গের জনসাধারণের থাতের চাহিলা মিটাইবার জন্ম ১৯৬৬ সালে কি পরিমাণ চাউলে প্রয়োজন হইবে;
- (খ) পশ্চিমবঙ্গে যে পরিমাণ চাউল উৎপাদিত হইবে তাহাতে কি রাজ্যের চাহিদা মিটিবে ; এবং
- (গ) চাউলের চাছিল না মিটিলে খাত্য ঘাটতি কি কি উপায়ে পূরণ করা হইবে ?

#### The Minister for Food and Supplies:

- ক) ১৯৬৬ সালে ৬,৭৫৫ ১ হাজার টন পরিমাণ থাত্তশক্তের প্রয়োজন হইবে।
- (খ) না।
- (গ) আংশিকভাবে কেন্দ্রীয় সরকারের সরবরাহ দ্বারা এবং কডকাংশে অল্প খাদ্য গ্রহণ দ্বারা।

# Provident fund benefit for the teachers serving under Chandernagore Municipal Corporation

- 325. (Admitted question No. 605.) Shri Bhabani Mukhopadhaya:
  শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ১৯৫৫ সালের চন্দননগর পৌর আইন চালু হওয়ার পর পৌর পরিচালনাধীন মাধ্যমিক আধিমিক বিভালয়গুলির জন্ম যে সব শিক্ষক-শিক্ষিকা নিযুক্ত হইয়াছেন, তাঁহাদের কোন প্রছিতেও ফাও স্কীম চালু হইয়াছে কি;

- (খ) যুদ্দি হইয়া থাকে তবে কোন বৎসর হইতে উহা চালু হইয়াছে; এবং
- (গ) বৃদি হইয়া না থকে, তবে চালু না হওয়ার কারণ কি ?

#### The Minister for Education:

- (ক) না।
- (খ) প্রশ্ন উঠে না।
- (গ) চন্দননগর মিউনিসিপ্যাল কর্পোরেশন তাঁহাদের পরিচালনাধীন বিছালয়ের শিক্ষক-শিক্ষিকাদের প্রভিডেণ্ড ফাণ্ড চালু করার জন্ম বে নিয়মাবলী প্রস্তুত করিয়াছেন তাহা বর্তমানে সরকারের স্বায়ত্ব শাসন বভাগের বিবেচনাধীন আছে।

#### Deep tubewells in Contai subdivision

## 326. (Admitted question No. 688.) Shri Hrishikesh Chakraborty:

pবি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশর অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) মেদিনীপুর জেলায় কাঁথি মহকুমায় কোন থানায় কোন কোন অঞ্চলে অধিক ফসল ফলাইবার জন্ত সেচের নলকুপ সংস্থাপনের প্রস্তাব আছে; এবং
- (খ) প্রস্তাবিত সেচের জন্ম গভীর নলকুপগুলির সংস্থাপনের কি ব্যবস্থা হইয়াছে ?

#### The Minister of State for Agriculture and Community Development:

- (ক) মেদিনীপুর জেলায় প্রস্তাবিত একশতটি গভীর নলকূপ সংস্থাপনার পরিকল্পনার মধ্যে কাঁথি হাকুমার জম্ম এ পর্যস্ত কোন স্থান নির্বাচিত হয় নাই।
  - (খ) এ প্ৰশ্ন উঠে না।

## Government vested lands in Bhatar, Ausgram and Sadar police-stations, Burdwan

## 327. (Admitted question No. 764.) Shri Aswini Roy:

গৃমি ও ভূমি রাজম্ব বিভাগের মন্ত্রিমহাশয় অন্থগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) জমিলারী দথল চালু হইবার পর বর্ধমান জেলার ভাতাড় আউসগ্রাম ও সদর থানায় সরকারে ক্তম্ভ উদ্ভ ও পতিত জমির কোনও তথা আছে কি; এবং
- (খ) থাকিলে মন্ত্রিমহাশর অন্তগ্রহপূর্বক জানাইবেন কি-
  - (১) ১৯৬৫ সালের অক্টোবর মাস পর্যস্ত উক্ত থানাগুলিতে পৃথকভাবে উষ্ত্ত ও পতিত জমির পরিমাণ ; এবং
  - (২) উক্ত সালের অক্টোবর পর্যস্ত উক্ত ক্যন্ত জমির উক্ত থানাগুলিতে বন্দোবত দেওয়ার পরিমাণ ?

## The Minister for Land and Land Revenue:

- (ক) ল\*ো
- (খ) (১) মোট উদ্বৃত্ত ও পতিত অমির থানাওয়ারী বিবরণ নিমে দেওয়া হইল :—

থানা	পতিত জমি বাদে	পতিত জমি
	উষ্ ও জমি	
<b>अ</b> ल्ब	৩৮০০.৬৯ একর	৫৩.৮২ একর
ভাতার	8,285.32 "	১,৩৭২.২৩ "
<u> বাউসগ্রাম</u>	৩,৯০৪.৩০ "	\$ <b>،8∘৮.</b> ٩১ "

(২) থানা-ম্রন্ত বন্দোবন্ত দেওয়া জমি— সলর ২৫৬.৪১ একর ভাতার ৫৫৩.৮৬ একর আউসগ্রাম ৬৫১.৬৭ শ্রিকর

# Non-availability of foodstuffs at reasonable prices in the rural areas of Hooghly district

- 328. (Admitted question No. 768.) Shri Monoranjan Hazra: Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—
  - (a) if it is a fact that an acute food crisis has been prevailing in the rural areas of the Hooghly district owing to the insufficient supply of rice and wheat mainly; and
  - (b) if so, what steps have been taken by the Government to cope with the situation?

The Minister for Food and Supplies: (a) No. But the people in rural areas face some difficulties in the matter of getting foodstuffs at reasonable prices before the harvesting season—October and November each year.

(b) M. R. operations have been widely extended in the Hooghly district. Arrangements have been made for supply of levy free rice to Hooghly from some surplus district. In addition, the following allotments were made to the Hooghly district during the month of October, 1965:

Rice-750 Metric Tonnes.

Wheat-1,000 Metric Tonnes.

Wheat product -5,452 bags.

Gram/Gramdal-344 Metric Tonnes.

#### Introduction of Free Primary Education in Municipalities

- 329. (Admitted question No. '.94.) Shri Mrigendra Bhattacharyya :
  শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) কোন কোন পৌরসভা বিনা বেজনে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা চালু করিয়াছেন ও কোন বংসর হইতে চালু করিয়াছেন ;
  - (খ) বাকী পৌরসভা বিনা বেতনে প্রাথমিক শিক্ষার ব্যবস্থা করেন নাই কেন এবং সরকার এ সম্বন্ধে কি করিয়াছেন ;
  - (গ) পৌরসভার প্রাথমিক শিক্ষার জন্ম বর্তমানে সরকার কত টাকা সাহায্য দিতেছেন ;
  - (ঘ) পৌরসভার প্রাথমিক শিক্ষার দায়িত্ব সরকার কর্তটা বহন করেন ?

#### The Minister for Education :

- (क) (১) খড়্মছ পৌরসভা--->- ৭-৬৩।
  - (২) জ্বলীপুর পৌরসভা-->-१-৬৩।
  - (৩) আসানসোল পৌরসভা--->-৪-৬৪।

এক্স্যুতীত কতগুলি পৌর এলাকায় পৌরসভার পরিচালনাধীন প্রাথমিক বিচ্চালয় ও জ্বি-এল্-এফ-পি বিদ্যালয়গুলির মাধ্যমে অবৈতনিক প্রাথমিক শিক্ষার ব্যবস্থা আছে।

(থ) ১৯৬৩ সনের পশ্চিমবঙ্গ শহরাঞ্চল প্রাথমিক শিক্ষা আইনামুসারে পৌরসভাগুলিকে নিজ নিজ এলাকায় প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে চালু করার জন্ম প্রকল্প লাখিল করিতে বলা হইয়াছে। কয়েকটি পৌরসভা প্রকল্প দাখিল করিয়াছেন। এইগুলি বর্তমানে বিবেচনাধীন আছে।

পৌরকর্তৃপক্ষগুলির আর্থিক সঙ্গতি বিবেচনা করিয়া ঐ এলাকায় উপযুক্তহারে শিক্ষাকর প্রবর্তন করিয়া প্রয়োজনমত সরকারী অফুলানের সাহায্যে অবৈতনিক প্রাথমিক শিক্ষা চালু করা হইবে।

- (গ) প্রাথমিক শিক্ষার জন্ম সরকার এই রাজ্যের সমগ্র পৌর অঞ্চলে শিক্ষা বিভাগ হইতে বিভিন্ন খাতে ১৯৬৪-৬৫ সালে মোট ৯৭,৫১,৮৬৪ টাকা সাহায্য দিয়াছেন। এতব্যতীত স্থানীয় স্বায়ত্ব শাসন বিভাগ চইতেও পৃথক সাহায্য দেওয়া হয়।
- (ঘ) শহরাঞ্চলে জ্বি-এস্-এফ-পি বিভালয়গুলির সমস্ত ব্যয়ভার সরকার বহন করিয়া থাকেন। এতয়্যতীত পৌরএলাকায় অন্থুমোদিত প্রাথমিক বিভালয়ের শিক্ষকগণকে সরকার নির্ধারিত হারে বেতন দিবার জন্ম সরকার হইতে অমুপুরক অর্থ সাহায্য দেওয়া হইয়া থাকে।

পৌর এলাকায় প্রাথমিক শিক্ষা আবিশ্রিকভাবে প্রবর্তনের জন্ম সরকার ১৯৬৩ সনের পশ্চিমবঙ্গ শহরাঞ্চল প্রাথমিক শিক্ষা আইনের বিধান অমুযায়ী অর্থ সাহায্যের দায়িত্ব গ্রহণ করিয়াছেন।

## Crimes in Ausgram, Galsi and Kanksa police-stations, Burdwan

330. (Admitted question No. 924.) Shri Monoranjan Bakshi: স্বরাষ্ট্র (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি বর্ধমান জেলায় আউদগ্রাম, গলদী এবং কাঁকদা থানা এলাকাদমূহে গত আগদট মাদে ১৯৬৫ হইতে এ পর্যন্ত কত সংখ্যক চুরি, ডাকাডি, গ্রহাজানি, নরহত্যা, পকেটমার, ছিনতাই এবং আত্মহত্যা সংগঠিত ইইয়াছে ?

#### The Minister for Home (Police):

এতদ সম্পর্কে নিমে একটি বিবরণী উপস্থাপিত করা হইল।

Statement referred to in reply to unstarred question No. 330

১৯৬৫ সালের আগষ্ট মাস হইতে এ পর্যস্ত

থানার	নাম		চুরি	ডাকাতি	রাহা- জানি	নরহত্যা	পকেট- মার	ছিনতাই	আত্ম- হত্যা
<u>আউশগ্ৰাম</u>	•••	•••	૭૯	>	•••	•••	•••	•••	•••
গলসী	•••	•••	74	•••	•••	•••	•••	•••	•••
<b>কাঁক</b> সা্		•••	ъ	>	•••	•••	•••	•••	

#### Crimes in Midnapur district

- 331. (Admitted question No. 945.) Shri Narayan Choubey: Will e Minister-in-charge of the Home (Police) Department be pleased to te how many murders, dacoities, robberies and fatal road accidents took ace in—
  - (a) Midnapore district as a whole; and
  - (b) in Kharagpur town police-station in the years 1962, 1963, 1964 and in 1965 up to 30th September, 1965?

The Minister for Home (Police): (a) and (b) A statement is laid c the Table.

Statement referred to in reply to unstarred question No. 331

	Year	Murder	Dacoity	Robbery	Fatal Ros accident
(a) Midnapore Distr	rict				
`as a whole	1962	47	105	87	26
	1963	33	76	68	36
	1964	52	24	47	44
	1965			_	
	(up to 30-9-65	5) 38	34	5Š	. 22
(b) Kharagpur Town	n				
Police-station	1962		1	1	5
	1963	-		1	b
	1964	1	-	4	5
	1965				
(	up to 30-9-65)	4	1	5	4

#### Name and number of sanctioned roads in Bankura district

332. (Admitted question No. 952.) Shri Jaleswar Hansda:

পূর্ত (সড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- কৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় বাঁকুড়া জেলায় ময়্পুরীয়ত সড়ক ও পুলের সংখ্যা কত এবং তাহাদের
  নাম কি;
- (খ) ইতিমধ্যে কতগুলি রাস্তা ও পুলের কান্ধ সমাপ্ত হইয়াছে ; এবং
- (গ) বাকীগুলি কি নাগাদ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

## The Minister for Public Works (Roads):

- (ক) তৃতীয় পরিকল্পনায় মোট ১৫টি সড়ক ও তিনটি পুলের নির্মানকার্য মঞ্জুরীক্বত হইয়াছে। উহালের নামের একটি তালিকা নিম্নে সন্মিবেশিত হইল।
- (খ) মোট ১৫টি রান্তার মধ্যে তুইটি রান্তার কান্ধ সম্পূর্ণ সমাপ্ত হইয়াছে এবং আরও ১০টি রান্তার কান্ধ আরম্ভ হইয়া গিয়াছে। তিনটি পুলের মধ্যে তুইটি পুলের কান্ধ শুরু হইয়াছে;
  - (গ) ইহা জমি পাওয়ার উপর নির্ভর করিতেছে।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 332.

Statement of Roads and bridges included in the 3rd Plan.

#### Name of roads:

- (1) Upgrading Bishnupur Bye-Pass connecting R. M. Road with Bishnupur-Katulpur Road.
- (2) Upgrading Simlapal-Khatra Section of Simlapal-Khatra-Ambikanagar Road.
- (3) Upgrading Bishnupur-Patrasayer Road (excluding bridge over the Dwarakeswar).
- (4) Upgrading Matgoda-Phulkusuma-Benagaria Section of Krishrapur-Raipur-Phulkusuma-Benagaria Road.

- (5) Upgrading Muktamanipur-Ambikanagar Section of Simlapul-Khatra-Muktamanipur-Ambikanagar (Gonabari) Road.
- (6) Upgrading (widening) Sonamukhi-Rasulpur Section of Beliatore-Patresayer Road.
- (7) Khosbag-Palit-Balsi Road (up to Bishnupur-Patrasayar Road).
- (8) Jaipur-Baital Road.
- (9) Taldangra-Panchmura-Chowbeta Road (up to R. M. Road near Piardoba.)
- (10) Indus-Shaspur-Palashy-Dighalgram Road (up to District Border)
  —"C" stage only.
- (11) Road on the north of the Dwarakeswar river linking Bishnupur-Patrasayer Road with Bishnupur-Sonamukhi Road—'C' stage only.
- (12) Raigram (on Bankura-Ranibundh Road) to Bishpuria (on Hura-Chatra Road) via Nutangaon, Hatgram, and Parsiya (up to district border).
- (13) Saltora-Mejia Road.
- (14) Supur to Danlagar Road.
- (15) Raipur-Ambikanagar Road (first 4 miles from Raipur.)

#### me of bridges:

- (1) Bridge over the Kangsabati on Bankura-Ranibundh Road.
- (2) Bridge over the Kangsabati at Raipur on Krishnapur-Raipur Road.
- (3) Bridge over the Dwarakeswar (with approaches on Bishnupur-Patrasayar Road.

## oney granted for the welfare of the Adibasis of Bankura and Purulia

333. (Admitted question No. 954.) Shri Jaleswar Hansda:

াদিবাসী মঙ্গল বিভাগের মন্ত্রীমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) আদিবাসী কল্যাণের জন্ম ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে বাঁকুড়া ও পুরুলিয়া জেলায় কত টাকা করিয়া মোট বরান্ধ এবং উক্ত টাকা ব্যয় হইয়াছিল কিনা; এবং
- (খ) সম্পূর্ণ ব্যয়িত না হইলে তার কারণ কি ?

#### The Minister of State for Tribal Welfare:

১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে আদিবাসী কল্যাণের জন্ম বাঁকুড়া ও পুরুলিয়া জেলার মোট বরাদ্দক্ষত
অর্থের ও প্রকৃত ব্যরের পরিমাণ নিয়রূপ:—

o-68

্বাকুড়া—৫,৮৪,৪৮৪ টাকা ; পুরুলিয়া—৩,১৯,৯৫১ টাকা

8-40

वाक्षा->,६१,२१७ ठाका : भूक्रनिया-७,६०,৮१৮ ठाका

ব্যাবস্থত সম্পূর্ণ অর্থের অল্প মাত্রা ব্যায়িত হয় নাই।

ঐ ছুই বৎসরের প্রকৃত ব্যয়—

7560-84

वैक्ट्रिं—१,८৮,১७२ होका ; शूक्रनिया—२,৮৪,১৪১ होका।

12/b8-be

বাঁকুড়া—৮,৩৪,২১৯ টাক**্র পুরুলি**য়া—৫,৬৩,৫৭৭ টাকা।

(খ) বিভিন্ন প্রকল্পে সম্পূর্ণ অর্থ ব্যয়িত না হইবার কারণ বিভিন্ন। প্রত্যেক প্রকল্পের কিছু কিছু অং ব্যয় না হইলেও সমষ্টি পরিমাণ বহুল মনে হয়। কিন্তু প্রকৃত প্রতাবে অল্পই ব্যয় হয় নাই।

#### Metalled roads in Bankura district

334. (Admitted question No. 955.) Shri Jaleswar Hansda:

পুর্ত্ত (সঙ্ক) বিভাগের মন্ত্রিমহাশর অমুগ্রহপূর্বক জানাইবেন কি---

- ক) বাঁকুড়া জেলার কতটা রাস্তা পাকা করার প্রকল্প তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার অস্কর্ভুক্ত কর
  লইবাদে :
- (খ) কোন্ কোন্ থানার কোন্ কোন্ রাস্তা উক্ত পরিকল্পনার অস্তর্ভূক্ত হইয়াছে এবং ঐ রাস্তাগুলির দৈর্ঘ কন্ত ;
- (গ) অন্তবধি কতগুলি রান্ডার কাজ সম্পূর্ণ হইয়াছে ;
- (ছ) নির্মাণ কাজ অসমাপ্ত আছে এইরূপ রাস্তার সংখ্যা কত ; এবং
- (১) কাজ আদৌ আরম্ভ হয় নাই এইরূপ রান্ডার সংখ্যা কত ?

#### The Minister for Public Works (Roads):

- (क) মোট প্রায় ১৪২ মাইল।
- (খ) এই সম্পর্কে এই সদস্যের ৯৫২ নং প্রাশের 'ক' অংশের উত্তর দ্রষ্টব্য।
- (গ) ও (ঘ) মোট ১৫টি রাস্তার মধ্যে ২টি রাস্তার নির্মাণকার্য সমাপ্ত হইয়াছে এবং আরও ১০টির নির্মাণকার্য আরম্ভ হইয়া গিয়াছে।
- (ঙ) মোট ভিনটি।

## Sewerage Scheme for South Dum Dum Municipal area

- 335. (Admitted question No. 984.) Shri Tarun Kumar Sengupta : স্বাস্থ্যবিভাগের মন্ত্রিম্ছাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) দক্ষিণ দমদম পৌর এলাকার কোন এলাকায় সিউঅ্যারেজ নির্মাণের কাজ স্থরু করা হইয়াছে কি ?
  - (খ) ক্মক করা হইয়া থাকিলে-
    - (১) উক্ত কাজ কবে নাগাদ শেষ হইবে, ও
    - (২) উক্ত কাজ সম্পন্ন হইলে উক্ত পৌরএলাকার কোন কোন অঞ্চল উপকৃত হইবে;
  - (গ) উক্ত পৌরসভার সমগ্র এলাকায় সিউজ্যারেক্স নির্মাণ করিবার কোন পরিকল্পনা গ্রহণ করা হুইয়াছে কিনা; এবং
  - (ঘ) গ্রহণ করিয়া থাকিলে তাহার কাজ কবে নাগাদ শুক্র হইবে ?

#### The Minister for Health:

(क) ও (খ) এই পৌরএলাকার অন্তর্গত পাতিপুকুরের জন্ম যে "টাউনসিপ" গঠন করা হইয়াছে তাহাতে ৮,৪৫,০০০ টাকা ব্যরে একটি 'সিউম্যারেজ ক্সিম'-এর কাজ আরম্ভ হইয়াছে এবং উহা ১৯৬৬-৬৭ সালে সম্পূর্ণ ছইবে বলিয় আশা করা যায়। কিছ দক্ষম-কাশীপুর ডেনেজ ক্ষীম-এর সৃষ্টিত বোগাহোগ দ্বাপন না ছওয়া পর্বস্ক উহা কার্বকরী হইবে না।

- (a): 411
- (ছ) প্ৰশ্ন উঠে না।

# teps taken by Government to remove the unhealthy condition of the Bagjola Canal

- 336. (Admitted question No. 985.) Shri Tarun Kumar Sengupta: ক্ষেও জনপথ বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) সরকার কি অবগত আছেন যে ২৪-পরগণা জেলার দমদম থানায় অবস্থিত বাগন্ধনা খাস দিল্লা কলিকাতা কর্পোরেশনের বিভিন্ন এলাকার ও আশেপাশের বিভিন্ন পৌরসভা ও অঞ্চল পঞ্চায়েত-গুলির এলাকার প্যঃপ্রণালীর ময়লা জল সন্থংসর নিজাশিত হয় :
  - (গ) অবগত থাকিলে উক্ত চরম অস্বাস্থাকর অবস্থার প্রতিকারের জন্ম কোন পরিকল্পনা <del>এইণ কর</del>া হইয়াছে কি;
  - (গ) গ্রহণ করা হইয়া থাকিলে তাহা কিরূপ ও উক্ত প্রকল্পের কান্ধ কবে নাগাদ স্থক করা হইবে; একং
  - (ঘ) কোন পরিকল্পনা না গ্রহণ করা হইয়া থাকিলে কেন করা হয় নাই ?

## The Minister for Irrigation and Waterways:

- (ক) কলিকাতা পৌরসংস্থার বীরপাড়া পাম্পিং ষ্টেশন হইতে নিষ্কাশিত জল ও বরানগর, কান্ধীপুর বং দক্ষিণ দমদম পৌরএলাকার কতকগুলি অংশের জল বাগজোলা খাল বারা নিষ্কাশিত হয়। বিশেষতঃ গীমকালে নিষ্কাশিত জলের প্রায় সমস্তই শহর অঞ্চলের ময়লা জল।
  - (থ) না।
  - (গ) এই প্রশ্ন উঠে না।
- (ঘ) বিভিন্ন পৌরসংস্থার পয়:প্রণালীর ময়লা জল বাগজোলা থালে পরিচালনা করার পূর্বে ময়লা জল বাগজোলা থালের এই এলাকার জল নিকাশনের স্থান্ত নিকাশনের স্থান্ত প্রায়ন্ত করার লায়িত্ব সংক্রিন্ত পৌরসংস্থাগুলির সহিত আলোচনা চলিতেছে।

#### Fish for Calcutta

- 337. (Admitted question No. 1016.) Shri Birendra Narayan Ray:
  ত্যে বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ১৯৬৫ সালের জান্ত্রারী মাস হইতে বর্তমান সময় পর্যস্ত কোন মাসে কত কুইন্ট্যাল মাছ বৃহন্তর কলিকাতায় আসিয়াছে;
  - উহার মধ্যে সরকারী মংস্ত উংপাদন কেন্দ্রগুলি হইতে কোন্ মাদে কন্ত মাছ আসিয়াছে; এবং
  - (গ) ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালের কোন্ সালে মোট কত মাছ বৃহত্তর কলিকাতার আসিয়াছে ?

## The Minister for Fisheries:

- ্ক) ১৯৬৫ সালের জাহুয়ারী মাস হইতে অক্টোবর মাস পর্যস্ত প্রতি মাসে বে পরিমাণ মাছ কলিকাত। ং হাওভার বিভিন্ন পাইকারী বাজার মারকং সরবরাহ হইরাছে ভাহার একটি বিবরণী উপস্থাশিত। হিহান।
- (থ) ১৯৬৫ সালের জাহুয়ারী মাস হইতে অক্টোবর মাস পৃণ্ডি মোট ৩০৪ বুইণ্ট্যাল ৮৩ কেজি কাছ <sup>हারী</sup> মংক্র উৎপাদন কেন্দ্রগুলি হইতে কলিকাতা বাজারে সরবরাই করা ইইরাছে।

(গ) ১৯৬২, ১৯৬৩ এবং ১৯৬৪ সালের প্রতি সালে বধাক্রমে নিম্নরূপ পরিমাণ মাছ বৃহ কলিকাতার আসিরাক্তে:

সা <b>ল</b>	পরিমাণ ( বরফ সমেত)
১৯৬২	৬১১০৯৭২ কুইন্ট্যাল
<i>७७७</i>	৬,৩৯,৩০১ "
>>%	৫,৩০,৫৬১ "

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 3 ১৯৬৫ সালের জাহুয়ারী মাস হইতে অক্টোবর মাস পর্যস্ত কলিকাতা এবং হাওড়ার পাইকারী বাজা মাধ্যমে মংস্ক সরবরাহের বিবরণী

মাস	পরিমাণ
্ <del>জাহ</del> ুয়ারী	৩৮,৬ <b>৭৯ কুই</b> ন্ট্যা <b>ল</b>
ফেব্রুয়ারী	২ ৭,০৩৮ "
মার্চ	२५,३৫२ "
এপ্রিন	২২,১৯০ "
মে	২৮,৮৩৯ "
<del>क</del> ृत	৩০,১৭৫ "
<b>क्</b> रांट	২৯,৭০৩ "
শাগষ্ট	২০,৮১ <b>৭</b> "
. সেপ্টেম্বর	১ <b>৭</b> ,৭৬০ "
অক্টোবর	<b>২২,</b> 028 "

#### Government flats in Durgapur notified area

338. (Admitted question No. 1047.) Shri Aswini Roy:

গৃহনির্মাণ বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) বর্ধমান জেলার তুর্গাপুর নোটিফায়েড এলাকায় সরকার নির্মিত বাসগৃহের কোনও দ আছে কি;
- (খ) যদি 'ক' প্রালের উত্তর হাঁ। হয়, মাননীয় মদ্রিমহোদয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি-
- (১) প্রতিটি কলোনীতে বিভিন্ন ধরণের বাসগ্যহের সংখ্যা কত;
- (২) প্রতিটি কলোনীতে উক্ত বাসগৃহগুলির মধ্যে যে সকল বাসগৃহ শিল্প সংস্থাকে ভাড়া দেং হইয়াছে তাহার সংখ্যা এবং সরকার নিব্দ তত্ত্বাবধানে রাখিয়াছেন তাহার সংখ্যা কত ; এবং
- (৩) প্রতিটি ধরণের বাসগৃহের জন্ম সরকারী ভাড়ার হার কত ?

#### The Minister for Housing:

- (本) 新1
- (খ) (১) রাটুরিরা মৌজার ৭৫টি স্থল তৃ'কামরার ও ৭৫টি রেগুলার তৃ'কামরার ক্ল্যাট এ সাগরভাঙার ৫২১টি স্থল তৃ'কামরার ও ১,১০১টি রেগুলার তৃ'কামরার ক্ল্যাট শল্প শ্রমিকন্দের গৃহনির্ম পরিকল্পনার নির্মিত হইসাছে। ইহা ছাড়া স্বল্প আর্বিশিষ্ট ব্যক্তিনের জন্ত গৃহনির্মাণ পরিকল্পনার ৩০ উন্নাঞ্জার্ভ ক্লু'কামরার ৩৬টি অভিনারি তু'কামরার এবং ৩৬টি রেগুলার তু'কামরার ক্ল্যাট সাগরভাঙার নির্মি ইইয়াছে।
- ্রা (২) রাটুরিয়া মৌজা ও সাগরভাঙার মোট ১,৩৫২টি স্লাটি শিল্প শ্রমিকদের বসবাসের জন্ম তা ক্ষিক্রে স্টেডাডে ১৯টি স্লাটি সক্ষান নিজ জন্মাক্যানে বাধিয়াছেন।

(৩) শিল্প শ্রমিকদের জন্ম নির্মিত ক্ল্যাটগুলি বিভিন্ন ক্লেড-এ বিভিন্ন সমরে নির্মিত হইরাছে। ইহালের মধ্যে স্মল ত্র'কামরার মাসিক ভাড়া ১৪ হইতে ২৪ টাকা এবং রেগুলার ত্র'কামরার মাসিক ভাড়া ২১ হইতে ৩৬ টাকা। স্বল্প আয়সম্পন্ন ব্যক্তিদের জন্ম নির্মিত স্কীমে বিভিন্ন ধরণের ফ্ল্যাটগুলি মাসিক ভাড়া ১১০/১১৬ টাকা, ৮৫/৯০ টাকা ও ৬৪/৭০ টাকা।

## **Durgapur State Transport Corporation**

339. (Admitted question No. 1052.) Shri Aswini Roy:

ম্বরাষ্ট্র (পরিবহন) বিভাগেব মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি-

- ক) বধ্যান জেলার ত্র্গাপুর রাষ্ট্রীয় পরিবহন সংস্থায় মোট কতটি বাস ১৯৬৫ সালের ৩০এ সেপ্টেম্বর
   ছিল; এবং
- (খ) উক্ত বাসের মধ্যে—
  - (১) কতগুলি বাস বিভিন্ন রাস্তায় চলাচলের জন্ম উক্ত তারিথে ব্যবহৃত হয় ; এবং
  - (২) কতগুলি বাস উক্ত তারিখে অচল বা মেরামতের জন্ম ছিল ?

## The Minister for Home (Transport):

- (क) ৬২ থানি বাস ছিল।
- (খ) (১) ৪৫ খানি বাস ব্যবহৃত হয়।
- (২) ৬ থানি বাস।

## Drainage Scheme in Khairamari Beel, Murshidabad

340. (Admitted question No. 1110.) Shri Abdul Bari Moktar:

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি-

- (क) ইহা কি সত্য যে, মূর্শিদাবাদ জেলার জলংগী থানার 'থয়রামারী বিল'-এর জল নিকাশের পরিকল্পনা সরকারের বিবেচনাধীন আছে ; এবং
- (খ) সত্য হইলে, ইহার কাজ কি নাগাদ আরম্ভ হইবে বলিয়া আশা করা যায় ?

#### The Minister for Irrigation and Waterways:

- (ক) 'থয়রামারী বিল' ও তৎসন্নিহিত এলাকার জল নিকাশের স্বষ্টু সমাধানের জন্ম প্রয়োজনীয় জরীপ ও অফ্সন্ধান কার্য চালান হইতেছে।
  - (খ) প্রকল্পটি চূড়াস্কভাবে প্রস্তুত না হওয়া পর্যন্ত কিছু বলা সম্ভব নয়।

#### Drainage Scheme of Bara Beel, Murshidabad

- 341. (Admitted question No. 1112.) Shri Abdul Bari Moktar:
- সেচ ও জনপথ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-
  - (ক) ইহা কি সত্য যে, মর্শিদাবাদ জেলার জলজী থানার 'বড়বিল' এর জল নিকাশের জন্ম সরকার পরিকল্পনা লইয়াছেন; এবং
  - (খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাঁ৷ হয় তবে উক্ত পরিকল্পনা কি প্রকারের এবং উহার জন্ম ব্যন্ত ব্যন্ত বরান্দ বাবদ কন্ত টাকা মঞ্চুরী দেওয়া ইইয়াছে ?

## The Minister for Irrigation and Waterways:

- (क) প্রকরটি বর্ত মানে পরীক্ষাধীন আছে।
- (খ) প্রকরটি চূড়ান্তভাবে প্রস্তুত ও অমুমোদিত না হওয়া পর্বস্ত এ বিষয়ে কিছু বলা সম্ভব নর

#### Krishnachandrapur-Jalangi Road, Midnapur

342. (Admitted question No. 1114.) Shri Abdul Bari Moktar:

পূত (সূড়ক) বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি মূর্শিলাবাদ জেলার সীমান্তবর্তী নির্মীয়মাণ

পূর্ত (সড়ক) বিভাগের মান্ত্রমহাশয় অন্ধূগ্রহপূর্বক জানাইবেন কি মূশিদাবাদ কেলার সীমান্তবভী নিমীয়মাণ ক্ল<del>ুফচন্ত্রপু</del>র হইতে জলঙ্গী ভায়া দেবীপুর রান্তার মাটির কাজ ও পাকাকরণের কাজ কন্ত দিনের মধ্যে সম্পন্ন হুইবে বলিয়া আশা করা যায় ?

#### The Minister for Public Works (Roads):

ভূমি দথল ঠিক্মত পাওয়া গেলে মাটির কান্ধ ১৯৬৬ সালের মধ্যে এবং পাকাকরণের কান্ধ ১৯৬৭ সালের শেষ নাগাদ সমাপ্ত হইবে বলিয়া আশা করা যায়।

## Establishment of a Health Centre in Domkal police-station, Murshidabad 343. (Admitted question No. 1115.) Shri Abdul Bari Moktar: বাস্থা বিভাগের মন্ত্রিমহাশয় অন্ত্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সত্য যে, মূর্শিদাবাদ জেলার ডোমকল থানায় একটি থানা স্বাস্থাকেন্দ্র তৈয়ারী করার পরিকল্পনা সরকার লইয়াছেন;
- (খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ। হয়, মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি-
  - (১) উক্ত পরিকল্পনা কোন্ মৌজায় এবং কত নম্বর দার্গের উপর লওয়া হইয়াছে ;
  - (২) কত বেড-যুক্ত স্বাস্থ্যকেন্দ্র খোলা হইবে ?

#### The Minister for Health:

- (ক) ডোমকল ব্লকের জন্ম একটি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র (থানা স্বাস্থ্যকেন্দ্র নহে) স্থাপনের পরিকল্পনা . আছে।
  - (থ) (১) মৌজার নাম—তরফ রম্থলপুর-পাটনিপাড়া।
  - - ( ) | | | |

#### Drainage Scheme of Sabdalpur Beel, Murshidabad

- 344. (Admitted question No. 1118.) Shri Abdul Bari Moktar: সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (क) ইহা কি সত্য বে, মুর্শিলাবাদ জেলার ডোমকল থানার 'লবললপুর বিল'-এর জলনিকালের জন্ম
    সরকার পরিকয়না লইয়াছেন; এবং
  - (খ) মৃদি (ক) প্রশ্নের উত্তর 'হাা' হয়, তবে উক্ত পরিকল্পনায় কত টাকা মঞ্চুর হইয়াছে এবং কত দিনে উহা কার্থকরী করা ইইবে ?

### The Minister for Irrigation and Waterways:

- (क) সেচ ও জনপথ বিভাগের অধীন এইরূপ কোন প্রকল্প গৃহীত হয় নাই।
- (খ) এই প্রশ্ন উঠে না।

## Drainage Scheme of Dudhsar Beel, Murshidabad

- 345. (Admitted question No. 1120.) Shri Abdul Bari Moktar: স্কেও জ্বলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্ব জানাইবেন কি—
  - (ক) ইহা কি সত্য যে, মূর্শিদাবাদ জেলার ডোমকল থানার 'তৃধসর বিল'-এর জলনিকাশনের জন্ত্র সরকার পরিকল্পনা স্বাইয়াছেন;
  - (খ) যদি (ক) প্রশ্নের উত্তর হাঁ হয়, তবে ঐ পরিকল্পনার জন্ম কত টাকা মঞ্ছুর হইয়াছে এবং উচ্চার কাজ কবে আরম্ভ হইবে ?

## The Minister for Irrigation and Waterways:

- (क) না।
- (थ) এই প্রশ্ন উঠে না।

## Drainage Scheme of Pencherpara Beel, Murshidabad

- 346. (Admitted question No. 1121.) Shri Abdul Bari Moktar: দেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূব্ জানাইবেন কি—
  - (ক) ইহা কি সত্য যে, মূর্শিদাবাদ জেলার ডোমকল থানার 'পেচেরপাড়া বিল'-এর জলনিকাশের জন্ম সরকার পরিকল্পনা লইয়াছেন; এবং
  - (খ) যদি (ক) প্রশ্নের উত্তর যদি 'হাা' হয়, তবে ঐ পরিকল্পনার জন্ম কন্ত টাকা মঞ্জুরী পাইয়াছে এবং উহার কান্ত কবে আরম্ভ হটবে ?

#### The Minister for Irrigation and Waterways:

- (ক) 'পেঁচেরপাড়া বিল' ও তৎসন্নিহিত এলাকার জলনিকাশের স্বষ্ঠু সমাধানের জন্ম প্রয়োজনীয় জ্বরীপ ও অফুসন্ধান কার্য চালান হইতেছে।
  - (খ) প্রকল্পটি চূড়াস্তভাবে প্রস্তুত না হওয়া পর্ণস্ত এ সম্বন্ধে এখন কিছু বলা সম্ভব নয়।

#### Hawkers' stall in the footpaths of Calcutta

- 347. (Admitted question No. 1281.) Shri Monoranjan Ray: খবাষ্ট্ৰ (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্ব জানাইবেন কি—
  - (ক) ইহা কি সত্য যে, কলিকাতার ফুটপাতে বসিয়া ব্যবসাদি চালানোর ফলে যানবাহন চলাচলের বিদ্ধ স্থাষ্ট হওয়ায় সম্প্রতি পুলিশ ফেরীওয়ালাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করিতেছে; এবং
  - (খ) সত্য হইলে, এই সকল কেরীওয়ালাগণ বাহাতে বানবাহন চলাচলের বিন্ন না ঘটাইয়া ব্যবসাদি চালাইতে পারে তাহার জন্ম সরকার কোন ব্যবস্থা করিয়াছেন কি ?

#### The Minister for Home (Police):

- (क) इंग
- ্থ) এডান্সভাকে সরকার কলিকাতা কর্পোরেশন ও সি এম পি ও স্ট্রোন্সে করেকটি পরিকরন।

## Seizure of illicit liquor, Ganja and Oplum in West Bengal

- 348. (Admitted question No. 923.) Shri Monoranjan Bakshi: আবগারী বিভাগের মন্ত্রিমহাশয় অমুর্গ্রহপূর্ব জানাইবেন কি—
  - (ক) পশ্চিমবাংলার কোন্ জেলার কোন্ কোন্ গ্রাম হইতে গত আগস্ট ১৯৬৫ হইতে এ পর্বস্ত সময়ে বেআইনী মদ চোলাই কারখানা, বেআইনী গাঁজা ও আফিং ধরা পডিয়াছে; এবং
    - (থ) এতদসংশ্লিষ্ট ব্যাপারে কতজনের কিরূপ শান্তি হইয়াছে ?

#### The Minister of Excise:

- (ক) বেজাইনী মদ চোলাই ইত্যাদির পরিসংখ্যান গ্রামভিত্তিক রাধা হয় না, জেল্মভিত্তিক রাধা হয়। ১৯৬৫ সালের আগস্ট মানের বেজাইনী মদ চোলাই, গাঁজা ও আফিং-এর একটি জেলাভিত্তিক পরিসংখ্যান লাইত্রেরী টেবিলে রক্ষিত বিবরণীতে পেশ করা হইল। সেপ্টেম্বর ও অক্টোবর মানের পরিসংখ্যান এখনও পাওয়া যায় নাই।
- (থ) এই ব্যাপারে কজজনের কিরপ শান্তি হইয়াছে এরপ কোন পরিসংখ্যান অন্ত শুৰু অধিকারে রাখা হয় না। এই পরিসংখ্যান বিভিন্ন জেলা হইতে সংগ্রহ করা সময়সাপেক্ষ। তবে গত আগস্ট মাসে এজনুসংশ্লিষ্ট ব্যাপারে কজন ধরা পড়িয়াছে এবং কজন দোষী সাব্যস্ত হইয়া শান্তি পাইয়াছে তাহার জ্বেলাভিত্তিক পরিসংখ্যান লাইত্রেরী টেবিলে রক্ষিত বিবরণীতে পেশ করা হইল।

### Cabinet meeting at Darjeeling

- 349. (Admitted question No. 1140.) Shri Bijoy Pal: অর্থ বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্ব ক জানাইবেন কি—
  - (ক) ১৯৬৫ সালে দার্জিলিঙ-এ মন্ত্রীমণ্ডলীর যে সভা হয় সেই সভায় কতন্ত্রন মন্ত্রী যোগদান করিয়াছিলেন;
  - (খ) মন্ত্রীদের যাতায়াত ও ভাতা বাবদে মোট কত টাকা বায় হইয়াছে; এবং
  - (গ) এই উপলক্ষে যেসব কর্মচারী লার্জিলিঙ-এ গিয়াছিলেন তাহাদের সংখ্যা কত ?

#### The Minister for Finance:

- (क) ১৪ জন মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রী যোগদান করিয়াছিলেন।
- (খ) মন্ত্রী ও রাষ্ট্রমন্ত্রীদের যাতায়াত ও ভাতা বাবত বে ব্যয় হইয়াছে তাহার তালিকা বিধান সভার লাইত্রেরী টেবিলে রাখা হইল।
  - (গ) যতদুর জানা গিয়াছে ৬৫ জন কর্মচারী দার্জিলিঙ-এ গিয়াছিলেন।

#### T. A. and D. A. drawn by the Ministers

এই বিল সম্পর্কে বন্ধব্য রাখতে গিয়ে আমি শেষ কথা বলতে চাই যে লোকের অ প্রবাতিকে সাড়সাড়ি দিয়ে যে রেভিনিউ বাড়াবার কথা বলছেন তাতে হয়ত টাকার অঞ্চ কি বেড়ে যেতে পারে, কিন্তু এইভাবে সমাজ জীবনে যে কুঠ তৈরী করছেন সেই কুঠ সম দেহে ধীরে ছড়িয়ে পড়বে এবং তার ফলে সমাজ জীবনে নানারকম নােংরা জিনিষ দে দেবে ও সমাজ দেহে নােংরা ক্ষতের সা্টি হবে। সেই ক্ষত থেকে যদি সমাজ দেহকে রাকরতে হয়, তাহলে অসং প্রবাতিকে সাড়সাড়ি দিয়ে টাকা করবার যে পথ, সেই পথ পরিত হওয়া উচিত। সেদিক থেকে নািতগতভাবে আমরা এই বেটিং ও রেসিং উঠে যাওয়া উচিবলে মনে করি। কারণ এটা অনাবিল আনন্দ বা প্রমোদ নয়। এটা যদি আনন্দ বা প্রমোদ তাহলে বলবাে এটা বড়ই কুংসিং ধরণের আনন্দ বা প্রমোদ, এই আনন্দ বা প্রমোদ সমাডে বাকে চলা উচিত নয়। টাকা যদি আপনারা চান, তাহলে আরাে বাড়িত ট্যাক্স করনে এই যাে দােড়ের জারাড়ালৈর উপর। তাদের উপর আরাে বেশী ট্যাক্স বসান, তার মাধ্যমে যাতে টা বেশী করে আদায় করতে চান তার চেন্টা করনে। আমাদের তাতে মােটেই আপত্তি নাই। একয়টী কথা বলে এই বিলকে সার্কুলেশন মােশানে দেবার যে প্রস্তাব, সেই প্রস্তাব উত্থাপন ক

#### Shri Sankardas Banerji:

মাননীয় সভাপতি মহাশয়, আমি এই বিলকে সদপ্ণ সমর্থন জানাচিছ। অনেকদিন ধ সরকার এ বিষয়ে রিসার্চ করেছেন। আপনি বাধ হয় জানেন দ্বর্গত ডাঃ বিধানচন্দ্র র একটী কমিশন বসিয়েছিলেন রাজদ্ব আদায় ব্রিদ্ধ করবার জন্য আবশ্যকীয় তথ্যাদি কেরবার জন্য। তখন থেকে আমরা চিন্তা করিছিলাম কি করে আরো ট্যাক্স বাড়ান যাতিনি আমাকে ডেকে বর্লোছলেন দেখতো আর কি ট্যাক্স বাড়ান যায়। ফলতঃ দেখা গেমানীয় সদস্য শম্ভুবাব, ঠিকই বলেছেন যে ২০ পারসেন্ট পর্যন্ত বাড়ে তারপরে ক্রমাণ কমে যায়। তারপরে খোঁজ খবর নিয়ে দেখা গেল যে যদি ২০ পারসেন্ট বজায় রাখতে চ তাহলে আয় কমে যাবে। সেইজন্য এটা কমে সাড়ে বারো পার্সেন্ট করা হচ্ছে। তা আয় উত্তরোত্তর বাড়বে। মাননীয় শৈলবাব, বলেছেন আয় উত্তরোত্তর বেড়ে এক কোটি থো৬ কোটিতে দাড়িয়েছে। আমাদের টাকা দরকার। নতুবা ফোর্থ শ্লানে কোন খাতে কি করতে পারবেন না। টাকা নাই। শিক্ষাখাতে সরকার কিছ্ন করতে পারবেন না কারণ কেটাকা নাই। চিকিৎসা খাতে কিছ্ন করতে হবে টাকা নাই। কেন্দ্রীয় সরকার টাকা দেবে

aজায় রাখবার জন্য, তবে কথাটা হচ্ছে ২০ পারসেন্ট করা চলে কিনা? এটাতো এমন এক*চ*ে বিষয় নয় যে এ বছর আড়াই পারসেন্ট বাড়ালাম বলে আগামী বছর <sub>পারসেন্ট</sub> বাড়াতে পারবো না। দেখতে হবে ট্যাক্সেসন-এর একটা কর্নাসসটেন্ট নীতি নিতে হবে। যদি বাডিয়ে টোটাল রিসিণ্ট বেশী হলো দেখা যায়, তাহলে ন্টাটাল রিসিপ্ট আরো বাডলো, সেখানে ক্ষতি হল না। সেখানে নিশ্চয়ই তা বাডাবেন। কিন্ত সাভে ১২ পারসেন্ট-এর জায়গায় ২০ পারসেন্ট করে দিলাম একেবারে, তারপরে দেখা গেল আয় ক্রমে গেল, তাহলে অর্থমনত্রী সেই বিসকে নিতে পারেন না এবং নেওয়া উচিত হবে আমি মনে করি না। যারা রেস কোর্সে যায় তাদের বাঁচাবার জন্য চেষ্টা করতে হবে না। এখানে এমন কেউ উপস্থিত নাই যে তাঁর আশ্রয় তাঁরা গ্রহণ করতে পারেন। বেশীর ভাগ লোকের টাকা আছে—যারা রেসে যায় এবং রেসে গিয়ে জন্মা খেলে, আমরা সর্বদা বলি আইন করে মান্ত্রেকে সব কিছন ঠিক করে দিতে হবে। নিখিলবাবন বললেন এতে করে সমাজ একেবারে নীচে নেমে গিয়ে শেষ হয়ে যাবে—ইত্যাদি ইত্যাদি, কিন্তু আমি তা মনে করি না। আজকে প্রথিবীতে একটা দেশও নাই যেখানে রেসিং নাই। তারাও তো সমাজে দাঁড়িয়ে আছে। তারা কি নিকৃষ্টভাবে বেঁচে আছে? সমাজে কি তাদের উপযক্ত স্থান নাই? নিশ্চয়ই আছে। এখন কথা হচ্ছে রেসিং তলে দেবার চেন্টা করা উচিত কি না এই প্রশ্ন উঠেছে। তলে দেওয়া উচিত বলে আমি মনে করি না। আমি মনে করি না রেসটা খবে ভাল জিনিস কিন্ত এত গহিত জিনিস নয় যে তলে দেওয়া উচিত। বছরে আমিও এক-আধবার রেসে যাই। र्यापुष्ठ जन्मा त्थलात क्रमण थाका मर्पष्ठ जामि जन्मा त्थिल ना, जामि जात्माम कत्रत्व यारे। এমনও লোক আছে যারা ১০ টাকা করে দশটা ঘোডার উপর খেললো ১০০ টাকা তারা ফেলে দিতে পারে জিতলো কি হারলো তাতে কিছ্রই যায় আসে না। আবার এমন লোকও আছে যে যারা বর্কির কাছে গিয়ে দ্বেই হাজার পাঁচ হাজার টাকা খেলে তারা হারছে আবার জিতছে সবই করছে তাদের উপকারাথে আমাদের কিছুই করবার নাই। আবার এমনও লোক আছে যারা ঘরে বসে টেলিফোনে রেস খেলছে রেজিন্টার বর্নিকর কাছে, কেবল বলে দেয় যে আমি অমনুক অমনুক ঘোডার উপর এত টাকা খেলে দিলাম। সন্তরাং এই সব জিনিষ বন্ধ করা যায় না। এবং আমার মনে হয়না যে রেসিং থাকলেই আমাদের খবে দুনশীতি প্রচার এখানে মাদকদ্রব্য বর্জানের কথা উঠেছে—বোন্বেতে চেণ্টা করেছিল। আমি নিজে যখন বোম্বেতে যাই তখন শর্বেছিলাম যে ১৬ কোটি টাকা তাদের লোকসান হয়েছিল মাদক দ্রব্যের রাজন্যে এবং পর্নলশের জন্য আরও দৃহই কোটি টাকা কিন্তু বোন্দ্রেতে কি দেখলাম এটা আমি সবচেয়ে উপর থেকে সংবাদ পেলাম। তারা প্রচুর অর্থ করেছে। আস্তে অ*ং*তে তারা এখন রিলাস্ক করতে করতে কোথায় এসে দাঁড়িয়েছে যে কেউ এখন দয়া করে দরখাস্ত করলেই লাইসেন্স পায়। উড়িষ্যায় স্যার, সেই জিনিসই আপনি দেখতে পাবেন, পাঞ্জাবেও সেই একই জিনিস দেখতে পাবেন এবং বিহারেও সেই জিনিস দেখতে পাবেন। কেন তারা প্রহি-বিশান করলেন না কেননা তারা দেখতে পেলেন যে এটা একটা আনরিয়াল জিনিষ। প্রহিবিশান रुद्रि किছ्य केंद्रा यादे ना। **लास्छित मर्स्य इट्ट या मत्रकात्री द्रा**ज<mark>रून वन्ध इट्ट। मान्यस</mark> यिन किटन না খেতে পারে তাহলে তাড়ি কিনে খাবে এবং তাড়ি যদি না পায় তাহলে ভাত পঢ়িয়ে খাবে। তাই আমি বলি এই নিয়ে সাধ্য সেজে প্রচার করবার কোন আবশ্যক নাই। আমরা ভয়ানক আর্নারয়াল মান্ত্র আমাদের ভেবে দেখতে হবে কোন জিনিষ্টা করা সম্ভব কোনটা সম্ভব নয়। এই যে ताः **लाम्मा बन्धानी श्राहर अन्न প্রতিবাদ তো কেউ করেন নি।** যখন টাকা থাকবে না কাজ হবে না তখন **আপনারা চাংকার করে একেবারে অশ্থির করে দেবে**ন। সত্তরাং টাকার দরকার কাজ করতে গেলে। এই টাকা তোলবার জন্যই এই নীতি অবলন্বন করা হয়েছে। স্যার, এখানে ট্যাক্সের কথা বলা হয়েছে, আমি একটা লিষ্ট দিচ্ছি নাম্বার অব সিনেমা হাউস ইন <sup>ওয়েন্ট</sup> বেংগল। ১৯৬০-৬১ সালে কলকাতায় সিনেমা হাউস ছিল ৮৯টা তারপর ডিস্টিক্ট-এ <sup>ছিল ২৫৯</sup> এবং টোটাল হল ৩৪৮টি। তারপর ১৯৬৪-৬৫ সালে দাঁড়িয়েছে ৬০৯টি। মাননীয় স্পীকার মহাশয়, আমি কোন দিন সিনেমা দেখি না আমাদের বংধরো বলতে পারবেন

বে সেখানে কি রকম ভাঁড় হয়। রাস্তাঘাটে বেতে আমি দেখেছি কি রকম লাইন দিয়ে লোকে দাঁড়িয়ে থাকে। তিনটা শো কমিয়ে যদি দনটো শো করা হয় তাহলে আপনারাই প্রতিবাদ করবেন। কাজেই আইন করে লোককে সাধ্য তৈরী করবেন তা কখনই হয় না। তবে সরকার যতক্ষণ অন্যায় জিনিষের প্রশ্রম না দিছেল ততক্ষণ আমি বলব যে সরকার ঠিকই করছেন। আজকে আড়াই পারসেন্ট ট্যাক্স বাড়িয়ে দেওয়া হছেছ যদি দেখা যায় যে রিসিট ভাল হছেছ তাহলে আগামী বছর আবার এই জিনিষটাকে রিকনসিডার করা যেতে পারে এবং যদি সরকার মনে করেন যে এর থেকে আরও বেশী ট্যাক্স পাওয়া যেতে পারে তাহলে আমি বলব নিশ্চয়ই আরও বেশী করে ট্যাক্স বসাতে পারবেন এতে কোন বাধা নাই। তবে চেণ্টিটি প্রচার করবার টেনডেন্সি যদি একটা কমে তাহলে ভাল হয়। যারা প্রচার করেন তারাও ততদার চেণ্টনন সেটা তারাও মনে মনে জানেন। সেজন্য আমি বলছিলাম যে আমরা ভয়নক আনরিয়াল মান্যে। আমাদের তলিয়ে দেখতে হবে কোন জিনিষটা ক্ষতিকর আর কোন জিনিষ্টা ত্রতিকর নয়। এটাই দেখতে হবে। এই কয়টি কথা বলে মাননীয় মন্ত্রী মহাশয়্ম যে বিলটা এনেছেন তাকে আমি সমর্থন জানিয়ে আমি আমার বছব্য শেষ করছি।

[5-5-10 p.m.]

#### Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় সভাপাল মহাশয়, এ্যামিউজমেন্ট ট্যাক্সের নামে মাননীয় অর্থমন্ত্রী যে ভাবে জয়োড়ীদের প্রতি গভীর সহানত্ত্তি দেখিয়েছেন তাতে আমরা আশ্চর্য না হয়ে পারিনা। তার সংগে সংগে আরো কয়েক ধ্রপ এগিয়ে গেলেন আমাদের প্রাক্তন অর্থামন্ত্রী শ্রীশংকরদাস ব্যানাজ মহাশয়। তিনি মদ আর জন্মা সম্বন্ধে যথেষ্ট ওকালতী করে গেলেন। তিনি একটা জিনিষ ছেডে গিয়েছেন, এই সংগে প্রতিটিউশনটা রেখে গেলে ভাল করতেন। প্রতিটিউশন থেকে **जान ठोका जामाग्न दग्न जर्थार वाश्नामित्मत जना य कान जेशाय्व्र ठोका সংগ্রহ করতে হ**রে. সে মদ থেকে হতে পারে, জায়া থেকে হতে পারে, এখানে যদি প্রফিটিউশন রাখা হয় তাহলে তার থেকে বিস্তর টাকা সংগ্রেতি হতে পারে। ডেভালপমেন্টের নামে তিনি বলে গেলেন শিক্ষা, স্বাদেখ্যর জন্য টাকা চাই। জাতীয় নীতি, সরকারী নীতি যদি এই হয় যে যে কান উপায়ে টাকা সংগ্রহ কর তাতে কিছা যায় আসে না, কারণ নীতির কোন বালাই নেই. তা র্যাদ হয় তাহলে আমার কিছা বলবার নেই। আমার পূর্ববর্তী বস্তারা বলে গিয়েছেন এই দেশে রেসকে বন্ধ করার জন্য। কিন্তু সেটা আপনারা না করে, শংকরদাসবাব্য যেটা বললেন যে টাকার অত্যন্ত দরকার অতএব বৈটিং-এর জন্য ট্যাক্স করতে হবে, আমার বন্ধব্য হচ্ছে সেখানে যার যায় তারা এ্যামিউজমেন্টের জন্য যায় না. টাকা রোজগার করতে যায়। শংকরদাসবাব্য জানেন না যে এই বেটিং থাকার ফলে কভজনের ঘরে সর্বনাশ হয়ে যাচেছ। তারা টাকা চর্নর করে স্ক্রীর গহনঃ চুরি করে, মার গহনা চুরি করে, বাবার টাকার বাক্স ভেংগে বেটিং করে। শহধ তাই নয় তারা হয়ত কোথায়ও সিঁদ দেয়, কোথায়ও ডাকাতি করে, এইডাবে তারা জন্মা খেলে। এটা শংকরদাসবাবন ভালভাবেই জানেন। আমরা জানি এই সব বড বড জন্মার কথা, রেসের কথা বাদ দিলেও, গ্রাম দেশে যে সাধারণ জন্মা হয় সেটা হচ্ছে ডাকাত দলের আড ডাখানায় জন্ম খেলা গড়ে উঠে। ডেভালপমেন্টের জন্য টাকা দরকার একথা সত্য। আমরা স্বীকার করি যে শিক্ষা, জনস্বাম্থ্যের জন্য টাকা দরকার কিন্তু যে কোন ঘূণিত উপায়ে সমাজের মধ্যে ব্যাখি স্থিত করে সমাজের সর্বনাশ করে টাকা সংগ্রহের বিরুদ্ধে আমরা। আমরা বুলি যদি টাকর প্রয়োজন হয় তাহলে যারা কোটি কোটি টাকা সেলস্টোক্তা ফাঁকি দিচ্ছে তাদের কাছ থেকে সেই টাকা সংগ্রহ করনে, টাকার অভাব হবে না। কিন্তু তাদের গায়ে আপনারা হাত দেবেন না। অপনারা যে প্রস্তাব নিয়ে আসছেন সেটা শীঘ্টই আমাদের সামনে আসবে তাতে আপনারা বলছেন ল্যান্ড রেভিনিউ-এর উপর সারচার্জ বসাবেন শতকরা ২৫ ভাগ। সেক্ষেত্রে আর্মর বারবার বাধা দেবো কিন্তু তা সত্ত্বেও আপনারা পাশ করিয়ে নিয়ে যাবেন। আপনারা মোটর স্পীরিটের উপর ট্যাক্স ধার্য করলেন তাতে সাধারণ মান্ত্র ক্ষতিগ্রস্ত হবে। আপনারা র'জটের

ত্তপর ট্যাক্স বাড়াবার চেণ্টা করছেন তাতে সাধারণ চাষীরা ক্ষতিগ্রন্থত হবে। সেদিকে আপনাদের त्कान पत्रप नारे। यात्रा वर्फ वर्फ ब्राक मार्किणियात्र, यात्रा श्राप्त ब्राक मानि लाकिया द्वार्थाक তাদের গায়ে আপনারা হাত দিচ্ছেন না, যেখানে টাকা আছে সেখান থেকে টাকা সংগ্রহ ক্রব্যেলন না। কিন্তু যাদের দেবার ক্ষমতা নেই, যাদের গায়ে রক্ত নেই, তাদেরকেই শোষণ করবার চেটা করছেন। বেটিং-এর ক্ষেত্রে শতকরা ৭৫ ভাগ ট্যাক্স বসান আমাদের কোন আপত্তি নেই। কারণ আমরা দেশ থেকে জারা বাধ করতে চাই, দেশ থেকে দানীতি বাধ করতে চাই, সমাজের धः राप्तत পথ বন্ধ করতে চাই। এই বিলকে বিরোধী পক্ষ থেকে সার্কু লেশনে দেবার জন্য যে এ্যামেণ্ডমেণ্ড দেওয়া হয়েছে তার উদ্দেশ্য হচ্ছে দেশ থেকে জায়া যাতে বাধ হয় তার জন্য জনসাধারণের মতামত নেওয়া হোক। আমাদের এক বংধ্য বলেছেন যে এই এ্যামেণ্ডমেন্ট থেকে বেটিংকে বাদ দেওয়া হোক। এটা আমরা দঢ়েভাবে সমর্থন করি, বেটিং জয়ো গ্যাম্বলিং এই এ্যামেণ্ডমেন্টের মধ্যে আসতে পারে না, সাংস্কৃতিক অনুষ্ঠান সে ফ্টেবল খেলাই বলনে ক্রিকেট খেলাই বলনে থিয়েটারই বলনে আর সিনেমাই বলনে, এগরনি বেটিং-এর সংগে একই পর্যায়ে আসতে পারে না। এখানে যায় অসত উপায়ে টাকা সংগ্রহ করতে আর ওখানে যায় স্ত্রিকারের আনন্দের জন্য। সে জন্য দ্বটোকে একসংগে রাখা যায় না। সে জন্য বর্লাছ জন্মার জন্য আলাদা বিল করনে, তাকে কি করে বাধ করা যায় তার ব্যবস্থা করনে, তার কঠোর দণ্ডের ব্যবস্থা করনে এবং সংগে সংগে এ্যামিউজমেন্টের জন্য আলাদা পর্যায়ের একটা ভাল বিল তৈরী করনে। এইজন্য যে ট্যাক্স বাড়িয়েছেন, যেটা ১ টাকার উপর ৪০ নয়া প্রসা বললেন ২।। টাকা পর্যাত্ত সেখানে ট্যাক্সটা কমান। জনশিক্ষার জন্য যেটা দরকার যেমন সাংস্কৃতিক অনুষ্ঠান, থিয়েটার, সেখান থেকে ট্যাক্সটা কমিয়ে দিন। কারণ আজকে আমাদের দেশের শতকরা ৮০ জন লোক অশিক্ষিত, নিরক্ষর, সেখানে জনশিক্ষা বৃদ্ধির জন্য যদি কিছা একটা ব্যবস্থা হয় অনুস্ঠানের তাহলে সেখানে ট্যাক্স করা উচিত নয়। এটাই কল্যাণমূলক রাণ্ট্রের আদর্শ হওয়া উচিত। কাজেই সেদিক থেকে লক্ষ্য রেখে নতেন করে বিলটা নিয়ে আসংন নিশ্চয়ই আমরা সমর্থন জানাবো। এখানে যে ১২।। পার্সেন্ট থেকে ১৫ পার্সেন্ট করেছেন এখানে আমাদের বন্ধব্য হচ্ছে ৭৫ পার্সেন্ট হওয়া দরকার। কারণ দেশ থেকে জয়ে। বন্ধ হয়ে যাক এবং এই অসত উপায়ে যাতে টাকা না আসে এই দৃত্ত উদ্দেশ্যেই আমি সার্কলেশন মোশন এমেছি।

#### Shri Panchu Gopal Bhaduri:

মাননীয় সভাপতি মহাশয়, খবে বিসময়ের কথা যে কংগ্রেস পার্টি মহান্মা গান্ধী থেকে শুকরদাস ব্যানাজীতে এসে পেশছৈছে। মহাত্মা গান্ধী মাদক দ্রব্য বর্জন করেছিলেন আর ইনি यामकत्रवा श्रहनत्तव जना এডভোকেসি করলেন। আমার মনে হয় ১৯২০ সাল থেকে ১৯৩০ সালে যখন ভারতবর্ষে প্যাট্রিয়োটিক ইউথ যাঁরা অন্যান্য দেশপ্রেমের কর্তব্যের মধ্যে মাদক বর্জানকে মেনে নিয়েছিলেন, তাঁরা যখন পর্যালশের লাঠি খাচিছলেন, জেলে গিয়েছিলেন সেই সময় বোধহয় শংকর্দাসবাব, বিলাতে ছিলেন। গ্যালিভেটিং এগ্রণ্ড বর্জিং ছিল বিলাতের ইউথদের সামনে কর্তব্য এবং তাঁরা তখন ককটেল পার্টিতে নানারকম রসালো আলোচনা নিয়ে মন্ত থাকতেন। আজকে এখানে কংগ্রেস পার্টির তরফ থেকে ঘোষণা করলেন যে মহাত্মা গাম্ধীর মাদক বর্জান নীতি সেকালের পচা, রোদ্দী নীতি। এই যে পর্ত্বালা সমাজ-এর সংগে তিনটি ভাইস অচ্ছেদ্যভাবে জড়িত—একটা হচ্ছে প্রতিটিউশন, আর একটা হচ্ছে মাদক দ্রব্য, আর একটা হচ্ছে জনুয়া খেলা। প্রফিটিউশন ইললিগ্যাল হয়েছে, আণ্ডার গ্রাউণ্ড হয়ে গিয়েছে। আমি মনে করি এই সমাজ ব্যবস্থা থেকে মাদক দ্রব্য ইল্লিগ্যাল করা উচিত, করলে অবশ্য সেটা আণ্ডার গ্রাউণ্ড হবে এবং জন্মা খেলা এটাকে নিশ্চয়ই প্রহিবিট করা উচিত। জ্বা খেলার দিক থেকে আমি মাননীয় সভাপতি মহাশয় আপনার মাধ্যমে এর আর একটা <sup>তেরের</sup> দিকে হাউসের দ্রিট আকর্ষণ করতে চাই। আপনি যদি এই পর্শবিজবাদী সমাজের <sup>এসনার্টীম খোঁজ করেন তাছলে তার সব চেয়ে উচ্চ স্তরে দেখতে পাবেন জয়েণ্ট ভটক, অথবা</sup> বাংক এবং ন্টক এক্সচেন্ধ। সেই যে ন্টক এক্সচেন্ধ সেখানে গ্যান্দ্ৰিলং চলছে প্ৰতিদিন, এটা আইন সংগত লিগ্যাল, এবং গটক এক্সচেঞ্জ হচ্ছে প'নজিবাদী সমাজের প্রাণ ব্রর্প। সেখানে গ্যান্থলিংকে আপনি বংধ করতে পারছেন না এবং যে সব লোকেরা ঘোড়ার মাঠে গিয়ে ঘোড় খেলবে বা অন্য জায়গায় গ্যান্থলিং করবে, বেটিং করবে, তাদের প্রহিবিট করা খ্বেই শক্ত কারণ শংকরবাবরো এবং শৈলবাবরো তাদের মুখপাত্র হয়ে, তাদের এজেন্ট হয়ে এখানে হাজির হয়েছেন। যাঁরা ঘোড়া খেলেন, সেই বড় বড় ক্যাপিটালিন্ট, তাঁদের জয়েয়া খেলা রেস কোসে বংধ করার মত ও'দের ক্ষমতা নেই। আজকে যে বিল নিয়ে এলেন সেটা প্রহিবিশন অব রেসিং এই যে কংগ্রেসের সেকালের নীতি তার সংগে খাপ খায়না কিন্তু সেই নীতি যদি নিয়ে আসতেন তাহলে আমরা দ্ব'হাত তুলে এই বিলকে সমর্থন করতাম। এটা যে তাঁরা নিয়ে এসেছেন এটা খ্ব দ্বংখের কথা। দেশরক্ষার জন্য টাকা দরকার, লোকে অনেক দ্বংখ কন্ট করে টাকা দিতে রাজী হতে পারে কিন্তু এইরকম একটা পাপের জন্য তারা টাকা দিতে রাজী হবে না।

[5-10-5-20 p.m.]

কিন্তু অত্যন্ত অপবিত্র একটা বিল দেশরক্ষার জন্য অর্থ সংগ্রহের একটা ভূমিকা হিসাবে আপনি এনেছেন সেটা হচ্ছে বেটিং এবং রেসিং সম্পর্কে টাকা তোলার জন্য। সেইজন্য আমি এই বিলটিকে সার্কুলেশন মোসনে দেবার প্রশ্তাব সমর্থনি করে এর সংগে এই কথাটা বলবো অনেকেই যা বলেছেন যে একে এ্যামিউজমেন্ট বিল—মিসনোমার দিয়ে লোককে প্রতারিত করবার দরকার নেই। এই দনটো বিল আলাদা করা দরকার। এ্যামিউজমেন্ট পিওর এন্ড সিমপল তাকে এ্যামিউজমেন্ট বিল করা উচিত। আর বেটিং এন্ড রেসিং বলে প্রথক বিল করা উচিত। বেটিং এবং রেসিংকে সাধারণ এ্যামিউজমেন্টের সংগে করে পার্বালককে প্রতারিত করার কোন দরকার নেই। দ্বিতীয়ত প্রহিবিসন হিসাবে যে ট্যাক্সেসন সেখানে যতখানি প্রহিবিটিভ করা যাবে—অবশ্য তাতে অর্থ সংগ্রহ হয়তো হবে না—অর্থ সংগ্রহ অন্যভাবে করতে হবে কিন্তু প্রহিবিটিভ করলে যারা বেটিং এন্ড গ্যাম্বল করছে তারা বেটিং এন্ড গ্যাম্বলিং প্রতিষ্ঠান হিসাবে অনেক বেশী টাকা দিতে বাধ্য হবে। সেইজন্য তাকে প্রহিবিট করার আগে তাদের উপর প্রহিবিসন ট্যাক্স বসানো উচিত। তবে সরকারী তহবিলে রেভিনিউ আদায় কম হলেও ক্ষতি নেই। এই কথা বলে আমি সার্কুলেসনে দেবার প্রশৃতাবকে সমর্থন জানাচিছ।

## Shri Sailendra Nath Adhikary:

চেয়ারম্যান স্যার, আমি এই বিল সমালোচনা করতে গিয়ে প্রায় ক্লান্ত হয়ে গেছি। এবং আমরা সরকারের সমালোচনা করতে গিয়ে তো প্রায় আমাদের মথে বংশ হয়ে গেছে দৃই রকম উপারে। এক রকম হচ্ছে জেলখানায় গিয়ে—আর এক রকম হচ্ছে আমরা ক্লান্ত হয়ে পড়ছি। স্যার, তথাপি আমাদের একটা দায়িত্ব আছে এবং সেই দায়িত্ব হচ্ছে সমাজের প্রতি এবং সেই সমাজের প্রতি যে দায়িত্ব গেই দায়িত্বটা আমরা অম্বীকার করতে পারিনা বলে আমরা ওঁদের সংগে একমত হতে পারনা। এখানে স্যার, এই যে বিলটি এসেছে তার অবজেক্ট্রস এণ্ড রিজনসের মধ্যে যেটা লেখা আছে তার একটা অংশ পড়ে শ্বনাই

in the context of urgent need for raising additional resources for heaping up the tempo of planned development in the face of the present National Emergency, it is proposed to raise the rates of these taxes.

অর্থাৎ কি না টাইম অব ডেভেলপমেন্টটা ওঁরা বজায় রাখতে চান এবং বজায় রাখতে গিয়ে ওঁরা এই ধরণের ট্যান্ড্রেসন করবার দান্য এগিয়ে এসেছেন এবং কোন সময় ?—না ইন দি টাইম অফ ইমারজেন্সী। এখানে স্যার, দেঁখনে এই মন্ত্রীমণ্ডলী শাধ্য যে তাঁরা কথার তুবড়ী যান তা নয়, লোকের কাছে কথা দিয়ে কথার জাল বন্নে—বিশেষতঃ শৈলবাবন তো এ বিষয়ে মান্টার জাগলার—উনি তো কথা দিয়ে সমন্ত জিনিসটাকে ঢাকা দিতে চান। কিন্তু আসল উন্দেশ্য যখন আমরা দেখতে পাই তখন কিন্তু কথার তুবড়ীর পিছনে একটা কালো চেহারা দেখা

গ্রায়—সেটা কি—না, ইমারজেন্সি ডেভেলপমেন্ট করতে হবে, টাকা চাই, ভাল কথা। ইমারজেন্সি সদ্বশ্ধে মাত্রীমান্ডলীর কি সিরিয়াসনেস আছে? যে মাত্রীমান্ডলী ইমার্জোম্স পিরি-যুডের মধ্যে নিজেদের বেশ আরাম করে থাকবার জন্য—আর করে অফিস চালাবার জন্য এই এ্যাসেম্বলীর চেম্বারগর্নাকে শীতাতপ নিয়ম্বিত করতে যাদের বিন্দর্মাত্র বিবেকে লাগলো না-কোন সময় ?-যখন সমসত দেশকে ওঁরা এক মাখে বলছেন অণ্টারিটি ইকর্নম-কোমরে পেটে গামছা বাঁধো—আর একদিকে শৈলবাব্র ঘরে ১০ হাজার, অম্বকের ঘরে ৮ হাজার ঠাণ্ডা করবার জন্য ব্যয় করছে। তারা আবার বলছে যে ডেভেলপমেণ্ট করবার জন্য ইমারজেণ্সি পিরিয়তে আমাদের টাকা দরকার। এটা হচ্ছে একটা অত্যন্ত বিবেকের সংকট। অবশ্য এই মন্ত্রীমণ্ডলীর কাছে বিবেকের আশা আমরা করি না—কিন্তু যদি কোন বাইরের লোক এটা দেখে তখন সে বলবে ওঁরা বিবেকের সংকটে ভুগছেন। এখন কথাটা হচ্ছে এই যে ওঁরা একের পর এক টাকার ব্যাপারে অনেকগর্মল বিল নিয়ে আসছেন এবং প্রত্যেকটি বিলে দেখা বায় যে ওঁরা যা বলেন ঠিক তার উল্টো হয়ে যায়। এই যে বিলটি এসেছে এই বিল সন্বশ্বে এর আগে আমাদের মাননীয় সদস্য বন্ধনেরা অনেকেই বলেছেন—আমাদের দেশে আজকে বলা চচ্ছে যে আমাদের কল্যাণমূলক রাষ্ট্র এবং আমরা সমাজতন্ত্রের পথে যাচিছ। সমাজতন্ত্রের প্রতি যদি ওঁদের বিশ্বনাত বিশ্বাস থাকতো তাহলে সমাজতশ্রের মূল কথা হচ্ছে এই যে क्याभिटोनिकारमत वर्गनिम्नामगर्गन एक्टरंग घरतमात करत मिर्क टरव। समाक्रक्य महत्य वनत्वर दम्न না—ধনতশ্রের বর্নিয়াদগর্নাল ভেঙেগ দিতে হবে। এখানে দেখা যাক ধনতশ্রের বর্নিয়াদগর্নাল কভাবে প্রতিফলিত হয়। আপনি জানেন স্যার, ক্যাপিটেলিজম গ্যার্শ্বলিংয়ের উপর সমস্ত কছা মনোফা দাঁডায়—ত্টক এক্সচেঞ্চ দেখনে, ফাটকা মার্কেট—এখন তো সমস্ত মার্কেট হয়ে গছে ফাটকা, এবং এই গ্যাম্বলিংয়ের উপর ক্যাপিটেলিজমের আগাগোড়া স্নেহ এবং সবচেয়ে াজার কথা এই যে তা**দের প্রতি শৈলবাব**রে স্নেহ আপাতত কম দেখছি না। গ্রর কারণ এই বেটিং এবং এগর্বলিকে তিনি উঠাতে চান না। এর থেকে টাকা নতে চেয়েছেন—অর্থাৎ এটা হচ্ছে এইরকম কথা যে তৃই যা করবি কর আম্যকে কিছন টাকা-শয়সা দে—তাহলেই সাত খনে মাপ। তাহলে আমরা দেখছি এর আগে বহাবার বলা হয়েছে য এই জন্মাখেলা—এই গ্যাম্বলিং, বেটিং এগন্লিকে নিষিম্ধ করা উচিত—এগন্লি সমাজের শাপ—এগর্নলি সমাজের পাপ বললে মিছে কথা বলা হয়—এগর্নলি ক্যাপিটেলিজমের **অংগ।** গাহলে কি ধরণের সোস্যালিজম শৈলবাবাই বলান বাকে হাত দিয়ে যে সোস্যালিজমে বেটিং গাকে—কোন ধরণের সোস্যালিজমের মধ্যে সমস্ত কিছ্যু স্বযোগ স্ববিধা দেওয়া হয় ঐ রটারদের ? তার ফলে কি হয় ?—দ্বটো পয়সা আসছে, এইরকম ভাবে কানাকভি কুডিয়ে সর-মরকে তো একদিকে জাহা**ম**মে দিচ্ছেন আর একদিকে কি করছেন আপনারা আপনাদের যে মুখোস সেই মুখোসটা খুলে দিচ্ছেন। এবং আমাদের কর্তব্য হচ্ছে সেই মুখোসটা যাতে ভালভাবে খোলে সেটা লোকের কাছে দেখিয়ে দেওয়া এবং আমরা সেইজন্যই বলছি যে গাপনারা টাকা অন্যভাবে পেতে পারতেন। আপনারা তো সোস্যালিজমের কথা বলেন আপনারা নৈকামের উপর সিলিং করছেন না কেন? ইনকামের উপর সিলিং করে ১,০০০ টাকার বেশী কট খরচ করতে পারবে না এই রকম একটা আইন তৈরী করতে পারেন না এবং ১০০ টাকার াীচে কারও আয় হবে না এইরকম একটা ব্যবস্থা করতে আজ পর্যান্ত আপনারা চিন্তা করতে শারছেন না কেন? যদি তা করেন তাহলে আপনার মজতে টাকা অনেক হাতে আসবে— ডভেলপমেন্ট অনেকগন্ণ বেড়ে যাবে—আর আর্মেরিকার মনখাপেক্ষী হয়ে পি, এল, ৪৮০-র <sup>সন্য</sup> বসে থাকতে হবেনা এবং ট্রাম কোম্পানী কিছা টাকা পেলে রাম্তা তৈরী হবে, সেইভাবে <sup>টাম</sup> কোম্পানীকে খালি চেক দিতে হবেনা। এইভাবে আপনাদেরই টাকা আপনারা নিজ াতে প্রতিরক্ষার কাজে ব্যয় করতে পারেন যদি ঐ ১,০০০ এবং ১০০ এইভাবে শারেন। কিম্তু আপনারা তা করতে পারেন না—করলে আপনারা ওখানে থাকতে পারবেন <sup>না।</sup> তার কারণ ঘাঁদের অনুগ্রহে এবং কার্য্যকারিতার গ্রণে মন্ত্রীমণ্ডলী বসে আছেন—তাঁদের <sup>জন্য</sup> এটা করতে তাঁরা প্রস্তৃত নন এবং নিজেদের গলায় নিজেদের ছর্নর চালাতে দেবেন না

এবং আপনারা এককভাবে জনসাধারণের সাথে চলবেন না, সেইজন্য আজ আপনারা ছিটে ফোঁটা কতকগর্নল বিল নিয়ে এসে কিছ্ন কিছ্ন টাকা আদায় করে দেখাতে চাচ্ছেন যে আমর ডেডেলপমেন্ট করলাম। কিন্তু এই ডেডেলপমেন্ট কতদ্বে হবে জানিনা তবে আমাদের প্রিন্সিপলগত বন্ধব্য হচ্ছে যে আপনারা এই গ্যাম্বলিংকে এবং বেটিংকে যে আসকারা দিচ্ছেন্টা আপনাদের সেল্ফ কনডেমনেসন রূপে জাতির কাছে প্রকট হয়ে উঠবে।

[5-20--5-30 p.m.]

Shri Saila Kumar Mukherjee: Sir, on the motion for circulation, I fail to understand the relevancy of the contradictory arguments put forward by the Opposition. About the tax everyone has said why is it 15 per cent. and not 20 per cent.? Even 50 per cent. has been suggested by some, in order to increase the revenue. Sir, this is not a new measure. Since 1940 this measure has been there in the State. Why is this betting tax? It is to control illegal betting and not to legalise betting. My friends have compared horse racing with a cinema. A person goes to the cinema for the sake of amusement and he pays tax for it. But in this case thousands of people can, without going to the race courses. indulge in betting outside and avoid tax. This is not a theoretical proposition. This has been our sad experience during the last 20 years. Sir, it has been argued, why it has been made 15 per cent, and not 20 per cent. After very careful consideration Government has decided to make it 15 per cent. We have actually found, in our enthusiasm to control betting, in 1948-49, when we raised the tax to 20 per cent., that the revenue dropped down from Rs. 1 crore 17 lakhs to Rs. 61 lakhs and there was gradual regression of revenue-people outside would indulge in bucketshop betting without going to the race course. The object of this Act is to control illegal betting. If the betting tax is made very high there will be a decrease in legal betting and illegal betting will increase enormously. By raising the tax to 20 per cent., in 1946 47, we found that there was a terrible, gradual fall in the collection of taxes. It was because people indulged in bucketshop betting instead of going to race courses. When we lowered the rate of tax to the present level. i.e., 12 per cent., the effect has been that there has been an upward trend in the collection from 1951 to 1964. It goes to show that Government has been able to control illegal betting successfully—in the course of 12 to 15 years the figure has gone up from Rs. 54 lakhs to Rs. 1 crore 6 lakhs. If we now go in for 15 per cent, we may get an additional revenue of about Rs. 21 lakhs.

Sir, it has been asked why we do not stop horse racing and betting altogether. Sir, may I inform the honourable members that amusement is a matter which we should not stop. In horse racing, apart from its betting side, there is also a great sporting side. Horse racing is known all over the world as king of sports and sport of kings. It is a form of sport like dog racing and other sports. Those who go and watch it—many people go and watch the game- pay the usual fees and have enjoyment. What we want to do is to control betting—those who indulge in betting must pay the tax to the exchequer. The analogy of cinemas in this case is not proper. Mr. Sankardas Banerji has given you figures of cinema houses. Sir, Shri Sambhu Charan Ghosh has argued against increasing the amusement tax which was done three years ago. But our action has been justified by subsequent events—instead of decreasing the number of cinema goers is increasing every day by leaps and bounds. The figures speak for themselves. The very fact that the number of cinemas in West Bengal is 88 in the city of

lcutta, and 321 in the rural areas, shows that cinema is catching the agination of the people. A large number of people has now the eans to pay for amusement and the Government is quite justified in ying this tax. Sir, although West Bengal has a limited space—second area after Kerala—we have got largest number of cinema houses in lia. That shows that in West Bengal the policy of amusement tax cinemas has not acted in retrogression. On the other hand it has reased in volume during the last 3 or 4 years and is gradually going. Therefore, any comparison with cinema will not be justified.

I hope the House will give its full support to this measure. I oppose motions for circulation.

## 30—5-40 p.m.]

The motion of Shri Apurba Lal Majumdar that the Bill be circulafor the purpose of eliciting opinion thereon, was then put and a ision taken with the following result:

#### **NOES---89**

Abdul Gafur, Shri Ahamed Ali Mufti, Shri Baidya, Shri Ananta Kumar Bankura, Shri Aditya Kumar Baneriec, Shrimati Maya Bhattacharyya, Shri Bejoy Krishna Bhattacharyya, Shri Syamadas Bhowmik, Shri Barendra Krishna Bose, Dr. Maitreyee Chakravarty, Shri Hrishikesh Chakravartty, Shri Jnantosh Chatterjee, Shri Mukti Pada Chattopadhyay, Shri Brindabon Chattopadhyay, Dr. Susil Ranjan Chowdhury, Shri Birendra Nath Chunder, Dr. Pratap Chandra Dakua, Shri Mahendra Nath Das, Shri Abanti Kumar Das, Shri Ambika Charan Das, Shri Ananga Mohan Das, Dr. Bhusan Chandra Das, Shri Dinabandhu Das, Dr. Kanai Lal Das. Shri Khagendra Nath Das Gupta, Shri Khagendra Nath Das Gupta, Dr. Susil Dey, Shri Kanai Lall Dhar. Shrimati Charushila Dhara. Shri Sushil Kumar Dutt, Dr. Ramendra Nath Dutta, Shri Asoke Krishna Dutta, Shrimati Sudha Rani Fazlur Rahman, Shri S. M. Gaven, Shri Brindaban Halder, Shri Jagadish Chandra Hansda, Shri Debnath

Hemram, Shri Kamala Kanta Ishaque, Shri A. K. M. Jana, Shri Mrityunjoy Jehangir Kabir, Shri Karam Hossain, Shri Kazim Ali Meerza, Shri Syed Khan, Shri Gurupada Khan, Shri Satyanarayan Kolay, Shri Jagannath Lutfal Haque, Shri Mahanty, Shri Charu Chandra Mahata, Shri Mahadra Nath Maity, Shri Bijoy Krishna Maity, Shri Subodh Chandra Majumdar, Shrimati Niharika Manya, Shri Murari Mohan Misra, Shri Sowrindra Mohan Mitra, Shrimati Biva Moitra, Shri Arun Kumar Mondal, Shri Amarendra Mondal, Shri Rajkrishna Mondal, Shrimati Santilata Mondal, Shri Sishuram Mukherjee, Shri Ajoy Kumar Mukherjee, Shri Saila Kumar Mukherjee, Shri Santosh Kumar Mukhopadhyay, Shri Ananda Gopal Mukhopadhyay, Shrimati Purabi Nahar, Shri Bijoy Singh Poddar, Shri Badri Prasad Pramanik, Shri Puranjoy Pramanik, Shri Rajani Kanta Prasad, Shri Shiromani Ray, Shri Kamal Krishna Roy, Shri Arabinda Roy, Dr. Indrajit Roy, Shri Tara Pada Saha, Shri Dhaneswar Santra, Shri Jugal Charan Saren, Shri Mangal Chandra Sarkar, Shri Sakti Kumar Sarker, Shri Narendra Nath Sen, Shri Narendra Nath Sen, Shri Prafulla Chandra Sen, Shri Santi Gopal Shakila Khatun, Shrimati Shukla, Shri Krishna Kumar Singha, Shri Hiralal Singhadeo, Shri Raj Rajeswari Prasad Sinha, Shri Phanis Chandra Tanti, Shri Anadi Mohon Tudu, Shrimati Tushar Ziaul Haque, Shri Md.

#### AYES—26

Abul Mansur Habibullah, Shri Syed Adhikary, Shri Sailendra Nath

Banerjee, Shri Gopal Basu, Shri Amarendra Nath Basu, Shri Hemanta Kumar Basunia, Shri Sunil Bhaduri, Shri Panchu Gopal Chakravarty, Shri Haridas Das, Shri Nikhil Das Gupta, Shri Sunil Das Mahapatra, Shri Balai Lal Ghosh, Shri Deb Saran Ghosh, Shri Sambhu Charan Guha, Shri Kamal Kanti Hamal, Shri Bhadra Bahadur Kuiry, Shri Daman Kundu, Shri Gour Chandra Majhi, Shri Kandru Mandal, Shri Adwaita Mandal, Shri Siddheswar Murmu, Shri Nathaniel Nawab Jani Meerza, Shri Syed Ray Chowdhury, Shri Khagendra Kumar Roy, Dr. Narayan Chandra Roy Pradhan, Shri Amarendra Nath Saha, Shri Abhoy Pada

The Ayes being 26 and the Noes 89, the motion was lost.

The motion of Shri Saila Kumar Mukherjee that the Bengal Motor pirit Sales Taxation (Amendment) Bill, 1965, be taken into consideration, was then put and agreed to.

#### Clause 1

The question that clause 1 do stand part of the Bill was then put agreed to.

#### Clause 2

Shri Haridas Chakravarty: Sir, I beg to move the amendments at stand in the name of Shri Mrigendra Bhattacharyya that in clause line 4. for the words "fifteen per cent." the words "twenty per cent." substituted.

<sup>্বস</sup>ীভার স্যার, এ সম্বশ্বে কিছন বলার দরকার হত না। কিন্তু শৈলবাবন এর আগে আমাদের <sup>কুলেশান</sup> মোসানের বিরোধিতা করে বললেন যে বিরোধী পক্ষের সদস্যরা ঐ সার্কুলেশান সান সন্বন্ধে যে বন্তব্য রেখেছেন, তার জবাব দেবার দরকার নাই। উনি যেটা বললেন মার মনে হলো তারা এমারজেশ্সিকে ডিসওউন করছেন অর ইনকনসিন্টেন্ট, পরুপর বিরোধী <sup>য়ছে।</sup> উনি যাত্তি দিলেন যদি ট্যাক্স বাড়িয়ে দেই, তাহলে ইলিগাল বেটিং বেড়ে যায়। তাহলে ১২।। পার্সেন্ট যেটা করেছিলেন সেটা আরো কমিয়ে দেওয়া উচিত ছিল কিংবা ট্যাক্স 📭 🗔 নিল করে দিতে হয়। আপনি বললেন ট্যাক্স আগে যা ছিল তা থেকে বাড়িয়ে সাড়ে রো পার্সেন্ট করলে বা বেশী বাড়ালে রেভিনিউ কমে যায়, আর অন্য দিকে আবার ইলিগান <sup>টেং</sup> বেড়ে যায়। আপনি উল্টো ব**ন্ত**ব্যটা অন্যভাবে ৱাখছেন। যেহেড ভিনিউ সরকারী হবে. সেইজন্য ট্যাক্সও বাড়াতে হবে, কা ৰাড়াতে হবে। আর শংকরদাসবাবন যে বন্ধতা দিলেন তাতে অবাক হয়ে গৈছি। উনি বললেন যে উনি গাংশীজীর শিষ্য নন। র্যাণও উনি কংগ্রেস দলের সদস্য সেই আমাদের সোস্যালিজম অন্য জিনিয—আর শংকরদাসবাব,দের সোস্যালিজম হচ্ছে—সোস্যালিজম অফ দি সন্ইণ্ডলারস্, গ্যান্বলারস্, এণ্ড ব্যাঞ্চরস্থ এটা লজিকাল আসছে। শংকরদাসবাবন বিরাট ওকালতি করলেন যে ম্লত আমরা মনে করি প্রহিভিশন বংশ করা উচিত। কারণ আপনারা এই পাপের ব্যবসায় থেকে টাকা নিয়ে এসে কন্ট্রাক্ট মারফং, রাক এ্যাক্ট মারফং ভাগবাটোয়ারা করে খাবেন। আমরা সাড়ে বারো পার্সেশ্টের জায়গায় ২০ পারসেশ্ট করতে বলছি এইজন্য যে আমরা মনে করি এই বিশ্বতি হারে ট্যাক্সেশটা প্রিভেনটিউ মেজার হিসেবে কাজ করবে। তাতে যদি সরকারী এক্সচেকার-এ কিছন টাকা কম আসে তাহলেও এই সমাজের কিছন পাপের কাজ কম হবে। শংকরদাসবাবন অনেক উপদেশ দিয়েছেন। উনি ওসব চোল্টটির কথা না বললেই ভাল হয়, সেইজন্য আমি বলবো এই ট্যাক্সেশন মেজারকে প্রিভেনটিভ মেজার হিসেবে নেওয়া হোক, যার ল্বারা সমাজ জাবন তারা পণ্যন করে ফেলছেন সেদিকে আর ঝানুকি না নিলে ভাল করতেন। তাতে যদি রেভিনিউ কমে যায় কম্বক, তব্ব প্রহিভিসন আমরা চাই, ২০ পার্সেশ্ট কর্নন ট্যাক্স।

#### Shri Saila Kumar Mukherjee:

মাননীয় সভাপাল মহাশয়, আমি যাত্তি দিয়েছিলাম, আমি থিওরীতে যাচ্ছিনা, অভিজ্ঞতা থেকে বলছি। ট্যাক্স বাড়িয়ে দেবার জন্য আদায় কমে যাবে। প্পটভাবে আমি তা আগেই বলছি। যেমন ধরনে ১৯৪৭, ৪৮, ৪৯ সালে ট্যাক্স ২০ পার্সেন্ট করা হলো তখন ১ কোটি ৭০ লহাটাকা থেকে কমতে কমতে ৯৫ লক্ষ, ৯০ লক্ষ, ৬৯ লক্ষ, ৬১ লক্ষ টাকায় এসে দাড়ালো। আমরা তখন ভাঁত হয়ে পড়লাম। তারপর ১৯৫১ সালে পশ্চিমবঙ্গ বিধান সভার একটি এ্যামেন্ডমেন্ট এনে ২০ পার্সেন্ট থেকে কমিয়ে ১২।। পার্সেন্ট করা হলো। তারপর গত দশ বছরের রেজাল্ট কি দেখছি? ৬২ লক্ষ, ৭৪ লক্ষ, ৯০ লক্ষ, ৯৩ লক্ষ এইরকম করে বাড়তে বাড়তে ১ কোটি ৬ লক্ষ টাকায় এসে দাড়িয়েছে। এটাই প্রকৃষ্ট প্রমাণ হচ্ছে যে ট্যাক্সের হারি প্রোগ্রেসিংলি ইনক্রীজ করলে আদায়ও ক্রমে কম হচ্ছে, এটা থিওরী নয়, প্রমাণ। সন্তরাং আর আমরা ভূল পথে যাবো না। সেইজন্য ২০ পার্সেন্ট এর জায়গায় পনের পার্সেন্ট করা হচ্ছে।

The motion of Shri Haridas Chakravarty that in clause 2, line 4, for the words 'fifteen per cent." the words 'twenty per cent". be substituted was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

#### Clause 3

The question that clause 3 do stand part of the Bill was then put and agreed to.

#### Preamble

The question that the Preamble do stand part of the Bill was then put and agreed to.

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the Bengal Amusement Tax (Amendment) Bill. 1965, as settled in the Assembly. be passed.

The motion of Shri Saila Kumar Mukherjee that the Bengal Amusements Tax (Amendment) Bill, 1965, as settled in the Assembly, be passed was then put and agreed to.

#### The Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1965

[5-40-5-45 p.m.]

Shri Salla Kumar Mukherjee: Sir, I beg to introduce the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Shri Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the Bengal Motor Spirit Sales Taxation (Amendment) Bill, 1965, be taken into consideration.

At the time of the preliminary discussions regarding the Fourth Five-Year Plan of this State the Planning Commission indicated, as I had already mentioned on previous occasions, that we would need increased taxation to the extent of 9 crores of rupees. Sales Tax on motor spirit is one of the items which was discussed in the conference. thought by all concerned that this can be a fruitful source of additional revenue to the State Government. Consumption of motor spirit is confined mostly to the richer sections of the people and to the business Thus, raising the rate of sales tax on motor spirit will not affect the common man. In this State, the rates of sales tax on motor spirit have remained the same for many years, while the rates of stamp duty, electricity duty, motor vehicles tax etc. have been increased. We, therefore, think that there is a strong case for increasing these rates of sales tax so as to bring in much needed additional resources to the State Exchequer. As such, I have brought forward the present amendments to the Bengal Motor Spirit Sales Taxation Act, 1941. The main objects of the amending Bill are as follows:-

- (1) Enhancement of the rate of tax on motor spirit having a flashing point below 24.4°C i.e., petrol and aviation spirit from 9 paise per litre to 12 paise per litre, and that on motor spirit having a flashing point at or above 24.4°1 i.e. all types of diesel oil from 5 paise per litre to 9 paise per litre;
- (2) Limiting the scope of exemption granted under section 3(5) of the Act in the case of motor spirit used by Diplomatic and Consular Officers.

These changes in the rates of tax are proposed to be effected as per agreed decisions of the three States of Bihar, Orissa and West Bengal following the conference of the Deputy Chairman, Planning Commission, Finance Minister of India and the Chief Ministers and Finance Ministers of West Bengal, Bihar and Orissa. I should point out in this connection that the burden of Central Excise Duty on different types of motor spirit is much heavier than that of sales tax, and the former burden is being increased from time to time by the Government of India. It is only fit and proper that the State Government should also get a good share of the increased revenues from motor spirit. The Governments of Bihar and Orissa are also taking steps to increase the rates of tax on these articles in their States.

This Bill also provides for limiting the scope of exemption granted under section 3(5) of the Act in the case of motor spirit used by Diplomatic and Consular Officers. Under the existing provision the State

Government can only specify the country in favour of which the exemption can be granted. In the proposed amendment the State Government will be empowered not only to specify the country but also to specify the purposes for which such exemption will be allowed. This amendment is being done according to the advice of the Government of India at whose instance exemption to Diplomatic Officers of foreign Governments is allowed.

I want to take this opportunity to impress upon the honourable members the absolute necessity of raising additional resources with which we are faced today. As the honourable members may be aware from newspapers reports, the Planning Commission is now considering only the plan for 1966-67 as consideration of the Fourth Plan as a whole will be rather premature in the context of the present emergency. The planning Commission has indicated to us a substantial reduction in the size of the Annual Plan for 1966-67 over the size of the Annual Plan for 1965-66. Because of vastly increased defence commitments of the Central Government the amount of Central assistance towards our Plan will also be much smaller.

I hope that I have been able to give the honourable members an idea of the financial crisis which we are facing. The present measure is expected to yield additional revenue of about one crore of ruppes per annum. No additional expenditure is envisaged for giving effect to the provisions of the amending Bill.

With these words, Sir, I commend my motion for the acceptance of the House.

#### Adjournment

The House was then adjourned at 5-45 p.m. till 1 p.m. on Thursday, the 25th November, 1965, at the Assembly House, Calcutta.

## Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Thursday, the 25th November, 1965, at 1 p.m.

#### Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 10 Ministers, 3 Ministers of State and 156 Members.

## STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1-1-10 p.m.]

#### Donation of blood

\*262. (Admitted question No. \*1207.) Shri Aswini Roy:

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি:—

- (ক) ইহা কি সত্য যে কলিকাতা ও সহরতলীর বহু বেসরকারী চিকিৎসা প্রতিষ্ঠান রক্ত গচ্ছিত আগারে রক্ত লানের জন্ম জনমত গঠন কার্যে সক্রিয় অংশ গ্রহণ করেন ; এবং
- (খ) সত্য হইলে মন্ত্রিমহোদয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (১) ১৯৬৫ সালের আগন্ট হইতে অক্টোবর পর্যন্ত যে সকল বেসরকারী চিকিৎসা প্রাতিষ্ঠান কলিকাতা ও সহরতলী এলাকায় উক্ত কাজে সরকারকে সাহায্য করিয়াছেন তাহাদের নাম ও ঠিকানা; এবং
  - (২) উক্ত সংস্থাগুলিকে ১৯৬৫ সালে স্থায়ী সাহায্য ও অফুদান দেওয়া হইলে তাহার পরিমাণ ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

- (क) इंग।
- (খ) (১) ১। চিত্তরঞ্জন সেবা সদন, ৩৭ শ্রামাপ্রসাদ মুখার্জী রোড, কলিকাতা।
  - ২। মারোয়াড়ী রিলিফ সোসাইটি, ৩৯২ রবীন্দ্র সরনী, কলিকাতা।
  - ৩। রেমাউণ্ট রোড হাসপাতাল, ৯ রেমাউণ্ট রোড, কলিকাতা।
  - ৪। কলিকাতা ডক লেবার বোর্ড হাসপাতাল, নিমক মহল রোড, কলিকাতা।
  - ে। ষ্টুডেন্টস্ হেলথ হোম, ১৪২ আচার্য্য জগদীশ বোস রোড, কলিকাতা।
  - (২) এ পর্যন্ত উপরোক্ত প্রতিষ্ঠানগুলিকে নিম্নলিথিত অফুলান দেওয়া হইয়াছে :—
    - ১। हिन्दुरक्षन त्यवा भूमन -- ১,२६,००० होका।
    - ২। ষ্টুডেন্টেস হেলথ হোম। ৮,০০০ টাকা।
    - । মারোয়াড়ী রিলিফ সোসাইটী হাসপাতালের জয় বাৎসরিক ১,০০,০০০ টাকা অফুলান পাইয়া
      থাকে। তাহাদের আবেদন বিবেচনাধীন আছে।
    - ৪। রেমাউন্ট রোড হাসপাতাল ও কলিকাতা ভক লেবার বোর্ড হাসপাতাল সরকারের নিকট
       হইতে কোন অফুলান পায় না।

#### Shri Aswini Roy:

ষে প্রতিষ্ঠানগুলির নাম করলেন যারা জনমত গঠন করে থাকেন—এরা ১৯৬৫ সালে কি পরিমাণ রক্ত সংগ্রহে, রক্ত দানে সাহায্য করেছিলেন ?

## Shrimati Purabi Mukhopadhyay:

চিন্তরঞ্জন সেবা সদন—২৪ জন ২৫০ সি সি করে তুই দকায়, মারোয়াড়ী রিলিফ সোসাইটী—এক দকায় ১৭ জন ২৫০ সি সি করে, রেমাউণ্ট রোড হাসপাতাল—২ দকায় ৩৬ জন ২৫০ সি সি করে, কালকাটা ডক লেবার বোড হসপিট্যাল—এক দকায় ১৩ জন ২৫০ সি সি করে, ষ্টুডেণ্ট হেল্থ হোম—২ দকায় ৪১ জন ২৫০ সি সি করে; এ ছাড়া রিস্ড়া সেবা সদন, ডানল্প হসপিট্যাল, সাহাগঞ্জ, তারাও দিয়েছে।

#### Shri Aswini Roy:

এই যে কতকগুলি প্রতিষ্ঠান বলছেন—এরা যথন ভাল কাজ করছেন তথন এদের অফুদানটা বাড়াবার কথা কি বিবেচনা করছেন ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

অফুদান বাড়াই আমরা কাজের ভিত্তিতে—শুধু রক্ত দানের ভিত্তিতে নয়—সেই হিসাবে আমরা প্রত্যেক বছর চেষ্টা করি যার। ভাল কাজ করছে তাদের আরও কিছু বাড়াতে—তবে সব কিছু নির্ভর করে আর্থিক সংগতির উপর।

#### Shri Aswini Roy:

ষ্টুডেণ্টস্ হেল্থ হোমের অমুদান আপনারা বাড়াবার চেষ্টা করছেন কি ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

আমরা ১৬ হাজার টাকা করে এদের দিয়ে থাকি—এর মধ্যে ৮ হাজার দিয়েছি ফাষ্ট ইন্সটলমেণ্টে এবং আমাদের যদি আর্থিক সংগতি ভাল হয় তাহলে আরও একট্রবেশী দেবার ইচ্ছা আছে।

#### Workers' Rajabagan Dockyard of R. S. N. Co. Ltd.

- \*263. (Admitted question No. \*1222.) Shri Nikhil Das: Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—
  - (a) whether it is a fact that 3.000 workers of Rajabagan Dockyard of R. S. N. Co. Ltd., in West Bengal have been laid off by the management with effect from 1st November, 1965, and
  - (b) if so, what steps have been taken by the Government in this respect?
- Shri Bijoy Singh Nahar: (a) The total strength of the Rajabagan Dockyard is about 2,740 and out of this 1,822 workmen have been laid off approximately for 45 days with effect from the 1st November, 1965. This period may be extended or reduced according to the volume of work available.
- (b) The Government have not taken any steps as lay-off is due to complete stoppage of the Company's service between Calcutta and Assam following the Pakistan Government's seizure of its vessels while passing through East Pakistan.

#### Shri Nani Bhattacharjya:

এরা কি লে অফের টাকা পেয়েছে বলে জানেন ?

#### Shri Bijoy Singh Nahar:

হাা, লে অফের পেমেণ্ট দেওয়া হয়েছে।

#### Dr. Kanai Lal Bhattacharva:

এই যে ২ হাজার ওয়ার্কার ওথানে কাজ করে তাদের মধ্যে কত জনকে লে অফ করা হয়েছে ?

#### Shri Bijoy Singh Nahar:

১.৮২২ জনকে।

#### Dr. Kanai Lal Bhattacharya:

এই যে ১৮২২ জনকে লে অফ করা হয়েছে—ওপানকার কারথানায় যে সমন্ত মেসিনারীজ আছে তা দিয়ে বাইরের কাজ করানো চলে—এই বাইরের কাজ কোম্পানী করতে পারে কিনা সেই সম্পর্কে সরকারের পক্ষ থেকে কোন থবরাথবর নেওয়া হয়েছিল কিনা ?

## Shrl Bijoy Singh Nahar:

বাইরের কাজ কোম্পানী করতে পারেন এবং তারা চেষ্টা করছেন যাতে বাইরের কাজ যোগাড় করতে পারেন— সেইজন্ম এখনও কিছু লোককে তারা রেখেছেন এবং বাইরের কাজ পেলে আরও লোক নেবার চেষ্টা করবেন এবং সমস্ত লে অফ সেইজন্ম বাই রোটেসন করছেন।

#### Shri Aswini Roy:

এই আর- এন- এন- কোম্পানীর কোন সাভিস কি গভর্ণমেন্ট টেক ওভার করেছেন ?

#### Shri Bijoy Singh Nahar:

আর এস- এন- কোম্পানীকেই গভর্ণমেন্ট টেক আপ করেছেন।

#### Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রী মহাশয় একথা জানেন কি যে রাজাবাগান ডক ইয়ার্ডে যে রকম ভাবে লে অফ হয়েছে তাতে যে সেক্সনে সন্ত্যিকারের ষ্টপেজ হয়েজে সেই সেক্সনে না করে, ট্রাফিকে না করে যেখানে ওয়ার্কিং সেক্সন সেট। করা হয়েছে এবং একথা কি আপনি জানেন যে এথানে ডক ইয়ার্ডে যে সমস্ত ফেসিলিটিজ আছে ভাতে এদের কাজ দেওয়া সম্ভব হবে ?

#### Shri Bijoy Singh Nahar:

আমার প্রথম প্রশ্নের উত্তরটা বোধ হয় আপনি শোনেন নি, আমি বলেছি, তারা চেষ্টা করছে আরও যাতে কাজ যোগাড় করা যায় এবং আরও যাতে লোক লাগাতে পারে এবং সেইজ্ফুই তারা এই লে অফ বাই রোটেসন করছে। একটা সেকসনকে একেবারে কম্পলিটলি যে বন্ধ করে দিচ্ছেন তা নয়, বাই রোটেসন করছেন।

#### Dr. Kanai Lal Bhattacharya:

মন্ত্রী মহাশয় কি জানাবেন যে এই জার- এস- এন- কোম্পানীর কান্ধ না থাকার জন্য হেড অফিসে যে এগরেপ্তমেন্ট করেছেন—সেই এগারেপ্তমেন্ট এথানে করছেন না কেন ?

#### Shri Bijoy Singh Nahar:

<sup>হেড</sup> অফিসে কি এারেঞ্জমেণ্ট করেছে তা আমি জানি না।

#### K - 32

## Dr. Kanai Lal Bhattacharya:

হেড অফিসে তারা স্থালারী রিডাক্সন করে দিয়েছে ভলেণ্টারিলি—সেইরক্ম কোন এ্যারেশ্বমেণ্ট করার জন্ম গর্ভনেটের তরক থেকে কোন প্রেগার দেওয়া হবে কিনা ?

## Shri Bijoy Singh Nahar:

সেইজন্মই তো বাই রোটেসন করছে—তাতে সকলেই কিছু কিছু কম পাবেন এবং সকলেই মাসের মধ্যে কাজ পাবেন।

#### Prime Minister's visit to Calcutta

- \*264. (Admitted question No. \*1224.) Shri Birendra Narayan Ray: তথা ও জনসংযোগ বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ভারতের প্রধানমন্ত্রীর সাম্প্রতিক কলিকাতা আগমনের ব্যাপারে রাজ্য সরকারের কোনও খরচ হইয়াছে কি না
  - (খ) খরচ হইয়া থাকিলে, কোন খাতে কত খরচ হইয়াছে ; এবং
  - (গ) রাজ্য সরকার ছাড়া পৌর প্রতিষ্ঠান অথবা অন্ত কোনও সংস্থা উক্ত আগমনের ব্যাপারে কোন থরচ করিয়াছে কিনা তাহা পশ্চিমবঙ্গ সরকার জানেন কিনা ?

#### Shri Bijoy Singh Nahar:

- (क) ই্যা।
- (খ) (১) দমদম এরোডামে অভার্থনা এবং যশোর রোডে রান্ডা বেষ্টনী বাবদ—৪,৬২৪ ৫৬
  - (২) কলিকাতা ময়দানে জনসভার আয়োজন সম্পর্কে বায়—৩৭,৮৯০.০০
  - (৩) প্রধানমন্ত্রী ও তাহার অফুদঙ্গীগণের অবস্থান ও আহারাদি বাবদ ব্যয়—১,২০৩'৩০
  - (৪) পরিবহণ বায় বাবদ-৪০১ ৭৫
- (গ) জানা নাই।
- \*267. (Admitted question No. \*1332.) Shri Sudhir Chandra Das:
  তথ্য ও জনসংযোগ বিভাগের মন্ধ্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি প্রধানমন্ত্রী শ্রীলালবাহাত্বর শাস্ত্রীর
  সাম্প্রতিক কলিকাতা সফরের জন্ম কি কি বাবদে কত টাকা পশ্চিমবন্ধ সরকারের ব্যয় হইয়াছে ?

#### Shri Bijoy Singh Nahar:

- (১) দমদম এরোড়ামে অভ্যর্থনা এবং যশোর রোডে রাস্তা বেষ্টনী বাবদ—৪.৬২৪'৫৬
- (২) কলিকাতা ময়দানে জনসভার আয়োজন সম্পর্কে ব্যয়—৩৭,৮৯০ • •
- (৩) প্রধানমন্ত্রী ও তাঁহার অমুদঙ্গীগণের অবস্থান ও আহারাদি বাবদ ব্যয়—১,২০৩'৩০
- (৪) পরিবহন ব্যয় বাবদ---৪০১ ৭৫
- [1-10-1-20 p.m.]

#### Shri Sudhir Chandra Das:

সুবার ষেটা হয়েছিল তাতে অন্য যেশব রাজনৈতিক দল রয়েছে যাদের বিরুদ্ধে বিশ্বাসঘাতকতা ও দেশসোহিতার অভিযোগ নেই সে শব ক্ষাকে এই প্রতিরক্ষাকে শক্তিশালী করবার জন্ম তাদের ভাকা হয়েছিল কিনা?

#### Shri Bijoy Singh Nahar:

এই প্রান্ত্রের সঙ্গে তিনি যে প্রান্ত্র করলেন তার সঙ্গে কি করে জড়িত ত। বুঝতে পাচ্চি না।

## Dr. Kanai Lal Bhattacharya:

আপর্নি যে বললেন তাতে রাজভবনে যে কজন ওর সঙ্গে এসেছিল তাতে ৫০০ টাকা এবং ৪০০ টাকা মোট ৯০০ টাকা ধরচ হয়েছিল। কিন্তু কতজন লোক তার সঙ্গে এসেছিলেন এবং তারা কদিন ছিলেন ?

## Shri Bijoy Singh Nahar:

রাজভবনে ছিলেন ২১ জন এবং তারপরে হিসাব করে দেখা গেল ২২ জন।

#### Dr. Kanai Lal Bhattacharya:

আর সব কোথায় ছিলেন ?

#### Shri Bijoy Singh Nahar:

হোটেলে ছিলেন।

#### Dr. Kanai Lal Bhattacharva:

আমি জিজ্ঞাসা করছি পার হেড ৫০ টাকা করে যে খরচ হয়েছে সেটা অতিরিক্ত কিনা ?

#### Shri Bijoy Singh Nahar:

মোটেই নয়।

#### Dr. Kanai Lal Bhattacharya:

এই ইমারর্জেন্সী সময় যখন সমস্ত দিকে সরকার খরচ কমানোর চেষ্টা করছেন তখন এটা বেশী করে মনে করছেন না কেন ?

## Shri Bijoy Singh Nahar:

এর পূর্বের অনেক বেশী খরচ হত।

#### Shri Birendra Narayan Ray:

আপনি 'গ' প্রশ্নের উত্তরে বলেছেন জানা নেই। পৌর প্রতিষ্ঠানকে আপনারা যে টাকা দেন সে টাকা কিভাবে থরচ হচ্ছে সেটা জানা উচিত। আমি নোটীশ দিয়েছি আপনি জানা নেই ফেন বলছেন এবং জানা নেই বলে এভয়েড করছেন কেন ?

#### Shri Bijoy Singh Nahar:

আপনার প্রশ্নে ব্যান্সোক্তি রয়েছে, মিউনিসিপ্যালিটি, করপোরেশন যে খরচ কবেছেন তার হিসাব নিতে অনেক সময় লাগবে।

### Shri Birendra Narayan Ray:

আপনি 'গ' প্রশ্নটা দেখুন তাতে আছে ''রাজ্য সরকার ছাড়া পৌর প্রতিষ্ঠান অথবা অন্ত কোন সংস্থা উক্ত আগমনের ব্যাপারে কোন থরচ করিয়াছেন কিনা তাহা পশ্চিমবন্ধ সরকার জানেন কিনা ?" এই মর্মে আমি নোটাশ দিয়েছি তা ছাড়া করপোরেশন কে সরকার টাকা দেয় এবং মিউনিসিপাালিটি এবং করপোরেশানের কাছ থেকে আপনি কোন উত্তর নেননি কেন ?

#### Shri Bijoy Singh Nahar:

আপনি প্রশ্ন করেছেন সরকার জানেন কিনা—আমি বলেছি জানা নেই।

## Shri Birendra Narayan Ray:

<sup>এটা ষ্টার্ড</sub> কোন্চেন। ইট অটোমেটিকেলি ফলোজ। এটা নোটিশ দিয়েছি জানেন কিনা সেথানে তাঁর <sup>জানা উ</sup>চিত ছিল। কিন্তু ইট ইজ এ ষ্টার্ড কোন্চেন, উত্তর না দিলে কি করে হবে।</sup>

## Shrimati Ila Mitra:

গভর্ণমেন্ট নিশ্চয়ই জ্ঞানেন কোথায় কত খরচ হয়েছে। প্রশ্ন যখন আশা করি তখন এটা এসিউম করি বে তারা সব কিছুর উত্তর দেবেন এখানে আছে পঃ বঃ সরকার জ্ঞানাবেন কি কোন প্রতিষ্ঠান কত খরচ করেছে এই যে একটা ফর্ম এটাতে ভূল হয়েছে যে ভিত্তিতে প্রশ্নের উত্তর এড়িয়ে যাওয়া কি ঠিক হচ্ছে ?

#### Mr. Speaker:

এড়িয়ে যাবার কথা নয় কোশ্চেনটা অন্যভাবে দিলে সব পরিষার হত। It has been enquired whether the Government has any knowledge or not. ওঁদের নলেজ নেই এ কথাই বলচেন।

## Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

গতবার থেকে ইকনমিক ড্রাইভ-এ কম খরচ হয়েছে ৫০ টাকা পার হেড কি পরিমাণ কম খরচ হয়েছে এটা বশবেন কি— অর্থাৎ তার পারসেনটেজ ৫০ পারসেণ্ট না ৬০ পারসেণ্ট না কত ?

#### Shri Bijoy Singh Nahar:

এর পূর্বে কন্ত খরচ হয়েছে তার হিসাব নেই তবে এর পূর্বের ৭০৮০ টাকার উপর খরচ হত এখন সেটা কম হয়েছে।

#### Shri Balai Lal Das Mahapatra:

মন্ত্রী মহাশার থাকা খাওয়ার খরচ দিলেন কিন্তু শুধু থাকার জন্য কি খরচ হয়েছে ?

## Shri Bijoy Singh Nahar:

থাকা খাওয়ার জন্য খরচ দিয়েছি। বোর্ডিং এণ্ড রেসিডেন্স চার্জ নিয়েছে ৪০০ টাকা এবং সার্ভিস চার্জ নিয়েছে ৪০ টাকা এবং টেলিফোন ইত্যাদি মিসলেনিয়াস চার্জেস ১০৭ টাকা।

#### Shri Sailendra Nath Adhikary:

মন্ত্রী মহাশয় কি এ কথা জানাবেন যে লালবাহাত্ত্র শাস্ত্রীর এ আগমনটা এটা অফিসিয়াল। অফিসিয়ালি তিনি এসেছিলেন এবং প্রতিরক্ষার ব্যাপারে তিনি এসেছিলেন। তাঁর এটা স্টেট ভিজিট্ছিল। এটা জানেন কিনা যে এই উপলক্ষে যে সমন্ত গেট ইত্যাদি করা হয়েছিল সে সমস্ত জায়গায় একটা বিশেষ দল এবং কংগ্রেস দলের পতাকা শোভিত হয়েছিল এটা কি জানেন?

#### Shri Bijov Singh Nahar:

গেটের জন্য সরকার কোন ব্যবস্থা করেন নি।

#### Shri Sailendra Nath Adhikary:

এটা কি সত্য যে সরকারের তরফ থেকে কোন একটা বিশেষ রাজনৈতিক দলকে নিমন্ত্রণ করা হয়েছিল এবং অন্যান্য বিরোধী দলকে করা হয় নি ?

#### Shri Bijoy Singh Nahar:

নোটিশ দিলে বলতে পারবো।

#### Shri Sudhir Chandra Das:

মন্ত্রী মহাশয় কি জানেন যে সরকারী সফর হব তিনি করেছিলেন তারপর একটা দলীয় সভায় যোগদান করেছিলেন।

#### Shri Bijoy Singh Nahar:

প্রশ্ন হয়েছে খরচের ব্যাপারে অন্য কথা বলতে পারবো না।

# Shri Birendra Narayan Ray:

অন এ পরেণ্ট অফ সাবমিশন স্যার, এই যে ষ্টার্ড কোন্ডেন এটা ফারনার এলিসিটেড্ করে এটা যদি সাপ্লিমেন্টারী করতাম তাহলে জানা নেই নোটাশ চাই এসব বলে তিনি পরিষ্কার যে এভয়েড করে যাচ্ছেন ফারনার এলিউসিডেশন না করে তাতে আমানের প্রিভিলেজ কার্টেল হচ্ছে কিনা ?

#### Mr. Speaker:

আপনি সাপ্লিমেন্টারী এথানে করুন কিন্তু কোন্দেনটা ডায়রেক্ট কোন্দেন পরিস্কারভাবে দিলে তার উত্তরও পরিস্কার পেতে পারেন কিন্তু আপনি যে প্রশ্ন করেছেন তার উত্তরে বলছেন জানা নেই তারপর আর কি বলবেন!

## Shri Birendra Narayan Ray:

পয়েণ্ট অফ অর্ডবির আমি যেখানে নোটীশ দিয়েছি সেখানে না জেনে এভয়েড্ করবার জন্য বলছেন জানা নেই এতে আমার প্রিভিলেজ কার্টেল হচ্ছে কিনা দেখন।

#### Mr. Speaker:

যদি জানা নেই বলেন তাহলে বলতে পারি সেখানেই আপনার সাপ্লিমেণ্টারি শেষ হয়ে গেছে। স্থতরাং আপনি যে পয়েণ্ট তলেছেন সেটা এর সঙ্গে রিলেট করে না।

#### Shri Birendra Narayan Ray:

আপনার কলিং কি হল এতে আমাদের প্রিভিলেজ কার্টেল হল না ?

#### Mr. Speaker:

ष्पापनात्रा यिन वित्मवভाবে প্রশ্ন করেন তাহলে পরস্পরের হেল্প হয়।

[1-20-1-30 p.m.]

#### Shri Sailendra Nath Adhikary:

छेनि ना वरण जिल्लाहे, जांद्र जांभारतंत्र किছू वनवांद्र शास्त्र ना ।

#### Mr. Speaker:

তা নিশ্চয়ই থাকবে। আমার যেটুকু বলবার বলেছি। কম, বেশীর কথা, বলতে পারবো না। তারপর আপনারা বে কোন্ডেন করেছিলেন, সেটা এাারাইজ করে না। আই উইল হেল্প ইউ কিন্তু যেটা উঠে না স্টোর উত্তর কি করে আমি দিতে বলবো! হাউ ক্যান আই কোর্ম হিম টু গিভ দি অ্যানসার হিয়ার ? অপনারা এইভাবে তাঁকে হাউনে কোর্ম করতে পারেন না।

Now, next question—Shri Ananga Mohan Das.

## Shri Monoranjan Roy:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ৫০ টাকা করে হোটেলের দৈনিক চার্জ। অবশু গ্রেট ইষ্টার্ণ হোটেল কিনা জানিনা। সেধানে দৈনিক বে ধরচ, সে খুব কম ধরচ হয়েছে। পাঁচজন ত্বনিন সেধানে ছিলেন সেই ছুই দিনে কয়টা মিল তাঁরা নিয়েছেন ?

## Shri Bijoy Singh Nahar:

<sup>মিল সম্বন্ধে</sup> আমার কাছে ডিটেশস নেই, কি খেয়েছেন বা না খেয়েছেন, তা আমি বলতে পারবো না। <sup>ওবানে</sup> থাকলে ফুল চাক্স দিতে হয়।

## Shri Monoranjan Roy:

তারা মিল চার্জ নেরনি। না খেলে গার্ভিস চার্জ নের, মিল চার্জ নের না। এটা উনি অসং তথ্য দিলেন।

(No reply)

#### Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্ৰী মহাশয় কি বলবেন ঐ হোটেলে.....

#### Mr. Speaker:

আমি অনঙ্গমোহন দাস মহাশয়কে কোশ্চেন করতে বলেছিলাম, উনি কোশ্চেনটা পুট করেছিলেন। তারণর আপনি একটা পয়েণ্ট অফ অর্ডার তোলেন, এবং

at that point of time,—Shri Birendra Narayan Roy rose on a point of order.
তারপর মনোরঞ্জন রায় একটা দাপ্লিমেন্টারী করতে চেয়েছিলেন, আমি তাঁকে একটা কোন্চেন এলাউ করেছি
ওনলি ওয়ান দাপ্লিমেন্টারী। দেই কোন্চেনটা কল্ করা হয়ে গিয়েছে। স্বত্যাং এর উপর আর—

I cannot allow any further supplementary. The next question has already been called.

#### **Biscuit Factories**

- \*265. (Admitted question No. \*1241.) Shri Ananga Mohon Das:
  শ্রম বিভাগের মন্ত্রিম্যাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) এই রাজ্যে বিস্কৃট প্রস্তুতের কয়টি কারখানা আছে এবং মোট কডজন কর্মী ঐগুলিতে কাজ করেন;
  - (খ) ঐ সকল কারখানার কতগুলির লাইসেন্স আছে; এবং
  - (গ) উক্ত কারখানাগুলিতে ঐ স্তরের সর্বনিম্ন বেতনভোগী কর্মী সংখ্যা কত ও কি হারে তাহারা বেতন পান ?

#### Shri Bijoy Singh Nahar:

- (ক) এই রাজ্যে বিস্কৃট প্রাক্ততের ২১টি কারখানা আছে এবং এইগুলিতে মোট ২,১৩৪ জন লোক কাজ জনসন।
- (थ) कात्रथाना चार्टन चक्रुयाग्नी रेहारमद मार्टरम्म चाह्न ।
- (গ) নিম্নতম বেতন ও বেতনভোগীর পরিদংখ্যান কারণানা ছিদাবে লাইত্রেরী টেবিলে দাখিল করা হইল।

Statement referred to in reply to clause (Ga) of starred question No. \*265.

81. No.	Name and Address of the Factory.	Total No. of workers.	Ninimum rate of wages per day.	No. of workers getting the Minimum Wage.
1.	The Britannia Biswuit Co. Ltd., 15 Taratala Road, P. O. Alipur.	1085	1.30 Basic 2.42 D. A. 3.72	150
2.	Kolay Biscuit Co., 100A Charakdanga Road, Calcutta-10.	460 1,545	1.00 Basic 1.86 D. A. .86	193

S1. 1	No. Name and Address of the Factory.	Total No. of workers.	f Minimum rate of wages per day.	No. of workers getting the Minimum Wage
	Brought Forward	1,545		
	3. Lily Biscuit Co. Pvt. Ltd., 3 Ram Kanta Sen Lane, Calcutta-4.	915	1.06 Basic 1.07 D. A.	
•	4. Santosh Biscuit Co. Pvt. Ltd 177 Manicktala Main Road,	215	2.13	61
ŧ	Calcutta-11.  5. Lord's Bakery Confectionary	73	2.00 Consolidated	6
	& Biscuit Co., 2 Galum Md. Shah Road, Calcutta-33.	47	1.00 0	
6	<ol> <li>Ramkrishna Biscuit Co.,</li> <li>Ramkanta Sen Lane,</li> </ol>	4/	1.62 Consolidated	4
7	Calcutta-4. Ajanta Biscuit Co., 35 Aga Mehdis Street,	37	1.75 Consolidated	4
8.	Calcutta-16.  Kamala Biscuit Co	39	1.35 Consolidated plus 2 meals. 2.00 Basic	22
9.	113/B Raja Dinendra Street, Calcutta-4. Rajkamal Biscuit Co.,	19	0.50 D. A. 2.50	1
	Dr. Sudhir Bose Road, Calcutta-23. Venus Biscuit Co.,	12	2.67 Consolidated	7
10.	9 Mohon Coand Road, Calcutta-23.	15	2.00 Consolidated	
11.	Diamond Biscuit Co., 11A Changa Khansama Lane, Calcutta-17.	18		10
12.	The Zenith Biscuit Factory, 28 Belgachia Road, 24-Parganas.		1.50 Consolidated 1.35 Consolidated	8
13.	Hoogly Biscuit Co., 1/2 Canel West Road,	10	plus 2 meals	4
14.	Calcutta-15. Gouranga Biscuit Co.	12	1.92 Consolidated	4
15.	432 G. T. Road (N), Howrah, Bombay Biscuit Co., (now Mahesh Biscuit Co.),	11	1.92 Consolidated	5
16.	54 Tikiapara Lane, Salkia. Standard Bisouit Co., 13 G. C. Ghosh Road,	9	2.00 Consolidated 1.35 Basic	4
17.	Calcutta-28. Aruna Biscuit Co.,	16	0.38 D. A. 1.73	3
	38/1 Canel West Road, Calcutta-4.	12	2.50 Consolidated	4
10,	The Bengal Biscuit Co., 63 Shamnagar Road, Dum Dum.		2.25 Consolidated	_
19.	East Bengal Biscuit Co., 8A Daspara Road, Cal4.		L83 Consolidated	12
	Hindu Bakery & Biscuit Co., 43A Ultadanga Road, Cal4.		1.50 Consolidated plus 2 meals	4 6
	India Biscuit Co., 2 Daspara Road, Cal4.	Closed		-
	<u>.</u>	2,134	Total :	512

## Shri Ananga Mohan Das:

মাননীয় মন্ত্রী মহাশার জানেন যে, যে সমস্ত বিষ্কৃটের কারখানা আছে, তাদের ময়দা, চিনি সংগ্রহ করতে হয়। বর্তমান সময়, ময়দা, চিনি, না পাওয়ার জন্ত, সপ্তাহে ছ-দিন কাজ তাঁরা বন্ধ রাখেন, এবং তার ফলে সেখানকার কর্মীদের কম বেতন দেওয়া হয়। এ থবর কি তিনি রাখেন ?

#### Shri Bijoy Singh Nahar:

त्नांगिन ना मिल्न वनएक शांत्रवा ना ।

#### Shri Ananga Mohan Das:

ভাদের সর্বনিম্ন বেজনের হার, কিম্বা ভাদের চাকরীর নিশ্চয়তা সম্বন্ধে লেবার ডিপার্টমেণ্ট থেকে ব্যবস্থা করেছেন কি ?

## Shri Bijoy Singh Nahar:

আমাদের কাছে complaint এলে, আমরা দলে দলে ব্যবস্থা করি।

#### Shri Sanat Kumar Raha:

এই ২১টি কারখানার ভিতর মফ:স্বলে কয়টি কারখানা আছে ?

#### Shri Bijoy Singh Nahar:

যতগুলি বাংলা দেশে registry, Factories Act.এ কারগানা আছে, তার মধ্যে এগুলি ধরা হয়েছে। আমি যা এথানে দেখছি, কলকাতা, হাওড়া, সালথে, আলিপুর, দমদম—এই কয়েকটির নাম আছে।

#### Shri Sanat Kumar Raha:

মফংস্বলে খারা বেকারী করেন, যেথানে মজুরের সংখ্যা ১৫৷২০ জন আছে, তারা কি ঐ কারথানার মধ্যে পড়বে ?

#### Shri Bijoy Singh Nahar:

কারথানার যে list আছে, তাতো বললাম। তারমধ্যে যদি কেউ পড়েন, তাহলে নিশ্চয় তাবে registry করতে হবে।

## New disease in and around Calcutta

\*266. (Admitted question No. \*1310.) Shri Surendra Nath Mahato:
স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অম্প্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সভ্য যে, ইনানীং কলিকাতা সহুরে ও তার আলেপাশে একটি নতুন সংক্রামক ব্যাধি স্বষ্টি হয়েছে ;
- (থ) সত্য হইলে—
  - (১) রোগের নাম বা লক্ষণ কি ;
  - (২) উক্ত রোগ আরম্ভের পর হইতে আজ পর্যস্ত কত লোক আক্রাস্ত হয়েছে ; এবং
  - (৩) কত লোক উক্ত রোগে মারা গেছে ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

- (क) **না**।
- (a) (b), (c) ও (b) প্রশ্ন ওঠে না।

#### Shri Ananga Mohan Das:

আশনি কি অবগত আছেন নৃতন ধরণের কোন রোগ কলকাতায় হয়েছে ? এ থবর পান নাই ?

## Shrimati Purabi Mukhopadhyay:

আপনি নৃতন ধরণের রোগ বলতে কি বলতে চাইছেন জানি না। ইতিপূর্বে এ প্রশ্নের উত্তর দিয়েছি— ওঁরা সর্দিজরকে নৃতন ধরণের ডেঙ্গু বা ইনফুয়েঞ্জা ভয় পাচ্ছেন। এ সম্বন্ধে পূর্বে বিস্তারিত আলোচনা করেছি।

## Starting of an office of the Minimum Wages Inspector in Midnapur district

\*268. (Admitted question No. \*1452.) Shri Narayan Choubey: Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—

- (a) whether there is any proposal for starting an office of the Labour Department, viz., an office of the Minimum Wages Inspector in Midnapore district; and
- (b) if so, what action has been taken by the Government in this regard?

Shri Bijoy Singh Nahar: (a) and (b) An office of the Inspector of Minimum Wages was started at Midnapore in May, 1965, with jurisdiction over Midnopore and Bankura districts.

#### Shri Aswini Roy:

ক্ষকাতায় বা কোন্ কোন্ জায়গায় Minimum Wages Inspector আছে এবং তার সংখ্যা কত গ

#### Shri Bijoy Singh Nahar:

কোন্ কোন্ জেলায় কত আছে তা বলতে পারবো না। তবে মোট ১৬ জন আছে।

## Shri Deb Saran Ghosh:

এই Minimum Wages Inspector কে Agricultural labourনেরও কাজ দেখেন ?

## Shri Bijoy Singh Nahar:

হাা, Inspector সবই দেখেন।

#### Shri Sanat Kumar Raha:

Municipal workerদের Minimum Wages Actয়া আপনাদের আছে—দেওয়া হয়েছে, এই সম্পর্কে মৃশিদাবাদ জেলায় বহরমপুর সহরে কোন অফিস কিছ আছে, যেখানে তাদের কাজের তদির করা যেতে পারে, স্বপারিশ করা যেতে পারে ? সব জেলায় এরকম আছে কি ?

## Shri Bijoy Singh Nahar:

<sup>স্ব</sup> জ্বেলায় নাই, ১৬টা জ্বেলায় আছে। মেদিনীপুর, বাঁকুড়া, মুর্শিদাবাদ জ্বেলায় Inspector এক সঙ্গে আছে কিনা বলতে পারবো নাঃ তবে আছে।

## Shri Anadi Das:

বীরভূম, বর্জমান ইত্যাদি জায়গায় যে সব বিড়ি ওয়ার্কারস্ আছে, সেধানে Minimum Wages Act-এর <sup>Taspector</sup> আছে কিনা ?

K\_33

#### Shri Bijoy Singh Nahar:

তা বলতে পারবো না। Specific question ক্রবেন, বলবো।

#### Conciliation cases

- \*269. (Admitted question No. \*1461.) Shri Rabindra Nath Mukhopadhyay: Will the Minister-in-charge of the Labour Department be pleased to state—
  - (a) Number of Industrial Disputes in the conciliation proceedings up to 31st October, 1965;
  - (b) Number of conciliation cases pending for more than six months; and
  - (c) Number of cases pending in the conciliation for more than a year or so?

**Shri Bijoy Singh Nahar**: (a) Figures are available as they were on the last day of September, 1965. The number of Industrial Disputes in conciliation proceedings on that date was 3256.

- **(b)** 372.
- (c) 41..

## Shri Monoranjan Roy:

এটা industrywise ভাগ করে বলতে পারেন ?

## Shri Bijoy Singh Nahar:

নোটাশ না দিলে বলতে পারবো না, আমি total টা বললাম।

#### Shri Monoranjan Roy:

এর মধ্যে কল্যাণী স্পিনিং মিল, বিদেশ্বরী স্থতাকলের এবং চা-বাগানের bonus disputeগুলি কি পড়বে ?

#### Shri Bijoy Singh Nahar:

Specific কেসের নোটীশ না দিলে বলতে পারবো না।

#### Shri Anadi Das:

লীর্ঘদিন যে কেসগুলি পড়ে আছে, ফয়সালা হচ্ছে না, সেই কেসগুলি জ্বল্ড নিম্পত্তির জন্ম ব্যবস্থা করবেন কী ?

## Shri Bijoy Singh Nahar:

জ্ঞতই conciliation হচ্ছে তবে দেরীর প্রধান কারণ হচ্ছে হয় শ্রমিক পক্ষ, না হয় মালিক পক্ষ—এই conciliation চেষ্টা করেন না বলেই হয়ত দেরী হয়। ত্-পক্ষের আপোধ-মীমাংসা হয়ে যাবে বলে ব্যবস্থা করা হয় না।

[1-30-1-40 p.m.]

#### Shri Anadi Das:

হাওড়া অফিসে অনেকগুলি কেস আন্ধনেসেদারি ডিলে হচ্ছে, সেধানে কোন কেস মিটছে না, অফিসার ক্রমাগন্ত বনলাচ্ছে এবং নানারকম অবস্থা সেধানে চলছে। সেদিকে মন্ত্রী মহাশয় দৃষ্টি দেবেন কি ?

#### Shri Bijoy Singh Nahar:

স্পেসিকি ছ কেস বলি আমকে দেন তাহলে আমি নিশ্চয়ই দেখবো।

## Shri Monoranjan Roy:

মাননীয় মন্ত্রী মহাশার কি বলবেন যে কেস দীর্ঘ দিন পড়ে থাকার অভ্যতম কারণ হচ্ছে অফিসারের অভাব ? সেজন্ত আমি বলতে চাই ডেপুটি লেবার কমিশনার, এ্যাসিষ্টেণ্ট লেবার কমিশনার, এই ষ্ট্যাটাসের অফিসারের অভাব হলে বড় বড় কেসগুলি মিটমাট করান অসম্ভব হয়ে পড়ে। সেজন্ত এদিকে দৃষ্টি দেবেন কি ?

## Shri Bijoy Singh Nahar:

অফিসার বাড়াতে পারসে খুসী হতাম, বর্তমানে তা সম্ভব হচ্ছে না। তবুও বসতে পারি অফিসারের অভাবের জন্ম পড়ে নেই। অফিসাররা খুব চেষ্টা করছেন যত বেশী সংখ্যক মীমাংসা করার জন্য।

## Shri Monoranjan Roy:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন, একজন অফিসারের পক্ষে অসম্ভব হয়ে পড়ে পাঁচটা ডিসপিউট ট্যাকেল করা, কনসিলিরেশন করা। কাজেই সেই একজন অফিসার যে খুব খাটছেন সেটা আমরা জানি কিন্তু তাঁদের পক্ষে সম্ভব হচ্ছে না, এটা হচ্ছে আমাদের ব্যক্তিগত অভিজ্ঞতা। সেজন্য আপনি এদিকে দৃষ্টি দেবেন কিনা ?

#### Shri Bijoy Singh Nahar:

আমরা দৃষ্টি দিয়েছি।

#### Shri Haridas Chakravarty:

মন্ত্রী মহাশয় দয়া করে বলবেন কি, এই যে আপনি ফিগার দিলেন এর মধ্যে পাবলিক আণ্ডারটেকিং এর কত ডিসপিউট কনসিলিয়েশনে গিয়েছে সেটা ত্রেক আপ করে বলতে পারবেন কি ?

#### Shri Bijoy Singh Nahar:

এই ফিগারগুলি আমার কাছে নেই।

#### Shri Haridas Chakravarty:

পাবলিক আণ্ডারটেকিং-এর যন্ত ডিসপিউট রিজিয়োনাল লেবার কমিশনারে**র অফিন্সে রেও**য়া হয় সেই সব পাবলিক আণ্ডারটেকিং-এ যে সব বিগ গাইস্ আছে তাদের চাপেই হোক অথবা ,ড়াদের প্রশিক্তার , জ্ঞুন্তই হোক এই ডিসপিউটগুলি দীর্ঘ দিন পড়ে আছে এটা কি মন্ত্রী মহাশয় জানেন ?

## Shri Bijoy Singh Nahar:

রিজিয়োনাল লেবার কমিশনার অফিস আমাদের নয়, ভারত সরকারের।

#### Shri Haridas Chakravarty:

আমি রিজিয়োনাল লেবার কমিশনার অফিস বলতে এ্যাসিষ্টেণ্ট লেবার ক্ষিশ্বনার অফিসের ক্ষ্ম রলছিল। প্র Shri Bilov Singh Nahar:

এাসিষ্ট্যান্ট লেবার কমিশনার অফিসে যত ডিসপিউট আছে আমি ক্রেপ্ন <sup>11</sup> বর্দ্ধ <sup>11</sup> বর্দি <sup>11</sup> বর্দিন <sup>11</sup> বিশিন <sup>11</sup> বিশিন <sup>11</sup> বিশিন <sup>11</sup> বিশ্ব বি

## Shri Haridas Chakravarty:

াপনি (সি )র উদ্ভরে বলেছেন নাখার of cases pending in the conciliation for more han a year or so ৪১টা না কত বললেন, আমার প্রশ্ন হচেছ প্রে আব্যান কর বছরের বেশি উদ্ভিন্ন নামার প্রশ্ন কর বংসর পর্যন্ত করের প্রাচ্ছে আছে?

## Shri Bijoy Singh Nahar:

ডিটেশস্ আমার কাছে নেই।

## Shri Monoranjan Roy:

আপনাদের কি এই নিয়ম আছে যে যদি কোন গভর্ণমেণ্ট আগুারটেকিং হয় তাহলে সেখানে ইণ্ডাট্রিয়াল ডিসপিউট হলে সেটা ট্রাইবৃন্যালে রেফার্ড হওয়ার আগে সেই ডিসপিউট সেই ডিপার্টমেন্টকে হেড অব দি ডিপার্টমেন্টের কাছে পাঠাতে হবে। তিনি যদি অস্থমতি দেন তবে ট্রাইবৃন্যালে যাবে ?

### Shri Bijoy Singh Nahar:

এই নিয়ম আমার জানা নেই।

## Shri Monoranjan Roy:

মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি জিজ্ঞাসা করছি কল্যাণী স্পিনিং মিলের ক্ষেত্রে এইরকম ঘটনা হয়েছে কিনা ?

## Shri Bijoy Singh Nahar:

তাদের পার্মিশনের দরকার হয়নি, আমরা কন্সিলিয়েশনের চেষ্টা করছি, তাদের সংগে কথা বলছি। আমার যতদুর নিয়ম জানা আছে এইরকম রেফারেন্সের কোন দরকার নেই।

#### Shri Monoranjan Roy:

মন্ত্রী মহাশয় খবর নেবেন কি যে সেটা ডিপার্টমেন্টের কাছে পাঠান হয়েছে ?

#### Shri Bijoy Singh Nahar:

এটা মীমাংসার জন্য ডিপার্টমেণ্টের লোকের সঙ্গে বসে কথাবার্তা হচ্ছে, কোন নিয়মের জন্য হয়নি।

#### Radio-listening arrangements in Hooghly Jail

\*270. (Admitted question No. \*1519.) Shri Bhabani Mukhopadhyay:

- স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ইহা কি সত্য যে হুগলী জেলে বন্দীদের রেডিও শোনানোর ব্যবস্থা দীর্ঘকাল যাবত অচল হুইয়া আচে;
  - ্থ) সত্য হইলে, কত কাল হইল ইহা অচল হইয়া গিয়াছে ; এবং
  - (গ) কবে নাগাদ ইহা সারানো হইবে ?

#### Shri Jagannath Kolay:

- ক) ছগলী জেলের বন্দীদের রেডিও শোনাবার ব্যবস্থা সচল আছে।
- (খ) এবং (গ) প্রশ্ন উঠে না।

#### Shri Jiban Krishna Dey:

এই রেডিওটা কি এখন সচল আছে ?

#### Shri Jagannath Kolay:

ওটা এখন সারিয়ে দেওয়া হয়েছে।

#### Shri Monoranjan Roy:

মাননীয় মন্ত্রী মহাশন্ত্র কি বলবেন বে এটা কডদিন আগে সারিয়ে দেওয়া হয়েছে ?

#### Shri Jagannath Kolay:

এটা কোন্ডেন পাবার আগেই সারিয়ে দেওয়া হয়েছে।

#### Shri Anadi Das:

আমরা প্রেসিডেন্সি জেলে থাকবার সময় দেখেছি বে সেই রেডিও ৫ মিনিট চলে ত ১০ মিনিট বন্ধ থাকে, সেটা সারাবার কোন বন্দোবন্ত করেছেন কি ?

#### Shri Jagannath Kolay:

সেধানে আর একবার গিয়ে দেখে আহ্বন, দেখবেন সারান হয়ে গিয়েছে।

#### Dr. Kanai Lal Bhattacharva:

এই যে রেডিওটা সারিয়ে দেওয়া হয়েছে, এটা কি প্রশ্ন পাবার পর সারিয়ে দেওয়া হয়েছে ?

#### Shri Jagannath Kolay:

প্রশ্নটা পাবার আগেই সারিয়ে দেওয়া হয়েছে। তবে একটু দেরী হয়েছিল কারণ আপনারা ত জানেন যে ফাইনান্দের ব্যাপার আছে, সেখান থেকে স্থাংশন নিতে হয়।

# Tube wells for the slum dwellers of Calcutta Corporation areas \*271. (Admitted question No. \*1542.) Shri Haridas Chakravarty:

- বাস্থা বিভাগের মন্ত্রিমহাশর অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

  কে) কলিকাতা পৌর এলাকায় বর্তমানে বন্তীবাসীর সংখ্যা কত ; এবং
  - (খ) উপরোক্ত বন্তীবাসীদের জন্ম মোট কতগুলি নলকৃপ আছে এবং তাহাদের মধ্যে কতগুলি কার্যকরী অবস্থায় আছে ৮

#### Shrimati Purabi Mukhopadhyay:

- (क) মোট ৬, ৬, १৪৩ জন।
- (খ) কলিকাতা পৌর এলাকার ছোট ব্যাসার্ধের নলকুপের সংখ্যা মোট ৮,৬০০ টি। ইহাদের মধ্যে ৫,৮০০ কার্ফকরী অবস্থার আছে। ইহার মধ্যে কেবলমাত্র বন্তীবাসীদের জন্ম কতগুলি নলকুপ আছে তাহা আপাততঃ জানান সম্ভব হইতেতে না।

## Shri Haridas Chakravarty:

<mark>ত্মাপনি ফিগারটা অভ্যন্ত ভাড়াভাড়ি বললেন, ওটা যদি একটু আন্তে বলেন ভাহলে আমি লি</mark>থে নিতে পারি।

## Shrimati Purabi Mukhopadhyay:

- (क) মোট সংখ্যা হচ্ছে ৬,০৬,৭৪৩ জন।
- (খ) কলকাভার পৌর এলাকার মোট নলকুপের সংখ্যা ৮,৬০০। এর মধ্যে ৫,৮০০টি কার্যকরী অবস্থায় আছে।

#### Shri Haridas Chakravarty:

এই যে প্রায় তিন হাজার কার্য্যকরী অবস্থায় নেই এটা কতদিন ধরে অকার্য্যকরী অবস্থায় আছে ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

এই নলকুপগুলি কলকাতা কর্পোরেশনের এলাকাভুক্ত, আপনারা যা জানতে চেয়েছিলেন সেটা আমরা তাদের কাছ থেকে জেনে যে রিপোর্ট পেয়েছি সেটাই জানালাম।

#### Shrimati Ila Mitra:

এই নলকুপগুলি কার্যকরী করার কোন পরিকল্পনা আছে কি ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

আমি আগেই এলেছি যে এগুলি পশ্চিমবন্ধ সরকারের নয় কলকাতা কর্পোরেশনের আওতার মধ্যে।

#### Shrimati Ila Mitra:

এখন যখন সরকার অবগত হলেন যে প্রায় ৩ হাজারটি নলকুপ কার্যকরী নয় তথন কি আপনারা তলকাতা কর্পোরেশনকে চাপ দেবেন যাতে এটা তাডাতাডি কার্যাকরী হতে পারে ?

#### Shri Samarajit Bandyopadhyay:

ক্যালকাটা কর্পোরেশনকে ইতিমধ্যেই লিখেছি। এ সম্বন্ধে ক্যালকাটা মেট্রোপলিটান প্ল্যানিং অর্গানিজ্ঞেশন থেকে বহুত্তর স্ক্রীম করে ছোট এবং বড় ছটি পরিকল্পনা নিয়ে তাঁরা কাজ করছেন।

## Shri Haridas Chakravarty:

উনি বলছেন যে ক্যালকাটা কর্পোরেশনের ব্যাপার বলে ওখানে পাঠিয়ে দেওয়া হয়েছে। আমি নিশ্চিত করে বলতে পারি আমি যথন কোন্চেন করেছিলাম তথন সেটা লোকাল সৈল ফ গভর্ণমেন্টকে করেছিলাম। জানিনা সেক্রেটারিয়েট থেকে মিনিষ্টার ইন চার্জ অব দি লোকাল সেল ফ গভর্ণমেণ্ট কেটে হেল থ ডিপার্টমেণ্টে পাঠান হল কেন<sup>।</sup> কিন্তু যে খবরের জন্ম আমি কোশ্চেন করেছিলাম সেটা মিনিষ্টার ইন চার্জ অব দি লোকাল সেল ফ গভর্ণমেন্টকেই করেছিলাম, জানিনা উনি কেন জবাব দিলেন ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

এটা ঠিকই যে উনি প্রথমে কোন্ডেন করেন লোকাল সেল ফ গভর্গমেন্ট ডিপার্টমেন্টে তারপর সেই ভিপার্টমেন্ট থেকে আমাদের কাছে পাঠান হয়। প্রশ্নটা অন্ত ডিপার্টমেন্টের হলেও আমরা পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে উত্তর দিই। কথা হচ্ছে পৌর এলাকার ভেতরে যেগুলি সেগুলি আমরা হেল্থ ভিপার্টমেন্ট থেকে বা লোকাল সেল্ফ গভর্ণমেন্ট ডিপার্টমেন্ট থেকে সরাসরি দেখিনা। আপনি প্রশ্ন করার পর আমাদের জানবার ইচ্ছা হয়েছিল এতগুলি নলকুপ কেন নষ্ট হয়ে পড়ে আছে। ক্যালকাটা কর্পোরেশান তার উত্তরে বলেছেন বেশীর ভাগ বন্তিতে যে নলকুপগুলি আছে দেগুলি প্রাইভেট ওনারসিপের আওতায় আছে এবং প্রাইভেট ওনারসিপের আওতায় আছে বলে ক্যালকাটা কর্পোরেশনের পক্ষে এগুলি ট্যাকল করার কিছু অস্থবিধা আছে এবং ক্যালকাটা পৌর অঞ্চলের জল সমস্থার সমাধান হবেনা যক্তফণ পর্যস্ত না ক্যালকাটা মেটোপলিটন প্ল্যানিং অর্গানিজেশন থেকে জল সরবরাহের একটা বন্দোবন্ত হচ্ছে। সেটা যভক্ষণ সম্পূর্ণ না হয়, এই যে ফিগার বললাম বন্তিতে কতগুলি আছে, তার ষ্টিগার ঠিক ক্যালকাটা কর্পোরেশন আমাদের কাছে দিতে পারেননি। লোকাল সেল ফ গভর্ণমেন্টকে এই প্রেল্ল করলে ঠিক আপনারা এই উত্তরই পেতেন।

#### Shri Sailendra Nath Adhikary:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ক্যালকাটা কর্পোরেশনের কাছ থেকে তিনি যে জ্ববাব পেয়েছেন তাতে দেখা বাচ্ছে ওরা সারাতে পারছেনা যেহেতু ওগুলি প্রাইভেট ওনারশিপের মধ্যে আছে, আমার প্রশ্ন হচ্ছে স্টে সমন্ত নলকুপগুলি অকার্যকারী হয়ে রয়েছে, যখন এইগুলিকে প্রাইভেট ল্যাণ্ডের মধ্যে বসান হয়েছিল তখন যদি তা সম্ভব হয়ে থাকে তাহলে এখন সারানটা সম্ভব হবে না কেন ?

## Shrimati Purabi Mukhopadhyay:

এইগুলির মধ্যে কতকগুলি বন্ধি অঞ্চলের মধ্যে আছে তার সঠিক ফিগার দিতে পারিনি। বন্ধি অঞ্চলে যে জলের সমস্যা সেই জলের সমস্যা বন্ধির মালিকরাই ট্যাকল করে। যেগুলি আমরা সরকারের প্রসান্ন বা পৌর প্রতিষ্ঠানের পরসান্ন যেথানে বসানর অধিকার আছে সেথানে সারানোর অধিকারও আছে। কিন্তু বন্ধি অঞ্চলে যে জলের যে ব্যাপক সমস্যা সেই ব্যাপক সমস্যা সমাধানের জন্ম যে অস্কুবিধা সেই কথাই এলেছি।

[1-40-1-50 p.m.]

#### Shrimati Ila Mitra:

আমরা যথন মিউনিসিপাাল এাাক্টের এই সমস্ত ফ্রটিগুলির কথা বলেছি তথন শৈলবাবু বলেছিলেন যে করপোরেশন ইচ্ছা করলেই করতে পারেন—

## Shrimati Purabi Mukhopadhyay:

আমি আপনাদের কাছে যে ক্যালকাটা মেটোপলিটন বিলটি আনা হয়েছে যেটা সিলেক্ট কমিটি বিবেচনা করছেন—এই বিলটা হচ্ছে ইমপ্রভয়েন্ট অন Calcutta Metropolitan Bill.

ক্যালকাটা মিউনিসিপ্যাল এাক্ট শুর্ তো ক্যালকাটা করপোরেশন নিয়ে হয়নি, আমাদের ক্যালকাটা মেট্রোপলিটন বিলে আপনারা দেখবেন যে এমন করে করা হয়েছে যাতে ভবিশ্বতে এইরকম ভবল লিভারসিপ বা কোন এ্যাডমিনিষ্টে টিভ ডিফিকালটি না থাকে—আপনি যে প্রশ্ন তুলেছেন তার সমাধান ঐ বিলেভেই আছে।

## Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

আমরা একটু বেশ অস্কবিধায় পড়লাম। আপনি কোয়েশ্চেনটা দেখুন পরিষ্কার লেথা রয়েছে বস্তী এলাকায় টিউবওয়েল কত এবং বস্তীবাসীর সংখ্যা কত ? কিন্তু উনি উত্তর দিতে পারলেন না যেহেতু করপোরেশন দিতে পারনি।

#### Shrimati Purabi Mukhopadhyay:

ক্যালকাটা করপোরেশন আমাদের এই প্রশ্নের জ্বাব পাঠাতে পারেনি—আপনারা যদি চান তো আমি তাদের কমিশনারের চিঠি পড়ে শুনাতে পারি—তিনি বলছেন আমরা এখন আপনাদের কাছে এই ফিগার দিতে পারবোনা।

## Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

তাহলে ভবিষ্যতে এই ফিগারটা পেতে পারি কি ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

তারজন্ম বোধ হয় নৃতন প্রশ্ন দিতে হবে।

#### Shri Kashi Kanta Maitra:

<sup>আমানের</sup> মাননীয়া স্বাস্থ্য মন্ত্রী উত্তরে বললেন যে সি, এম, পিও আওতায় এনে নৃতন করে স্কীম করে এই <sup>মিন্ত</sup> জিনিস ট্যাকল করবার চেষ্টা হচ্ছে। আমি মাননীয়া মন্ত্রী মহাশয়াকে জিজ্ঞাসা করছি তাহলে কি <sup>তির্গমো</sup>ট এই পলেসি নিচ্ছেন যে এই ক্যালকাটা মেট্রোপলিটন অথরিটির বিল যে আনছেন বা নৃতন অর্গানাইজ্বেন করে তার মাধ্যমে বে জিনিসগুলি করবেন তাহলে ক্যালকাটা করপোরেশনের মিউনিসিশ্যাল এয়াক্টে যে অধিকার রয়েছে রিগাডিং public health and sanitation. সেই সমন্ত পাওয়ার কেডে নেওয়া হবে ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

বে বিলটি আপনাদের কাছে আলোচনার জন্ম উপস্থিত করা হচ্ছে সেই বিলের ভিতর মূল কথা হচ্ছে কলকাতা এবং সহর তলীতে ক্যালকাটা মেট্রোপলিটন এরিয়ায় স্থানিটেসন হেল্ও স্থয়ারেজ সব ব্যাপার তার ভিতর রয়েছে এবং নিশ্চয় একটা বিল থাকলে আর একটা বিল একই জ্রিসডিকসনে কাজ করতে পারেনা—আমি অবস্থা সেই বিলটি পাইলট করছিনা। অতএব রিপিলিং সেকসন—কাকে কাকে রিপিল করা হচ্চে সেকসন অব হুইচ এটাই আমি অব হ্যাও বলতে পারবোনা।

Shri Kashi Kanta Maitra: এই—Calcutta Metropolitan Planning Organisation ্য বিশ Pending that, so long as the Calcutta Municipal Act remains in force, do I understand the Hon'ble Minister to say that the Calcutta Corporation has no responsibility in the matter or for that this State Government has no responsibility?

Shrimati Purabi Mukhopadhyay: No, no, I did not say so.

#### Prevalence of Mosquitoes in Calcutta and suburbs

\*272. (Admitted question No. \*1211.) Shri Aswini Roy:
খাষ্যা বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) সরকার কি অবগত আছেন যে কলিকাতা ও সহরতলী এলাকায় মশকের প্রাত্তাব অধিকতর বৃদ্ধি পাইয়াছে; এবং
- (থ) অবগত থাকিলে মন্ত্রিমহোদয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি উক্ত মশক নিবারণের জন্ম সরকার কি কি বাবস্থা করিতেছেন P

## Shrimati Purabi Mukhopadhyay:

- (as) \*##:
- (খ) Malaria Eradication Programme-এ আানোফিলিস গোষ্ঠীর অন্তর্গত Malaria
  Parasite বহনকারী মশকশ্রেণীকে দমন করার ব্যবস্থা ব্যক্তীত অন্ত কোনও শ্রেণীর মশক
  নিয়ন্ত্রণের ব্যবস্থা সরকার কর্ত্তক করা হয় নাই।
- কলিকাতা এবং শহরতলী এলাকায় মশক নিয়ন্ত্রণের দায়িত্ব কলিকাতা কর্পোরেশন ও সংশ্লিষ্ট পৌর সভার। এই কার্য্যে এই সকল সংস্থাকে আর্থিক এবং অক্যান্সভাবে সাহায্য করিবার কথা সরকার বিবেচনা করিতেচেন।

## Shri Aswini Roy:

এই যে বললেন কলকাতা সহরতলীর দায়িত্ব হচ্চে পৌর প্রতিষ্ঠানগুলির এবং এটা শুধু আঞ্চকেই নয় বছ দিন ধরে মশক নিবারণের একটা প্রকল্প ছিল—কিন্তু এখনও পর্বন্ত আপনারা বিবেচনা করছেন তাদের সাহায্য করার ব্যাপারে—এই বিবেচনা শ্লেম হবে কবে ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

এই প্রশ্নের বিন্তারিত জবাব এই প্রিভেনসন অব ফাইলেরিরা ইন কালকাটার সংগে দিলে স্থবিধা হয়।

#### Shri Haridas Chakravarty:

যদি মন্ত্রী মহাশার বলতে পারেন যে এটা এর সংগে আসে না—তব্ও আমি বলছি—দায়া করে যদি উত্তর দোন ভাল হয়—এই এন্টি ম্যালেরিয়া ডিপার্টমেণ্টের সম্বন্ধে—কলকাতার সহরতলীর বাইরে জেলাগুলিতে মসকের যে প্রার্হভাব বাড়ছে বিভিন্ন জেলায় ম্যালেরিয়া ডিপার্টমেণ্টের যে লোকরা ছিলেন আমরা অভিজ্ঞতায় দেখছি যে তারা কাজ করছে না—তারা বলছেন আমাদের কাজ করার কিছু নেই।

#### Shrimali Purabi Mukhopadhyay:

এটা এক কথায় উত্তর দেওয়া সম্ভব নয়—অনেক সময় নেবে—ম্যালেরিয়া ইর্ন্যাডিকেসন প্রোগ্রাম নিয়ে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের অনেক অস্থবিধা আছে। ম্যালেরিয়া ইর্যাডিকেসন প্রোগ্রামটা প্রথম প্রানে ছিল সেন ট্রালি স্পনসর্ড স্কীম—বিতীয় প্ল্যানে সেন ট্রালি এ্যাসিসটেড স্কীম—যথন গভর্গমেন্ট অব ইণ্ডিয়া বলেন তথন একটা কথা ওঁরা থেয়াল রাথেননি যে যতই এ্যাসিসটেনস তারা দিন না কেন যুতক্ষণ প্রস্কু না টোটাল ষ্টেট সিলিং বাড়ানো হচ্ছে ততক্ষণ পর্যস্ক তার কোন এ্যাসিসটেনসের স্কুযোগ আমরা নিতে পারিনা—অর্থাৎ যেমন আমাদের ৬০০ কোটি টাকার প্লান—যদি ৪০০ কোটি টাকা গভর্ণমেন্ট অব ইণ্ডিয়ার দেবার কথা যদি সিলিং ঠিক হয়ে যায় তাহলে সেট**াল এাসিদটেড স্কীমে যত টাকাই দিন না কেন** যদি ওভার অল ইউনিটটাকে না বাড়ানো যায় কিংবা আউট সাইড দি ষ্টেট সিলিং বলে যদি স্কীমটা স্যাংসান না করেন তাহলে তার এাডভানটেজ আমরা পাইনা। ম্যালেরিয়া ইর্যাডিকেসন প্রোগ্রামে আমানের ১ কোটি টাকা থরচ হয়। এই টাকাটা যদি আমরা দেউু, ালি এ্যাসিসটেড স্কীমের মধ্য থেকে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের বাজেট থেকে থরচ করতে হয় তাহলে সে সংগতি আমাদের নেই—এটা নিয়ে আমি প্লানিং কমিশন, ফাইন্যান্স, হেল থ মিনিট্রি—প্রত্যেকের কাছে চিঠি লিখেছি ব্যক্তিগতভাবে গেছে—কিন্তু তারা বলেন থার্ড প্ল্যানের মাঝামাঝি কিংবা শেষ দিকে এই নেচারের স্কীমে—অর্থাৎ যেটা লেট ালি এাাসিসটেড ছিল সেটা সেণ্ট ালি স্পনসর্ভ করা তালের পক্ষে সম্ভব নয়—এমম কি তারা গিফট হিসাবে যে ম্যালেরিয়া ইর্র্যাভিকেশন ইকুইপ্মেণ্ট আমাদের কাছে পাঠিয়েছিলেন শেগুলির জন্ম বিলু পাঠাতে লাগলেন। আমি সেই কাগজ হাতে নিয়ে তাদের জিজ্ঞাসা করলাম যে ইংরাজী ডিক সনারীতে গিফ ট মানে কি— সেটার জন্ম যদি বিল আসতে স্থক করে ইংরাজী যদি আপনারা না লিখতে জানেন তা**হলে যে ভাষা**য় লিগতে পারেন সেই ভাষায় লিখুন—আমরা বরং ইনটারপিটেসন করে নেবো এখানে। কাজেই ডিফিকা**লটি** রয়েছে—এই সেণ্ট 1লি<sup>`</sup>ম্পনসর্ড এবং সেণ্ট 1লি এ্যাসিসটেড স্কীমের য<del>ুতক্ষণ</del> না মীমাংসা হচ্ছে ততক্ষণ শুধু পশ্চিম বাংলা সরকারের পক্ষ থেকে এক কোটি টাকা দিয়ে এই স্কীম চালু করা সম্ভব নয়। আমাদের এ বছর ৯ ৬ ম্যালেরিয়া ইউনিট মেনটিগ্রান্স ফ্রেন্সে চকবে—তারজগ্র ২৫ লক্ষ টাকা এক বছরে খরচ। অতএব সারা পশ্চিমবন্ধ জড়ে ম্যালেরিয়া ইর্যাডিকেসন প্রোগ্রামে গভর্ণমেন্ট অব ইণ্ডিয়া আউট मारेंछ मि रहेंहें मिलिश यख्कन ना स्मर्यन ज्वस्कन अर्थन्त धामास्मत এर लिमिर्टिफ तिस्मार्स এर न्हीम চালানো সম্ভব হচ্ছে না বলে কাজে আমরা ঢিলে দিয়েছি এবং আমাদের ম্যালেরিয়া ইর্যাভিকেসনের বহু ওয়ার্কারদের আমাদের ডিপার্টমেন্টের অন্য প্রোগ্রামে নিয়ে নিতে হয়েছে। এই যে প্রশ্নটা করেছেন এটা ভালই প্রশ্ন হয়েছে।

#### Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

আমরা এতদিন জ্বানতাম যে ম্যালেরিয়া কণ্ট্রোল ক্যাম্পেন যেটা চলছে, সেটা বন্ধ হয়েছে এটা ঠিক নয়—
তবে অনেক কমে গেছে যেহেতু ম্যালেরিয়া কনটোলড হয়ে গেছে। এখন শুনছি তা নয় সেনটোল
গভ<sup>্</sup>মেন্ট এবং ষ্টেট গভর্ণমেন্টের ডিফিক্যালটির জন্ম এগুলি হয়েছে। তারপর আপনি শুধু এনোফিলিস
<sup>বি</sup>লেন কিউলেক্স-এর প্রশ্ন পরে আসবে—এই যে ক্যাম্পেন এটা তো গভর্ণমেন্ট চালাছেন-----

## Shrimati Purabi Mukhopadhyay:

আমি আপনার প্রশ্নটা বুঝতে পেরেছি—আপনি এটা ভূল করছেন—ম্যালেরিয়া কমে গেছে তো নিশ্চয়ই— <sup>যালেরিয়া</sup> নিশ্চিহ্ন করবো এই হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের প্রতিজ্ঞা। ম্যালেরিয়া ইর্যাডিকেসন প্রোগ্রামের  $K_{-34}$  কাজ বন্ধ করা হয়নি কারণ এর একটিভ সার্ভেল্যান্স আছে—প্যাসিভ সার্ভেল্যান্স আছে, মেনটেনজ আয়ে অতএব ষ্টাফ কিছু রাখতে হবে এবং যতক্ষণ পর্যস্ত পশ্চিমবঙ্গে একটুখানিও ম্যালেরিয়া কেস থাকবে—কিং থাকার সন্তাবনা স্থান্দ ভবিন্ততেও থাকবে ততদিন পর্যন্ত এই ম্যালেরিয়া ইর্যাভিকেসন প্রোগ্রামটা আমাদে চালু রাখতে হবে, কারণ এটা এমন একটা ভিজিজ যেটা শুধু পশ্চিমবঙ্গে বা ভারতবর্ষে ট্যাকলভ হলে হবেনা—ভারতবর্ষের সন্মিহিত অঞ্চলগুলিতে পর্যন্ত যতক্ষণ পর্যন্ত ম্যালেরিয়া ইর্যাভিকেসন প্রোগ্রা সাকসেসফুল না হচ্ছে ততক্ষণ পর্যন্ত পশ্চিমবঙ্গে—তথা ভারতবর্ষে যে কোন সময়ে ম্যালেরিয়া দেখা দিপে পারে। তারজন্ত আমাদের একটিভ এবং প্যাসিভ সার্ভেল্যান্স চালিয়ে যেতে হয়। কাজে ঢিলে হয়ে তার মানে রোগ উচ্ছেদ হয়ে গেছে বলে নয়, তার কারণ হচ্ছে এর পিছনে যা থরচ করার কথা আম্য় তা পাচ্ছিনা।

#### Shri Nani Bhattacharjee:

এই ম্যালেরিয়া ইর্য়াডিকেসন যে প্রোগ্রাম—সেটা সফল না হওয়ায়ার পিছনে কি আর একটা কারু আছে বলে মনে করেন যে ম্যালেরিয়া ইর্য়াডিকেসন প্রোগ্রামে যে সমন্ত কর্মী কাজ করেন তাঁদের বেক্ত খুব সামান্ত এবং তাঁরা নিয়মিত বেতন পান না ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

আপমি প্রথমে ভূল প্রশ্ন ভূলেছেন—কারণ এটা সফল হয়েছে। অতএব কম মাইনে নিয়ে তাঁদের দেশপ্রেম ছিল বলে তাঁরা মাইনের কথা চিস্তা না করে আপ্রাণ চেষ্টা করে এটাকে সফল করেছেন।

[1-50-2 p.m.]

#### Hotels at Midnapore and Tamluk

\*273. (Admitted question No. \*1242.) Shri Ananga Mohan Das: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) মেদিনীপুর জেলার মেদিনীপুর ও তমলুক সহরে কয়টি করিয়া হোটেল আছে ; এবং
- (খ) উক্ত হোটেলগুলির প্রস্তুত থাবার কিভাবে পরীক্ষা করা হয় ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

- (ক) মেদিনীপুর সহরে ৩১টি এবং তমলুক সহরে ১২টি হোটেল আছে।
- থে) উক্ত হোটেলগুলির প্রস্তুত থাদ্যদ্রব্যসমূহের নম্না কলিকাতাস্থ রাজ্যসরকারের বিশ্লেষণাপারে (West Bengal Public Health Laboratory তে) পরীক্ষা করিবার ব্যবস্থা আছে কিন্তু স্থানীয় মিউনিসিপ্যালিটিগুলি কর্তৃক এযাবত কোন নম্না সংগৃহীত হয় নাই কিংবা পরীক্ষার জন্য উক্ত বিশ্লেষণাগারের প্রেরিত হয় নাই।

## Shri Ananga Mohan Das:

হোটেলের মলিকগণ কি স্বাস্থ্য বিভাগ থেকে কোন লাইসেন্স গ্রহণ করেন ?

Shrimati Purabi Mukhopadhyay:
আমাদের এখান থেকে নয়।

#### Shri Ananga Mohan Das:

আমরা পাঠিয়ে দিলে তারপর আপনারা একজামিন করবেন কিন্তু তার আগে এটা করার কি কোন ব্যব্য নেই।

## Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের মাত্র ৮টি পাবলিক হেল্থ ল্যাবরোটারী আছে। যতক্ষন পর্যস্ত না আমরা এই পাবলিক হেল্থ ল্যাবরোটারী জায়গায় করতে পারবো ততক্ষণ এ অস্থবিধা থাকবে, আমরা চেষ্টা করছি ৪র্থ পরিকল্পনায় প্রথম বংসরে সমস্ত জেলার হেড কোয়াটারে পাবলিক হেল্থ ল্যাবরোটারী করা হবে।

## Shri Ananga Mohan Das:

আপনি কি জানেন হেল্থগুলিতে পচা মাছ এবং থারাপ থাবার দেওয়া হয় ?

## Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের যে আইন আছে তাতে প্রিভেনসান অফ ফুড অ্যাডিউলটারেশন অ্যাক্ট, থারাপ থাবার দিল কিনা সেটা পরীক্ষা করা ছাড়া স্বাস্থ্য বিভাগের হাতে অন্য ক্ষমতা নেই, পাবলিক হেল্থ এ্যাক্ট অমুষায়ী ফিটনেস সার্টিফিকেট করা যায় কিনা সেটা দেখতে হবে। থাবার যাবা বিলি করবেন যারা রাল্লা করবেন তাদের ফিটনেস সার্টিফিকেট এবং স্যানিটারী কনডিসন এগুলি আমরা দেখতে চাই। মাদ্রান্ত এরূপ একটা আইন করেছে আমরা তাদের কাছ থেকে কপি চেয়ে পাঠিয়েছি এজন্য যে ওন দি সেম লাইন আমরা একটা আইন করবো।

## Prevalence of Filaria in Calcutta

- \* 274. (Admitted question No. \*1315.) Shri Surendra Nath Mahato: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ইহা কি সভ্য যে, কলিকাভায় বর্তমানে ফাইলেরিয়া রোগের অত্যন্ত প্রাহর্ভাব ঘটিয়াছে; এবং
  - (খ) সত্য হইলে, ইহা প্রতিরোধকল্পে সরকার কি কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন ১

## Shrimati Purabi Mukhopadhyay:

- (ক) কলিকাতাস্থ স্থল অফ ট্রপিকাাল মেডিসিন হইতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করিলে দেখা যায় যে ১৯৬৪-৬৫ সাল হইতে কলিকাতা অঞ্চলে ফাইলেরিয়া রোগের প্রকোপ বৃদ্ধি পাইয়াছে :
- (গ) কলিকাতা এবং পার্ণবর্তী অঞ্চলে কিউলেক্স জাতীয় মশকের দ্বারা ফাইলেরিয়া রোগ বিস্তার লাভ করে। এই মশক উন্মৃত পয়ং প্রণালী অপরিন্ধার ডোবা ইত্যাদি স্থানে জন্মায় কলিকাতায় যে সকল অঞ্চলে ভূগর্ভস্থ পয়ং প্রণালী নাই, প্রধানতঃ সেইসকল অঞ্চলে এই জাতীয় মশকের প্রাতৃত্যিব ইইয়া থাকে।

ক্লিকাতা কর্পোরেশনের স্বাস্থ্য বিভাগ কিউলেক্স মশক নিবারণের ব্যবস্থা করিয়া থাকেন, কিন্তু যেহেতু কিউলেক্স মশক সমাকীর্ণ অঞ্চলগুলি বহু বিস্তৃত, সেইহেতু বর্তমান ব্যবস্থায় কলিকাতা বা পার্শবর্তী মঞ্চলকে ফাইলেরিয়া রোগমৃক্ত করা সম্ভব নহে।

ফলিকাতা মেট্রোপলিটান প্ল্যানিং অর্গানাইজ্বেদন ময়লা নিক্ষাশন সম্পর্কে যে পরিকল্পনা প্রাস্তুত করিয়াছেন, তালা রূপায়িত হইলে বর্তমান অবস্থার প্রভূত উন্ধতি হইবে বলিয়া আশা করা যায়। উহার রূপায়ণ সাপেক্ষেফ্লিকাতা কর্পোরেশন একটি অস্তবর্তীকালীন পরিকল্পনা প্রস্তুত করিয়াছেন। এ পরিকল্পনার প্রয়োগ সম্পর্কে মার্থিক সাহায্য দান ও সক্রিয় অংশ গ্রহণ ইত্যাদি বিষয়গুলি সরকারের বিবেচনাধীন রহিয়াছে।

## Shri Ananga Mohan Das:

১৯৬৪ সালে ফাইলেরিয়া রোগে কলিকাতা শহরে কত লোক আক্রাস্ত হয়েছিল ?

## Shrimati Purabi Mukhopadhyay:

৬ হাজার ৮৭২ জন।

#### Shri Ananga Mohan Das:

এই যারা আক্রান্ত হয়েছিল তাদের চিকিংসার জন্য কি ব্যবস্থা করা হয়েছিল ?

## Shrimati Purabi Mukhopadhyay:

কোলকাতায় স্থূল অফ ট্রপিক্যাল মেডিসিন হোসপিটাল-এ ব্যবস্থা ছাড়া বিশেষ ব্যবস্থা অন্ত কোন হাসপাতালে নেই।

#### Shri Birendra Narayan Ray:

এই যে ৬ হাজার বললেন এটা নৃতন রুগী না নৃতন পুরাতন মিলিয়ে। কারণ আমি যত দ্র জানি প্রায় ৪৫ হাজার রুগী আছে।

## Shrimati Purabi Mukhopadhyay:

স্থামার এখানে যে রেকর্ড রয়েছে তাতে সব সমেত কলকাতায় আউটডোরগুলিতে যে কেস রিপারটেড হচ্ছে সে কেস-এর ফিগার দিলাম এতে দেখা যাচ্ছে, ১৯৬৩তে যে কেস ছিল তার চেয়ে প্রায় ১ই হাজারের উপর সংখ্যা বেশী নৃতন কেস। এমন হতে পাবে যে এর আগে তারা হাসপাতালে আসেনি এখন এসেছে ভবে ফিগার যা তাই বলচি।

#### Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

মন্ত্রী মহাশয় জানেন যে হাসপাতালে ফাইলেরিয়া রুগী আউটডোর-এ যাচ্ছে সংগ্যাও অনেক বেড়েছে টিটমেন্ট সমন্ত্রে জানেন যে এণ্টি ফাইলেরিয়া ড্রাগস টু কষ্টলি এগুলি সরকারী হাসপাতালে যেমন অন্যানা ঔষধ দেওয়া হয় তেমনি এণ্টি ফাইলেরিয়া ড্রাগ দেবার কোন পরিকল্পনা করেন ?

## Shrimati Purabi Mukhopadhyay:

ফাইলেরিয়া টি\_টমেন্ট এ সম্পর্কে বিশেষ ধরনের যে চিকিৎসা এবং এ রোগ সম্পর্কে এক্সপেরিমেন্ট স্পেশালাইজ করা এবং তার সম্পর্কে রিসার্চ করা শুধু উপিক্যাল স্কুল অফ মেডিসিনির হয় কিন্তু যে হাসপাতাল থেকে এর টি টমেন্ট হয় বিনা পয়সায় ঔষধ যেমন অন্যান্য রুগীকে দেওয়া হয় তেমনি এদেরও দেওয়া হয়।

## Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

হাসপাতাল থেকে এণ্টি ফাইলেরিয়া ড্রাগস যেমন সালফার ড্রাগ বিনা পয়সায় দেওয়া হয় তেমন ঐগুলি হাসপাতাল থেকে দেওয়া হবে কি না ?

## Shrimati Purabi Mukhopadhyay:

দেখবো।

## Alleged deaths from mal-nutrition in West Bengal

- '275. (Admitted quantion No. \*1726.) Shri Birendra Narayan Ray: স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ১৯৬৫ সালে বর্তমান সময় প্রথম্ভ পশ্চিমবঙ্গে থাছাভাবজনিত পুষ্টির অভাবে মৃত্যুর অভিযোগ সরকারের জানা আছে কিনা;
  - (খ) যদি 'ক' প্রশ্নের উত্তর হাাঁ হয়, মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
    - (১) জেলাওয়ারী তাহা কত ; এবং
    - (২) উক্ত অভিযোগ সম্বন্ধে কোন তদস্ত হইয়াছে কি ?

## Shrimati Purabi Mukhopadhyay:

- (ক) না, ঐরকম কোন অভিযোগ সরকারের জানা নাই;
- (খ) (১) ও (২) প্রশ্ন ওঠে না ৷

#### Shri Birendra Narayan Ray:

মেডিকেল কলেজে এর একটা রিপোর্ট দেখেছিলাম ডেথ ডিউ টু মাালনিউটি ুসান তা ছাড়া আমি ব্যক্তিগত ভাবে বহুরমপুর লালবাগ হাসপাতালে দেখেছি ডেথ ডিউ ট ম্যালনিউটি ুসান। আপনি না কি করে বলছেন ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

আপনি ষে রিপোর্ট-এর কথা বলছেন সেটা পুরাপুরি আপনি বুঝাতে পারেননি। আমাদের ইণ্টার ন্যাশনাল কোড হিসাবে এ পুষ্টির অভাবজনিত তিনরকমভাবে ডেথ ফ্রম হান্দার লিপিবদ্ধ করা হয়—(১) ম্যাল এড্ জাষ্টমেন্ট অফ নিউটি, সান আর এক ইম ব্যালান্সড্ ইত্যাদি ক্যালকাটা মেডিক্যাল কলেজ্ব-এর ষে রিপোর্ট সম্বন্ধে আপনি বলছেন সে রিপোর্ট-এ ম্যাল এড্ জাষ্টমেন্ট, ডেবিলিটি কেস সম্বন্ধে বলা হয়েছে।

#### Sulpha Drugs

\*276. (Admitted question No. \*1213.) Shri Aswini Roy:

স্বাস্থ্য বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি---

- (ক) পশ্চিমবঙ্গে সালফা জাতীয় ঔষধ সালফা ড্রাগস প্রস্তুতকারীর কোনও সংখ্যা তথ্য আছে কিনা;
- (খ) তথ্য থাকিলে মন্ত্রিমহোদয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি:--
  - (১) মোট সংখ্যা;
  - (২) উৎপাদন ক্ষমতা; এবং
  - (৩) ১৯৬২ হইতে ১৯৬৫ অক্টোবর পর্যন্ত প্রতি বৎসরে মোট উৎপাদন ও উক্ত শিল্পের জন্ম কোনও বৈদেশিক মুদ্রার ব্যয় হইয়া থাকিলে উক্ত বংসরগুলির প্রতি বংসর বৈদেশিক বিনিমন্ত্র ব্যয়ের পরিমাণ কত ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

- (**क**) আছে।
- (খ) (১) ৩
  - (২) বার্ষিক ৬৪ টন।

বৎসর	মোট উৎপাদন		ব্যয়িত বৈদেশিক মূদ্রার পরিমাণ	
১৯৬২	১৩,৫৫০ কিলোগ্রাম		٥, ٥٥, ٥٠٥	
১৯৬৩	১७,७१०	,,	>,७৪,०००	
8 <i>७६</i> ८	১০,৩৬৫	,,	<b>১,</b> ০২,৮ <b>০</b> •	
) એહ <b>ે</b> ૯	٥٠,6٢٠	,,	>,• ¢,¢••	
(অক্টোবর পযস্ত)				

#### Shri Aswini Roy:

<sup>১৯৬২</sup> সাল থেকে সালকার ড্রাগ কমে যাচেছ তাহলে এটা কি বৈদেশিক মুদ্রা অভাবের জন্ম কমছে এবং তা যদি হয় তাহলে বৈদেশিক মুদ্রার জন্ম সরকার কি করছেন ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

এটা বৈদেশিক মূদ্রা কমানর জন্ম হয়নি কারণ একই পরিমাণ বৈদেশিক মূদ্রা ব্যয় করে ১৯৬২-৬৩ সালে উৎপাদন এর চেয়ে বেশী ছিল এ প্রশ্নের জন্ম যথন ফাইল আসে তথন এটা আমি ড্রাগ সেকসানে পাঠাই যে একই বৈদেশিক মূদ্রা থরচ করে কেন উৎপাদন কমাল সে সম্পর্কে জোর করে দেখার জন্ম এখানে ৩টা কোম্পানি এটা ডিল করে তাদের কাছ থেকে এটা সংগ্রহ করতে হবে স্থভরাং ফিগার দেওয়া এখন সম্ভব নয়।

[2-2-10 p.m.]

#### Shri Somnath Lahiri:

যে সালফা ড্রাগ এখানে তৈরী হয়, তার সমস্ত কম্পোনেন্টগুলি কি এখানে তৈরী হয় ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

না। কতগুলির ফরেন এক্সচেঞ্জ-এর এসেনসিয়েলিটি সার্টিফিকেট-এর ব্যবস্থা আছে। কারণ কম্পোনেন্টগুলো ফরেন কোম্পানিজ থেকে নিয়ে আসা হয়। বেসিক ড্রাগ হিসাবে আমাদের যে সালফা ড্রাগস রয়েছে, তারমধ্যে এথনও পর্বস্ত প্রায় ১৫ পারসেন্ট বাইরে থেকে আসে, বাদবাকী এখান থেকে ভৈরী হয়।

#### Shri Somnath Lahiri:

এটা কি সত্য যে সালফার ড্রাগস পাউভার ফর্ম-এ বিদেশ থেকে আসে, এথানে শুধু ট্যাবলেট করা হয়, বা শিশিতে ভরতি করা হয় ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

এ সম্পর্কে অভিযোগ উঠেছে, এবং আপনারা যারা ড্রাপ এনকোয়ারি কমিশন এর রিপোর্ট পড়েছেন, ভার ভিতর দেখেছেন এবং এখন পার্লামেন্টে পেটেণ্ট বিল, আলোচনা হচ্ছে—সেথানেও তাঁরা বলছেন—অবশ্য, সেথানে দালকা ড্রাগ সম্বন্ধে বলা হচ্ছেনা—যে কোন করেন কলাবোরেশন-এ, যে কোন কম্পোনেও ফরেন কান্টি,জ থেকে নিয়ে আসা যায়। এই সম্পর্কে একটা ব্যাপক অভিযোগ হচ্ছে যে ওঁরা স্বটাই এখানে নিয়ে আসেন এবং বট্লিং এও লেবেলিং হয়। এটা খ্ব জটিল ও কঠিন সমস্যা, এই সম্পর্কে এথানে দাঁড়িয়ে এক কথায় উত্তর দেওয়া অসম্ভব।

#### Shri Somnath Lahiri:

বাংলাদেশে যে কয়টি সালফা ড্রাগ-এর কারথানা আছে সেগুলি সবই কি দেশী কারথানা না ফরেন কলাবোরেশন-এ আছে ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

না। বেশীর ভাগই এখানকার। এথানে বড় দেশী কারথানা তিনটা, তারমধ্যে একটা হচ্ছে বেঙ্গল ইমিউনিটি, একটা হচ্ছে এাালবার্ট ডেভিড, আর একটা হচ্ছে ইষ্ট ইণ্ডিয়া ফারমাসিউটিক্যাল ওয়ার্কস। ইষ্ট ইণ্ডিয়া ফারমাসিউটিক্যাল ওয়ার্কস কি করেছেন জানি না।

#### Shri Aswini Roy:

আপনি যে ড্রাগস এনকোয়ারি কমিটির রিপোর্টের কথা বললেন এটা কি মেম্বারনের মধ্যে সারকুলেট করবেন ?
Shrimati Purabi Mukhopadhyay:

ঐটা করা হয়ে যেত বহু পূর্বেই, আমি যত দূর জানি, এাম্মেনীতে পাঠিয়ে দেওয়া হয়েছে।

#### **UNSTARRED QUESTIONS**

### ( to which written answers were laid on the table )

#### Rabi Crops

- 417. (Admitted question No. 481.) Shri Mrigendra Bhattacharya : কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাবেন কি—
  - (ক) বর্তমান বংসর সরকার হইতে আলু, গম, রবিশস্ত উৎপাদনের জন্ম কি কি ব্যবস্থা লওয়া হইয়াছে;
  - (খ) এজন্য কত আলুবীজ, গম ও অন্যান্য বীজ ও সার সরবরাহের কি ব্যবস্থা করা হইয়াছে ;
  - (গ) কি পরিমাণ এজন্য রুষিঋণ দেওয়া হইবে;
  - (ঘ) ১৯৬৩-৬৪ ও ১৯৬৪-৬৫ সালে কত আলুবীজ ও গম এবং কি ধরণের কত সার সরবরাহ করা হইয়াছিল ;
  - (৩) ইহা কি সত্য যে বর্তমান বৎসরে পার্টের উৎপাদন হ্রাস পাইয়াছে ; এবং
  - (চ) সত্য হইলে এনতাবস্থায় ক্লমকদের আলু চাষ ও অক্তান্ত রবিশস্তের চাষের বৃদ্ধির জন্ম ঋণের পরিমাণ বৃদ্ধি করা হইতেছে কিনা ?

### The Minister of State for Agriculture and Community Development:

- (ক) বর্তমান জরুরী অবস্থায় রবিশস্তের উৎপাদন বৃদ্ধিকল্পে রাজ্যসরকার একটি বিশেষ জরুরী প্রকল্প গ্রহণ করিয়াছেন। এই প্রকল্পে অতিরিক্ত ৩৫৫,০০০ একর জমিতে অতিরিক্ত ৪৩৮,০০০ টন রবিশস্ত (শাক-সন্তী, আলু গম, বোরোধান, ডাইল তৈলবীজ ভূটা) উৎপন্ন করিবার নিমিত্ত পূর্ণোদ্দমে চেষ্টা করা হইতেছে।
- (থ) বর্তমান রবি মরশুমে সরকারী হিমঘর হইতে ১০,০৯৯ কুইণ্টাল হিমাচল প্রদেশ হইতে ১৮,৬৬২ কুইণ্টাল ও আসাম হইতে ১,৮৬৬ কুইণ্টাল আলুবীন্ধ সরবরাহ করিবার বন্দোবন্ত হইয়াছে। ইহা ছাড়াও ৫,০২০ কুইণ্টাল গমবীন্ধ, ২৫৫ কুইণ্টাল বোরোধান বীন্ধ, ১,৫০০ কুইণ্টাল সরিবার বীন্ধ ইত্যাদি সরবরাহের বাবন্থা করা হইতেছে। আলু ও আলুজাতীয় শস্ত ও গম প্রভৃতি শস্তের জন্ম বর্তমান বৎসরে ইতিমধ্যেই ২০,৮৭১ টন নাইট্রোজেন ঘটিত সার (আাম্নিয়াম সালফেট-এর ভিত্তিতে) বিতরণ করা হইয়াছে; ইহা ছাড়াও কেন্দ্রীয় সরকারের নিকট হইতে জরুরী অবস্থাকালীণ রবিশস্তের জন্ম ৬,৪৫০ টন নাইট্রোজেন ঘটিত সারের (আ্রার্মেনিয়াম সালফেট-এর ভিত্তিতে) আবণ্টন পাওয়া গিয়াছে।
- (গ) চলতি আর্থিক বৎসরে বিভিন্ন জেলায় কৃষি ঋণের জন্ম ৬৯,৫৯,৪০০ টাকা আবন্টন (এ্যালটমেন্ট) করা হইয়াছে। প্রয়োজন বোধে ইহা হইতে রবিশস্য চাষের নিমিত্ত ক্লুষকদের ঋণ দেওয়া যাইতে পারে।
  - (ঘ) আলুবীজ ও গম সার সরবরাহের পরিমাণ নিমে দেওয়া হইল :—

			১৯৬৩-৬৪	3 <i>0</i> -8 <i>0</i> 6
আলু …	•••	•••	১৭,৫২৬ মূৰ	৬৫,১০৫ মণ
গম ় …	•••	•••	৭,৬৭২ মূৰ	৯,০০০ মূল
অ্যামোনিয়াম সালফেট	•••	•••	২,৪৪৫ টন	৩,৭৩৬ টন
ইউরিয়া · · ·	•••	•••	১৫৬ টন	২৪০ টন
ক্যালসিয়াম অ্যামনিয়াম ন	ार्टे <b>प्टेंटे ···</b>	•••	<b>૧</b> ૦ টন	৯৬ টন
व्यानूत्र भिक्ष मात्र	•••	•••	৫১,৫৫০ টন	৫১,৮৯৭ টন

- (६) এই বৎসরে পার্টের উৎপাদনের চূড়াস্ত হিসাব এখনও জানা যায় নাই।
- (চ) প্ৰশ্ন ওঠে না।

#### Khir in Calcutta

- 418. (Admitted question No. 760.) Shri Aswini Roy: পশুপাদন ও পশুচিকিৎসা বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) কলিকাতা পৌর ও সহরতলী এলাকায় ক্ষীর তৈয়ারী ও আমদানীর কোনও তথ্য আচে কি;
  - (খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হাা' হয়, মন্ত্রিমহাশয় অমূগ্রহপূর্বক জানাইবেন কি, ১৯৬৪ সালে ও ১৯৬৫ সালের জামুয়ারী হইতে অক্টোবর পর্যন্ত প্রতি মাসে—
    - (১) উক্ত এলাকায় ক্ষীর তৈয়ারীর পরিমাণ ; এবং
    - (২) উক্ত এলাকায় বাহির হইতে ক্ষীরের আমদানীর পরিমাণ কত ?

#### The Minister for Animal Husbandry and Veterinary Services:

- (क) नारे। তবে তথা সংগ্রহের জন্ম ব্যবস্থা করা হইতেছে।
- (খ) (১) ও (২) (ক) প্রশ্নের উত্তরের পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন উঠে ন।।

#### Medical treatment of prisoners of Central Jails

- 419 (Admitted question No. 790.) Shri Mrigendra Bhattacharya : স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে পশ্চিমবাংলার কোন্ কোন্ কেন্দ্রীয় কারাগারের বন্দীদের চিকিৎসার জন্ম কভ টাকা মঞ্জুর করা হয় এবং কভ টাকা ব্যয় হয়;
  - (খ) উক্ত কর বংসর কোন্ কোন্ জেলে কতজন বন্দীর মৃত্যু হয়, কতজনকে "জানধালাস" দেওরা হয়, এবং কতজন আত্মহত্যা করে;
  - (গ) উক্ত কয় বৎসর চিকিৎসার জন্ম কতজন বন্দীকে বাহিরে সদর হাসপাতালে চিকিৎসার জন্ম প্রেরণ করা হয় ; এবং
  - (ঘ) সেন্ট**়াল জেলে চিকিৎসার জন্ম দৈনিক মাথাপিছু বা রোগীপিছু ঔষধ বাবদ কত ব্যয় করার নি**য়ম রহিয়াছে ?

#### The Minister for Home (Jails):

- (क), (খ) ও (গ) এতদ্যম্পকিত তথ্য সম্বলিত তালিকা পৃথকভাবে প্রদত্ত হইল।
- (ঘ) এই বিষয়ে নির্দিষ্ট কোন নিয়ম নাই।

Statement referred to in reply to clause (Ka) of unstarred question No. 419 কারাগারে বন্দীদের চিকিৎসার জন্ম নির্দিষ্ট কোন অর্থের পরিমাপ নাই। উহা হাসপাতালের প্রয়োজন অন্ত্যারেই বরাদ্দ করা হয়, গত ইং ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪ এবং ১৯৬৪-৬৫ সালে

গশ্চিম্বাংশার	ক্রেরীয়	কারাগুলিতে	वन्हीटमन्न	চিকিৎসাহে	(including	diet)	বে
অৰ্থ ব্যয়িত ব	য়ে তাহার	একটি বিবরণী	নিমে দেওয়	। इहेन।			

				বন্দীদের চিকিৎসার	বন্দীদের চিকিৎসা	বন্দীদের চিকিৎসা
				খাতে ১৯৬২-৬৩	খাতে ১৯৬৩-৬৪	খাতে ১৯৬৪-৬৫
				সালে ব্যয়।	সালে ব্যয়।	সালে ব্যয়।
				টাকা	টাকা	টাকা
31	কলিকাতা পৌর কারা	•••	•••	১,১৬,২৬৬	<b>১,२०,७</b> ৫৮	3,06,243
२।	আলিপুর কেন্দ্রীয় কারা	•••	•••	১,৯৬,१৬৮	১,৪৪,৬৮৬	১,৬৪,৩ <b>૧</b> ०
७।	দৰদম কেন্দ্ৰীয় কারা	•••	•••	১,৮৯,৭৯৩	১,৮২,৬০৯	२,०२,८৮८
8	মেদিনীপুর কেন্দ্রীয় কারা	•••	•••	८८,३८५	৮৯,৬৫১	৯৬,৪৭৯
<b>e</b>	বহরমপুর কেন্দ্রীয় কারা	•••	•••	৬৬,১২ ৽	<i>৽৩৩,</i> ๔৪	98,200

#### Statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 419.

				১৯৬২-৬৩	১৯৬৩-৬৪	3&-8&c
				সালে জেলে	সালে জেলে	সালে জেলে
				বন্দীর মৃত্যু	বন্দীর মৃত্যু	বন্দীর মৃত্যু
				সংখ্যা	সংখ্যা	সংখ্যা
21	কলিকাতা পৌৰ কারা	•••	•••	8 •	¢	8
٦1	আলিপুর কেন্দ্রীয় কারা	•••	•••	>	ર	ર
७।	দমদম কেন্দ্রীয় কারা	•••	•••	৩৮	ን፦	20
8	মেদিনীপুর কেন্দ্রীয় কারা	•••	•••	>	8	8
<b>e</b>	বহরমপুর কেন্দ্রীয় কারা	•••	•••	•••	•••	•••
				১৯৬২-৬৩	8 <i>७-०७६</i> ८	\$&-8& <b>&amp;</b> ¢
				সালে জ্বান	সালে জান	সালে জান
				থালাস সংখ্যা	থালাস সংখ্যা	থালাস সংখ্যা
۱ د	কলিকাতা পৌর কারা	•••	•••	•••	•••	•••
२।	আলিপুর কেন্দ্রীয় কারা	•••	•••	ર	৩	ર
91	দমদম কেন্দ্রীয় কারা	•••	•••	89	৬৩	२७
8	মেদিনীপুর কেন্দ্রীয় কারা	•••	•••	•••	•••	•••
¢	বহরমপুর কেন্দ্রীয় কারা	•••	•••	•••	•••	•••

#### Statement referred to in reply to clause (Kha) of unstarred question No 419.

				১৯৬২-৬৩ সালে আত্মহত্যা	১৯৬৩-৬৪ সালে আত্মহত্যা	১৯৬৪-৬৫ সালে আত্মহত্য
				সংখ্যা	<b>সং</b> খ্যা	সংখ্যা
١ ډ	কলিকাভা পৌর কারা	•••	•••	•••	>	•••
۱ ۶	আলিপুর কেন্দ্রীয় কারা	•••	•••	•••	•••	•••
91	মেদিনীপুর কেন্দ্রীয় কার৷	•••	•••	•••	•••	•••
8	नमन्य क्खीय कात्रा	• • •	•••	•••	•••	•••
4	ক্ষরমপুর কেন্দ্রীয় কারা	•••	•••	•••	•••	•••

K-35

Statement referred to in reply to clause (Ga) of unstarred question No. 419.

				১৯৬২-৬৩	8 <i>+-04</i> 67	\$&−8 <i>₺</i> €
			•	সালে বন্দীর বাহির	সাব্দে বন্দীর বাহির	সা <b>লে</b> বন্দীর বাহির
				হাসপাতালে প্রেরণ সংখ্যা	হাসপাতালে প্রেরণ সংখ্যা	হাসপাতা <b>লে</b> প্রেরণ সংখ্যা
١ د	কলিকাতা পৌর কারা	•••	•••	788	280	२२६
<b>२</b>	আলিপুর কেন্দ্রীয় কারা	•••	•••	<b>677</b>	७२ <b>৫</b>	७५२
७।	দমদম কেন্দ্রীয় কারা	•••	•••	>98	২৩৩	963
8	মেদিনীপুর ক্বেন্দ্রীয় কারা	•••	•••	ર¢	२७	৩৩
<b>t</b> 1	বহরমপুর কেন্দ্রীয় কারা	•••	•••	794	797	ર હે છ

# Prosecutions and convictions of persons on charges of blackmarketing in foodgrains in Murshidabad district

- 420. (Admitted question No. 873.) Shri Sanat Kumar Raha:
  খবাট্ট (পুলিশ) বিভাগের মন্ত্রিমহাশয় অহুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - ক) মূর্শিলাবাদ জেলায় থাতাশন্য লইয়া চোরাকারবার করার জন্ম কতজনকে ধরা হয় ১৯৬৫ সালে এ পর্যক্ষ : এবং
  - (খ) উক্ত ব্যক্তিদের কতজনকে শান্তি দেওরা হয় এবং কতজন অব্যাহতি পায় ?

#### The Minister for Home (Police):

- (ক) ৬২ জনকে।
- (থ) উহাদের মধ্যে ৩৬ জনের শান্তি হইয়াছে এবং এ পর্যন্ত কেইই অব্যাহতি পায় নাই।

# Establishment of Polytechnic and Junior Basic Training College at Raghurampur and Brahmansasan mouza, Contai police-station

- 421. (Admitted question No. 969.) Shri Sudhir Chandra Das: শিক্ষা বিভাগের মন্ত্রিমহাশর অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) কাঁথি থানার রঘুরামপুর ও ব্রাহ্মণশাসন মৌজায় পলিটেকনিক স্থাপনের কার্য কি পর্য্যায় আছে ;
  - (খ) ইহা কি সত্য উক্ত স্থানে একটি বুনিয়াদি কলেজ স্থাপনেরও পরিকল্পনা গ্রহণ করা হইয়াছে; এবং
  - (গ) ইহা সত্য হইলে ঐ বুনিয়াদি কলেজ স্থাপনের কার্য কি পর্যায় আছে ?

#### The Minister for Education:

(क) কাঁথি মহকুমার অন্তর্গত রঘুরামপুর ও বান্ধাণাশন মৌজায় পদিটেনিক স্থাপনের জন্ম প্রশাসনিক অন্ধুমোদন দেওয়া হইয়াছে। পদিটেকনিক স্থাপনের জন্য থাসমহদের জমি শিক্ষা বিভাগে স্থানাস্তরিত করিবার ব্যবস্থা করা হইতেছে।

निर्भागं পर्वनरक गृहानि निर्भारात्र जना वावन्हा ज्यवनहरून कतिए ज्यूपात्राध करा हहेबाहि ।

- (ਅ) ਤੱਜ ।
- (গ) বিশ্বনাথপুরের জন্য অস্থ্যোদিত নিম্ন ব্নিয়াদি কলেজটিতে ব্রাহ্মণশাসন মৌজার থাসমহল জমিতে স্থাপনের প্রান্তাব অস্থানের মেদিনীপুরের সমাহতাকে ৬'৬২ একর জমি শিক্ষা বিভাগে হস্তাস্তরিত করিতে বলা হইতেছে।

অমি পাওয়া গেলেই অন্নুমোদিত প্লান অনুসারে নির্মাণ কার্য আরম্ভ হইবে। কলেজটি সরকারী কলেও হইবে ও নির্মাণ কার্য চীক ইঞ্জিনীয়ার কনস্টা কশন বোর্ড করিবেন।

১৯৬৫ সাল

#### T.A., D.A., etc., drawn by District Magistrate, Police Superintendent 8.D.O.S and B.D.O.S of Murshidabad district.

422. (Admitted question No. 1021.) Shri Birendra Narayan Ray: স্বরাষ্ট্র (সাধারণ শাসন) বিভাগের মন্ত্রিমহাশর অম্গ্রহপূর্বক জানাইবেন কি, মূর্শিদাবাদ জেলার (১) জেলা সমাহত্ত্রি, (২) পুলিশ অপার, (৩) এস ডি ও-গণ, (৪) বি ডি ও লালগোলা, মুর্শিলাবাদ, জিয়াগঞ্জ, নবগ্রাম গত ১৯৬৪ সালে এবং ১৯৬৫ সালের বর্ডমান সময় পর্যস্ত কোন বৎসর কত টাকার টি এ, ডি এ এবং অন্যান্য প্রকার ভাতা সরকারী তহবিদ হইতে গ্রহণ করিয়াছেন ?

#### The Minister for Home (General Administration): এই সম্পর্কিত একটি বিবরণী টেবিলে রাখা হইল।

statement referred to in reply to clause (Kha) of unstarred question No. 423. ১৯৬৪ সাল

							1
ক্র শংখ	•	ডি এ	টি এ	অক্তা ভাত		——— গুড়াইছ গুলাং। গুলুহ	অক্টোবর
				•,•	' ডি এ	টি এ	অন্যান্য ভাতা
		টাকা	টাকা	টাকা	টাকা	টাকা	টাকা
)	জেলা সমাহর্তা, মুর্শিলাবাদ।	•••	৮৭৽৽৽ঽ	•••	•••	¢89.8¢	•••
:1	পুলিশ স্থপারিনটেন- ডেন্ট, মুর্শিদাবাদ	•••	3,263.66	•••	9२०.००	৩,৬৫৭.১০	•••
)	এস ডিও, সদর	•••	৩৬১.১৫	•••	360.00	98b.ee	•••
31	এম ডি ও, লালবাগ	•••	७२०.२৫	•••	<b>২৮</b> 0.00	७२७.৪৫	•••
: 1	এস ডি ও, কান্দী	२२०.००	৽৪.৫৽৩	•••	२१०.००	866.90	•••
11	এস ডি ও, <del>জঙ্</del> ঠীপুর	•••	२२०.५६	•••	<b>২</b> ২৬.8¢	>90.00	•••
П	বি ডি ও, নবগ্রাম	<b>७०.००</b>	606.70	•••	٠٠.٠٥	26.76	•••
1	বি ডি ও, মুর্শিদাবাদ- জিয়া <b>গঞ্চ</b> ।	۰۰.۰۵	२१७.७०	•••	730.00	@ >७.> <b>@</b>	•••
-1	বি ডি ও, লালগোলা	•••	১,২২৭.৪০	•••	>90.00	৬৫২.১০	•••

### Installation of telephones in the Block and Anchalik Parishad Offices 423. (Admitted question No. 1108.) Shri Abdul Bari Moktar:

ঞ্চায়েত বিভাগের মন্ত্রিমহাশর অন্তগ্রহপূর্ব ক জানাইবেন কি-

- (ক) পশ্চিমবন্ধের ব্লক এবং আঞ্চলিক পরিষদসমূহের টেলিফোন যোগাযোগ হিসাবে সরকার বথাবোগ্য ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কি;
- (খ) বদি 'ক' প্রানের উত্তর হাঁ৷ হয়, তবে উক্ত ব্যবস্থা কার্যকরী করিতে কি পরিমাণ লাগিবে; এবং
- (গ) মূর্শিলাবাদ জ্বেলার জললী ও ডোমকল ব্লক এবং আঞ্চলিক পরিবলসমূহের টেলি-কোন বোগাবোগ ব্যবস্থা কতদিনের মধ্যে হুইবে বলিয়া আশা করা যায় ?

#### The Minister of State for Panchayats:

- (ক) আঞ্চলিক পরিষদ অফিস এবং ব্লক অফিস একই অফিস, আঞ্চলিক পরিষদের পৃথক কোন অফিস নাই। যেসব ব্লক অফিসে টেলিফোনের ব্যবস্থা করা হইয়াছে তাহার একটি তালিকা এই সঙ্গে দেওয়া হইল।
- (খ) অবশিষ্ট ব্লক অফিসগৃলি সম্পর্কে টেলিফোন যোগাযোগ ব্যবস্থার প্রস্তাব আসিলে আর্থিক এবং সামান্ত বিষয় বিবেচনা করিয়া যথাযোগ্য ব্যবস্থা গ্রহণ করা হইবে।
  - (গ) এইরপ কোন প্রস্তাব বর্তমানে সরকারের বিবেচনাধীন নাই।

Statement referred to in reply to clause (kha) of unstarred question No. 423.

Statement showing the names of Blocks where Telephones
have been installed

Name of Blocks.		District.
1. Sainthia	•••	Birbhum.
2. Bolepur-Sriniketan	•••	do
3. Dubrajpur	•••	do
4. Md. Bazar	•••	do
5. Memari I.	•••	Burdwan.
6. Ausgram I.	•••	do
7. Burdwan	•••	do
8. Bhatar	•••	do
9. Faridpur	•••	do
10. Asansol.	•••	do
11. Bongaon.	•••	24-Parganas.
12. Baruipur.	•••	$\mathbf{do}$
13. Barasat I.	•••	do
14. Habra I.	•••	do
<ol><li>Jadavpur-Behala</li></ol>	•••	фо
16. Kakdwip I.	•••	do
17. Diamond Harbour I.	•••	do
18. Barrackpore.	•••	do
19. Dinhata I.	•••	Cooch Behar.
20. Tufanganj.	•••	go
21. Siliguri-Naxalbari	•••	Darjeeling.
22. Darjeeling Pullbazar	•••	do
23. Rangli Ranliot		do
24. Jore Bungalow-Sukia-F	aknrı	do
25. Kalimpong I	•••	do
26. Karseong	•••	do
27. Chanditolla II	•••	Hooghly.
28. Uluberia I	•••	Howrah.
29. Jalpaiguri Sadar 30. Falakata	•••	Jalpaiguri. do
	•••	do
31. Nagrakata 32. Nabadwip	•••	Nadia.
	•••	do
33. Santipore 34. Ranaghat II	•••	do
35. Nakashipara	•••	do
36. Krishnagore I	•••	do
37. Kaliagonj	•••	West Dinajpore.
38. Raiganj	•••	do
39. Samserganj	•••	Murshidabad
oo. Samsciganj	•••	muisinabaa.

#### Introduction of cordoning system

- 424. (Admitted question No. 1218.) Shri Apurba Lal Majumdar: ধান্ত ও সরবরাছ বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্ব ক জানাইবেন কি—
  - (क) বিভিন্ন জেলায় কর্ডন (কর্ডন) প্রথা কোন্ তারিথ হইতে চালু হইয়াছে। সেই আদেশের অফুলিপি সরকার বিধান সভার টেবিলে উপস্থাপিত করিবেন কি;
  - (খ) এই জেলাওয়ারী কর্ডন প্রথার জন্য বিভিন্ন ঘাটতি জেলায় বিশেষ করিয়া হাওড়া ও নদীয়া জেলায় চোরাবাজারে চাউল ২'৫০ হইতে ৩ টাকা কে জি দরে বিক্রয় হইয়াছে এইর প কোন অভিযোগ সরকার সম্প্রতি পাইয়াছেন কি; এবং
  - (গ) যদি (খ) প্রশ্নের উত্তর হাঁ৷ হয় তবে সরকার এ বিষয়ে কোন অফুসন্ধান করিয়াছেন কি ?

#### The Minister for Food and Supplies:

- (क) ওয়েই বেকল এসেনসিয়াল কমোডিটিজ (রেসটি কশান অন মৃত্যেন্ট) কন্টোল অর্ডার, ১৯৬৫, বলে ২৬-৫-৬৫ তারিথ হইতে কর্ডন প্রথা চালু হইয়াছে। উক্ত আলেশের অন্থলিপি এতলসহ উপস্থাপিত করা হইল।
- (খ) এইরূপ কোন অভিযোগ সরকারের গোচরে আসে নাই।
- (গ) এ প্রশ্ন উঠে না।

Statement referred to in reply to clause (ka) of unstarred question No. 424.

Part IA—Orders and Notifications of the Government of India, Statutory Notifications of the Election Commission, India; and other Election Notifications published for general information. Orders and Notifications which have originally been published in the "Gazette of India" are only republished.

#### GOVERNMENT OF INDIA

#### MINISTRY OF FOOD AND AGRICULTURE

#### (Department of Food)

#### ORDER

#### New Delhi, the 26th May 1965

- G.S.R. 779.—In exercise of the powers conferred by section 3 of the Essential Commodities Act, 1955 (10 of 1955), the Central Government hereby makes the following Order, namely:—
- 1. (1) This order may be called the West Bengal Essential Commolities (Restrictions on Movement) Control Order, 1965.
- (2) It extends to the whole of West Bengal excepting the areas in which the West Bengal Essential Foodstuffs Anti-Hoarding Order, 1954, s in force:
  - (3) It shall come into force atonce.
- 2. No person shall move, or transport, or cause to be moved or ransported, any of the essential commodities specified in the Schedule below from any place within a district to any place outside that district, acept under and in accordance with a permit granted by an officer

authorised in that behalf by the Government of the State of West Bengal hereinafter referred to as the State Government:

Provided that nothing contained herein shall apply to the movement of transport of any of the said commodities—

- (i) covered by a permit or an order of exemption issued under the West Bengal Essential Foodstuffs Anti-Hoarding Order, 1964, or by a permit issued under the West Bengal Rice (Movement Control) Order, 1964;
- (ii) not exceeding 2 kilograms in weight the aggregate by a bona fide traveller as part of his luggage; or
- (iii) on Government account; or
- (iv) under and in accordance with Military Credit Notes.
- 3. (1) Any person authorised in this behalf by the State Government, may, with a view to securing compliance with this Order, or to satisfying himself that this Order has been complied with, with such assistance, if any, as he thinks fit,—
  - (a) stop, and search or authorise any person to stop and search any person or any vessel found in inland waterways, or any vehicle or receptacle used or capable of being used for the transport of any of the said commodities;
  - (b) enter, and search or authorise any person to enter and search any premises or place;
  - (c) search, seize and remove any article in respect of which he suspects that any provision of this Order or any condition of any permit issued thereunder has been, is being or is about to be contravened along with the packages, coverings or receptacles in which such article is found or the animals, vehicles or vessels or other conveyances used in carrying such article and thereafter take or authorise the taking of all measures necessary for securing the production of the article, packages, coverings, receptacles, animals, vehicles, vessels or other conveyances so seized, in a court and for their safe custody pending such production.
- (2) The provisions of sections 102 and 103 of the Code of Criminal Procedure, 1898 (5 of 1898), relating to search and seizure shall, so far as may be, apply to searches and seizures under this clause.

#### The Schedule

- (1) Rice husked (including any product thereof but excluding Muri and Chira).
- (2) Rice in the husk (Paddy).

[No. 204(WB)(1)/814/65-PY.II.]

R. BALASUBRAMANIAN,

Jt. Secy. to the Govt. of West Bengal.

# Cultivation of vegetables in Pingla police-station, Midnapore 425. (Admitted question No. 1266.) Shri Ananga Mohan Das:

- (ক) মেদিনীপুর জেলার পিংলা থানার কোন্ কোন্ অঞ্লে ব্যাপক সঞ্জীর চাষ হয়;
- (খ) ঐ সকল অঞ্চলের ক্ববক্গণকে গত ১৯৬৪ সালে কি কি পরিমাণ কি কি প্রকারের সার দেওরা হইরাছিল ;
- (গ) কিরূপ মূল্যে এই সকল সার সরবরাহ করা হইয়াছিল ; এবং
- (घ) ঐ সকল অঞ্চলের সেচের জল সরবরাহের কিরুপ ব্যবস্থা আছে বা না থাকিলে গ্রহণ করা হইবে ?

#### The Minister of State for Agriculture and Community Development:

- (ক) মেদিনীপুর জেলার পিংলা থানার সর্বত্রই প্রচুর সন্ধীর চাষ হয়। ঐ থানার অন্যান্য অঞ্চলের য় সমন্ত গ্রামে ব্যাপক সন্ধীর চাষ হর তাহাদের নাম সম্বলিত একটি ত'লিকা নিম্নে উপস্থাপিত করা হইল।
  - ৪ নং অঞ্চল—কোরকাই, মধ্যজাতা, চক ক্বফলাস;
  - ৫ নং অঞ্চল-পূর্ব মালিগ্রাম, হোন্দল, এবং খানবিচক;
  - ৭ নং অঞ্চল—সিতিবিন্দা, সহরদা, কুলটাপাড়া এবং রাগপুর;
  - ৮ নং অঞ্চল—কালুখাড়া, সংগ্রামচক, ডোঙ্গলা ও চুছাইপুর।
  - (খ) ১৯৬৪ সালে পিংলা থানার ক্ববকগণকে নিম্নলিখিত পরিমাণ সার বিতরণ করা হইয়াছিল:---
  - (১) অ্যামোনিয়াম সালফেট—৭৯ মেটি ক টন।
  - (২) ই**উ**রিয়া—8 মেটি ক টন ৪ কুইণ্টাল ৫০ কে জি।
  - (৩) স্থপারফসফেট—৬৬ মেটি ক টন ২ কুইন্টাল।
  - (৪) প্যাভি ফার্টিলাইজার মিক্ শচার—৩০০ মেটিক টন ১২ কুইন্টাল ২০ কে জি।
  - (e) জুট ফার্টিলাইজার মিকশ্চার—১১৯ মেটিক ট্রন ৬ কুইণ্টাল ৩৬ কে জি।
  - (৬) পোটাটো ফার্টিলাইজার মিকৃশচার—8 মেটিক টন ৩ কুইণ্টাল ৫০ কে জি।
  - (१) ভেজিটেবল ফার্টিলাইজার মিক্শচার—৩ মেটি ক টন ৭৯ কে জি।
  - (৮) বোন মিল—১৬৭ মেটি ক টন n কুইণ্টাল।

#### মাট १৪৫ মেটিক টন ৬ কুইণ্টাল ৩৫ কে জি।

কি রকম হুছ করে বেডে গেলো, তা আমরা সকলৈ জানি, এবং মন্ত্রীমহাশয়রা এখানে এসে বললেন ওট স্পেটারের ব্যাপার, আমরা কি করবো। এক্ষেত্রেও ওঁরাও সেই একই পদান্ধ অন্তুসরণ করছেন, এসে বলবেন ষে, আমরা ত মাত্র এক নয়াঁ পয়সা বাড়িয়েছি, বাসের মালিকরা সেই স্থযোগ নিয়ে ৫ আনা, ১০ আনা বাড়িয়ে দিলো, তা আমরা কি করতে পারি 🔭 এই জন্মই আমরা এখানে 🛴 বারবার বলছি যে, তিনি এই যে ১৫ ভাগের, ১ ভাগ পয়সা বাড়ালেন এ মাইল প্রতি, তাতে প্যামেঞ্চার-এর উপর কিরক্ষ আঘাত আসছে, সেটা তিনি একটু আমাদের কথাটা মনে রেখে, কেন এটা করতে পারবেন না ? তিনি কোন প্রতিশ্রুতি দিতে রাজী নন। তার বক্তব্য হচ্ছে যে, এই ভাবে, এর এাডভ্যান টেক্স নিয়ে, যদি মালিকরা বাদের ভাড়া বাড়ায়, তাহলে দেটা অয়ৌক্তিক হবে। আরে, দেশটাই ত অযৌক্তিকভাবে চলছে। তাঁদের সমন্ত ব্যাপারই ত অয়েজিক, তাহলে যুক্তিটা কোথায় আছে ? ট্রলাকে আজ না থেতে পেয়ে মারা যাচ্ছে,—ও কি যুক্তির ব্যাপার, না, অযৌক্তির ব্যাপার। কোন কথা বিরোধী পক্ষের আছ পর্যস্ত শোনেন নি, তাই এই ফল দাঁড়িয়েছে। আমরা জানি এটা অযৌক্তিকতার ব্যাপার, নয়, এবং দেটা উনিত বেশ ভাল করেই জানেন। যে অযৌক্তিককে এখানে নিয়ে আসছেন, 🖫 সেই অযৌক্তিকতেই ট্রাকের ও বাদের ভাড়া বাড়বে, এবং ট্রাকের ভাড়া বাড়াবার ফলে, সমস্ত জিনিষের দাম বাড়বে। 🗓 উনি হয়ত বলবেন, এরপ বাড়বে কেন ? কিন্তু বাসের ভাড়া বাড়ে কি করে, সেটা উনি বলে দিয়েছেন। বাসের ভাড়া বাড়ে, তার কারণ শুরু ঐ পেট্রলের জন্ম নয়, আরও অন্যান্ম বিষয় আছে। আমরা জানি, তাঁরা ভাড়া বাড়াবার সময়, নানা রকম অজুহাত দেগাবেন যে, পেটুলের দাম বেড়ে গিয়েছে, রিপেয়ারিং চার্জ বেড়ে গিয়েছে, শ্রমিকদের এবং কণ্ডাক্টার ও ডাইভারদের বেশী করে মাইনে দিতে হয়, এবং পার্টস কিনতে হয় বেশী দাম দিয়ে, ইন্ডাদি যে সব যুক্তি, সেই যুক্তিগুলি তারা ঠিক খাড়া করবে, এবং তার সঙ্গে পেউলের দার্মটা বেড়ে যাওয়ায়, তাদের আরও স্থবিধা হবে। কাজেই, এইটাই হবে আসল যুক্তি। তারা বলবেন,—দেখুন, আপনাদের সরকারই পেট্রলের, দাম বাড়িয়ে দিয়েছেন, তার সঙ্গে, এই এই জিনিষের দাম বেড়ে গিয়েছে, স্থতরাং এখন আমরা কি করি বলুন। তখন ওঁরা বলবেন, ঠিক আছে, কিছু বাড়িয়ে নাও। তখন তারা এসে বলবে, যে এতদিন আমরা কোনরকমে চালাতে পারছিলাম, এখন আর চালাতে পারছি না। স্থতরাং দেখা যাচ্ছে, যে সরকার তাদের পারমিশন দিয়ে দেবেন ভাডা বাডাবার।

সরকার যাঁদের বাসের পারমিট দেন, তা আমাদের বেশ ভাল রকম জানা আছে। কারা দালালী করে, সেটা শৈলবাবু বেশ ভালভাবেই জানেন। কেন আর, টী, এ-কে এই কথাটা বলা যাবে না, বা এই ইন্ষ্ট্রাক্শন দেওয়া যাবে না, বে তোমরা ভাড়া বাড়াতে পারবে না। যুক্তি হিসাবে যদি শুর্ এটা নাও দেথায়, পেট্রলের বেশী দামের জন্তা, আগামী দিনে, অন্ত কারণ দেথিয়ে, তারা ভাড়া বাড়াতে পারবেন। আর, টি, এ-কে অস্ততঃ এই ইন্ষ্ট্রাক্শনটা পাঠিয়ে দেওয়া যায়। ষ্টেট ট্রান্সপোর্ট সেদিন ভাড়া বাড়িয়ে নিলেন, আবার হয়ত কিছুদিন পরে বলবেন যে এখন ফরেন এক্সচেশ্ব-এর রেঞ্চিক্শন-এর জন্তা, এখানে আমরা জিনিষ পাচ্ছি না, বোম্বে থেকে অর্ডার দিয়ে আনতে হচ্ছে, এইসব কারণে, আবার ভাড়া বাড়াতে হচ্ছে।

ডিজেলের উপর চার পয়দা বাড়িয়ে দিয়েছেন, দেই সময় বাঁধে দিয়েছিলেন। চার পয়দা এতে বাড়লো, ওতেও বাড়লো, ডিজেলের উপর চার পয়দা বাড়লো। এই ড়িজেল দিয়ে বাদ-ট্রাক, মাল-গাড়ীও চলে। কাজেই মালের ভাড়াও বাড়বে। ফলে জিনিষপত্রের দামও বাড়বে। ডিজেল দিয়ে অনেক জায়গায় electricity উৎপাদন হচ্ছে, তার জন্ম electricityর দামও বাড়বে, কেল্লে বেড়েছে বলে, আমালের রাজ্যেও বাড়বে এটা মৃক্তি হতে পারে না। প্রতিরক্ষার নাম করে বদি আপনার। একটার উপর একটা আঘাত হানতে আরম্ভ করেন, তাহলে তাহার প্রতিক্রিয়া আসতে বাধ্য। আজ আপনারা কিসের উপর দাঁড়িয়ে আছেন—তা বুঝবার চেষ্টা কর্মন।

আপনি জানেন কিনা জানি না—বিজয়বাব থাকলে বলতে পারতেন—কাপড়ের কল বন্ধ হয়ে যাচ্ছে। কারণ কাপড়ের ইক জমে যাচ্ছে, কিনবার লোক নাই। পূজার বাজারেও লোকে কাপড় কিনতে পারেনি। ভাত আর কাপড়—তারা যে টাকা দিয়ে কাপড় কেনে, সেই টাকা আর জনসাধারণের পকেটে নাই। ভাতের চাল কিনতেই সেই টাকা বেরিয়ে যাচেছ। কাপড়ের কল বন্ধের ফলে লকাধিক

লোক আজ্ব বেকারীর দিকে এগিয়ে যাচেছ পশ্চিমবন্ধ ছাড়াও কানপুর, মহারাষ্ট্র—সমস্ত জায়গায় এই অবস্থা হরেছে। এক্সনাইজ ডিউটিও বেড়ে গেছে। চাল, গম, আটা কিনে আর লোক কুলিয়ে উঠতে পারছে না। তার উপর আবার কাপড় কিনবে কোথা থেকে ? তিন টাকা কিলো চাল কিনে যদি থেতে হয়, ভাহলে কুলাবে কি করে ? তাই বলছিলাম বোঝার উপর শাকের আটি চাপাবেন না। আপনারা জোর করে নেবেন জানি। কারণ আপনাদের ত্রুট মেজোরিট। কিন্তু জনসাধারণের কাছ থেকে এর জবাব একদিন পাবেন। আপনি আপনার বক্তব্যের সমর্থনে যে যুক্তি ও তথ্য দিয়েছেন, তার একটাও যুক্তি নয়, আপনি অযোক্তিক যুক্তি দিয়েছেন। আপনি অযোক্তিকভাবে সব জিনিবের চাড়া বাড়াচেছন, এখনো বলছি—এই বিতীয় রিডিং হবার আগে বিলটি তুলে নিন।

# Shri Balai Lal Das Mahapatra:

যাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে অর্থমন্ত্রী প্রথম আলোচনায় বিভ্রান্তিকর জবাব দিলেন, তিনি দেশরক্ষার কথা তুলেছেন। তিনি অবশ্য প্রকাশ করেছেন এমন একজনও বিরোধী দলে পেলেন না যিনি প্রতিক্ষাকে সমর্থন করলেন না। অথচ কেন্দ্রে সমর্থন করছেন না এটা ভূল কথা। তিনি ইচছা করে বিভ্রান্ত দরছেন। তারা ক্ষুম্পটভাবে বলেছেন দেশের সার্বভৌমন্ত রক্ষার জন্য প্রতিরক্ষা দরকার ভেবে জনসাধারণকে উৎপীড়িত করে টাকা সংগ্রহ হতে পারে না। আপনি তার জন্ম ১ কোটি টাকা তুলতে গচেছন এইভাবে টাক্স্ক করে। কিন্তু সেলস্ টাক্স্ত ব ষারা কোটি কোটি টাকা ফাঁকি দিচেছ, তাদের গায় তিনি হাত দিচেছন না। আপনি চেটা করলে সেখান থেকে ১০০২ কোটী টাকা পেতে পারেন। যারা ছালো বাজারী, মিল মালিক, চাল কেরোসিন ব্ল্যাক করে সেখান থেকে আপনি টাকা সংগ্রহ করতে পারেন। অন্তত্ত পক্ষে ৪ হাজার কোটী টাকা যেখানে ব্লাক্মানি রয়েছে কলকাতা যার কেন্দ্র, সধানথেকে এই টাকা সংগ্রহ করতে পারতেন। তা নাকরে আপনি ভূল ব্বেছেন বা লোককে ভূল বোঝাছেন যে বিরোধীদল প্রতিরক্ষা ব্যাপারে সমর্থন করছে না।

আপনি বলেছেন যে ব্যক্তিগতভাবে ৬৪ হাজার প্রাইডেট কার এখন ব্যবহৃত হচেছ, বাস ৫ হাজার, ট্রাক ৩১ হাজার। জনসাধারণের সঙ্গে তাদের সম্পর্ক কী ? খুব সামান্ত রকম, ওয়ান ফিফ্ টিন্থ্ আপনি বলেছেন। আপনি তো জানেন যে তুপয়সা ট্রক্স বাড়ালে, ভাড়া বাড়বে তিন পয়সার জায়গায় তিন আনা। আপনি কি করে তাদের আটকাবেন ? আপনি কি এর গায়ান্টি দেবেন যে তা হবেনা ? আপনি বললেন গভর্ণমেনেট্র ভাড়া বাড়াবার অধিকার নাই। সেখানে তো আর, টি, এ করেন। সেই আর, টি, এ কে রিচালনা করেন কার। ?

## 1-55-5-5 p. m.]

ামরা এথানে বার বার বলেছি, মেদিনীপুরের আর, টি, এ-র কথা তুলেছি। সেথানে একটা বাসের ট নিতে হলে বাসের মালিককে ১০ হাজার ১৫ হাজার এমন কি ৩০ হাজার টাকা পর্যন্ত দিতে হয় দথানে কংগ্রেস ভবন ১ লক্ষ টাকা থরচ করে তৈরী করা হয়েছে। আমি বারবার এথানে বলেছি এবং শানকার দদস্য শ্রীপ্রবীর জানার কথা বলেছি, যারা এই ১০।১৫ হাজার ঘূষ নিয়েছে। কই আপনি তো টানের আটকাতে পারেন নি। সেথানে ১ লক্ষ টাকা থরচ করে কংগ্রেস ভবন উঠেছে। আজ ক্ষেরবার্র পতনের কারণই হচেছ এই। তিনি এই সব কথা তুলেছিলেন। কাজেই আমি বলছি, পানি বলেছেন যে, আর, টি, এ তারাই ভাড়া বাড়াতে পারে, সরকার ভাড়া বাড়াবে না। কিন্তু আমি কছিছ আর, টি, এইতো ভাড়া বাড়িয়ে দেবে। এথানে আপনি ২ পয়সা টাক্ম বাড়াবেন, সেথানে টারা ৭ পয়সা ভাড়া বাড়াবে না, তার কি কোন গ্যারাণ্টি আছে। তারা ১০।১৫ হাজার টাকা থরচ র একটা রুট পাবার জন্ম। স্বতরাং নানান অজুহাতে ভাড়া বাড়িয়ে দেবেই। আপনি সেথানে ক্মিডেই আটকাতে পারবেন না। তারপরে এই যে দেখুন ৩১ হাজার টাকের জন্ম প্রত্যেকদিন যে মেজে বাড়িমে দেলেন। বাড়িয়ে দেনেন। বাড়িয়ে দেনেন। বাড়িয়ে দেনেন। বাজিয়ে দিলেন, সেইহেতু তারাও ভাড়া বাড়িয়ে দেনেন। এই যুক্তি তারা দেখাবে এবং

বাস ও ট্রাকওয়ালার। যে ভাড়া বাড়াবেন তারজক্য খাল্য মূলাও বেড়ে যাবে এবং অফ্রাক্স নিড্য প্রয়োজনীয় দ্রব্যের মূল্য বেড়ে যাবে। আমি মনে করি ট্রাক্সিওয়ালারাও ভাড়া বাড়িয়ে দেবে। কারণ, অনেক জায়গায় বাস পাওয়া যায় না বলে সাধারণ মায়্রব ট্রাক্সি চড়ে। স্বতরাং, আপনি ষেদিক দিয়ে দেখুন, সাধারণ মায়্রবের উপর এই ট্রাক্সের বোঝা পড়ছে। আপনি এখানে কনষ্টিটিউসনের, সংবিধানের কথা তুলেছেন। আপনি বলেছেন, সংবিধানে নেই। স্বতরাং আময়া পার্থক্য করতে পারি না। কিন্তু ইলেকট্রিসিটির বেলায় কি হচ্ছে? সেখানে তো পার্থক্য করেছেন। সাধারণ ব্যবহারের জক্ষ এক রক্ম চার্জ নিচ্ছেন। আর যায়া কারথানার জন্ম ব্যবহার করে তাদের কাছ থেকে অন্ত রক্ম চার্জ নিচ্ছেন। আর যায়া কারথানার জন্ম ব্যবহার করে তাদের কাছ থেকে অন্ত রক্ম চার্জ নিচ্ছেন। এটা কি আপনি দেখছেন না। ওদের বেলায় কি কনষ্টিটিউশন নেই। শুধু বাসের বেলায় সংবিধানের প্রশ্ন তুলছেন। এটা কি রকম যুক্তি আমি ব্রুতে পারছি না। আপনি ওকালতি করতে হয়, বাইরে করবেন। বিধানসভার ভিতরে সদস্যদের কাছে ওকালতি করতে গেলে অন্ত ব্যাপার হবে। বিধানসভার সদস্যদের কাছে আপনি সত্য কথা বলবেন। সেইজন্ম আমি বলছি, যে বিলটি এনেছেন, অত্যন্ত মারাত্মক জনস্বার্থ বিরোধী বিল এবং তার দারুণ প্রতিক্রিয়া দেখা দেবে যার ফলে বাস মালিকরা, ত্রীকের মালিকরা সকলে ভাড়া বাড়িয়ে দেবে এবং সংগে সংগে সংগে থাড়ছব্য, নিতা প্রয়োজনীয় থাড্যন্ত এবং জিনিষপত্রের দাম বেড়ে যাবে এবং জনসাধারণ নানাভাবে বিব্রত হবে। সেইজন্ম আমি অন্তরোধ করব যে, এই বিলটা প্রত্যাহার করে নিন। এই কথা বলে আমি আমার বস্তব্য শেষ করছি।

# Shri Gour Chandra Kundu:

মাননীয় চেয়ারম্যান প্রার, আমাদের এথানে শৈলবাবু বলেছেন যে দেশরক্ষার জন্ম টাকা প্রদার দরকার কিন্তু আমি তাকে বলব যে তিনি কুপমণ্ডুক তার দৃষ্টিটা নীচুর দিকে যায় তার উপরের দিকে দৃষ্টি যায় না। আমাদের দেশরক্ষার জন্ম যদি বৃটিশ সম্পত্তি যা আছে তা যদি বাজেয়াপ্ত করতে পারতেন তাহলে বহু টাকা পেতেন। তারপরে আমাদের দেশের ব্যাংগুলিকে যদি জাতীয়করণ করতে পারতেন ভাহলে বহু চাকা পেতেন দেশরক্ষার জন্ম, তারপর আমাদের দেশে যে সমস্ত কোটীপতি লোক আছে তাদের উপর ট্যাক্স বাড়িয়ে এবং যারা কালো টাকা লুকিয়ে রেথেছে তাদের সেই টাকা যদি তিনি টেনে বের করতে পারতেন তাহলে দেশরক্ষার জন্ম বহু টাকা পেতেন। কিন্তু তার সেসব দিকে দৃষ্টিটি যায় না কারণ তিনি তো তাদের দলের লোক, তাদের দালালী করবার জন্ম তিনি মন্ত্রীত্ব গ্রহণ করেছেন। স্বভাবতই শৈলবাবুর দৃষ্টিটি। দেদিকে এখন মটর গাড়ীর উপর চড়েন শৈলবাবুর মত লোক তাদের উপর যদি ট্যাক্স্ বাড়তে। তাইলে আমাদের বলার কিছু ছিল না। কিন্তু আসল ঘটনা কি হয় যেটা হরিদাসবাবু বলবার চেষ্টা করেছিলেন যে এই ট্যাক্স বাড়াচ্ছেন এর ফলে ট্রাকে যে সব মাল বহুন করে এবং বাসে ষে সব যাত্রী চলাচল করে এবং টেম্পো এবং স্কুটারে যে সমস্ত মাল যায় তাদের ভাড়া বেড়ে যাবে। আমরা এটা লক্ষ্য করেছি যে এক পয়সা যদি ট্যাক্স বাড়ে তাহলে তারা হুই পয়সা বাড়িয়ে দেয়। এই সব মালিকেরা এর স্থযোগে অতিরিক্ত মুনাফা করে। এটা শৈল বাবু ভাল করেই জানেন। হাওড়া, নদীয়া সব জায়গাতেই এই রকম ঘটনা ঘটেছে। ট্যাকৃস্ বাড়াচ্ছেন, বলছেন মোটর গাড়ী যার। ব্যবহার করে তাদের উপর ট্যাক্স্ পড়বে। আমি শৈল বার্কে জিজ্ঞাসা করি ভাড়া যদি বেড়ে যায় তাহলে তাতে মালিকদের স্থবিধা হয়, না অপ্থবিধা হয়? ভাড়া বেড়ে গেলে মালিকদের প্রচুর পয়দা ইনকাম হয় এবং পাবলিকদের অস্থবিধা হয়। তিনি ভাড়া বাড়ার কথা এ্যাভয়েড করে যাচ্ছেন। সেজতা বলছি শৈলবাবু যে বিল এনেছেন, যেভাবে ট্যাক্স বাড়াবার কথা বলেছেন তাতে মালিকদেরই সমন্ত হ্রযোগ স্থবিধা করে দেওয়া হবে, দেশরক্ষার নামে মালিক রক্ষা হবে, কংগ্রেস রক্ষা হবে, কারণ বাদের মালিকরা কংগ্রেস ফাণ্ডে চাঁদা দেন, স্বভাবতই এই মালিকদের রক্ষা করবার জ্ঞাই তিনি এই বিল এনেছেন। এই বিল দেশ রক্ষার জন্ম নয়, মালিক রক্ষার জন্ম এবং কংগ্রেস রকার জন্ম। সেইজন্ম এই বিলকে তুলে নেবার জন্ম আমি অন্নরোধ জানাচ্ছি।

# [5-5-5-15p.m.]

# Shri Saila Kumar Mukherjee:

মাননীয় সভাপতি মহাশয়, আমি এই সমস্ত প্রতিবাদের উত্তর দিয়েছি তথাপি ওঁরা প্ররা জানতে চেয়েছেন বলে সেইজন্য আমি আর ন্তন যাতি না দিয়ে কতকগালি অংক উপস্থাপি করতে চাই। স্যার, ওঁরা এতক্ষণ ধরে বর্লছিলেন লক্ষ্ণ জনসাধারণের উপর এই করের বোঝা পড়বে। আমি আপনাকে দেখিয়ে দিচ্ছি ক'টা লোকের কাছ থেকে এই ট্যাক্স আদায় হবে। আমাদের বছরে পেট্রল কনজিউম হয় ১৯,৮৯, ০০, ৯৫৭ লিটার। আর বাংলাদেশে ১৯৬৪-৬৫ লের, শেষ বছরের ডিজেলের হিসাব দিচ্ছি, ডিজেল খরচ হয়েছে ২৬,৫১,০০,৩৮৫ লিটার। র থেকে আমরা টাকা পাই টাাক্স বাবদ ৩,১২,৪২.০০০ টাকা। এই যে ২৬ কোটি আর ২০ কাটি লিটার বাবহার করে কতজন ট্যাক্সটা দেয়? না, মাত্র ৬টি কোম্পানী, ৫০টি হোলসেলার এবং বাংলাদেশের ৯৫৮টি ভিলার। ওঁদের মতে তাঁরা জনসাধারণ নয়, তাঁদের কাছ থেকেই দিলটা আদায় হয়। আপনারা একটা পয়েন্ট তুলেছেন যে এই ট্যাক্সটা বাস মালিকের ঘাড়ে গড়বে। কত প্রোপরশন পড়বে দেখনে, বাসের মালিকরা পেট্রল ব্যবহার করে না, ডিজেল গ্রহার করে। পেট্রল ব্যবহার করে প্রাইভেট গাড়ী, স্কুটার, মোটর সাইকেল, ট্যাক্সী ইত্যাদি ব্যালি বড় লোকেরাই চড়ে। আর এই ২৬ কোটি লিটার ডিজেল ব্যবহার করে ৩১ হাজার ক্রবং তার মধ্যে ৫ হাজার বাস আছে। এই ২৬ কোটি লিটার এরাই ব্যবহার করে জথচ

taking a long distance travel carrying goods consume much more petrol than bus carrying the same goods,

ারণ আমরা সকলেই জানি লরিতে বেশী ডিজেল খরচ হয়। এই ২৬ কোটি লটার ডিজেলের মধ্যে ৫ হাজার বাসে ৩ কোটি লিটারের বেশী ডিজেল কর্নাজ্ভম করে না। তেরাং এই ২০ কোটি লিটার পেট্রল আর ২৬ কোটি লিটার ডিজেল মোট ৪৬ কোটি লিটারের ধে ই ২০ কোটি লিটারের পেট্রল আর ২৬ কোটি লিটার ডিজেল মোট ৪৬ কোটি লিটারের ধে ই হাজার বাসে ৩ কোটি লিটারের বেশী কর্নাজ্জম করে না। এখন এই পেট্রলের উপর গান্ত্র বাজাবার জন্য কত টাকা বাড়বে? না, ওয়ান ফিফটিন্থ অব এ পয়সা। অর্থাৎ বাস নাবার জন্য সমসত খরচার শতকরা দ্ব ভাগ খরচ পড়বে এই তেলের জন্য আর বাকী ৯৮ গ খরচ পড়বে বাস চালকের অন্যান্য কারণে যেমন কর্মচারীদের বেতন, দেপয়ারপার্টাস, গার, টিউব, ইত্যাদির জন্য। সত্তরাং একথা আমি বলেছি যে এই ট্যাক্স বাড়াবার জন্য। নিফ্টিন্থ অব এ পয়সা বাড়বে ঐ ৩ কোটি লিটার ডিজেল কর্নাজিউম করার জন্য। ইজন্য জনসাধারণের উপর কোন চাপ পড়বে বলে আমি মনে করি না এবং ভাড়া বাড়াবারও ান যৌত্তিকতা নেই। সেইজন্য আমি অন্বরোধ করবো যে এটাকে গ্রহণ করা হোক।

The motion of Shri Saila Kumar Mukherjee that the Bengal Motor pirit Sales Taxation (Amendment) Bill, 1965, as settled in the Assembly passed, was then put and agreed to.

#### The Bengal Raw Jute Taxation (Amendment) Bill, 1965.

Siri Saila Kumar Mukherjee: Sir. I beg to introduce the Bengal Raw ate Taxation (Amendment) Bill, 1965.

(Secretary then read the title of the Bill)

Sir I beg to move that the Bengal Raw Jute Taxation (Amendment) ill. 1965, be taken into consideration.

Sir, this is the third of the taxation measures which I said I have roduced and which also does not hit the common man as my friends Il see presently. My friends are laughing over there but this measure taxation concerns only the raw jute shippers and the large millowners d not the common man. At the time of the preliminary discussion the Planning Commission regarding the Fourth Five-year Plan it decided that because of the reduction in Central assistance each State ist augment its resources by different measures. With that perspects. Sir, this Bill is also being brought. The Planning Commission

proposed that as one of the revenue-earning measures all States should levy a surcharge on commercial crops. I understand that several other States are also considering such levies on lands producing commercial crops. This State has not decided to tax land producing commercial crops. We are only taxing the commercial crops. I understand that in this State our main commercial crop is jute and we have already a purchase tax on it. So I thought that the simplest course for us will be to increase suitably the rate of his purchase tax on raw jute under the existing provisions of the Bengal Raw Jute Taxation Act of 1941 a tax of 67 paise is charged on every quintal of raw jute purchased by the occupier of a jute mill or purchase and despatch outside West Bengal by any means of transit by a shipper of jute and such tax is payable to the State Government by the occupier of every jute mill or by every shipper of jute. This rate works out slightly to more than only half per cent. of the prevailing market price of raw jute. The proposed rate of tax will be about one per cent. of the prevailing market price of raw jute. I should point out in this connection that raw jute is one of the declared goods in terms of section 14 of the Central Sales Tax Act of 1965. The State Government is only permitted to levy a tax of up to two per cent. on the declared goods.

However, West Bengal is the biggest producer of raw jute in India. Besides, most of the jute mills in India are located in West Bengal. West Bengal is, therefore, most vitally concerned with the prosperity of the jute industry. The employment potential of the industry is also considerable. What is even more important is that Jute is one of the two principal foreign exchange earners for the country as a whole. Thus, it is necessary that we should not so burden the jute industry as to jeopardise its foreign markets. These are very important conditions which we have to bear in mind. Considering all these aspects I have proposed in the Amendment Bill to fix the rate of this tax at Rs. 1.25 per quintal whic is equivalent to about 1 per cent. of the prevailing market price of the raw jute, i.e., half of the rate of tax permissible under the Central Sale Tax Act. 1956. I would also like to mention that though purchase or raw jute by the mills are being taxed, sales of gunny bags and hessial which are mostly used as packing materials, are practically tax-free 1 this State by virtue of the provision in the Bengal Finance (Sales Tax Act, 1941.

I would like to take this opportunity to draw the particular attention of the honourable members to the absolute need for raising the maximum possible amount of additional resources in the present context. Becauss of vastly increased defence commitment of the Central Government and consequent reduction in the volume of our Central Assistance, the size of our annual Plan for 1966-67 will suffer appreciable reduction. In fact I am afraid that unless we make very special efforts to raise as much resources on our own as possible, we cannot have a Plan worth the name next year. It is in this context that I have to propose the present as well as a few other taxation measures before this House. I am sure that the Jute industry will not fail to respond to the call for more resources for keeping up the tempe of our development efforts. I also hope that the honourable members will give their full support to these measures.

This measure is expected to fetch an additional revenue of Rs. 60 lakhs per annum.

No additional expenditure is envisaged for giving effect to the provizions of the amending Bill. Sir, with these words I commend my motion to the acceptance of the House.

Shri Syed Abul Mansur Habibullah: Sir, I find that it has become a practice for the Finance Minister of our State to come forward with new neasures of taxation one after another in the name of defence and mergency. The Finance Minister is introducing the Bengal Raw Jute Faxation (Amendment) Bill, 1965, in order to deprive the jute producers of their due share. Sir, at this particular moment raw jute is in demand and the sellers can bargain. It is on principle I cannot admit that mill-movers and shippers cannot transfer the burden of taxation on the growers and the sellers of jute. After all raw jute is purchased by the nonopoly concerns of the State. It is practically a controlled industry because jute is consumed by the millowners or shippers outside the State or the purposes of the mills. They can dictate terms. In the present mergency due to the difficulties in obtaining jute from Pakistan, our growers are in a position to bargain. Inspite of this, it is always true hat the agents of the millowners who purchase jute are in a position of dictate terms to them.

As such, these taxation measures, whenever they come, the burden is hifted on the people, i.e., on the growers. That is why we are opposing hese measures and we are for circulation of the Bill for eliciting public opinion. As you will see. Mr. Chairman, the amount of taxation that is being raised is almost double. As we have already said, the Hon'ble dinisters are reluctant to take measures which will give them power to bit the monopolies. But they are trying to realise taxes in such a way which is bound to hit the people. Therefore, we appeal that this Bill be withdrawn and put to circulation.

5 15-- 5-25 p.m.]

#### Shri Kamal Kanti Guha:

মি চেয়ারমানি স্থার, The Bengal Raw Jute Taxation (Amendment) Bill, 1965, <sup>জানাদের</sup> সামনে মাননীয় অর্থমন্ত্রী যেটা উপস্থিত করেছেন তিনি তাঁর বক্ততার মাধ্যমে একথা আমাদের োঝাতে চেয়েছেন যে এই ট্যাক্স যেটা ধাৰ কর। হবে সেটা মিল মালিকদের উপর গিয়ে পভবেন সাধারণ ্লাক্বে উপর গিয়ে পড়বে ন। এবং দাথে দাথে তিনি একথা বলেছেন যে বিরোধী **পক্ষ মনে করছেন** <sup>যে এটা</sup> সাধারণ **লোকের উপর গিয়ে পড়বে এবং তারা এ নি**য়ে পরিহাস করেছেন এবং **আমাদের ওস্তাদ** িলে তিনি বাঙ্গ করেছেন যে আমরা ওন্তাদি করছি। প্রার, ওন্তাদি নির্ভর করে মেজরিটি এবং <sup>াইনরিটির</sup> উপর। শৈলবাবু যেহেতু মেজরিটি সেইহেতু শৈলবাবুর মগজের মধ্যে সমস্ত বুদ্ধিগুলি ভীড় <sup>ংর জ</sup>মে আছে আর *যেহে*তু আমরা নাইন্রিটি সেইহৈতু শৈলবাবু মনে করছেন যে আমাদের ওস্তাদ <sup>বার</sup> কোন অধিকার নেই এবং আমাদের মগজের মধ্যে কিছু থাকা উচিত নয়। কিন্তু যে বান্তব জ্ঞান <sup>রেং বাস্তব</sup> বৃদ্ধি এবং অহভুতি যা থাকলে সাধারণ মাহুষের কথা বোঝা যায়, জানা যায় সেটা যে মেজরিটি <sup>।।ইনরিটির উপর নির্ভর করে না সেই জ্ঞানটা দালালী করতে করতে শৈলবাবুর লোপ পেয়ে গেছে।</sup> <sup>দামরা</sup> দেখেছি যে সমস্ত ইনভাইরেক্ট ট্যাক্স ধার্ষ করা হয় সমস্ত কিছু গড়িয়ে আমাদের উপর আসে। <sup>গাবারণ</sup> একটা ব্যাপার দেখুন দেশলাইয়ের উপর ট্যাক্স্ ধার্য হোল, আজকে সাধারণ মাহ্মকে সেই শ্লোই কত বেশী দরে কিনতে হচ্চে, শৈলবাবু নিশ্চয় সে খবর রাখেন না। যারা প্রতিদিন সংসারের <sup>টাভে</sup> বা ব্যক্তিগত কাজে দেশলাই ব্যবহার করেন তাঁরা এটা দেখেছেন এবং প্রতিটি ব্যাপারে আমরা <sup>নগছি</sup> <sup>এবং</sup> আমাদের মুখ বন্ধ করার জন্ম তিনি একথা বলেছেন যে ভারত পাকিস্তান সংঘর্ষের ফলে <sup>্ষ পরিস্থিতির উদ্ভব হয়েছে তার জন্ম টাকা দরকার—সেইজন্ম ট্যাক্স্ করতে হবে। স্থার সবচেয়ে মজার</sup> <sup>ছধা হচ্ছে</sup> এই বে আমরা দেখছি বে ইমারজেন্সির পরেও চীন ভারত আক্রমণ করার পরেও অথথা ব্যয় অপব্যস্ত্র এবং টাকা প্রসা চুরি তছরূপ সরকারের মধ্যে যা চলছে দিনের পর দিন সেগুলি তাঁরা বং করতে পারেননি। সেই টাকাগুলিকে সং পথে নিয়ে এসে দেশের কাজে লাগাতে পারেননি। এই এয়ার কণ্ডিসন ঘর নিয়ে অনেক বড় বাঞ্জা বয়ে গেছে—তার উত্তরে তারা বলেছেন যে গত বছর টাকা ধা করা ছিল—কাজেই আমরা গরচ করেছি। কিন্তু সরকার নিজের প্রয়োজনে বা নিজের দৃষ্টিভঙ্গির বিচা করে অনেক সময় ধার্য করা জিনিষকেওতো কাঁট করেছেন—যেমন ধরুন আমাদের রেশন যা ছিল– আমরা পেয়েছি ১ কে, জি, চাল এবং ১ কে, জি, গম—সেটা কমিয়ে ১৫শত, ১২শত ৬শত পর্যস্ত ক হয়েছে। এই ধান করা জ্ঞিনিসকে ওঁরা হ্রাস করে দিয়েছেন। এ ক্ষেত্রেও গত বছরে যে টাকা ধার্য ক্ ছিল ১ লক্ষ টাকা সেটা ওঁরা বন্ধ করে দিতে পারতেন। সরকার এই সেপ্টেম্বর মাসে জেলা পরিষদে চেয়ারমাানদের জন্য ৩০ হাজার টাকা মঞ্জুর করেছেন জীপ কেনার জন্য। এটা তো বন্ধ করে দি পারতেন যে তোমরা জীপ কিনতে পারবে না এবং যাঁরা কিনেছেন তাঁরা তা ব্যবহার করতে পারবেন না ইংরাজ আমলে সার্কেল অফিসারের একটা পুরে। থানা নিয়ে কার্যক্ষেত্র ছিল। কিন্তু এখন যে ব্লকণ্ডা হয়েছে ৮টা কি ১০টা অঞ্চল নিয়ে একটা ব্লক হয়েছে—অথচ এই সীমাবদ্ধ অল্প অঞ্চলের মধ্যে বি, ডি, ওন একটা করে জীপ দেওয়া হয়েছে। পশ্চিমবঙ্গে প্রায় ৩৫০টি ব্লক আছে—এই ৩৫০টি জীপের বাবহ বন্ধ করে দিতে পারতেন এবং এর থেকে আজকে টাকা সঞ্চয় করা যেত—কিন্তু তা ওঁরা করতে পারেন নি সরকারী অফিসারদের উপর এ ধরণের নির্দেশ দেওয়া যেত যে ৫ মাইলের মধ্যে তোমরা জীপ ব্যবহ করতে পারবে না। অথচ আমরা দেখছি কোয়াটার থেকে অফিসে আসছে এবং অফিস থেকে কোয়াটা আসতে তাদের জীপ ব্যবহার করতে হচ্ছে। আমরা দেখেছি সরকারী কর্মচারীদের স্ত্রী-পুত্রর। সিনেম যাবার জন্ম সরকারী জীপ ব্যবহার করছে। এরপ অনেক অপবায় হচ্চে। আজকে এ সমস্ত থরচ ব করে জনসাধারণের সামনে সরকারের সদিচ্ছা প্রমাণ করতে পারেন নি সেজগু আমাদের মনে যে সেন্টিমে তার উপর ঘা দিয়ে বারবার ইমারজেন্সির কথা বলছেন। আমরা লক্ষ করেছি ইমারজেন্সির সময় মন্ত্রী দেখা যায়না যথন পাকিস্থানীরা গিতালদহে সমানে কামান বর্ষণ করছিল তথন ১জন মন্ত্রীকেও দেখ পাইনি এবং দেখানকার জনসাধারণের উদ্দেশ্যে বলতে শুনিনি যে তোমরা ভয় পেওনা আমরা পেছ আছি। কিন্তু আজকে দেখছি ছবিতে যে মন্ত্রীরা পাাটন ট্যাঙ্কের উপর পা দিয়ে দাঁড়িয়ে আডেন এখানে যুখন প্যাটন ট্যাঙ্কের প্রদর্শনী হবে তখন দেখবো ঐ প্যাটন ট্যাঙ্কের কাছে শৈলবারুর নধর দে ওঁদের দেশপ্রেম আমরা দেখেছি। গিতালদহ যথন পাকিস্তানীরা আক্রমণ করলো তথন সেগান ক্লমকের পাটের দাম ১৫, ১৬ টাকায় নেমে গেল। কুচবিহার সীমান্তে পাট কেনবার লোক নেট **দরকারকে বার বার বলেছি কো-অপারেটিভ সোসাইটি রয়েছে এবং দরকারী দপ্তর থেকে এই যে** পাকিস্তা আক্রেমণের ফলে ক্লয়কেরা পাট বিক্রে করতে পাচ্ছে না পাটের দাম কমে যাচ্ছে সেদিকে লক্ষ্য দেও ছোক। কিন্তু সেদিন কোন মন্ত্রীকে দেখিনি এবং ক্লমকদের নাঘা দামে পাট কেনবার বাবস্থা করার 🧭 চেষ্টাও দেখিনি। সেই রুষককে মারবার জন্ম আই, জে, এম-এর দালাল সেজে তিনি এখানে <sup>ব</sup> আছেন, আই, ক্লে এম-এর কোন বিপ্রেজেন্টটেডিভ এতদিন এ হাউসে আছেন কিনা জানিনা হি এখন দেখলাম শৈলবাবু আই জে, এম-এর দালাল হিসাবে বলেছেন। তিনি বলেছেন ক্লমকদের উ টাাক্স পড়বে না। কিন্তু আমরা জানি ১ ২৫ প্রসা যে ট্যাক্স ধরলেন তাতে সমস্ত মিল মালিকরা কেনবার সময় সেটা পড়তা করে এবং এ ট্যাক্স দেখিয়ে তারা পাট কিনবে। আমরা তামাকের বাপ দেখেছি তামাকের যাদের গোডাউন আছে যারা পাইকারী ব্যবসা করে তাদের মণকরা যে ডিউটি সেট্র একসাইজকে দিতে হয় সেটা এখন হচ্ছে ৭৭ থেকে ৮০ টাকা। সেজ্ঞা তারা যখন তামাক কেনে उ পড়তা করে কেনে। এভাবে পাট চাষীরা যথন পাট বিক্রি করতে যাবে তগন জুট মিল এসোস্থা<sup>য়েনাং</sup> প্রতিনিধিরা পড়তা করেই পাট কিনবেন। আপনারা পাট চাষীর নায্য মূল্য নিয়তম দাম <sup>কেবে দি</sup> পারেননি যে এর নীচে ক্ষেউ পাট কিনতে পারবে না আপনারা এটা বলেছেন যে আমরা ৩০ টাকা করছি এর নীচে কেউ পাট কিনতে পারবে না। কিন্তু এটা কোথাকার দাম—এটা হচ্ছে কলকাতার <sup>রি</sup> দাম কিছু গ্রামাঞ্চলে পাটের কি অবস্থা তা সকলে জানেন। পাটচাষী ২০, ২১, ২২ টাকার ( দাম পায় না। আর একদিক থেকে পাটচাষী সর্বস্বাস্ত হচ্ছে সেদিকে সরকারের লক্ষ্য নেই। প<sup>ির</sup>্ থেকে চোরা পথে পাট আসছে এবং সে পাট বিক্রি হচ্ছে যার ফলে আমাদের ক্লমকরা পাটের ন্যায়: পাচ্ছে না। আত্মকে পাকিস্থানের পাটের সংগে প্রতিহন্দীতা করে আমাদের পাট চারীদের হ<sup>টে বে</sup> হচ্ছে একথা বারবার হাউদে বলেভি। এবছর বাজেট সেসানে রুদি খাতে বিতর্কের সময় আমি একথা বলার স্মর্রজিংবাবু পরিদাব একথা বললেন যে পাকিস্থান থেকে পাট আসে না। শুধু পাকিস্থান থেকে যে পাট আসে তা নয়- এই যে রাস্তা স্বাষ্টি হয়েছে, এই যে চোরা পথ বাংলা দেশের সীমান্তে স্বাষ্টি হয়েছে এর মধ্যে দিয়ে পাকিস্থানী স্পাই যাতায়াত করে। আমাদের দেশের গুপ্তচরেরা যাতায়াত করে ভারতবর্ধকে ধ্বংসের পথে নিয়ে যাবার চেষ্টা করছে।

আজকে দেশপ্রেমের কথা বদে বলছেন এবং আমাদের দেশপ্রেম শেখাচ্ছেন যেহেতু ওরা মেজরিটি হয়ে বসে আছেন। নাইলে আজকে দেশপ্রেমের কথা বলতে পারতেন না। দেশরক্ষার জন্ত মামুষ মেরে ক্রমি বাবস্থাকৈ ধ্বংস করে দিয়ে দেশরক্ষা করা যায় না। মন্ত্রীদের বাণী বা ছবি ছাপিয়ে দেশরক্ষা করা যায় না। সেজন্ত বলছি হাউসে বসে আপনারা আলোচনা করুন সকলের সংগে এবং আপনারা যে ৬৮৮ লক্ষ্য টাকার কথা বলছেন সেটা আমরা দেখিয়ে দেবে। কোন দিক থেকে এ টাকা পেতে পারেন যার দারা ভিবেন্দ মেজারকে শক্তিশালী করা যায়। কিন্তু সেদিকে আপনারা যাবেন না। সাধারণ মানুদের উপর করেব বোরা। চাপিয়ে দিয়ে ক্যাপিটালিষ্ট এবং বিসনেস্ মাানদের স্থবিধা করে দিছেন সেজন্ত আমি বলবে। আপনারা এপথ পরিত্রাগ করুন এবং যে পথে গেলে টাকা পাওয়া যাবে সে পথ অন্ত পথ, সে পথ আমবা দেখিয়ে দেবে।

[5-25-5-35 p.m.]

**Shri Sanat Kumar Raha:** Sir, I beg to move that the Bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1965.

অধ্যক্ষ মহাশয় কাঁচা পাটের উপর ৫০ নয়। পয়সা দরে প্রতি কুইনটাল পাট ক্রয় নাক্স বাড়াতে হল। এ সম্পর্কে কয়েকটা কথা বলতে চাই। এই এাসেমব্লিতে কিছুদিন ধরে দেখছি যে সাধারণ সতা এবং নীতি প্রতিরক্ষার জন্ম কতক ওলি মৌলিক লক্ষ্য সামনে রেথে বিরোধী পক্ষ এবং শাসকপার্টির মধ্যে একটি সেত নির্মিত হয়েছে। সেগানে দাঁড়িয়ে আমরা তথাের দিক থেকে একই কথা বলি, কিন্তু প্রতিরক্ষার দৃষ্টিভঞ্চীর পার্থকা থেকে আমাদের এখানে কাদা ছোড।ছডি হয়। বিরোধী পক্ষকে বলা হয় প্রতিরক্ষার জন্ম ট্যাক্স বৃদ্ধিৰ যারা বিরোধীতা করবে তারা দেশপ্রেমিক নয় সংগে সংগে বিরোধী পক্ষ থেকে। জবাব দেওয়া হয়। সত্য দেশপ্রেমিক কার। সেটা যাচাই হবে। আমি এখন এই পার্টচাষী সম্পর্কে এবং ট্যাকস সম্বন্ধে একট বলতে চাই। আমি যে জেলা থেকে এসেছি সে মুশিদাবাদ জেলা সারা ভারতবর্ষের মধ্যে সব চেয়ে বেশী পাট তৈয়ারী করে সবচেয়ে বেশী বৈদেশিক মুদ্র আনার স্কয়ে।গ করে দেয়। মশিদাবাদ জেলায় পাট-চার্যাদের সম্পর্কে আমার প্রত্যক্ষ অভিজ্ঞতা আহে পটি ক্রয়কারী বড় বড় মিলু মালিক থাকা সত্ত্বেও কিছ্ কিছু দালাল যারা মিলের এজেট তাদের মারকং গ্রামের তুর তরাস্তর থেকে পাট কেনার ব্যবস্তা হয়। শেই জায়গায় বর্তুমান যুগে বিশেষ করে পুজিবাদী অর্থ নৈতিক শাস্ত্রে একণা কেউ বলতে পারবেন। সে একটা ক্ষেত্রে টাাক্স আরোপিত করলে সে টাকেস এর প্রতিক্রিয়া অন্ত জায়গায় আরোপিত হবেনা, আজকে সরকাব <sup>বেগানে</sup> এ টাক্স করছেন, নিয়ন্ত্রিত করছেন, সেথানেই এই সরকারের বার্থতা আরোপিত হয় যে স্থ <sup>পেকে</sup> ছাড়িয়ে গিয়ে বহু জায়গায় জনশাধারনের উপর গিয়ে এটা পড়ে চোরাকারবারীর আড়তে গিয়ে ৬ টাকা কে, জি চাল কর্ডন বসিয়ে দিয়ে সমস্ত লোককে মেরে ফেলা হচ্ছে। সে জাতি সর্বস্বাস্ত হয়ে গেল <sup>থাত্যের জন্ম</sup> সে জাতি অথাত্ম কুথাত্ম থেয়ে দেওয়ালে পিঠ *ঠো*কে গোছে সে জাতি কি চিন্তা করছেন প্রতি-<sup>রকার</sup> সেটা অন্ত দৃষ্টিভঙ্গী থেকে চিন্তা করতে হবে। সেজন্ত যে কোন ট্যাক্স সেটা যদি ধনী বড় লোক চোরাকারবারিদের উপর চাপে যাদের কাঁধে ক্ষমতা আছে তাদের উপর যদি চাপিয়ে দেওয়া হয় তাহলে সেটা আমরা নিশ্চই সমর্থন করবো। কিন্তু এইযে ওদের একটা দিক এবং ইনপ্রাকটিস্ কি হচ্ছে তাব মূল্য আলাদা যেমন আমরা আগেই বলেছি ভূমি সংস্কার করতে গিয়ে যদি ভাগচাষীদের ফসল দেবার <sup>বাবস্তা</sup> করা যায় তাহলে আর্ধেনুবাবুর পুলিস জোতদারদের পক্ষে গিয়ে ভাগচাষীর উচ্ছেদে পক্ষে যায়। ঠিক সেইভাবে, যথন যেটা নীতির দিক দিয়ে ভাল কাজ করতে গিয়েও, সমাজ বাবস্থা প্রশাসনিক

বাবন্ধা, যা এই সরকারের হাতে আছে; তার মারকতে কাত্ত কি হচ্ছে ? তার মূল্যা, মূল্যারণ না করলে, কোন তত্ত্ব নীতির সারবন্ধা বোঝা যাবেনা।

কাই আমি বলতে চাই আমাদের বাংলাদেশের চাষীরা বিশেষ চাষারা কি তরবস্থার মধ্যে পড়েছে! আমার নিজের অভিজ্ঞতা থেকে বলতে পারি,—যদি এমন একটা বিল আগত যে বিলে প্রতিরক্ষার গাতিরে দেশরক্ষার জন্ত চাষীকে বাঁচাবার জন্ত বৈদেশিক মুদ্রা পাবার জন্ম এবং কল্তা, কুণ্ডরী, মনিকাটা, ঈগরবৃত্তি, হাতয়াবাদ ইত্যাদি বন্ধ করবার জন্য অভিনেন্দ আগত, বা বিল আগত এইগুলিকে প্রহিবিট করবার জন্য তাহলে আজকে 'সমাজতান্ত্রিক' যুগে এই যে বেআইনী আদায়, তার বিরুদ্ধে, আমরা এই বিলটাকে সানন্দে গ্রহণ বা সমর্থন করতে পারতাম। সেই ধরণের বিলতে। আমেনি। অর্থনীতি শাস্ত্রে যে ট্যাক্সেশন আরোপ করবেন, সেটা পরিষ্কার, হালকাভাবে যদি বলেন যে মিলের মালিকর। দেবে, আর সিপাররা দেবে, তাহলে আমি বলি, যে অর্থনীতির মধ্যে যোগ আছে ছোট দয়ারামপুর, তেঘরী চাষীর সঙ্গে, সেই কলকাতার পাটকলের মালিক প<sup>্</sup>স্ত। দ্যারামপুর, ভেঘরী ১২ মাইল এলাকার মধ্যে পার্ট কেনার কোন কেন্দ্র নাই। সরকারের কেন্দ্রত নাই-ই। আর থাকলেও সেথানে ৩০ টাকা পার্টের দর আর এখন বাজারে ৫২ টাকা দর যেহেত যদ্ধ—এবং পার্ট হয়নি বলে সেখানে এই পার্ট ১০ টাকা, ১২ টাকা, ১৩ টাকাতেও বিক্রয় হয়। দয়ারামপুর, তেঘরী, বিভিন্ন জায়গায়, তর্তরান্তরে লালগোলার শেষ প্রান্তরে যান, সেগানে গিয়ে দেখবেন পাট জলের দরে বিক্রয় হচ্চে। সেই পাট বেশী দাম দিয়ে বিক্রয় করবার স্থযোগ চাষীকে দেননা। তাছাড়া ঐ ফল তা, পশুরী, মনিকাটা প্রভৃতি বন্ধ করার জন্য তাদের কোন স্কুযোগ দেননি। এই পাট, আড়ত-দাররা চাষীর কাছ থেকে যথন কিনতে আরম্ভ করেন, তথন প্রত্যেকটি জায়গায়—থাগড়া বাজারে যান, বহরামপুরে যান, কাশীমবাজারে যান, জংগিপুরে যান, লালগোলায় যান, সর্বত্রই দেখবেন ৪০ কে, জিতে মণ। প্রতাক্ষ ও প্রকাশ্যভাবে বিক্রয় হচ্ছে, ৪০ কে. জিতে মণ, এবং চলতা আছে ১ মণে ৭ সের, আবার কোগাও ৪ দের, সাড়ে চার দের, কোগাও বা সাড়ে আট সের পর্যন্ত। এই চলতা, মুল্তরী, মনিকাটা, হাতন্ত্রাবাদ ইত্যাদি এই সব জিনিষগুল অত্যাচারমূলক আছে। পাটচাষীর কাছ থেকে যে পাট কেনার ব্যবস্থা হবে, যারা এই অর্থনীতি শাস্ত্রে এই পু'জিবাদী সমাজে বড়, বড় মিলের মালিক হয়েছেন, তাদের ধারাপাতে এই হিমাব আছে যে কি করে পাট কিনলে, এই ট্যাক্সটা শেষ প্রযন্ত সরকারকে দিয়েও, তার বাছতি লাভ গাকে। এর প্রতিকার কি আছে ? আগে যে বিল পাস হয়ে গেলো, তাতে আমরা বার বার দাবী করেছি যে কি করে আর, টি, এর মারফত আর কিছুতেই ভাড়া বুদ্ধি হবেনা,—এই সামাগ্র অজ্জহাতে তার একটা গ্যারাণ্টি দিন। সরকার যদি সেথানে অসহায় বোধ করেন, ভা**হলে আ**মাদের বিরোধীপক্ষের কি কর্ত্তব্য নয় সরকারকে এই সমস্ত বিষয়ে সচেতন করে দেওয়া ? এথানে বিরোধী-পক্ষরা আছে কেন ? বিরোধীপক্ষরা কি এইজন্য আছেন, যে এরকমভাবে আপনারা যা কিছু আনবেন, আর আমরা অন্ধের মত সব মেনে নেবো ? বিরোধীপক্ষের কর্তব্য হচ্ছে, সরকারের সমস্ত ভুলটুলগুল আমাদের অভিজ্ঞতায় যেটা আমরা মনে করি আমরা বিরোধিত। করে থাকি। সেই বিরোধিতার যৌক্তিকতা যদি থাকে, তাহলে সরকাবেব সানন্দে, শ্রদ্ধার সঙ্গে তা গ্রহণ করা উচিত। সেই রকম গ্রহণের কোন না থাকাতে, আমরা অত্যন্ত মুর্নাহত ও চুংগিত। আমরা মনে করি, এই যে বিশ এসেছে, এই বিলকে যদি এইভাবে প্রয়োগ করা যেতো যে একমাত্র পাটকলের মালিক ভিন্ন, বা সিপার ভিন্ন পার্টচাষীকে আক্রমণ করবার কারও ক্ষমতা থাকবেনা। কিন্তু, এথানে তার পরিধি সীমিত করে দেওয়া হয়েছে। তা নাহলে নিশ্চয়ই এই বিলকে নীতিগতভাবে সমর্থন করা যেতো, এবং যাতে কাাত প্রভাক ভাবে প্রয়োগ করাবার তার দায়িত্ব আমরা নিতাম। কিন্তু এই অবস্থায় তা সম্ভব নয়। শৈলবাবু যেমন আগের বিলে গাারান্টি দিতে পারেননি যে আর টি, এ, কি করবে। তিনি বললেন, তারজ্জ্য আমি লায়ী নই। আর এখন আবার ঠিক সেইভাবে তিনি বললেন যে মিল মালিকরা শেষ পর্যন্ত কি হা<sup>রে</sup> কিনবে, তাবজন্য আমরা দায়ী নই।

[ 5-35 --5-45 p. m.]

shri Deb Saran Gho.h: I beg to move that the Bill be circulated for the purpose of cliciting opinion thereon by the 31st March, 1966.

ধাননীয় স্পীকার মহাশয়, আমার সাকু লেসান মোশানের উপর আমার বক্ততা সীমাবদ্ধ রাগবো, কাচাপাট বিক্রীর উপর যে কর বৃদ্ধির প্রস্তাব মাননীয় অর্থমন্ত্রী রেগেছেন, দেই সম্পর্কে বলতে গিয়ে তিনি পলেছেন যে মোটেই এই ট্যাক্স বৃদ্ধির প্রস্তাব পাটচাষীদের অর্থনীতির উপর কোন প্রতিক্রিয়া দেখা দেবেনা। এই ট্রাক্স মিলমালিকদের কাছ থেকে সুরাসরি আদায় করা হবে। তা যদি হতো ভাহলে আমাদের প্রতিবাদ করবার কোন কারণ হতো না, বাস্তবে করের প্রতাক্ষভাবে যে প্রতিক্রিয়া হয়, তা বারবার সাধারণ মাহুষের উপর গিয়ে পড়ে: এটা বারবার আমরা লক্ষ্য করেছি, আমরা জানি যে পরিমাণ অতিরিক্ত কর মিলমালিকদেরকে দিতে হয়, সেই পরিমাণ ট্যাক্স তারা চাষীদের কাছ থেকে পাট কিনবার সময় দাম কমিয়ে এবং পাট থেকে উৎপন্ন যে সমস্ত প্রোভাকশন হবে, যে সমস্ত জিনিষ তৈরী হবে তার মূলা বাড়িয়ে বিক্রী করবে এবং সেই টাকা থেকে এই অতিরিক্ত ট্যাক্স তারা সবকারকে দেবেন। কাজেই তুর্টোদিক থেকে সাধারণ মান্তবের কাছে যারা পার্টচাষী তানের অর্থনৈতিক অবস্থার উপর প্রীতিক্রিয়। দেখা দিচ্ছে পার্টের দাম কমবে এবং পার্ট থেকে উৎপন্ন যে দ্রুবা বাই প্রোডাক্ট্রয়, তার মূলা এদ্ধি হবে এবং সেইসমন্ত বৃদ্ধির ফলে সাধারণ মাসুষকে তার অংশ গ্রহণ করতে হবে। আমি বলি পাটের দাম কেন কমবে? মিল মালিক টাাক্স দেবে তাতে পাটচাষীকে সেই টাাক্স দিতে হবে কেন্ ? মান্নীয় অর্থমন্ত্রীর মনে এই প্রশ্ন জাগতে পারে, আমরা জানি আমাদের দেশে এখন পর্যান্ত যে বাবস্তা চালু আছে উৎপাদনকারী যারা বিশেষ করে চাষী সম্প্রদায় কৃষি সম্পর্কে আজ্ঞ পশস্তু যেসমস্ত জিনিষ তার। উৎপাদন করে তার জুমি থেকে কৃষিজ্ঞাত উৎপন্ন দ্বোর উপর বাজারে বিক্রীর জন্ম বাজারের উপর কোন কন্টোল, চাষীর বাজার নিয়ন্ত্রণ করবার কোন কোন ক্ষমতা আজ পর্যান্ত আমরা দেখিনি। কি পাটেব ক্লেত্রে, কি ধানের ক্লেত্রে, কি তামাকের ক্লেত্রে প্রতিটী চাষীর উৎপন্ন ফদলের উপর বিক্রী করবার সে বাজার, সেই বাজারের উপর উৎপাদনকারী চাষীর কোন কর্ত্তর আজ্প ক্ষেত্রীকৃত্ত হয় নাই। এবং এটাও আমরা জানি যারা পাটচাদী, যারা স্ত্রিকারের পার্ট উৎপন্ন করে রুষকন্দ্রোণী যারা, তাদের পার্ট গুলামজাত করে রাগার বা ধরে ধরে রাগার কোন ক্ষমতা নাই। অর্থ নৈতিক তরবস্থার দক্ষন পাট ওঠার সঙ্গে সঙ্গে বাজারে পাট বিত্রী করতে তার। বাধ্য হয়। আমি আগেই বলেছি বাজারকে নিয়ন্ত্রণ করা, নিজেদের স্বার্থের দিক পরিচালনা করবার কোন স্থান্থোপ আছ পান্ত কোন চাষী বা রুষক সম্প্রালায়ের হয়নি। কাছেই পার্ট ওঠার সঙ্গে সঙ্গে তাদের বিক্রয় করে <sup>দিতে</sup> হয়। সেই কারণে পাটের দাম কমে যেতে বাধ্য। এটা স্বাভাবিক অবস্থা। যথন টাাক্স বাড়েনি, নতন কর ধার্যা করা হয়নি, তথনও আমরা দেখেছি বাজারের উপর নিয়ন্ত্রণের ক্ষমতা চাষীর না থাকার <sup>ছন্তা</sup> ওদামে বা নিজের ঘরে আটকে রাগবার ক্ষমতা না থাকার দক্ষন স্বাভাবিকভাবে পাটচাষী পাট বিক্রয় <sup>করতে</sup> বাধা হয়। আজ যদি সেথানে ট্যাক্স বৃদ্ধি করবার বাবস্তা হয় তাহলে সেথানে স্বভাবতঃ এ <sup>ভিনিষ্টা</sup> দেখা দেবে। যে মালিককে ট্যাক্স বৃদ্ধির জন্ম যে পরিমাণ অর্থ সরকারকে দিতে হবে, পাট গরিদের <sup>বাজারের</sup> উপর মালিকের সম্পূর্ণ নিয়ন্ত্রণ থাকার জন্ম, সেই বাবদ তার অতিরিক্ত টাকা চাষীর কাচ থেকে <del>মালিক আদায় করবে। সঙ্গে সঙ্গে আর একটি স্থয়োগ মালিকের থৈকে যায় টাাক্স বৃদ্ধির অজুহাত দেপিয়ে</del> এই পাটের থেকে যে বাই প্রোডাক্স তৈরী হবে, তার মারকং দাম বাড়িয়ে আরে: ম্নাকা লুটবার স্থয়োগ তার থেকে যাচ্ছে। সেই কারণে অর্থমন্ত্রী আমাদের কাছে যে কথা বলবার চেষ্টা করছেন যে মোটর শ্পিরিট বা <mark>ডিজেলের উপর টাাক্স বাডবার জন্ম মোটরের মালিকরা বড়লোক—তাদের উপর ট্যাক্স বসলেও</mark> <sup>শাধারণ</sup> মা**হুষকে যাত্রীকে তারজন্ম কোন ট্যাক্স দিতে হবেনা। কিন্তু পাটের উপর ট্যাক্স বসানোর জন্ম** মলমালিকের উপর ট্যাক্স বসাবার ফলে উল্টো জিনিষ দেখা গেল। বাসের ভাড়ার জন্য অস্ক্রিধা <sup>ভোগ করছে</sup> সাধারণ মাস্তব্য আর এখানে মালিক পাটের জন্ম যে ট্যাকস দিচ্ছে, সেটা মালিকরা চাসীর <sup>হা</sup>ছ থেকে আদায় করছেন, ফলে পাটের দাম সেগানে কমে যাচ্ছে। কারণ তিনি গ্র্ক্তি দেগাচ্ছেন যে সাধারণ <sup>মাসুষের</sup> উপর কোন প্রতিক্রিয়া হচ্ছেনা, সাধারণ মাস্থুষকে করের হাত থেকে মূক রাগার তিনি ব্যবস্থা <sup>কর</sup>ছেন, বলছেন, তা আদৌ হচ্ছেনা। আমি মনেকরি এই ট্যাক্স যদিও মালিকের কাছ গেকে আদায় **করা** <sup>গর কিন্তু</sup> পরোক্ষভাবে মালিকের হাত দিয়ে সাধারণ মান্তবের কাছ পেকে এই ট্যাক্স আদায় করা হবে।

# Shri Sudhir Chandra Das:

মাননীয় স্পীকার মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় স্তিনি একেবারে তার মনের ধারণা এমন করে প্রকাশ করেছেন যে আমাদের কাছে যাতে পরিষ্কারভাবে জলের মত বুঝিয়ে দিয়েছেন যে জনসাধারণের উপর এই টাাক্ষ পড়তে না। আমরা দেখেছি যত টাাক্ষ বাড়ান হয়েছে তার ছদিকে ছদিক দিয়ে তার প্রতিক্রিয়া হবে। এই বিলে আমি মনে করি পাট চাধীরা ধেমন দাম কম াবে এই হবে একটা প্রতিক্রিয়া তেমনি আমার বন্ধু দেবশরণ ঘোষ এবং অক্তান্ত বন্ধু যে কথা বলেছেন যে পাটজাত দ্রবোর দাম নিশ্চিত বাড়বে। পাটজাত দ্ব্য যেমন থলে পাটের দড়ি যেওলি সাধারণ মান্তব ব্যবহার করে তার দামও বৃদ্ধি পাবে। এটা মন্ত্রী মহাশয় কি করে অস্বীকার করেন ? আমি জানি প্রতিরক্ষার অজ্বহাতে দেশরক্ষার অজ্বহাতে এই টাাক্স চাপিয়ে দিচেছন। আবার মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে মাত্র ৬০ লক্ষ টাকা তিনি এর থেকে পারেন। আমি তাকে অন্তরোধ করব যে প্রতিরক্ষা তহবিলে গোপন ফাণ্ড আছে আপনার দলের লোকের কাছে সেটার যদি সন্ধান করতে পারেন তাহলে অনেক লক্ষ টাকা আপনি পেতে পারেন। আমি এ সম্বন্ধে একট আলোকপাত করতে চাই। প্রতিরক্ষার নাম করে যে ট্যাক্স চাপান হচেছ যেথানে জনসাধারণ নিঃস্পেষিত হচেত্র, চাষীরা দাম কম পাবে, কিন্তু প্রতিরক্ষার জন্ম যে তহবিল স্বষ্টি করবার চেষ্টা হচেছ গোদন অর্থমন্ত্রী একটা প্রশ্নের উত্তবে বলেছিলেন যে টাকা প্রতিরক্ষার জন্ম গুহীত হচেছ তার চেক দিতে পারা যায় নাই। আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা কর্রছি যে প্রতিরক্ষার টাকা যে ভাবে সংগ্রহ করা হচেছ, জানেন তার কত টাকা গোপন ফাণ্ডে যাচেছ। তাড়াতাড়িতে নাকি চেক দেওয়া সম্ভব হচেছ না। এই তো প্রফুল্লবার গজাপুরে যাচেছন দেগানে অনেক টাকার তোড়া তিনি। পাবেন প্রতিরক্ষার ফাণ্ডে। আমি জানি প্রতিরক্ষার নামে বড় বড় বাবশায়ীর। মিল মালিকর। তারা টাকা দিয়েছেন কিন্তু তাদের চেক দেওয়া হয়নি। শুধু একটি মাত্র চেক দিয়েছেন যে এত টাকা পাওয়া গিয়াছে, কিন্তু কে কত টাকা দিয়েছে ব্যক্তিগতভাবে কাউকে চেক দেওয়া হয়নি। আমি জানি কাঁথিকে চেক চাওগা হয়েছিল দেখানে প্রত্যাথাান করা হয়েছে। বলেছেন মহাশয় চেক কোথায়। স্থার শুধু এইটুকু জানবেন এই প্রতিরক্ষার নামে যে কেলেঙ্কারী অতুল্যবাব সৃষ্টি করছেন যে কথা আমি বার বার বলেছি যে আপনি গোপন কাণ্ড থেকে যদি টাকা বের করতে পারেন তাহলে অনেক টাকা পাবেন। এরপর অর্থমন্ত্রী আমাদের বায় সংকোচের কথা বলেছেন। আমি আপনাকে বলচ্চি যে ১৯৬৪ সালে চীনা আক্রমণের সময় আমাদের ৯৪১টী জীপ ছিল। আর পরস্তদিন একটা প্রশ্নের উত্তরে অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে এখন আমাদের ১,৪২৫টা জীপ আছে। এর পরে মাননীয় মন্ত্রী মহাশয়ের কি আর উত্তর দেবার কিছু আছে ? মাননীয় মন্ত্রীমহাশায় ব্যয় সংকোচের কথা বলেছেন আর জীপের ধরচ বাড়ছে। মাননীয় মন্ত্রীরা দলের মিটিং করতে দান সরকারী জীপে আর এধানে জলজ্ঞান্ত মিথা। কথা বললেন। এদের জীপের অপব্যবহার করা দেখে সরকারী কর্মচারীরা ও হাট বাজার আমোদ প্রমোদ ব্যক্তিগত কাজে জীপ ব্যবহার করহেন নেটা চোথের সামনে আমর। প্রতিদিন দেখছি। ব্যয় সংকোচ করলে আর এই টাাক্ষ ব্যাতে হত না। মাননীয় মেথ্যিন্তীমহাশয় ব্লক অফিস গাড়া করেছেন এবং পঞ্চায়েতের কত গুনগান করেছিলেন যখন তিনি পঞ্চায়েতের মন্ত্রী ছিলেন তখন তিনি বক্তুতা করেছিলেন যে গ্রামে গ্রামে গ্রধের সাগর করে দেব এবং রেডিওতে গ্রামে গ্রামে ভরিয়ে দেব। আপনি কি কোন খবর রাখেন একটা থানাতে যেখানে একটা সার্কেল অফিসার ছিল, একটা ক্লার্ক ছিল শেখানে সেই থানাতে ৩টি ব্লক অফিস হয়েছে এবং সেখানে একটা ক্ষ্ণদে রাইটার্স বিল্ডিং স্থাষ্ট করেছেন— এক্সটেনশন অফিসার, তার পিয়ন, ক্লার্ক, আর্দার্টী করে ছোট একটা রাইটার্স বিল্ডিং করেছেন, এবং তার জন্ম কত টাকা থরচ হয় সে থবর রাথেন কি ? তিনটি ব্লক অফিস করেছেন, কিন্তু কাজ হচ্চে কি অইরেক্সা কাঁচ কলা। স্কুতরাং আজ যদি এই বায় সংকোচ করতে পারতেন তাহলে এই টাকা কখনই আপনাকে টাক্সের আকারে আনতে হতোনা। কেবলমাত্র প্রতিরক্ষাব অজুহাতে তাঁরা ট্যাক্স বাড়িয়ে নেবার চেষ্টা করছেন। আমি এর তীব্র প্রতিবাদ করচি কারন দেশের মধ্যে এটার প্রকিন্ধিয়। জানতে।

5-45-5-55 p.m.]

# Shri Hemanta Kumar Basu:

াননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় অর্থমন্ত্রী মহাশয় মাত্র ৬০ লক্ষ টাকার যে ট্যাক্সেশন র'জুটের উপর ররছেন এই রকম একটা ট্যাক্সেশনের প্রস্তাব না আনলেই ভাল ছিল। আমরা বামপদ্বীরা বরাবর যে কথা ক্রলেছি সেকথা ভারত গভর্ণমেন্টকেও স্বীকার করতে হয়েছে যে বড় লোকেরা বরাবরই সেলস্ ট্যাক্স, ইমকাম ্যাকস ফাঁকি দিচ্ছে। আমাদের এই কথার পরে পণ্ডিত জহরদাল নেহেরু এগণ্ডুল সাহেব বলে এক বড় মর্থনীতিবিদকে নিয়ে এলেন, তিনি এনকোয়ারি করে বললেন আমাদের দেশের বড় লোকেরা ৩০০ কোটি ্রাকা বছরে ট্যাক্স ফাঁকি দেয়। আমরা বরাবর বলছি যারা ট্যাক্স ফাঁকি দিচ্ছে তাদের টাকা ধরুন, বাজারে য কালো টাকা রয়েছে সেই টাকা ধক্ষন কিন্তু আমাদের কথার উপর গুরুত্ব দেওয়া হয়নি। পরে তাঁরা যথন দেখলেন যে ইমা**র্জেন্সির** সময় টাকার অভাব হচ্ছে তথন কালো টাকা ধরবার কিছুটা চেষ্টা করলেন কি**ন্তু** তাও ভাল করে আইন করে ধরলেন না। রুফ্মাচারি যিনি কালো টাকা ধরতে গিয়েছিলেন তাঁর বিরুদ্ধে একট। বিশেষ তুর্নীতির ব্যাপার বেরিয়ে পড়লো যেটা কাগজে আমরা দেখেছি। কাজেই তাঁরা কালো টাকা ধরবেন না এটা পরিষ্কার এবং ষেটুকু না হলে নয় সেটুকুই তাঁরা করবেন। সেদিক থেকে আমরা বরাবর বলেছি বড় লোকেরা ইনকাম ট্যাক্স, সেলস্ ট্যাক্স ট্রফাকি দিচ্ছে, বাজারে প্রাচুর কালো টাকা রয়েছে, সেগুলিকে ধরলে এই সামান্ত ৬০ লক্ষ টাকার জন্ম আবার ট্যাক্সের প্রস্তাব আনতে হতো না। এই প্রস্তাবের ফলে চাষীদের উপর যে চাপ দেওয়া হচ্ছে সে বিষয় কোন সন্দেহ নেই। সারা ভারতব্বে ১১০টি মিল আছে তার মধ্যে বাংলা দেশেই ৮৭টি মিল আছে ; চাষীরা যথন পাট নিয়ে যায় সেই পাট তারা যেভাবে মিলের লোকেরা ওজন করে তাতে ৪ মণ পাট নিয়ে গেলে সেটাকে ৩ মণ, ৩। মণে দাঁড় করিয়ে তাদের দাম দেয়। এথন এক বিঘা জমিতে ৪ মণ পাট হয়, তার জন্ম তার থরচ পড়ে ১০০ থেকে ১২৫ টাকা, অথচ এই পার্ট তারা মিলে বিক্রি করে ১০০ টাকা পায়। এইভাবে চাষীরা যে বঞ্চিত হয় এ থেকেই তা প্রমাণিত হয়। আমাদের দেশে যে পাট আছে তার কোয়ালিটি চার রক্ষের। এই রক্ম হচ্ছে টপ্, আর ।এক রকম হচ্ছে মিডিল, আর এক রকম হচ্ছে বটম, এবং আর এক রকম হচ্ছে বি' বটম। মিলের কর্তার। বে পাটের হেসিয়ান বা গানি ব্যাগ তৈরী করে সেটা বেশীর ভাগ বি, বটম থেকে তৈরী করে সেটা তারা বটম ন। মিডিল বলে বাজারে বিক্রি করে। এইভাবে কোটি কোটি টাকা এই রাষ্ট্রকে ফাঁকি দিচ্ছে। তারা যে পাটের গানি বা হেসিয়ান তৈরী করে সেই পাটের মধ্যে অনেক ধুলো পাওয়া যায়, ধুলো আছে বলে তারা পাটের পরিমাণ কম দেখিয়ে চাষীকে ঠকিয়ে ৪ মণের জায়গায় ৩ মণ ওজন করে কেনে এবং কিনে বি' বটমকে মিডল এবং মি<mark>ডলকে টপ বলে</mark> বাজ্ঞারে বিক্রি করে। অপর দিকে তারা পাটে বহু ধুলো আছে এই দেখিয়ে অনেক জিনিষ যা ড্যামেজ্ড নয় সেই জিনিষকে ড্যামেজ্ড বলে কম দামে বিক্রি করে সেলস্ ট্যাক্সকে ফাঁকি দিচ্ছে, সেদিকে আমাদের অর্থমন্ত্রীর নজর সেই। তিনি যদি এই ৮৭টি মিল অহুসন্ধান করে দেখেন তাহুলে দেখতে পাবেন তারা চাষীদের কাছে কিভাবে কি ওজন নিয়ে কেনে এবং তারপর সেই পাঁট কি দরে বিক্রি করে এবং সেই পার্টের জিনিষ কিভাবে ভ্যামেন্সভ বলে বাজারে বিক্রি করে। এইগুলি তিনি যদি অন্নশন্ধান করে দেখেন তাহলে শুধু এই ৬০ লক্ষ টাকা কেন কয়েক কোটি টাকা দেখান থেকে বেরিয়ে খাদবে এবং এই ট্যাক্স বাড়াবার কোন দরকার হবে না। কিন্তু সেদিকে সরকারের নজর নাই। মিল মালিকরা কম দরে চাষীদের কাছ থেকে পাট নেয় এবং ওজনও কম দেয়, আবার এই ট্যাক্স চাপানর ফলে ভারা যে আরো কম দরে পাট নেবে সে বিষয়ে কোন সন্দেহ নেই। চাষীদের মিল মালিকদের কাছে বিক্রি ক্রা ছাড়া আর কোন উপায় নেই। কারণ মিল মালিকদের কাছ থেকে তাদের দাদন নিতে হয়। এইভাবে জ্বীরা ঠকছে। সেইজ্জা আমি বলছি যে এই ট্যাক্সেশনের জন্ম একটা ছোট বিল এনে স্বাইলাদেশের গ্রামীর উপর যে একটা গুরুতার চাপান হচ্ছে সেটাই বড় জিনিষ, ৬০ লক্ষ টাকা ট্যাক্সটাই বড় জিনিষ নয়। কাঙ্গেই সেদিকে আমি সরকারের দৃষ্টিটি বিশেষভাবে আকর্ষণ করছি।

Shri Nikhil Das: Sir, I beg to move that the bill be circulated for the purpose of eliciting opinion thereon by the 31st March, 1966.

Shri Bhakti Bhusan Mondal: Sir, I beg to move that the Bill be circulated or the purpose of eliciting opinion thereon by the 7th Febuary, 1966.

K—42

Dr Kanai Lal Bhattacharya: Sir, I beg to move that the Bill be circulate for the purpose of eliciting opinion thereon by the 31st December, 1965.

# Shri Saila Kumar Mukherjee:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিলের অবভারণায় যে সমস্ত কথা বলা হয়েছে তাতে পাট শিল্পের কথ প্রাধান্ত পেয়েছে। আমি এটুকু জানাতে চাই যে পাটশিল্প এমন একটা গুরুত্বপূর্ণ শিল্প যা পশ্চিমবং অর্থনীতিতে বিরাট অংশ গ্রহণ করে আছে সেটা কেউ অগ্রাহ্ম করতে পারেন না। কারণ এর উ নির্ভর করছে ৩ লক্ষ পাট কলের শ্রমিকের অর্থনীতি, ৩০ লক্ষ বাংলাদেশের পাটচাষীদের জীবন মরণ সমস্ত স্থতরাং আমাদের অর্থনীতিতে এটা একটা বিরাট অংশ গ্রহণ করে আছে। আমাদের পাটশিল্প সা পৃথিবীতে একটা গর্ব করবার জ্ঞিনিষ। ১৯৪৭ সালে যেদিন দেশ বিভাগ হল সেদিন আমাদের পাটকলগুৰ্ ছিল এদিকে আর পাটের ভাল জমিগুলি ছিল ওপারে পাকিন্তানে। আমরা পাকিন্তানের মুখাপেক্ষী হা ১৯৪৭ সালে আমাদের ১১৪টি পার্টকল চালাবার চেষ্টা করেছিলাম। অত্যস্ত আননেদর কথা আমাদে এথানে এই পাট চাষের বৃদ্ধির ফলে আজ আমরা পাটে স্বয়ংসম্পূর্ণ। যে পাট আগে ওয়ান-থার্ড বাং দেশে হতো আর টু-থার্ড বাইরে থেকে আনতে হতো এই ১১৪টি মিল চালাবার জন্ম আক্সকে আ আমানের কাছে দৈ প্রশ্ন নেই। তথাপি ভারতবর্ষ এবং পাকিন্তানের সংগে চুক্তি অঙ্কুসারে, বেহে পাকিস্তানে ভগবানদত্ত পাটের জমি অত্যন্ত ভাল থাকায় বেটার কোয়ালিটির পাট ইয় সেহেতু সেই টে এগ্রিমেন্ট অন্নসারে আমরা কিছু কিছু পাট আমদানী করতাম। কিন্তু যুদ্ধের পর সেগুলি বন্ধ হয়ে গিয়েছে আজকে এখানে পার্টের দরের কথা বলেছেন, আমি পার্টের দরের লেটেষ্ট অফিসিয়াল কোর্টেশন দিচ্ছি 🤉 দরের ভিত্তিতে সারা পৃথিবীতে পার্টের বাজার চলে। আজকে বাংলা দেশে আসাম বটমের দাম ১২৩ টার পার কুইনটল। নর্থ বটমের দাম ১২১ টাকা পার কুইনটল, আর দেশী বটমের দাম ১২৯ টাকা পা कुरुन्हेन ।

(বিরোধী পক্ষ হইতে সমস্বরে চিৎকার : ও দাম ক্লবকরা হাতে পায়না। )

[5·55—6-4 p. m.]

সেটা ক্লবকরা পায়। ক্লবকের কাছে পার্টের দর হচ্ছে আজকে ৪০ থেকে ৪৫ টাকা বাংলা দেশে। আর পাকিস্তানে সেই পার্টের দর ১২ থেকে ১৫ টাকা। দিন কতক স্মাগশিংরের সম্ভাবনা খুব বেশী হয়েছিল— কিন্ধ যন্ত্রের পর বন্ধ হয়েছে—গ্রাচারালি যার। স্মাগলার তাদের কোন জাতি নেই। ভারতবর্ষের যেখানে ৪০।৪৫ টাকা পাটের মণ সেখানে পাকিস্তানে যদি ১০।১৫ টাকায় পাট নেমে যায় তাহলে স্মাগলিংয়ের প্রবণতা বেড়ে যায়। এখন তা বন্ধ রয়েছে। কথা তা নয়, কথা হচ্ছে এইভাবে এই সামান্ত ৬০ শহ টাকা বন্ধ করে কি হবে—আমরা দেখছি যে এই কয় বছরে সমস্ত ভারতবর্ধ থেকে বৈদেশিক মুদ্রা পাছে জুট ইনডাষ্ট্রি হায়েই— সেটা পশ্চিমবাংলা আসাম এবং বিহার নিয়ে এবং পশ্চিমবাংলায় প্রত্যেক বছা ক্রমাগত বেড়েই যাচ্ছে পার্টের বিক্রি। পার্টের জন্ম বাংলা দেশে এবং তাতে হয়েছে ১৯৬৩-৬৪ সাল ৯ লক্ষ ১৩ হাজার মেটি\_ক টন রপ্তানি হয়েছিল যার দাম ১৫৭ কোটি টাকা। এবং ১৯৬৭-৬৫ সালে ৯ লক্ষ ৫০ হাজার টন হয়েছিল—আরও ৩৭ হাজার টন বেড়েছে বছরে। এই রেটে বিগত ১০ বছরে প্রতি বৎসর পাটের উৎপাদন এবং পাট শিল্পের রপ্তানি বেড়েই চলেছে—এটা আমাদের গর্বের বিষয় এবং তার ভ্যাল হচ্ছে ১৬৮ কোটি টাকা এবং প্রতি বছর প্রায় ১০ কোটি টাকা করে বেশী হচ্ছে। স্থতরাং যার ১৫৭ কোটি টাকা থেকে ১৬৮ কোটি টাকা পাট বিক্রি করবেন বিদেশে তারা ৬০ লক্ষ টাকা দিলে পাট শিল্পে তাতে যে কি ক্ষতি হবে তা আমি বুঝতে পারছি না। শ্রীকমল গুহু মহাশয় খুব আবেগের সংগে বাঙ্গ করে বলেন। তিনি বললেন শৈলবাবু তো ইনডিয়া ছুট মিল এয়াসোসিয়েসনের দালাল। আদি তাঁকে পড়ে শুনিয়ে দিতে পারি যে ইনভিয়ান জুট মিদ এ্যাসোসিয়েসন আমার কাছে ২৯শে অক্টোর্য এটার তীব্র প্রতিবাদ জানায়। কিন্তু আমরা তার উত্তর দিয়ে দিয়েছি—আমরা তাদের কথা কর্ণপা করিনি। আমরা আইনটা এনেছি। স্বতরাং ওঁর এই সমস্ত দাশালী উক্তি সর্বৈব মিখ্যা। তিনি প্রত্যেক বিলে যা করেন মালিকের হয়ে ওকালতি করেন এখানেও তাই করছেন।

The motion that the Bill be circulated for the purpose of eliciting opinio thereon was then put and a division—aken with the following result:—

#### NOE8---65

Abdul Gafur, Shri Abdullah, Shri S. M. Bankura, Shri Aditya Kumar Banerjee, Shri Baidyanath Bancrjee, Shri Jaharlal Banerjee, Shrimati Maya Banerji, Shri Sankardas Bauri, Shri Nepal Bhattacharyya, Shri Syamadas Bhowmik, Shri Barendra Krishna Chakravarty, Shri Hrishikesh Chakravarty, Shri Jnantosh Chattopadhyay, Shri Brindaban Chattopadhyay, Dr. Susil Ranjan Chowdhury, Shri Birendra Nath Dakua, Shri Mahendra Nath Das, Shri Ananga Mohan Das, Dr. Bhusan Chandra Das, Dr. Kanai Lal Das Gupta, Shri Khagendra Nath Das Gupta, Dr. Susil Dutta, Shri Asoke Krishna Dutta, Shrimati Sudha Rani Fazlur Rahman, Shri S. M. Gayen, Shri Brindaban Ghosh, Shri Tarun Kanti Hansda Shri Debnath Hazra, Shri Parbati Charan Hemram, Shri Kamala Kanta Jehangir Kabir, Shri Karam Hossain, Shri Kazim Ali Meerza, Shri Syed Khamrai, Shri Niranjan Khan, Shri Gurupada Kolay, Shri Jagannath Majumdar, Shrimati Niharika Mitra, Shrimati Biva Moitra, Shri Arun Kumar Mondal, Shri Amarendra Mondal, Shrimati Santilata Mondal, Shri Sishuram Mookerjee, Shri Naresh Nath Mukherjee, Shri Saila Kumar Mukherjee, Shri Santosh Kumar Mukhopadhyay, Shri Ananda Gopal Mukhopadhyay, Shrimati Purabi Nahar, Shri Bijoy Singh Naskar, Shri Ardhendu Shekhar Pramanik, Shri Puranjoy Prasad, Shri Shiromani Roy, Shri Arabinda Roy, Dr. Indrajit

Saren, Shri Mangal Chandra Sarker, Shri Narendra Nath Sen, Shri Bijesh Chandra Sen, Shri Narendra Nath Sen, Shri Prafulla Chandra Sen, Shri Santi Gopal Shakila Khatun, Shrimati Singha, Shri Hiralal Sinha, Shri Phanis Chandra Tanti, Shri Anadi Mohan Tarkatirtha, Shri Bimalananda Tudu, Shrimati Tushar Wangdi, Shri Tenzing

#### AYES-24

Abdul Mansur Habibullah, Shri Syed Basu, Shri Amarendra Nath Basu, Shri Hemanta Kumar Basunia, Shri Sunil Besterwitch, Shri A. H. Bhaduri, Shri Panchu Gopal Bhattacharjee, Shri Nani Bhattacharya, Dr. Kanai Lal Chakravarty, Shri Haridas Das, Shri Sudhir Chandra Das Gupta, Shri Sunil Das Mahapatra, Shri Balailal Ghosh, Shri Deb Saran Ghosh, Shri Sambhu Charan Guha, Shri Kamal Kanti Hamal, Shri Bhadra Bahadur Majhi, Shri Kandru Majumdar, Shri Apurba Lal Mandal, Shri Siddheswar Murmu, Shri Nathaniel Ray Chowdhury, Shri Khagendra Kumar Roy, Shri Monoranjan Roy, Dr. Narayan Chandra Saha, Shri Abhoy Pada

The Ayes being 24 and the Noes 65, the motion was lost.

The motion of Shri Saila Kumar Mukherjee that the Bengal Raw July Taxation (Amendment) Bill, 1965, be taken into consideration was then put and agreed to.

# Adjournment

The House was then adjourned at 6-4 p.m. till 1 p.m. on Friday, th 26th November. 1965, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Friday, the 26th November, 1965, at 1 p.m.

#### Present

Mr. Speaker: (Shri Keshab Chandra Basu) in the Chair, 9 Ministers, 4 Ministers of State and 145 Members.

[1—1-10 p.m.]

## Obituary

Mr. Speaker: Honourable Members, it is my melancholy duty to inform you that Shri Sarat Chandra Jana, an eminent Supreme Court Advocate, expired this morning at Presidency Nursing Home, Calcutta. He was born on the 10th May 1886, and was educated at Contai H. E. School, Ravenshaw College, Cuttack and Presidency College, Calcutta. His academic career was brilliant all throughout. He was a research scholar under Sir P. C. Roy from 1911 to 1914. He began his professional career as a lawyer in the district of Midnapore and from there shifted his field of practice to the Calcutta High Court where he rose to eminence. He was a member of the Bengal Legislative Council from 1921 to 1924 representing Contai Constituency. With the qualities of his head and heart and his sweet personality he endeared himself to all who came in contact with him.

I would now request you, ladies and gentlemen, to rise in your places and remain standing in silence for two minutes as a mark of respect to the memory of the departed soul.

(Honourable Members rose in their places and remained standing in silence for two minutes)

Thank you, ladies and gentlemen.

Secretary will do the needful.

# STARRED QUESTIONS (to which oral answers were given)

#### West Bengal State Co-operative Union

- \*143. (Admitted question No. \*501.) Shri Kashi Kanta Maitra: Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—
  - (a) whether the West Bengal State Co-operative Union is a self-financial institution or is mainly or partly financed out of State grants/subsidies/loans;
  - (b) what are the sources of its income and the amounts realised therefrom during 1963-64 and 1964-65 Co-operative year respectively;
  - (c) what are the purposes for which the amounts so realised were spent (itemwise figures);
  - (d) what was the proportion of its own resources as compared with the State grants/subsidies/loans during 1963-64 and 1964-65 respectively; and
Shri Salla Kumar Mukherjee: Sir, I beg to move that the Bengal Raw Jute Taxation (Amendment) Bill, 1965, as settled in the Assembly be passed.

# Shri Abhoy Pada Saha:

মাননীয় স্পীকার মহাশার, আমাদের মাননীয় সদস্য অধিনীবাবু যে এ্যামেণ্ডমেণ্ট নিরে এসেছিলেন, যে পাটের উপর যে কর ধার্য করা হচ্ছে, তা কম করানর জন্যে, তার উত্তরে মাননীয় অর্থমন্ত্রী মহাশার বললেন যে এই যে কর ধার্য করা হচ্ছে, এটা পাট চারীর উপর করা হচ্ছে না, এটা করা হচ্ছে ঐ মিলমালিক আর এ কড় বড় বিলাতী কোম্পানী, যারা বিদ্বেশ পাট চালান দেয়। তাঁরা কেন লেবার ধাটিরে নিজেরাই কেবল পাট তৈরী করেন, অর্থাৎ তাঁদেরই যেন সব পাট। অত এব এই ট্যাল্লের বোঝাটা তাঁদের ঘাড়ে গিরে পড়বে। তাঁরা পাটের বারসা করেন, তাঁরাই পাট চাব করেন, তাঁরা লোকজন রেখে, তাদের দিরে পাট তৈরী করেন, এত এব এই ট্যাল্লের টাল্লের চালাটা তাঁরাই দেবেন, এইটা হচ্ছে তাঁদের ধারণা। কিছু এটা যে ঐ পাট চাবীদের উপর পরোক্ষ ট্যাল্ল তা তিনি জেনেও, যেমন লোকে জেগে ঘূমিরে থাকেন ঠিক সেই তাবে তিনি উত্তর দিক্ছেন,—জেগে ঘূমবার মত। তাঁকে ঘূম ভালান খুবই মৃছিল এবং কঠিন। কেগে গুমোর, ভার ঘুম ভালান খুবই অন্তর্জন বাপার।

তারা বাজারে যথন পাট ক্লিতে যাবে, তথন একথা বলবো—সরকার থেকে অনেক ট্যাল্স তো কমিয়ে দেওয়া হয়েছে—এবার দাদাদদের বদে দেব—যাতে কম দরে পাট কেনা হয় সেই ব্যবস্থা কয়। কারণ আমানের উপর ট্যাক্স চাপিয়ে দিয়েছে সরকার। তাঁরা যথন যে ট্যাক্স চাপাচ্ছেন তা গরীব পাটচারীনের উপর পড়ছে। যারা পাট উৎপাদন করে থাকে তারা ক্যায্য দাম পাবে না। একে তো সরকারের বে ব্যবস্থা, তাতে পাটের যে দর তার উপরে পাটের মহজনরা, পাটকলের মালিক, বড বড় ব্যবসায়ী যারা বিদেশে পাট চালান দেয়, তারা মুনাফার টাকা লোটে, ঐ যে মুনাফা করে তার কিছু অংশ পাটচাষীর কাছে পৌছায় না। তার খাট্নির দক্ষন যে পাট উৎপাদন হয়, যাতে শিল্প চলে, এই বিদেশী মূদ্রা অর্জন করি পটि निष्य—व्यथे जात्नत्र तिनाश किছ क्षांटिना। व्यात यात्रा भावेक्टनत मानिक—यात्रा भांटे तिलटन চালান দেয়, তাদের অবস্থা দিন দিন ফেপে উঠছে। যারা স্থানুর পল্লী অঞ্চলে লাক্স চালায়, রোদে পুড়ে পাট চাষ করে, জমি নিড়ান দেয়, তাদের অবস্থার কতটুকু উন্নতি হয়েছে ? আর যারা ঐ পাট নিয়ে পাটকলে পাটজাত জিনিষ তৈরী করে বাজারে মুনাফা লুটছে তাদের অবস্থার কতটুকু উন্নতি হয়েছে ? এই ছটো তুলনা করে কি মন্ত্রিমহাশয় বলতে পারেন ? পাটচাষীরা দিনের পর দিন ভীষণ বিপর্যয়ের মধ্যে গিয়ে পড়ছে। একদিকে নিত্ত প্রয়োজনীয় জিনিষের দাম আকাশ ছোঁয়া, চুমূল্য, তাদের সঙ্গীন অবস্থা। তারা গ্রায্য দরে ধান চাল পাচ্ছে না। যেখানে পাট হয় সেখানে ধান হয় না। তালের অবস্থা সঙ্গীন হয়ে গেছে, তারা না খেয়ে হীনবল হয়ে পড়ছে। অচিরে পাট চাষ বন্ধ হয়ে যাবে, সঙ্গে সঙ্গে পার্টের ব্যবসা যাত্রা করে তা বন্ধ হয়ে যাবে। তাই অর্থমন্ত্রীকে অন্থরোধ করছি পাটের উপর যে ট্যাক্স চাপানেন, এটা ঠিক করে দেবেন আপনারা যাতে পার্টের ক্যায্য দর চাষী পায়; আর ঠিক ঠিক ভাবে মহাজনরা যদি ক্যায্য দামে পার্ট কিনে পাটচাবীদের কাছ থেকে, তাহলে অবশ্র বলবার কিছু নাই। সেদিকে কোন ব্যবস্থা না করে আপনারা পাটের উপর ট্যাকৃদ এমনভাবে চাপালেন যে সেই ট্যাক্স এর বোঝা পরোক্ষভাবে ঐ পাটচারীকে বইতে হবে।

# Shri Jiban Krishna Dev:

মাননীয় স্পীকার মহাশয় কাঁচা পার্টের উপর আজকে যে ট্যাক্স বসাবার যে প্রশ্ন এসেছে, সেই স্পার্কর আমরা যেটা বোধ করে আসছি যে অস্কতঃ এখন দরকার পাটচাষী যারা—ভাদের সম্বন্ধে গোটা অবস্থার উন্ধতির জন্ম বিল আনা উচিত ছিল যাতে একটা গ্রায় মূল্য পাটচাষী পেতে পারে। এখানে তার কোন আভাষ পোলাম না। উপরস্ক আজকে কাঁচা পার্টের উপর ট্যাক্স বসলো। মাননীয় স্পীকার স্যার, দলতা বা এই ধরণের বহু রকম ফাঁকির ব্যবস্থা আছে, যাতে বাড়তি এই রকম আদায় হয়। শেষপর্যান্ত এই সমন্ত বাড়তি আদায় যা কিছু চাষীর উপর দিয়ে প্রায়ই যায়। পাট উৎপন্ন থেকে বিক্রী করতে গিয়ে পর্যান্ত বর্তমানে যে ব্যবস্থা আছে, সেই ব্যবস্থার পাটচাষীকে বহু হয়রান হতে হয়। ওজনে ঠকতে হয়, দাম নিতে গিয়ে ঠকতে হয়—নানারকম ভোগান্তি তাদের ভোগ করতে হয়—যা কল্পনাও করা যায় না। এতে করে পার্টের জমি তৈরী থেকে আরম্ভ করে পাট উৎপন্ন পর্যান্ত—আর ছেলে মাহ্য্য করা প্রায় সমান অবস্থা হয়ে দাড়িয়েছে। পাটচাষীকে পাট বিক্রী করতে গেলে নিয়তম দামও দেওয়া হয় না, গ্রায় দাম সে পায় না। চাষীর হাত থেকে পাট যথন অন্ত হাতে চলে বায়, তথন পার্টের দাম বাড়ে। শেষপর্যান্ত পাটকল মালিক মূনাকা লোটে, পাটচাষী কিছুই পায় না। তাকে নানাভাবে বঞ্চিত্ত ও প্রতারিত করা হয়।

[2-40-2-50 p.m.]

ভামান্দের ব্যাপারেও তাই দেখা বায়। আমরা বেখানে চাবী পাচ্ছে ৩০ টাকা, সেখানে গভর্গমেন্ট ট্যাক্স বাবদ নিচ্ছে ৬৪ টাকা। অর্থাৎ চাবী কিছু পাচ্ছে না। তাহলে বে উৎপাদক সে ৩০ টাকা পাচ্ছে আর গভর্গমেন্ট ট্যাক্স বাবদ নিচ্ছে ৬৪ টাকা। ঠিক আমরাও দেখছি এই কাঁচা পাটের ব্যাপারে বে ভাবে সরকার ট্যাক্স চাপাচ্ছে ভাদেরও পরিণতি তাই হবে। আমার ধারণা সরকার যদি পাটের ব্যবসা নিজে হাতে নিতেন এবং তাদের আয় মৃল্য দিয়ে পাটচাবীদের কাছ থেকে পাট কিনতেন ভাহলে এই সমস্তার দিকটা সমাধান হয়ত হত। কিছু এই বিলে ভার কোন সম্ভাবনা নাই। পাট খেকে আমরা বিদেশী মূলা অর্জন করি কিছু পাটের উৎপাদকদের বাঁচানোর কোন ব্যবস্থা সরকার করছেন না

উদ্রুটা দেখা যাচ্ছে তালের উপর আবার ট্যাক্স কিভাবে বসান যায় তারই চেটা করছেন। বলিও মন্ত্রীমন্থাশয়, বলছেন এই ট্যাক্স মিলমালিকদের ঘাড় থেকে যাবে কিন্তু আমরা জানি এই ট্যাক্স চার্যীর পকেট থেকে বাবে। সেক্ষ্ম এই বিলের তীত্র প্রতিবাদ করছি এবং মন্ত্রীমহাশয়কে অহুরোধ জানাচ্ছি যেন তিনি এ দিকে একটু দৃষ্টি দেন।

# Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা ট্যাক্সের নামে কাঁচা পাটের উপরে ট্যাক্স ধার্য্য করতে যাচ্চি এখন মন্ত্রীমহাশয় কালকে এখানে অনেক কথা বলেছেন যে এগুলি সাধারণ যারা মিলমালিক যারা পাট রপ্তানি करत এ करन जामत উপরে হচ্চে। পাটচাষীদের সম্পর্কে কিছু নাই। অর্থমন্ত্রী হয়ে তিনি যে কি করে এই কথা বলতে পারলেন তা আমি ভাবতে পারিনা। আমি সাধারণভাবে একটা জিনিষ দেখাতে চাই যে আসাম বটমের লাম হচ্চে ১৩৫ টাকা ৩০ নয়া পয়সা অর্থাৎ প্রতি মনের লাম ৫০ টাকা ৫০ নয়া পয়সা। किह्न এकथा व्यर्थमञ्जी निक्तरहे थवत त्रारथन रा धारे ६० ठीका ६० भारता रा मत रा मरत ठारीत काइ रारक কিনছে না। পাডাগাঁয়ের চাষী দর পায় ২৫/৩০ টাকার মধ্যে। সেসমন্ত আডতদার ফডিয়ারা যারা চাষীদের कांक (थर्क कित्न त्नर ठावारे के ६० ठीका ६० नरा भरमा मत भार। श्रक्रक श्रकार मिनमानिक जवः আডতদার এবং ফডিয়ারা পার্টের যারা উৎপাদক তাদের শোষণ করে চলেছে। এ খবর নিশ্চয়ই মাননীয यक्षिमशानात्र **का**त्मन (यः धरेममञ्ज लाक जात्र। जारभेरे नामन निरंत त्रार्थ धरः ठावीत्रां नामन निरंज राषा হয়। সেইজন্ম যথনই পাট উৎপন্ন হয়, সংগে সংগে সেই পাট এরা কম দরে বিক্রয় করতে বাধ্য দাদনদারের কাছে। ভাদ্র, আখিন মাসে যথন পাট উৎপন্ন হয়, সেই সময় ক্লমকদের সবচেয়ে বেশী অভাব থাকে এবং অভাবের তাড়নায় তারা বিক্রয় করতে বাধ্য হয়। সরকার থেকে পাট চাষীদের রক্ষার জন্ম কোন বাবন্ধা করেন নি। আমাদের দেশে ১০ লক্ষ একর ভাল জমিতে পাট চাব হয়, যার জন্ম থাছাভাব হচ্ছে মূল কারণ। অথচ, চাষীকে রক্ষা করবার জন্ম কোন ব্যবস্থা সরকার থেকে করা হয় না। মন্ত্রীমহাশয় বলেছেন, ১৪০ কোটি টাকা আমরা বাইরে থেকে পাই। কাজেই, ১ টাকা ৪ আনা ট্যাক্স ধার্য করছি, এটা এমন কিছু নয়। ১৯৬১-৬২ সালে আমরা বিদেশী মুদ্রা পেয়েছি ১৪৪ কোটি ৭৯ লক্ষ টাকার ১৯৬২-৬৩ সালে ১৪৮ কোটি টাকা পেয়েছি আর ১৯৬৩-৬৪ সালে ১৫৭ কোটি টাকা পেয়েছি এ ফাইবার টাইবার নিয়ে। উনি যে বললেন ১৪০ কোটি টাকা পেয়েছি, সেটা আমি অস্বীকার করছি না, কিন্তু তাতে পাট চারীদের কি স্কুবিধা হয়েছে ? তারজন্য পাটচাষীদের রক্ষা করবার জন্ম কি ব্যবস্থা করেছেন ? তাদের রক্ষা করবার জন্ম আপনারা ষ্টেট ট্রেডিং করবার কোন ব্যবস্থা করলেন না, কো-অপারেটিভ সোসাইটি গড়ে তুললেন না। যথন তারা অভাবের তাড়নায় ১৯৷২০ টাকায় বিক্রী করতে বাধ্য হয়, আড়তদার ফড়িয়ারদের কাছে। তাদের হাত থেকে পাটচাষীদের রক্ষা করবার জন্ম কি ব্যবস্থা করছেন ? অভাবের তাড়নায় যথন তারা ঠিকভাবে পাট চার করতে পারে না, ক্রমিবিভাগ থেকে কি আপনারা কোন ব্যবস্থা করেছেন ? কোন ব্যবস্থাই আপনি করছেন না, অথচ আপনি এখানে বলছেন পাটচাষীদের এতে কোন ক্ষতি হবে না। ১ টাকা ৪ আনা আপনি ট্যাকদ ধার্ষ করছেন এর ফল কি হবে ? ফড়িয়ারা, আড়জ্ঞাররা গ্রামে গ্রামে প্রচার করবে যে দামে ভারা কিনত ভার চেয়ে আরও কম দরে তারা কিনবে।

# [2-50-3 p.m.]

কিভাবে কমিয়ে দেবে ? ধকন পাটের মালিক, ছুট মিল এ্যাসোসিয়েশন ঠিক করলো যে পাট আমরা কিনবো না, আপনাদেরত ষ্টেট ট্রেডিংএর কোন ব্যবস্থা নেই, তারা এক মাস ছু'মাস দেরী করে দিলো, গ্রাম থেকে পাট কিনলো না, এখন চাবীকে অভাবের তাড়নায় পাট বিক্রী করে চাল, গম কিনতে হবে, সেজস্ত তাকে সন্তা দামে বাধ্য হয়ে বিক্রী করতে হবে। তখন মিলমালিকের ফড়িয়ারা গ্রাম গিয়ে যে দরটা দেবে সেই দরে চাবীরা বিক্রী করতে বাধ্য হবে। পাট চাবীকে রক্ষা করবার বদি আপনাদের ইচ্ছা থাকত তাহলে আপনারা কো-অপরেটিভ সোসাইটি করে পাট চাবীকে রত্যায় মূল্য দিতেন। একদিন মুখ্যমন্ত্রী বলেছিলেন ৩০ টাকার কমে যদি দর হয় তাহলে আমরা টেট ট্রেডিং করবো এবং বেশী দাম দিয়ে পাট কিনে নেবো। এখন আসাম সরকার সেটা করছেন, আসাম সরকার পাটের দর বেংব দিয়েছেন। স্থায় মূল্যে পাট চাবীরা বাতে পাট বিক্রী করতে পারে তার ব্যবস্থা করেছেন, কিন্তু আপনারা ভা করেন নি।

আর একটা কথা হচ্ছে আপনারা বসলেন যে ট্যাক্স আলার করতে হবে, ট্যাক্স আলায় না করতে পারলে প্রতিরক্ষা করতে পারা যাচেছনা। আপনি যে ১৪০ কোটি টাকার কথা বদছেন তার ভাগের তাগ আপনারা সেট াল গভর্ণমেণ্টের কাছ থেকে আদায় করে নিন। আপনি বারবার অভিযোগ করেছেন ততীয় অর্থ কমিশন খেটা এসেছিল তাঁরা পশ্চিমবঙ্গের প্রতি অবিচার করেছেন। চতুর্থ অর্থ কমিশন খেটা হয়েছে তাতেও বিশেষ কিছু উন্নতি হয়নি। আমি জিজ্ঞাদা করছি যে আপনাদের যে প্রাপা টাকা দেটার জন্ম কেন আপনারা দাবী করেননি ? আমরা কর্পোরেশন ট্যাক্স দিচ্ছি, ইনকাম ট্যাক্স দিচ্ছি, সেশস ট্যাক্স দিচ্ছি, এত টাকা দিয়ে দিচ্চি কিছু ১৪০ কোটি টাকা যে আমরা বিদেশী মূদা অর্জন করছি তার ক্যাযা ভাগ কেন আপনার। त्मिर कि अर्ज्यारा के प्राप्त का एवंदिक निरुक्त ना ? अथान य त्रव विद्यानी कान्यानी वरम चाहि जातन सार्थन জন্ম ১০ লক্ষ্ণ একর জমিতে আমরা পাট চাধ করছি৷ আজ ১ কোটি টাকার জন্ম আপনারা ট্যাক্স করতে যাচ্ছেন অথচ দেও লৈ গভৰ্নমেণ্টের কাছে এই পাটের জন্ম কেন বেশী চাইবেন না? আপনি বারবার বলেছেন গর্বের কথা যে আমরা পাট চাষ করেছি, পাট চাষ করে বিদেশী মুদ্রা অর্জন করেছি, আমি জিজ্ঞাসা কর্মিচ সেই পার্ট চাবের বিনিময়ে বিদেশী ভলার দিয়ে কি আমাদের পেট ভরবে ? সেই পার্ট চাবের পরিবর্তে কি চাষীকে থাবার দিচ্ছেন ? পাটচাষী যথন অভাবে পড়ে তথন কি তাদের সন্তা দরে চাল দেন ? আপনি বারবার গর্ব করে বলছেন যে কোটি কোটি টাকা আমরা বিদেশী মুদ্রা অর্জন করছি, কিন্তু সেই বিদেশী মুদ্রা অর্জন করে যদি পার্টচাষীদের জীবন ধারণের মান উন্নত না হয় তাহলে এতে গর্ব করবার কি আছে ? সেজস্ত আত্মক আপনি যেটা বলতে চাচ্ছেন যে পাট চাষীর উপর কোন প্রতিক্রিয়ার স্বাষ্ট হবে না সেটা ভূপ কথা। কারণ মিল মালিক পার্টের মূল্য কমিয়ে দেবার জন্ম চাষীদের বাধ্য করবে। সেজন্য আপনাকে অন্ধরোধ করবো যে আপনি এইভাবে বিল আনবেন না, বাংলা দেশে অগ্যান্ত রাজ্যের চেয়ে ট্যাক্সের পরিমাণ অনেক বেশী, পরিকল্পনার জ্ঞস্ত যদি টাকার দরকার হয়, তাহলে অক্যভাবে টাকা সংগ্রহ করুন। কালকে আমরা বলেচি যে দেলদ ট্যাক্স থেকে আদায় করতে পারেন, যারা কালো টাকা জমিয়ে রেথেছে তাদের কাছ থেকে আদায় করতে পারেন, যারা ফাটকাবান্ধী করছে তালের কাছ থেকে আদায় করতে পারেন, এই রকম অনেক সোস আছে যার থেকে আপনারা টাকা আদায় করতে পারেন, সেট**াল গভর্ণমেটের কাছ থেকে আপনাদের** স্থায়্য পাওনা আদায় করে এই ৯ কোটি টাকা পরণ করতে পারেন। এইভাবে অন্যায়ভাবে পরোক্ষ ট্যাক্স ভাদের উপর চাপাবেন ন। আমি এর তীব্র প্রতিবাদ করছি।

# Shri Nani Bhattacharjee:

মাননীয় স্পীকার মহাশয়, আমাদের শৈলবাবু যথন এদিক থেকে মাননীয় সমস্তরা বলেন তথন তিনি ইণ্ডিয়ান জুট মিল এাসোদিয়েশনের প্রতিভ হিদাবে পড়ে দেখিয়ে দিলেন যে ইণ্ডিয়ান জুট মিল প্রাদোসিয়েশন এই কর বৃদ্ধির ভীষণ প্রতিবাদ জানিয়েছে এবং এটা ইঙ্গিতে বলবার চেষ্টা করেছিলেন যে বরং আমরা বে প্রতিবাদ করছি সেটা যেন ইণ্ডিয়ান জুট মিল এ্যাসোসিয়েশনের ধরণের প্রতিবাদ হচ্ছে। নিশ্চয়ই তা নয়। আমরা গোটা কর ব্যবস্থার ক্ষেত্রে বারবার যে কথা মন্ত্রী মহাশয়কে বা মন্ত্রী সভার উদ্দেশ্যে বলে এসেছি সেটা হচ্ছে এই যে সাধারণ নিতা ব্যবহার্য জিনিষের উপর প্রত্যক্ষত নয়ই, পরোক্ষভাবেও এমন-ভাবে ট্যাক্স বসান উচিত নয় যাতে করে সাধারণ জিনিষের দাম বেড়ে যায়। অন্ত দিকে আপাততঃ প্রাত্তক্ষ কর হলেও তার বোঝা সাধারণ মামুষকে বইতে হবে এমন কোন বিষয়ের উপর ট্যাক্স বসান উচিত নয়। টাবিদ নিশ্চয়ই এই সরকারকে বসাতে হবে, কিন্তু সেই ট্যাক্স বসাতে হবে আয়ের উপর, লাভের উপর, অতি লাভের উপর এবং বিলাস দ্রব্যের উপর, অনেক কিছু জিনিষের উপর ট্যাক্স বসাতে পারেন যাতে সাধারণ মান্তবের দৈনন্দিন জীবনের উপর বিপণ্য টেনে না আনে। স্থভরাং বিষয়টা থুব দৃষ্টি ভঙ্কীর ব্যাপার। ষ্কুট মিল এ্যানোসিয়েশন নিশ্চয়ই তার প্রতিবাদ করেছে সে বিষয় কোন সন্দেহ নেই। যে কোন ব্যবসায়ী প্রতিষ্ঠান বা শিরের উপর যদি কর বসান হয় প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে তাহলে নিশ্চয়ই তারা তার প্রতিবাদ করবে। কিন্তু সেই সঙ্গে সঙ্গে ইণ্ডিয়ান জুট মিশু এাসোসিয়েশনের কর্ডারা এটাও জানেন যে যদি ট্যাক্স ৰদান হয় ভাহৰে দেটা কিভাবে তারা উশুল করে নেবে তাদের যে লাভ দেই লাভ যাতে না কমে, যে টাাক্স তালের দিতে হবে সেই টাাক্স কিভাবে অস্তর উপর দিয়ে উশুস করে নেবে সে বুদ্ধি তারা রাখে এবং কিন্তাবে রাখে দে সকলে কিছু কিছু আলোচনা এবানে হয়েছে। আজকে পাটের বারা একচেটিয়া মালিক, সে ইণ্ডিরান জুট মিল এ্যানোসিরেশনই বলুন আর তালের লালালরাই বলুন, তারা

क्रि अक्साम भागे किनता ना वतन जाहरन भागेगावीरमंत्र मत्या बाता निवन भागे गावी जात्मत करना त शांह विकि करत मिटा इरव । তাতে ফড়িয়াদেরই স্থবিধা হয়, তারা জনদের দরে পাট কেনে। ভরাং আজকের দিনে পার্টের ক্ষেত্রে ঐ ডিমাণ্ড এণ্ড সাপ্লাই এর যে পুরানো থিয়োরি, যার কথা যে মাঝে প্রাফুল্লবাবু বলেন যে যেহেতু চাল বাজারে নেই, চালের সাংঘাতিক ঘাটতি—সেই পুরানো আন্ত্র প্রাপ্ত সাপ্লাইএর থিয়োরি আজকে মনোপলির যুগে অচল হয়ে গিয়েছে। আজকে যারা মনোপলির ারবার করে, জাল ব্যবসা করে সেই জাল ব্যবসায়ী, তাদের থুশীমত বাজার চলে। তারা যদি বাজার থেকে ব যায় তাহলে দরিদ চাষীর ঘর থেকে পাট খুব নামমাত্র দামে বেরিয়ে যায় এই হচ্ছে আমাদের অভিক্রতা ট হচ্চে বাংলাদেশের সাধারণ অর্থনীতিবিদদের অভিজ্ঞতা। ইণ্ডিয়ান জুট মিল এটাসোসিয়েশন এই কর দ্ধির প্রতিবাদ করেছে বটে কিন্তু তারা এই কর উশুল করার কারদ। হিসাবে সাধারণ মা**ন্থাবের উপর এক**ট্ বয়ে মোচড দেবে, তারা বাজার থেকে দরে দাঁড়িয়ে এক মাদ, তু মাদ পাট কেনা বন্ধ রাখবে বার চাপ <sub>াধারণ</sub> পাট চাষীর উপর গিয়ে পড়বে, এই হচ্ছে এক নম্বর কথা। হুই নম্বর কথা হচ্ছে **জুট গুড়স্ এর দাম** ্রুড় যাবে, সে থলে, স্কুতুলি, দড়ি থেকে আরম্ভ করে বা র'মেটিরিয়ালস হিসাবে যে সমস্ত কাজ কারবারে াগে, যে সব পণোর ক্ষেত্রে লাগে, সেই সবের দাম বাড়িয়ে দেবে। যে সমস্ত জুট গুড়স বা ্মটিরিয়ালস হিসাবে যে সব পণ্যের ক্ষেত্রে বাবহৃত হবে তার দাম বেড়ে যাবার সম্ভাবনা ১৬ **আনা আছে।** ার মানে সেটাই আবার সাধারণ মামুষের জীবনকে ভারাক্রাস্ত করে তুলতে। যেমন ধরুন অন্ত কোন দাহরণ বাদই দিলাম আজকে কাঁচা জুটের উপর কুইণ্টল প্রতি ৫৮ পয়সা বা মণ প্রতি ২৪ পয়সার ত্ত্যে ট্যাক্স বসলে। তারজন্ম চটের দাম বেড়ে যাবে, বস্থার দাম বেড়ে যাবে, এবং বস্থা বোঝাই করা া যে সব পণো, সে চালই বলুন আর গমই বলুন, ডাল, চিনি যাবতীয় জিনিষ তার দাম বেড়ে ারে। এবং একেই বলা হয় যে ঘুরিয়ে ফিরিয়ে কনজিউমারদের উপর আলটিমেট বোঝা গিয়ে পড়ছে কে বলে ইন্ডাইরেক্ট ট্যাক্স এবং মাননীয় শৈলবাবু, তিনি অর্থমন্ত্রী, তিনি যে একথা জানেন না তা নয়, দন্ধ তিনি তার প্রারম্ভিক বস্তুতায় বল্লেন যে এটা মালটি মিলিওনিয়ারদের উপর ট্যাক্স বসানো হচ্চে াগরের মান্নবের উপর বসানো হচ্ছে না। কিন্তু এই মালটি মিলিওনিয়াররা কিভাবে এই ট্যাকসকে উন্নল বনে সাধারণ মামুষের উপর দিয়ে সেটা যে তিনি জানেন না যিঃ স্পীকার স্থার, আমি তা মনে করি না। nমাদের অর্থমন্ত্রীর বাবদার সঙ্গে অস্তত এক কালে যোগাযোগ ছিল মাাকলাউট কোম্পানীর সঙ্গে—কাঞ্জেই ্রনি বাবসার আট-ঘাট, প্রকাশ্য অপ্রকাশ্য সদর অন্তর সব কিছু ই জানেন—কিভাবে কাজ কারবার চালাতে া। স্বতরাং এই সমস্ত ক্লেনে শুনেও যখন তিনি কিছু বুঝতে চান না তখন বলতে হবে যে এটা ফ্রাকামি াজ আর কিছুই নয়। তার চেয়ে সরাসরি তিনি বলতে পারতেন যে আমি জানি এই ট্যা**ক্সের চাপ** ানাভাবে জনসাধারণের উপর আসবে। এইভাবে সহজ সরল ভাষায় বল্লে আমরা বুঝতে পারতাম। ভিল ডিফেন্সের নামে, ডিফেন্স কালীন বাজেট বা প্লান ইকনমিতে যাতে কোন রকম সমস্থা দেখা না দেয় ারছত্য টাকা নিশ্চয় দরকার—তারজত্য আমরা বার বার বলেছি যে আমদানি-রপ্তানির বাণিজ্ঞা সরকার হাতে ন্ন। আজকে অন্যের হাত দিয়ে তাঁদের বিদেশী মুদ্রা অর্জন করতে হচ্ছে--কিন্তু আজকে যদি এই ামলনি রপ্তানি বাণিজ্ঞাকে সরকার হাতে নেন তাহলে প্রচুর টাকা সরকারের হাতে আসবে এবং আপনাদের <sup>দ্রক্</sup>ন বাজেটের কোন ঘাটতি হবে না যে ডিফেন্স অরিয়েণ্টেড বাজেট তৈরী করবার কথা *হচ্ছে ভাতে*ও <sup>াট্</sup>তি হবে না। আপনারা চোরা টাকা ধরুন, আপনারা বড় লোকদের মুণের দিকে তাকিয়ে যেখানে <sup>মাপো</sup>ষে আয় করার রাস্তা নেন—যে আয় কর আপনারা আদায় করতে পারেন না দেটা বর্জন করুন। ্ৰ্টমিল ইত্যাদিকে জ্বাতীয় সম্পত্তিতে পরিণত করুন—সেই হিম্মত এবং সাহস আপনাদের কি আছে' <sup>ারাজে</sup>র বিরুদ্ধে তো অনেক কথাই বলেন—এই পাকিস্তান কাশ্মীর যুদ্ধের সময়—খখন বিদাতের <sup>শ্রম</sup>ণ্ডলিতে ভারতবর্ষের বিরুদ্ধে নানা বিষোদ্যার করতে আরম্ভ করলো—ইংরাক্ত যথন *কলকাঠি* নাডতে <sup>মারু</sup>ষ্ট করলো তথন তাদের বিরুদ্ধে আপনারা তো বহু কথা বলেছেন—কিন্তু হিম্মত আছে কি শৈলবাবুর <sup>াং</sup> তার সরকারের এই সমস্ত চটকলগুলি জাতীয় সম্পত্তিতে পরিণত করা। সেই ছিম্মত নেই বলেই **আক্ত**ৰ <sup>শাবনা</sup> দেখতে পাচ্ছি—যে সেথানে এমন জিনিষের উপর আপনাদের সিভিল ডিফেন্সের নামে—সে সিভিল <sup>ভ্রেক</sup> হোক, আর ক্যাশক্রাল ভিফেক্স হোক—তার নামে সাধারণ মান্তবের উপর অধিকতর ট্যাক্সের <sup>্রার</sup> চাপিয়ে দেবার চেষ্টা হচ্ছে। দ**িট্র**ভঙ্গির কথা স্পীকার স্থার, আমি আগেই বলেছি এবং একথাটা <sup>পষ্টভাবে</sup> আপনার কাছে বলছি, উদ্দেশুটা বলছি যে আমরা মনে করি যে দেশ রক্ষা এবং দেশ গঠন এটা

একটা কাজেরই তুটো দিব।

আমরা দেখতে পেয়েছি দেশ গঠনের ক্ষেত্রে এই সমন্ত কুট মিল্স এ্যাসোসিয়েশন 
যারা মালটি মিলিওনিয়ার বা ঐ ধরনের যারা বড় বড় শিক্ষপতি তারা বার বার দেশ গঠনের পথে বাধার
ফুট্টি করেছে এবং আজকে যথন দেশ রক্ষার প্রেশ্ন বড় হয়ে উঠেছে তথনও তারা বার বার বাধা স্থাই করে যাছে
নানাভাবে । অথক দেশ গঠনের নামে, দেশ রক্ষার নামে এরা তাদের হাতে পায়ে ধরছেন, তোষামোদ
কর্মচেন এবং তাদের স্থাবকতা করেছেন এবং এই সমন্ত বড় লোকদের পিছনে পিছনে ঘুরে বেড়াছেন এই
সমন্ত মন্ত্রীর দল । অথচ তারাই আয় কর ফাঁকি দিছে—
ফু তিনটি থাতা রাথছে সেলস ট্যাক্স ফাঁকি
দেবার কল্প এবং রিভিন্ন ধরণের আয়কে গোপন রাথবার কল্প—এইভাবে তারা কালো টাকার কুমীর হয়
বলে আছে এবং দেশ কুড়ে তারা সর্বনাশ ভাকছেন । কিন্তু তাদেরই চারিদিকে আমাদের মন্ত্রীরা ঘুরে
বেড়াছেনে এবং এই রকম ধরণের ট্যাক্স আনবার ব্যবস্থা করছেন । মূল নীতির দিক থেকে আমি এই
ট্যাক্সের বিরোধীতা করছি এবং শেষ কালে আর একটা আপীল করছি যে পাট চারীদের যদি বাঁচাবার ইছঃ
থাকে তাহলে তার একটা ফেয়ার প্রাইস বেঁধে দেওয়া দরকার এবং সেটা গ্যারান্টি করা দরকার—তা না
করলে তারা আণ্ডার ভ্যালু করে এই সমন্ত পাটের দাম কমিয়ে দেবে । এটা যদি করেন তাহলে অন্তও একটা
ভাল কাজ করবেন । আশা করি এটা উনি করবেন কিনা ওঁর জবাবের সম্য উত্তরটা দেবেন।

[3-3-10 p.m.]

# Shri Sankardas Banerji:

মি: স্পীকার স্থার, আমি এই বিলের প্রতি সম্পূর্ণ সমর্থন জানাচ্ছি। এই ষ্টেটমেন্ট অব অবজেক্ট্রস এও রিজনসে পরিজার বলে দেওয়া হয়েছে যে কেন এই ট্যাক্স বসানো হচ্ছে। তাতে বলা হচ্ছে যে ইমারজেন্সি এবং সিভিন্স ডিফেন্সের জন্ম টাকা দরকার। আমাদের বিরোধী বন্ধরা কি অস্বীকার করেন যে টাকার দরকার নেই। যদি তাঁরা আজ্ঞকে বলতে পারতেন যে বিনা কারণে ট্যাক্স বসানো হচ্ছে অর্থের কোন আবস্তুত নেই ভাহলে আমি তাঁদের বলতাম যে ঠিকই তাঁরা বলছেন। কিন্তু আজকে আমরা ইমার্জেন্সির সম্মুখন যারা আমাদের দেশের আয় ব্যয় বরাদের কথা জানেন তারা একথা অস্বীকার করতে পারবেন যে টাক্য একান্ত অবশ্রুক। যদি এই সমস্ত ট্যাকুস না করা হয় তাহলে সমস্ত জনহিতকর কার্য বন্ধ হয়ে যাবে। আমার বিরোধী পক্ষের বন্ধুরা সবই চান-কিন্ধ কোথা থেকে যে টাকা আসবে সে কথাটা একবারও ভেবে দেখেন না। কথা হচ্ছে কোর্থ ফাইব ইয়ার প্লান যা তৈরী হচ্ছে আমি এই হাউদের মেম্বারদের জানাতে চাই এই সেটা স্পষ্ট করে মেম্বারদের জানিয়ে দেওয়া হয়েছে যে কেন্দ্রীয় সরকার থেকে বিশেষ কিছু টাকা আসং না—হয় আপনাদের কাজ বন্ধ করে দিতে হবে না হয় টাকা তুলতে হবে। কাজেই মন্ত্রী মহাশয় হে টাকা তুলছেন সেটা আমি সমর্থন করি। আজকে ইনকাম ট্যাক্স এ্যামুয়িটি প্রতিটি জায়গায় কেন্দ্রী সরকার ট্যাকস বাড়াচ্চেন। কারণ আজকে দেশ চলবে ন। ট্যাক্স না বাড়ালে। আজকে পশ্চিমবঙ্গ সরকারে ছাতে টাকা নেই এবং টাকা পাবারও কোন সম্ভাবনা নেই। এই কারণে তারা ট্যাকস ধার্য করছেন। ৫৮ নয়া পয়সা ট্যাকস নিশ্চয় কোন একটা হিসাব মন্ত্রী মহাশায় করেছেন—নরিত্র জনসাধারণের সঙ্গে এর <sup>কি</sup> সম্পর্ক তা আমি বঝতে পারলাম না। আমি একটা জিনিষ বলি—আমি নদীয়া থেকে আসি—আমি গ্রন্থি বছর দেখাজেপাছিছ যে পাটের চার উত্তরোজ্য বেডে যাচেছ মোটেই কমছে না। তাই আমি যাদের সং পরিচিত য'ারা চাষ করে খান সেই দরিত্র কৃষকদের সঙ্গে আলোচনা করে আমি বার বার বলেছি যে তো<sup>মরা</sup> পাটের চাষ করো—কিছু বেশী করে ধানের চাষও বাড়াও, তাতে তোমাদের ভবিষ্যতে ভাল হবে। আৰি ভাদের কথনও বোঝাতে পারি নি যে পাটের চাষ আরো কম করা উচিত। আমার বন্ধু যিনি ওথানে <sup>ব্যু</sup> মুখ চিপে টিপে হাসছেন তিনি কি অস্বীকার করতে পারেন যে আমি যে কথা বলছি সেটা ঠিক নয়, পার্টের চাৰ উত্তরোক্তর বেড়ে যাচ্ছে এবং লোকে প্রচুর অর্থ করছে। তারজন্ত বদি ট্যাকস বসান হয়ে থাকে তাহনে আমি বলবো উপযুক্ত কান্ত হয়েছে এবং দেশের নিরাপত্তা ও মঙ্গলের জন্ম যে ট্যাক্স বদান হয়েছে আমি ভা 🗪 অর্থমন্ত্রীকে অভিনন্দিত কর্মছ এই কারণে যে ভিনি মনের জোরে এগিয়ে এনে এনব ট্যাকস বসান।

# Shri Panchu Gopal Bhaduri:

মিঃ স্পীকার স্থার, দেশরক্ষার জন্ম ট্যাক্স করতে হবে, টাকার দরকার আছে এ সম্পর্কে সরকার পক<sup>্রম</sup> বিরোধী পক্ষ এক্ষাত। কিন্তু খুব ভাল হত যদি দেশরকার প্রয়োজনে যে ৯ কোটি টাকা তুলতে <sup>হুব</sup> তারজন্ম কোন কোন বিষয়ে ট্যাক্স বসান উচিভ, কোন বিষয়ে ট্যাক্স বসালে জনগণের উপর আবাভ করা <u>দ্বে না অথচ ৯ কোটি টাকা পাওয়া বাবে এ সম্পর্কে বদি বিরোধী দলকে কনফিডেন্স-এ নেওয়া হন্ত আমার</u> বিশাস ৯ কোটি টাকার ব্যবস্থা করা এ রাজ্যে অসম্ভব নয়, এ অবস্থায় আমরা মনে করতে পারতাম দশরক্ষার নামে যে ট্যাক্সেসন এটা দেশরক্ষার নামে ব্ল্যাক সেল নয়। আপনি জ'নেন যে একজন nসিক্যাল ডিপ্লোম্যাক সেরিকাণ্ডেলি বলেছিলেন যে স্মল ওয়ার হলে শাসকদের স্থাবিধা হয়। একটা স্মল ওয়ারের নামে দেশরক্ষার নামে জনগণকে দিয়ে অনেক কিছু করিয়ে নেওয়া হয় অনেক কিছু নিপীড়নমূ**ল**ক গদ্ধ করিয়া নেওয়া হয়। খুব সম্প্রতি পাক ভারত যুদ্ধ হয়ে গেছে। এখনও সীমান্তে গুলি গোলা চলছে গ্যবার লড়াই হবে কিনা এ সম্পর্কে কেউ কিছু বলতে পারে না এ অবস্থায় পৃ'জ্বিবাদী শ্রেণীর পক্ষ থেকে ন্দাবারণকে যদি আঘাত করা না হয় ভাহলে সেটাই বাঞ্নীয়। শঙ্করদাস বস্তুর পূ'জিপতিরাই ক্লায়েন্ট াদের ব্রিভ্ নিয়ে বলতে এসেছেন এবং চিরকালই তাঁদের তরফ থেকে বলেন এবং আজকে যিনি অর্থমন্ত্রী ক্ষকালে তিনি পু'জ্বিবাদী শ্রেণীর সঙ্গে সংশ্লিট ছিলেন তাঁদের কথা যে তিনি বলবেন না এটা বিচিত্র নয়, eব্ধ গভর্ণমেন্টের এর পলিসি একটা যুঙ্কের পরিস্থিতিতে—সম্প্রতি যুঙ্কের বিরতি হয়েছে এখনও যুঙ্কের শাস্তি য় নি সে যুক্ষের পরিস্থিতিতে আমাদের যদি ট্যাক্সেসন এর কথা ভাবতে হয় তাহলে উচিত হচ্ছে গভর্ণমেনট বং বিরোধীপক্ষ এক সঙ্গে বসে ২ পক্ষের মনমত ট্যাক্স ধাণ্য করলে কোন বিরোধীতাই হয় না। কিন্তু য় ভাবে এ সমস্ত বিল এক তরফাভাবে আনা হয়েছে এবং বিলগুলিকে কার্য্যকরী করা হলে জনগণের উপর ্। ভাবে আঘাত করবে সেদিক থেকে দৃষ্টি আকর্ষণ করা খুব দরকার। আজকে কাঁচা পার্টের উপর ট্যাক্স ধার্য রা হল। আমি স্মরণ করছি এ হাউদের একজন প্রলোকগত মন্ত্রী ছিলেন গ্রীক্ষক স সন্তার তাঁকে নানা ম কায়দা করে নির্বাচনে হারান হয়েছিল অন্ত একজন প্রার্থী দাঁড় করিয়ে এবং তাঁর মাথা ভুলুষ্ঠিত করা গ্রছিল। তিনি পাটকল মালিকদের বিরুদ্ধে পাট চাষীদেব সমর্থন করে একদিন বড় বড় কথা বলেছিলেন। ামি জানি তার জন্ম বিড়লাজী চটে গেলেন, যে বিড়লাজী ধমক দিলে এই মন্ত্রীসভা কেঁপে ওঠে। কাজেই ই কাঁচা পাটের উপর ট্যাক্স এটা কালের উপর গিয়ে পড়ার অর্থাৎ চট কলের মালিকদের উপর যে পড়বে অবাত্তব কথা বিশাস করতে আমি প্রস্তুত নই। এটা শিকটেড হবে পাট চাষী এবং সাধারণ র্জিউমারদের উপর।

# 10--3 20 p.m.]

রনাস নাবু—যে বৃদ্ধিতে ক্লায়েন্টদের হয়ে ব্যারিপ্রারী করেন বোধ হয় সে বৃদ্ধি তাঁর ছিল না। আমাদের শে পাটের উপর ট্যাক্স ধার্য্য করা হল, বহু জমিতে পাটের চাষ হচ্ছে আর দরকার নেই কিন্ধু এ বছরই ইলাাও থেকে পাট কেনা হয়েছে কারণ পাট পর্যাপ্ত পরিমাণ হয় নি এবং পাকিস্থান থেকে পাট আনা ব নয়। সেজত ধাইল্যাপ্ত থেকে পাট কেনা হয়েছে। পাট চাষীদের পক্ষে এ ক্ষেত্রে কোন রকম দইনসেনটিভ্ ক্রিয়েট করলে সেটা অত্যায় হবে এবং পাট চাষীর যে বিরাট আয় বিদেশ থেকে ভলার আর্নিং সে তাতে ক্ষতি হবে। কাজেই এদিক থেকে তাঁর যুক্তি অসার। আমি এ কথা হাউদের সামনে হিসাবে হতে চাই। কাঁচা পাটের উপর যে ট্যাক্স নির্দ্ধারিত হয়েছে সেটা নিশ্চরই অত্যায় যুদ্ধের প্রয়োজনের প্রেক চাই। কাঁচা পাটের উপর যে ট্যাক্স নির্দ্ধারিত হয়েছে সেটা নিশ্চরই অত্যায় যুদ্ধের প্রয়োজনের প্রথকে যেটুকু—সাহায্য করা পাটচাষী এবং সাধারণ লোককে হিট্ করে তাতে দেশের সমভাবের উপর ক্রগানি আঘাত করে। কাজেই এটা কতথানি পেটিরটিক এবং কতথানি আনপেটিরটিক যদি নাম্লকভাবে হিসাব করি তাহলে দেখা যাবে আনপেটিরটিকর দিক্তেই ব্যাপেন্স বেশী। স্ক্তরাং সে থেকে এ ধরণের ট্যাক্স এর আমরা নিশ্রেই বিরোধিতা করেনে। যদিও দেশ রক্ষার সমস্তার ক্রেল এ ট্যাক্স করা উচিত। কিন্তু তবুও এক্ষপ ধরণের ট্যাক্স এর বিরোধী। সেজত সরকার পক্ষকে রোধ করবে। তারা বিরোধী পক্ষের সক্ষে আলোচনা করে তুই পক্ষের ৭ক্ষ গ্রহণযোগ্য বে সমস্তার বিরাধী পক্ষের সক্ষে আলোচনা করে তুই পক্ষের ৭ক্ষ গ্রহণযোগ্য বে সমস্তা ট্যাক্স

# Shri Bhakti Bhusan Mandal:

<sup>নীয়</sup> স্পীকার মহাশয় এর আগে বাজেটের সময় শৈলবাবু অনেক কথা বলেছিলেন। কালকে বেদব কথা <sup>|হরে</sup>ছে আজকে তিনি বে কথা বলছেন সে কথা স<del>য়য়ে</del> আমি আর একবার ভেবে দেখতে বলি। তিনি

ফাইন্যান্স মিনিষ্টার হিসাবে নিশ্চয়ই জানেন ইনসিডেন্স অফ ট্যাক্সেসন এই যে টাকা তুলতে হবে ৫৮ পয়স পার কুইনটল যেটা কারা আলটিমেটলি বিয়ার করবে। অর্থাৎ এটা গরীব চাষীরা কেয়ার করবে না জ্বট মিল্য এসোসিয়েশন বিচার করবে সেটা কি ভেবে দেখেছেন ? আমার মনে হয় তিনি যদি ভেবে দেখে থাকেন তাহলেৎ গভীরভাবে ভাবেননি। কারণ আলটিমেটলি এই যে ট্যাকস এ ট্যাকস-এর জন্য চুটা ক্লাসেস অফ পিপন সাফার করবে। একটা হচ্চে যারা জট ব্রোকার তারা সাফার করবে এবং আর একটা হচ্চে যে সমস্ত গরীং <del>মাছুর যার। জুট প্রোডাক্ট জুট গুড় স</del> ব্যবহার করে তারা সাফার করবে। কিন্তু জুট মিলওনার এসোসিয়েশন তারা কোনদিন সাফার করবে না কারণ তারা দাম এদিক দিয়ে নাহলেও ওদিক দিয়ে বাড়িয়ে **(मर्स्ट ) | प्याभात मत्न इ**स धुरे त्य है।।कम कत्रा इत्सर्ह धु है।।कम कत्रात <del>प्रमा मद्दाहर दमी भत्री</del>दता माकात कत्रत একটা কথা তিনি বলেছেন এমার্জেন্সী এর জন্ম প্লানিং-এর জন্ম এসব টাকা চাই। অতএব টাকা কোথ থেকে পাব এমার্জেন্সী-এর জন্ম দরকার আমাদের দিভিল ডিফেন্স, এই দিভিল ডিফেন্স এর জন্ম কত টাক খরচ হচ্ছে। সিভিল ডিফেন্স এর অবস্থা আমরা দেখেছি যে সাইরেন বাজার সময় সেটা বন্ধ হয়ে যায়। তারপর সিভিল ডিফেন্স এর নামে এরপ কতকগুলি লোককে রাগা হয়েছে যাদের না রাথলেই সিভিল ডিফেন্স ভাল হত। শঙ্করদাসবাব বললেন যে আমি যদি ফিন্যান্স মিনিপ্তার থাকতাম তাহলে আরো ট্যাকস করতাম। অবশ্র আমাদের বক্তবা হচ্ছে তিনি বোধ হয় সেজন্য ফিন্যান্স মিনিষ্টার নেই বা আর বা অন কোন বিশেষ কারণে থাকেননি। আমরা এই কথা বলছি যে বিলাতী মদের উপর যদি আরও বেশী ট্যাক্স **করা হত, তাহলে ক্ষ**তি কি হবে ? তাতে আমাদের দেশে বরং রেভেনিউটা বাজবে।

# Shri Sankardas Banerji:

বি**লাতী মদ, দেশী মদ, স**বের উপর ট্যাক্স থাকা উচিত।

#### Shri Bhakti Bhusan Mandal:

আমরা দেশী মদ ছেড়ে দিতে বলছি। আমি দেদিন বক্তুতায় বলেছিলাম দেশী মদের উপর ট্যাক্স তুলে নেবার জন্ম। কারণ ঐগুলি গরীব লোকে থায়, বিলাতী মদ এবং যেটা বেশী দামী মদ, তার উপর ট্যাক্স বিসিয়ে, আরও বেশী টাকা নেওয়া হোক, কারণ ঐগুলি বড় লোক, উকিল, ব্যারিষ্টার তারা থান। কাজেই আমি বলছি, এই রকম অপদার্থ বাংলাদেশের, যিনি আমাদের ফাইনান্স মিনিষ্টার ছিলেন, এথন আমবা তা ব্যছি। এথন কথা হচ্ছে যে টাকাটা কোথা থেকে আসবে। এই টাকা আসার অনেক গুলি সোস আছে: এবং সেট। শৈলবাবুকে বাজেটের সময় বলেছি, কিন্তু সেইভাবে, ট্যাক্স ধার্য উনি করেন না যেমন বলেছি লাাক্সারি গুড়স-এর উপরে আরও বেশী করে ট্যাক্স করন তাতে আমাদের আপত্তি নেই। তা, তিনি করতে রাজী নন। কনজিউমার গুড়স, এর মধ্যে যেগুলি অভান্ত নেসোরী, সেগুলির উপর ট্যাক্স করার জন্মই, আমরা এর বিরোধিতা করছি। কারণ আমরা জানি তাতে গরীব লোক হার্ড হিট হয়। আপনার। যেভাবে, দিনের পর দিন, ট্যাক্স বাড়িয়ে চলেছেন, তাতে আমার একটা কথা মনে পড়ছে ষ্ট্যাম্প, ফাইনান্স মিনিষ্টার এর লেথা আছে, ইংলণ্ডে ট্যাক্স বাড়তে বাড়তে এমন অবস্থা হল, যে যেথানে ট্যাক্স অন দি স্লারটিং মাইল অফ এ লেভী, তার উপরও কর হল। হয়ত সেইরকম কিছুদিন পরে আমাদের দেশেও আবার দেখা যাবে যে মেয়েরা হাসছে, তার উপরেও বোধ হয় শৈলবাবু ট্যাক্স করবেন। যেকথা ষ্ট্যাম্প সাহেব অনেকদিন আগে ইংল্ওে বলেছিলেন আমাদের বাংলাদেশের অবস্থাও তাই হয়ে আসছে।

কিন্তু আমি বলতে চাই আমাদের ফাইনান্স মিনিটার সেইরকম লোকই হবেন যাঁর লক্ষ্য থাক্বে গরীব জনসাধান্তবের দিকে, যাতে তারা হার্ড হিট না হয়। শঙ্করদাসবাবু কালকে এথানে দাড়িরে বলেছিলেন—বেটিং ট্যাক্স হলে আমিত বেঁচে যাই। আমরাও চাই বেটিং ট্যাক্স বাড়ুক। উনিত সব জায়গায় বনে সবই করতে পারেন। আমাদের বীরভ্ম জেলাতে গেলেন ওকালতি করতে, সেধানে চাবিটা কেলে এলেন, রেভিনিউ ভিপার্টমেন্ট থেকে ট্রান্ধকল হল, যে একটা পিয়ন দিয়ে চাবিটা পার্টিয়ে দিন। শক্রদাসবাবু সম্বদ্ধে অনেক কিছু কুক্ম আমাদের জানা আছে। উনি কয়েকদিন আগে গিয়েছিলেন শিউড়িতে, সেধানে তিনি সারকিউট হাউস-এ কিভাবে ছিলেন হা অনেকের জানা আছে। কাছেই

এইরক্ষ কুকর্ম দিনি করেন, গরীবের উপর আর বেশী ট্যাক্স করতে যিনি চান, তাঁর পক্ষে, গভর্গমেন্টকে ইন জ্ঞানি ভিউ অফ দি মাটির-এ সাপোর্ট করা ছাড়া আর উপায় কি থাকবে ? কান্তেই আন্ধকে সেই শেক্ত কটা বানরের মত, উনি চীংকার করে বলছেন—আমি হলে আরও বেশী ট্যাক্স করতাম। এটা অত্যন্ত লক্ষার কথা। সেইজন্ম আমি বলছি এই বে ইনসিডেন্স অফ ট্যাক্সেন,—এর দ্বারা গরীব লোকরা অত্যন্ত হার্ড হিট হবে। অতএব আপনি এ সম্বন্ধে আর একটু গভীরভাবে চিন্তা করে দেখুন। আমরা মনে করি এই টাক্সটা না করাই উচিত। আমি এর তীত্র বিরোধিতা করছি।

# Shri Haridas Chakravarty:

মিঃ স্পীকার স্থার, কালুকে এবং তার আগের দিন থেকে দের্গ ছি পর পর কর বৃদ্ধি কর। সরকারের নীতি হয়েছে এবং এই কর বৃদ্ধি করবার ন্ধনা যথনই তারা বিল নিয়ে আসেন, সঙ্গে সঙ্গে বলতে থাকেন, দেশে ভ্রুকরী অবস্থা রয়েছে, দেশ রক্ষার জনা, ডিফেন্স পোটেনসিয়াল বাড়াবার জন্য আমাদের আরও অর্থের প্রয়োজন। গতকাল বললেন ডিফেন্স ওরিয়েন্ট প্রাান আমাদের হছেে। কালকে এ বিষয় নিয়ে আলোচনা হয়েছে। বিধান সভায় আজকে সেই একই কথা বলছি যে দেশ রক্ষার জনা যে অর্থ সংস্থান করা দরকার, সেই অর্থ সংস্থান করার পক্ষে আমরা আছি। কিন্তু সেই অর্থ সংস্থান কি ভাবে হবে তা নিয়ে গভর্গমেনট ও আমাদের সঙ্গে মতভেদ আছে। যে কারণে বারবার আপনারা টাাক্স বাড়াবার জন্য যে বিল আনেন তার বিরোধিতা আমাদের করতে হছেে। একমাত্র শবরদাস বাবু ছাড়া আর কেউ এ কথা বলতে পারেন না। এ টাাক্স কোথা থেকে এলো, গরীব মান্ত্রের পকেট থেকে এলো কি না এলো সেটা দেখার ওর দরকার করে না। কারণ, উনি বিধান সভায় বক্তৃ তা করেন, এটা জানাবার জত্যে যে তিনি এককালে অর্থমন্ত্রী ছিলেন, এবং ভবিষ্যতে আবার হওয়ার একটা লোভ প্রকাশ করে ফেললেন। জানিনা, তার সম্ভাবনা আছে কিনা! যাইহাক আমি এই কথা বলতে চাচ্ছি যে, আপনি এই 'র' জুট্-এর উপর যে টাকেসসন বিলটি আনলেন, এটা আলটিমেটলি প্রোডিউদার যাবা, গরীব চাষী, তাদের উপর বিয়ে চাপ্রে।

[3-20-3-30 p.m.]

গরীব পাটচাষীদের বাধা করা হবে ট্যাক্স বাদ বিক্রী করতে এবং এই ভাবে চটকলের মালিকরা লাভবান হবে।

গটিশ মালিকরা কোটা কোটা টাকার বাবসা করছে, মুনাফা লুটছে, টাকা বিলেতে পাঠাছে। তাদের
কাছ থেকে ৫০ পারসেন্ট বাধাতামূলক ট্যাক্স বাড়িয়ে ডিফেন্স ফাণ্ড-এর জন্ম টাকা নিন। তা তো আপনারা
করবেন না। মাকলিয়ড় কোম্পানী থেকে আরম্ভ করে আরো যে সব বিরাট বিরাট কোম্পানী
আছে, তাদের গায় তো হাত দিতে পারেন না! আমাদের অর্থমন্ত্রী এক সময় এই মাকলিয়ড কোম্পানীর
সঙ্গে জড়িত ছিলেন। আর শহরদাস বাব্র মত কিছু লোকের যারা ঐ বড় বড় কেসে সমস্ত বিশেতী
কোম্পানীর মালিকদের ব্রীফ্ নিয়ে হাইকোট থেকে বেশ কিছু ত্-পয়্রসা কামাতে পারে তার বাবস্থা করে
রাথছিল এর বারা যাদের দেওয়ার ক্ষমতা আছে দোজ হু হাতে এবিলিটি টু পে, তাদের জন্ম টাকেসেনন
বিল আনছেন না। কেবল দেশ রক্ষার নামে স্বড়স্বড়ি দিয়ে সাধারণ মাম্বকে ভুল বোঝান হছে যে
আমরা দেশরক্ষার নামে এই ট্যাক্স করছি। বিধান সভায় মঙ্গীদের বর গুলোর এয়ার কণ্ডিশন করার জন্ম তারা
ক্ষম লক্ষ টাকা থরচ করছেন, প্রাইম মিনিষ্টারের সন্দরের জন্ম লক্ষ টকা থরচ করছেন। তাদের
বিলাস বাাসনের জন্মও প্রচুর টাকা থরচ করছেন। তার মধ্যে বিন্দুমাত্র তো এমার্জেন্সির চিহ্ন দেখা যাছেন, আদলে
তাদের সে মনোভাব নাই। এরা দেশরক্ষার নামাবলী গায়ে দিয়ে এমার্জেন্সর নাম নিয়ে এই ভাওতা দিছেন।

ছ'মানের মধ্যে বিধান সভা ভাকার প্রয়োজন বোধ করলেন না বারবার করে বলা সত্ত্বেও গত করেকলিন হলো অধিবেশন ভেকেছেন—এই রকম কতকগুলি বিল পাশ করিয়ে নেবেন বলে। শাধারণ মাছ্মবের ক্ষুধার অন্ন দেবার বাবস্থা নাই। যাকে বলে ভাত দেবার কেউ না কিল্মারার গোঁসাই। অধচ দেই ক্ষ্ধাত লোকের উপর এই ট্যাক্স করছেন। এর সমন্ত প্রেসারটা ধাক্কাটা গিয়ে পড়ছে শাধারণ মাছ্মবের উপর। আপনারা মূল প্রেমাটা এড়িয়ে গিয়ে কতকগুলি পরিসংখ্যাণ বা ট্যাটিস্টিকস্

দিলে আমাদের বিশ্রান্ত করবার চেপ্টা চরছেন। দেশরক্ষার জন্ত অর্থ সংস্থান করতে হবে ঠিক কথা। কিছ তার পছা কী এই ? আপনারা বড়লোকদের গারে হাড দেবেন না—দেগী হচ্ছে গিরে আপনাদের মৃলগত নীতি। আপনি একথা পরিস্কার করে আমাদের বোঝাতে পারেননি যে এই বিল বা আগের যে বিল আনলেন তা সাধারণভাবে এসে সাধারণ মাছবের ঘাড়ে চাপবে না। তা আপনি বলতে পারলেন না। কালকে একটা উন্টো পরিসংখ্যান দিয়ে বুর্নীয়ে দিলেন যে এক নম্নাপর্যা 5 বার বড়লোক, গাড়ী চড়েন, প্রাইভেট্ গাড়ীর মালিক তাবের উপর ট্যাক্স করছেন। আজকে ও সেই স্বরে গান আপনি গাইলেন। এখন থার্ড রিভিং-এর আলোচনা হচ্ছে কি আর বলবো আপনাকে! আপনাকে ধিকার দিছি, কেবিনেটকে ধিকার দিছি। আজ এমার্জেন্সির স্থাগে নিয়ে, দেশরক্ষার নাম করে সাধারণ মান্তবের উপর এই কর ধাণ্য করছেন, এই ট্যাকস-এর বোঝা চাপিয়ে দিছেন। ধিকার আপনাদের।

# Shri Sailendra Nath Adhikary:

মাননীয় স্পীকার মহোদয়, এই যে বিলটা পাস হয়ে গিয়ে এখন এটা ষ্ট্রাটিউট বুক-এ এণ্টি ু হবার অপেক্ষা করছে মেজরিটি ভোটের জোরে এটা সম্ভব হলো। কিন্তু আমি এখানে মাননীয় অর্থমন্ত্রীর কাছে কয়েকটি কথা রাখতে চাই। প্রথম কথা হচ্ছে যে প্রতিরক্ষা বিষয়ে ওঁরা খুব সচেতন এবং ওঁদের ধারণা ওরা ছাড়া বোধহয় বাংলা দেশে আর কেউ সচেতন নাই। তার জন্ম উনি বারবার করে দেই প্রতিরক্ষার কথা শোনাচ্ছেন। প্রতিরক্ষার জন্ম তাদের যদি বিন্দমাত্র আগ্রহ থাকতো তাহলে প্রতিরক্ষার যে মূল কথা কমন পিপাল তাদের যোৱালটা হাই আপ করার জন্ম য। কিছু করণীয় সেটা করতেন ; সেই জায়গায় কিছু অর্থমন্ত্রী অগ্রাসর হচ্ছেন না। তিনি এমনভাবে ট্যাকসেসন করছেন যে ট্যাকসেসন শেষ পর্যান্ত প্রতিরক্ষাব্রের বল ওয়ার্ক এপেন্ট আগ্রেশান তৈরী করবে যারা সেই সাধারণ মাতুষের চাষী-মজ্জর মধ্যবিজ্ঞের ঘাড়ে গিয়ে ফেলে দিচ্ছেন। অথচ তিনি আমাদের প্রতিরক্ষার কথা গুনাচ্ছেন। স্যার আমি আপনাকে বলতে চাই আমাদের শৈল বাবু বলেছেন যে আমরা বড় লোকদের উপরে ট্যাকস বসাচ্চি। আপনি এই জ্বটের উপর যে ট্যাক্স বসাচ্ছেন তাতে আপনি কিছ টাকা একদপেকট করছেন, খব ভাল কথা। কিন্তু আমি আপনাকে বলতে চাই যে কথা আমি বহুবার এখানে বলেছি সে কথা হচ্ছে আপনার প্রতিরক্ষার জন্ম টাকার দরকার তবে আপনি জটকলগুলি ন্যাশানালাইজ করছেন না কেন? এই জটকলগুলিতে প্রচর বুটিশের অর্থ খাটছে। দেশীয় মূলধনের দক্ষে আঁতাত করে বুটিশ মূলধন খাটছে দেগুলি আপনারা ন্যাশানালাইজ করছেন না কেন। এর আগে আপনি তো বুটিশদের সম্বন্ধে অনেক কথাই বলেছিলেন এবং আমাদের মধ্যমন্ত্রী আকাশ ফাটিয়ে দিয়েছিলেন জটকলগুলি যদি ন্যাশানালাইজ করতেন তাহলে আপনাদের টাকার অভাব হত না। দ্বিতীয় কথা যেটা আমি বলতে চাই যে এর আগে আপনারা আমাদের চাপে পড়ে জ্বটের ফ্লোর প্রাইজ বেঁধে দিয়েছিলেন। তথন কি হয়েছিল দেটা শৈল বাবু কি থবর রাখেন ? তথন ৩০ টাকা করে সর্বনিম্ন দর বেধে দেওয়া হয়েছিল কিন্তু জুটকলের মালিকরা কি করও তারা ২৬/২৭ টাকা করে জুট কিনত কিন্তু ভাউচার দিত ৩০ টাকা করে। তথন আপনারা তাদের কি প্রটেকশান দিয়েছিলেন। জুটকলের মিল মালিকরা আগে তাদের কাছ থেকে তিন টাকা করে নিয়ে নিত তারপরে ৩০ টাকা করে তানের ভাউচার দিত। এর ফলে তারা চাবীদের ফাঁকি দিত, সরকারকে ফাঁকি দিত এবং ইনকামট্যাদক ফাঁকি দিত। অথচ এটা আপনারা জানতেন অথচ আপনারা তাদের কিছু করতে পারেন নি। তারা আপনাদের থোড়াই কেয়ার করে। কারণ তারা জানে আপনাদের ইলেকশানের সময় তারা এক কোটা দেড কোটা টাকা দেয় স্বতরাং আপনারা তাদের কিছুই করবেননা। আপনাদের প্রতিরক্ষা ব্যবস্থা জোরদার করতে হবে এটা কেউ অস্বীকার করেনা কিন্তু তার জন্ম যারা কালোবাজারি করে তাদের ধকন না শেখান থেকে তে। বহু টাকা পেয়ে বাবেন। কিন্তু আপনারা সে পথে বাবেন ना এवर षाप्रि **वा**नि कृष्टेकनश्चनि । ७ षाधनाता नामानानारेख कत्रत्वनना कात्रण वाता वितन्ती शृष्टित महन আতাঁত করে আমানের দেশীয় মূলধন খাচাঁতেছ তারা আপনাদেরই দলের লোক। স্বভরাং এনের গারে আপনারা হাত দেবেন না। আপনারা দেশরক্ষার নাম করে কেবল সাধারণ মাস্থবের উপর করতার চাপাবেন। সেক্ষ্য আমি এটার ভীত্র বিরোধীভা করচি।

[3-30-3-40 p.m.]

# Shri Saila Kumar Mukherjee:

মাননীয় স্পীকারমহাশয়, এট বিলের তৃতীয় প:ায়ের আলোচনায় যে যুক্তি দিয়েছেন তার উত্তর দিয়ে আমি আর পুনরারত্তি করতে চাইনা। যে কথা ওঁরা প্রথমে বলেছিলেন দেটা এখনও বলেছেন, ওঁরা ধান ভান্ধতে শিবের গীত গেয়েছেন। আমি থালি হুটো তথ্য দেবো। স্বাইত দেখলাম যে পাট চাষীদের ত্রথে কাতর। এই ট্যাক্সটা কি ভাবে কতথানি কাদের উপর পড়বে তা তথা দিয়ে বুঝিয়ে দিচিত। ১৯৪১ সালে ট্যাক্সের পরিমাণ ছিল ২ আনা, স্বাধীনতার পর সেটা ১৯৫৪ সালে বেড়ে হল ৪ আনা এবং আজ এই ১০ বছরের মধ্যে তার উপর কোন ট্যাক্স বাড়ান হয়নি। এই ট্যাক্সটা আলায় হয় ভট মিলওয়ালাদের কাছ থেকে এবং যারা বিলাতি কোম্পানী, শিপ করে, তাদের কাছ থেকে পাচের্জ চ্যাক্স আদায় হয় এবং তারা আপত্তি দিচ্ছে যে ওয়ালর্ড কমপিটিশনে আমাদের যে বহু বাইয়ার আছে তারা ঘাবড়ে যাবে কারণ এই ট্যাক্স থাকলে আমাদের বিক্রির দর বিশের বাজ্ঞারে বেডে যাবে এবং এট ভয় করছে জুট মিল ব্যবসায়ীরা। তাদের দে যুক্তি আমি কাটিয়ে দিয়েছি, কর্ণপাত করিনি অথচ তাঁবা বলেন যে আমরা নাকি মিল মালিকদের বন্ধু। ওঁরা ঐ একই যুক্তির অবভারণা করেন কোন বিদ আদলেই, অন্ত কোন যুক্তি শুনিনি। কিন্তু ঘটনাটা কি, ট্যাকদের পরিমান কতটা হতে পারে, ওঁলের মতে যদি চাধীদের উপর অপ্রতক্ষভাবে ট্যাক্সটা পড়ে তাহলে সেটা কত হবে ? না, ট্যাক্সটা পড়বে ৫৮ প্রসাপার কুইনটল যার মার্কেট প্রাইস হচ্ছে ১৬০ টাক। যেটা আদার হবে মিলের কাছ থেকে। অর্থাৎ ২।। মণ পাটে ৫৮ নয়া পয়দা পড়বে, অর্থাৎ এক মণ পাটে, ওঁদের কথাই যদি ধরা হয় ভাছলে চাষীদের ঘাড়ে পড়বে ২০ নয়া পয়সা, অথাৎ এক মণ পাটের দাম যদি হয় ৫০ টাকা ভাহলে ভার উপর টাাকস পড়ছে মাত্র ২০ নয়া পয়দা, অর্থাৎ ২॥ টাকায় ১ নয়া পয়দা ট্যাকস পড়ছে। যদি আজকে কোথায়ও কোন মিল মালিকের বাইয়ার পাট কিনতে যায় এবং সে যদি কম দাম বলে তাছলে গভণমেট অব ইণ্ডিয়ার যে বাফার ষ্টক অর্গানাইজেশন আচে দেখানে মাাক্সিমাম প্রাইস সাপোর্ট-এ চাষী পার্ট বিক্রি করতে পারবে। সে থবর কি আপনারা রাথেন १

( হট্ৰগোল )

# Shri Jiban Krishna Dey:

ভার, অন এ পরেণ্ট অব অর্ডার, উনি যে কথা বলছেন যে মাাকসিমাম গ্যারাটি দিয়েছেন সেট**্রাল** গভর্ণমেন্ট, কিন্তু আমরা দেখছি যে তা কার্যকরী হয়না, চাধীরা ১৫ টাকা দরে পাট বিক্রি করতে বাধ্য হয় এবং ডেপুটি কমিশনারকে বলেও তার কোন প্রতিকার হয়না।

#### Mr. Speaker:

এটা পয়েন্ট অব অর্ডার নয়, এটা পরে বললেই হতো।

# Shri Saila Kumar Mukherjee:

আমি ট্রাটিস্টিক্স দিয়ে বলছি এবং আপনাদের চ্যাদেঞ্জ করে বলছি বে গভর্গমেন্ট অব ইণ্ডিয়া প্রাইস ফিক্সড করে দিয়েছেন এবং ৩০ টাকার কম দর হলেই বাফার ইক অর্গানাইজেশন ম্যাক্সিমাম সাপোটে পাট কিনে নেবে। তারপর বে কথা আমি বলছিলাম যে ধক্ষন আমি মেনে নিচ্ছি ওঁদের যুক্তি যে চাষীর ঘাড়ে বোঝা পড়বে। কত পড়বে? না, ২॥ টাকায় এক পয়সা। কিন্তু তা পড়ছেনা। কেন ? কারণ বাংলার চাষী অত বোকা নয়, নির্বোধ নয়, তারা তাদের বার্থ ভাল রকম জানে, আপনাদের পলিটিকাল পাটির কথা আমরা জানি যে তারা কর্পিত করেনা এবং তার প্রমাণ আমি তথা দিয়ে দেখিয়ে দিছিছ। ১৯৪৭ সালে, বাধীনতার আলে বাংলাদেশে ২ লক্ষ ৬৬ হাজার একর জমিতে পাটের চাব হতো, আর আজারোজনের পাটচারী ১১ লক্ষ ৪৪ হাজার একর জমিতে গাটে চাবী ৪৭ সালের প্রক্রিয়াল করে লাজারেশের গাট চাবী ৪৭ সালের প্রক্রিয়াল কর্কাট পাট উৎপাদন করে। বছি

সেই সর্বনাশ এই গভর্ণমেণ্ট করে থাকে, যেটা আপনারা বলচেন, এই প্রগতি বাংলার অর্থনীতিতে, বাংশার ৩০ লক্ষ পাট চাষীর অর্থনীভিতে পথিবীতে এমন কোন গভর্গমেন্ট নেই বে সেই অর্থনীভিতে কুঠারাঘাত করবে। স্থতরাং আপনাদের সব অসার যুক্তি, আপনাদের বিরোধী দলের স্বভাবস্থল্ভ যুক্তি। আমি এই যুক্তির বিরোধীতা করে বলছি যে এই ট্যাক্সের অত্যন্ত প্রয়োজন। আর একটা কথা শ্রীভক্তি ভষণ মণ্ডল বলে গেলেন গেটা হচ্ছে ডিকেন্স, ইমার্জেন্সির ব্যাপারে। তিনি বললেন ইমার্জেন্সিতে আমাদের সিভিল ডিফেন্সের জন্ম কন্ত ধরচ হয়েছে দেটা বলিনি। ওঁদের ধারণা যে এটা কেবল আমরা ইমার্জেন্সির জন্য করছি, গিভিল ডিফেন্সের জন্য করছি। ওঁদের বুঝবার শক্তিও নেই। শুরু সিভিল ডিফেন্স নয়, পাকিস্তান, চীনের সংগে যুদ্ধ করতে আপনারা সকলে চেয়েছিলেন যে সামরিক শক্তি বাডাতে হবে এবং তার জন্ম ১ হাজার কোটি টাকা সামরিক শক্তির থাতে বেডেছে। এইজনা কেন্দ্রীয় সরকার খরচ কমিয়ে দিয়েছেন, পঞ্চ বার্ষিকী পরিকল্পনার জন্য যে গ্র্যান্ট কেন্দ্রীয় সরকারের রাজস্ব ভাণ্ডার থেকে বাংলা পেতো তার উপর একটা বিরাট আঘাত এসেছে। অর্থাৎ গত বছর যেখানে আমরা ৪৪ কোটি টাকা পেয়েছিলাম এবারে সেপানে ১৯৬৬-৬৭ সালে পাবে। মাত্র ২৭ কোটি টাকা। আমরা চাইনি যে वांश्नात और या नाना तकम व्यर्थ निष्ठिक एउडान्त्रान है भ्रान विद्या याक छिएकम वा हैमार्किमित बना। আমরা যেগানে যেগানে সম্ভব চেটা করছি, নিজেদের অর্থ সংগতি বাড়াবার জন্য। স্বভরাং এই যে ভিনটি বিল এনেছি এর দারা জনসাধারণের উপর চাপ পড়বেনা। এই কথা বলে আমি এই বিলের সম্পর্ণ সমর্থন কর্নছি।

The motion of Shri Saila Kumar Mukherjee that the Bengal Raw Jute Taxation (Amendment) Bill, 1955, as settled in the Assembly, be passed was then put and agreed to.

# The Calculta University Bill, 1934, as reported by the Joint Committee.

Shri Rabindra Lal Sinha: Sir, I beg to move that the Calcutta University Bill, 1964, as reported by the Joint Committee, be taken into consideration.

মাননীয় সভাপাল মহাশয়, আমি এই বিল উত্থাপন করতে নিয়ে প্রথমে বলছি যে ইন্ডিপূর্বে এই বিল 

যথন আমি এই সভার সামনে পেশ করি এবং সেটাকে জয়েন্ট কমিটির কাছে প্রেরণ করবার প্রস্তাব করি 

তথনই আমি বিন্তু তভাবে বলেছিলাম কেন এই বিল আনা হয়েছে। তার উপর বিতর্ক হবার পর সেই 
বিল জয়েন্ট কমিটিতে প্রেরিত হয় এবং জয়েন্ট কমিটি তাঁর রিপোর্ট সভার সামনে পেশ করেছেন। 

স্কুতরাং ইতিপূর্বে আমি সভার সামনে যে কথা বলেছি তা আবার পুনরার্ত্তি করে সভার সময় বায় 

মরবো না। কলকাতা বিশ্ববিভালয় ভারতবর্ষের বৃহত্তম বিশ্ববিভালয়। কলকাতা বিশ্ববিভালয়ের ছাত্র 

দংখা ১ লক্ষ ২৫ হাজার, যেটা ভারতবর্ষের অহ্য কোন বিশ্ববিভালয়ে নেই। স্কুতরাং আজকে কলকাতা 
বিশ্ববিভালয় যাতে স্কুটাক ভাবে পরিচালিত হয়, তার প্রশাসনিক ব্যবস্থা এমন হয় যাতে উচ্চ শিক্ষার 

প্রসার এবং মান উন্নয়ন সম্ভব সেদিকে সকলের দৃষ্ট রাখা স্বাভাবিক এবং সেদিকে লক্ষ্য রেথে আজকে 

ই বিধেয়ক সভার সামনে উপস্থিত করা হয়েছে। ১৯৫১ সালের আইনে আজকে বিশ্ববিভালয়ে পরিচালিত 

ইত্তেছে। এই পরিচালন ব্যবস্থায় দেখা যাছে যে আইনের কতকগুলি ত্রুটির জন্ম পরিচালন ব্যবস্থায় নানা 
রক্ষম বাাঘাত স্বান্ত ইত্তিছ। কলকাতা বিশ্ববিভালয়ের বিভিন্ন সংস্থা, বিভিন্ন অধ্যিটি আছে, তালের মধ্যে 

ক্ষমতার বথায়থ বন্টন এবং চুড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবার ক্ষমতা অধিকাংশ ক্ষেত্রে দেওয়া নেই বার কলে 

একই বিষয়ে বারবার বিভিন্ন সংস্থার মধ্যে যাতায়াত করে, আনে ফিরে বায়, আবার আনে এবং বার ফল 

হয় যে সমন্ত কাণ্টী বিশ্ববিভালয়ের প্রশাসনিক ব্যবস্থাতে অত্যন্ত বিলম্ব হয়ে পড়ে।

[3-40-3-50 p.m.]

একান্ত প্রয়োজনীয় বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে অনেক দেরী হয়ে যায় এবং একই জিনিস বিভিন্ন সংস্থায় বার বার করে আসা যাওয়া করে। আপনি জানেন কনষ্টিটিউন্ট কলেজের ট্যাটিউট ১০ বছরেও তৈরী হয় নি। আপনি জানেন যে অক্সান্ত কলেজের শিক্ষকদের যোগ্যতার সর্বনিম্ন মান নির্ধারণ করতে যে াল প্রস্তুত করছে ইউনিভারসিটি ১০ বছরেও তা করা গেল না—এটাও এই কারণে, বার বার আসা ্য করার হলে। স্পেশ্রাল কমিটি হয়েছে কিন্তু কমিটিতে কোরাম থাকে না অনেক সময়ে—এই অস্থবিধা বার দেখা গেছে—একটা সিলেবাস পরিবর্তন করতে হবে—বেমন আমি বি, টি, সিলেবাসের কথা বলছি— হরে লাগলো সেই পাঠক্রম চূড়াম্ব পরিবর্তন করতে এবং যখন পরিবর্তিত হোল তথন আবার নতন र्जानंद श्रासाद्यन (मथा मिराइएइ—पोर्ट गव कांत्रण व्यामदा (मथएड) शाम्हि (य पोर्ट विमन्न शतिहात केंद्रा দের বিশ্ববিদ্যালয়ের প্রশাসনে একাস্ত প্রয়োজন এবং বিভিন্ন সংস্থার মধ্যে রেস্ফ্রাল ডিসটি বিউসন অব াবস এটা বিশেষ প্রয়োজন। এই উদ্দেশ্য সাধনের জন্য এই বিশ আনা হয়েছে। আজকে ব্যালয়ের সিনেট সভা এখন যা আছে ১৭০ জন সদত্যের সভা—কথনও তারা দৈনন্দিন প্রশাসন ক্ত পারে না। একটা সামান্ত জমাদার আরদালী দপ্তরীর পদ স্বষ্টি করতে হলে বিশ্ববিভালয়ের ট সভার মঞ্চরী দরকার এবং তার ফলে কার্য অনেক বিদ্বন্ধিত হয়। এই বিশের মুখ্য উদ্দেশ্য ্রেই যে এই বিভিন্ন সংস্থা বিশেষ করে প্রধান তিনটি সংস্থা বা অথরিটি অর্থাৎ সেনেট সিণ্ডিকেট এাকাডেমিক কাউনসিলের মধ্যে ক্ষমতার স্থাসম বণ্টন যাতে করে পরস্পরের অধিকার বিশেষভাবে ত করা যায়। আজকে তাই বিশ্ববিদ্যালয় সিনেটকে নীতি নির্ধারক সভায় পরিণত করা এই বিলের শ্র। কি নীভিতে বিশ্ববিভালয় চলবে সেটা সেনেট নির্ধারিত করবে। দৈনন্দিন প্রশাসনিক ্যা পরিচালনা করবেন সিণ্ডিকেট—সিণ্ডিকেটকৈ প্রধান পরিচালক ্যিনিষ্টেটিভ বর্ডি হিসাবে সেইজন্ম তৈরী করা হচ্ছে এবং এাাকাডেমিক কাউলিল যেটা বিদ্যালয়ের একাডেমিক ম্যাটার <del>সম্বন্ধে</del> ভার প্রাপ্ত এবং সেই একাডেমিক কাউ**লিলকে** একাডেমিক াক্ষমতা দেওয়া হচ্ছে এবং বহু বিষয়ে চড়াস্ত ক্ষমতা দেওয়া হচেছ যেটা সেনেট অবধি য়াব প্রয়োজন হবে না। এবং যাতে তারা চূড়ান্ত সিদ্ধান্ত করতে পারেন এবং যাতে তাদের পরের ক্ষমতা বিধিমতভাবে চিহ্নিত হয় এই উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে। তাছাড়া আরও া জিনিস দেখা গেছে—বর্তমানে কলকাতা বিশ্ববিত্যালয়-এর অন্তর্ভুক্ত স্মাতক নিমু পাঠক্রমের বিভিন্ন গোবিখালয় বা কলেজ আছে আণ্ডার-গ্রাজ্বয়েট কলেজ সমূহ তালের উপর তালের পরিচালনা বাবস্থা মনের ক্ষমতা প্রায় কিছুই নেই বল্লেই চলে এবং তাদের পরিচালক সমিতির উপরও বিশ্ববিচ্ছালয়ের ৰ বিধিবদ্ধ ক্ষমতা নেই। তার ফলে থেয়াল খুশী মত পরিচালক সমিতি গভণীং বর্ডি যদি এই সমস্থ ষ্ঠান পরিচালনা করেন তাহলে বিশ্ববিদ্যালয়ের কিছু ক্ষমতা নেই, সরকারের কিছু ক্ষমতা নেই যতই দারা বিধান মণ্ডলীর সভায় প্রশ্ননের পর প্রশ্ন কঙ্গন না কেন। এই বিলের আর একটা উদ্দেশ্ত হচেছ মাণ্ডার-গ্রান্ধুরেট কলেজের সম্বন্ধে বিশ্ববিভালয়কে অধিকতর ক্ষমতা প্রদান করা যাতে তাদের *অ*পারভিসন ক্নট্রোল বিশ্ববিদ্যালয় করতে পারেন এবং যাতে আগুার-গ্রাক্তমেট ষ্টাডিজ তার মনোনয়নের জয় বিভালয় সক্রিয় বাবস্থা অবলম্বন করতে পারে সেই উদ্দেশ্য নিয়ে বিশ্ববিভালয়কে অধিকতর ক্ষমতা লেওরার াব এই বিলে করা হয়েছে। যখন স্বাধীনতা এলো সারা পশ্চিম বাংলায় তখন একটি মাত্র বিশ্ববিচ্ছালয়, লাডা বিশ্ববিদ্যালয়, সারা পশ্চিম বাংলা কলকাতা বিশ্ববিদ্যালয়ের অধীন। আজকে বিশ্ববিদ্যালয়ের া १টি হয়েছে। সারা বাংলা দেশ নিয়ে কলকাতা বিশ্ববিত্যালয়ের যথন এলাকা---সারা বাংলা দেশে কোন বিশ্ববিদ্যালয় নেই তথন তার ছাত্র সংখ্যা ছিল ৩৬ হাজার—আর আজকে সেই সংখ্যা <sup>ছে ১</sup> লক্ষ ২৫ হাজার। তথন কলকাতা বিশ্ববিদ্যালয়ের ৫৫টি এাাফিলিয়েটেড **কলেজ** ছিল <sup>ষকে</sup> তার সংখ্যা হচ্ছে ১৫০-এর বেশী যদিও আরও ৬টি বিশ্ববিদ্যা**শয় প্রতিষ্ঠিত হয়েছে। স্থতরাং** <sup>বিদ্যালয়ে</sup>র কা<del>জ</del> প্রচর বৃদ্ধি হয়েছে—তারা দেড় কোটি টাকার বাজেট করেন। সেটা বড় <sup>কথা নয়</sup>। স্থতরাং যাতে এর প্রশাসনিক ব্যাবস্থা স্থচারুরপে পরিচালিত হতে পারে ভার <del>জয়</del> <sup>াচাৰ্ত্তে</sup> সাহায্য করবার জন্ম তজন প্রোভাইস-চ্যানসেশরের কথা এই বিলে উল্লেখ করা হয়েছে। *একজ*ন <sup>াড়েমিক</sup> এাফেয়ার্সের প্রোভাইস-চ্যান্সেদার—তিনি এ্যাকাডেমিক ব্যাপারে ভাইস-চ্যান্সেদারকে সাহাব্য <sup>নেন এবং</sup> বিশেষ করে স্নাতক নিম্ন পাঠাক্রম ষেখানে বিশ্ববিদ্যালয় বর্তমান অবস্থায় কিছুই করেন না <sup>গান</sup> স্টো করতে হবে বলে তার দায়িত্ব আরো বাড়বে। বেখানে এতো ছাত্র বৃদ্ধি পেয়েছে—এতো <sup>ছা</sup> প্রতিষ্ঠান বৃদ্ধি পেরেছে—এতো টাকা বৎসরে ব্যন্ন করা হয় সেধানে প্রশাসনিক ব্যবস্থার উন্নতি <sup>ার জন্ত</sup> বদি বোগ্য লোক উপর দিকে বসানো না হয় তাহলে আমি বলবো এ দাটি উভ বি এ কলস K-50

ইকনমি। সেইজনাই এটা করা হয়েছে। আর একটা কথা হচেছ যে প্রোভাইস-চ্যান্দেলার কর একার্ডো এ্যাফেরাস, আজকে ট্রে জারারের পদ আছে বিশ্ববিত্যালয়ে—বিশ্ববিত্যালয়ের সঙ্গে সাক্ষাত সম্পর্ক বাদের আ তাঁরা জ্ঞানেন যে এই টে জ্ঞারার প্রায় বিশ্ববিচ্ছালয়ের প্রশাসনের বাইরে যার ফলে দৈনন্দিন কার্য পরিচালন নানা বাধার স্ঠাষ্ট হয় এবং মডেল এটা কমিটি তারা এই ট্রেজারারের পদ লোপ করার কথা বলেছে সেইজন্ম এই প্রোভাইস-চ্যান্দেলার ফর বিজনেস এযাফারস্ এণ্ড ফাইন্যান্দ করা হচেছ—ি এই কাজ করতে প্রশাসনের অস্তর্ভক্ত থেকে সম্পূর্ণ দায়িত্ব গ্রহণ করতে পারবেন। এতে একটা কথা উঠতে পারে যে তিনি যুদি প্রশাসনের ম থাকেন তাহলে হয়তো অর্থের অপব্যয়ের দিকে ঠিক মত নজর রাখতে পারবেন না আজকে আমা সরকার কি নীভিতে চলেন ? সরকারের সকল বিভাগে যা বায় করতে হয়-না-হয় তার জন্ম দ বিভাগের মঞ্জুরী নিতে হয়—কিন্তু আমাদের অর্থমন্ত্রী মহাশয় ক্যাবিনেটরই অংশ মুখ্যন্ত্রীর অধীন— সত্ত্বেও অস্থাবিধা কিছু হয় না এবং সরকারের প্রশাসনের সঙ্গে যাঁদের সম্পর্ক আছে তাঁরা জানেন এমন বিভাগ বোধ হয় একটীও নেই যিনি ফাইন্যান্স ডিপার্ট মেনেটর কাছ থেকে ধান্ধা খান নি স্বভ এই প্রোভাইস-চ্যান্সেলার ফর বিসনেস এাফেয়ারস এণ্ড ফাইন্যান্স করলে কোন ক্ষতি হবে বলে অ মনে করি না। বরং প্রশাসনিক ব্যবস্থা আরও উন্নত হবে এইটাই আমার ধারণা। বিশ্ববিচ্ছা বাতে তার দৈনন্দিন কার্য আরও স্থচারুরূপে পরিচালন। করতে পারেন যাতে বিলম্ব পরিহার ব বায় এই উদ্দেশ্য নিয়ে এই বিল আনা হয়েছে। বিশ্ববিচ্যালয়কে ১৯৫১ সালের আইন অহ্যায়ী ব পরিচাপনা করতে গিয়ে নানা বাধার সম্খীন হতে হয়েছে এটা আমি আমার প্রথম বারের ভাষ বলেছিলাল নাম ধাম দিয়ে যে বিশিষ্ট শিক্ষাবিদরা যাঁরা বিশ্ববিভালয়ের পরিচালনা ব্যবস্থার সঙ্গে সংয ছিলেন তারা বার বার করে বলেছিলেন যে এই আইনের বিশেষ সংশোধন দরকার। ডাঃ জ্ঞান ঘো **ডা: নির্ম্মল সিদ্ধান্তের মত লোক যাঁরা উপাচার্য হিসা**থে এই আইন পরিচা**লনা করতে গি**য়ে নানা বাধ সম্মুখীন হয়েছিলেন তাঁরাই একথা বলেছিলেন যে আইনের দোষে অনেক কাজ বিলম্বিত হয় এবং ক করার অস্থ্রবিধা হয় এবং একথা ঠিক যে বিশ্ববিত্যালয়ের সিনেট তাঁরাও একটা কমিটি নিযুক্ত করেছিল এই আইন কিভাবে সংশোধন করা যাবে সে সম্বন্ধে স্থপারিশ করার জন্ম।

## [3-50-4-20 p.m.]

ত্বংখের বিষয় সেই কমিটির কাজ বেশী দুর অগ্রসর হয় নি। আমরা বিধানমণ্ডলীতে ইতিপূর্বে করেন্স ছোট ছোট বিল নিয়ে এসেছি কিন্তু তাতে খুব বেশী ফল লাভ হয়নি। সেজগু আজকে প্রয়োজন হয়ে একটা সম্পূর্ণ বিল নিয়ে আপনাদের সামনে এসে দাঁড়াবার। জয়েণ্ট কমিটিতে এই বিল প্রেরণ <sup>রু</sup> হয়েছিল জয়েণ্ট কমিটি ১৬ দিন বদে প্রতিটা ধারা বিশেষ যত্ন সহকারে অমুধাবন করে তাঁরা কতক<sup>ত্ত্র</sup> পরিবর্ত্তনের স্থপারিশ করেছেন। আমি মনে করি জয়েণ্ট কমিটিতে সেই পরিবর্ত্তিত স্থপারিশের <sup>হা</sup> এই বিলকে আরো উরত করা গেছে। আমি কয়েকটা মূল স্থপারিশ সমন্দে আপনাদের সামনে রার্গ বেমন কলকাতা বিশ্ববিদ্যালয়ের এলাকা বধিত করা হয়েছে। আজকে বাংলা দেশে অক্ত বিশ্ববিদ্যাল অধীন নয় যে এলাকা সে এলাকা কলকাতা বিশ্ববিভালয়ের অধীন হবে। যেখানে অক্ত বিশ্ববিভাল্য **অধীন এলাকা আছে সেটাকে** পরিবর্ত্তন করে যদি কলকাতায় আনতে হয় তাহলে এখন হুটো <sup>আই</sup> পরিবর্তনের দরকার হবে—কিন্তু ভবিহাতে আর হবেনা। কারণ সেই আইনটুকু পরিবর্ত্তন করলে <sup>কে</sup> আপনি আপনি কলিকাতা বিশ্ববিষ্ঠালয়ে এসে যাবে। বিলে উপাচার্য্যকে সব সময়ের অফিসার বলা হয়নি এটা হোল টাইম মাফিসাব্র বলে গণ্য করার স্থপারিশ কমিটি করেছেন। সিনেট এবং একার্ডেম কাউলিলে শিক্ষক প্রতিনিধি বৃদ্ধি করার স্থপারিশ করেছেন এবং তা বৃদ্ধি করা হয়েছে **অ**রেণ্ট কমি<sup>টিট</sup> একাডেমিক কউন্দিলের লায়িত্ব বুদ্ধি করা হয়েছে এবং কতকগুলি বিষয় তাদের চূড়াস্ত ক্ষমতা <sup>কো</sup> হরেছে। যেমন আমি উদাহরণ দিয়ে বলতে পারি বিলে ছিল শিক্ষকদের সর্বনিম যোগ্যতা নিৰ্মা করবেন সিণ্ডিকেট—কমিটি বিবেচনা করে দেখেছেন এটা মূলতঃ একাডেমিক ম্যাটার স্থতরাং এই শ একাডেমিক কাউন্দিলকে দেবার জন্ম স্থপারিশ করেছেন। দিনেটের ক্ষমতা এই কমিটি বৃদ্ধির স্থ<sup>পার্চ</sup> করেছেন। কোন দেখুন সিনেটের প্রতিনিধিত্ব আছে সিণ্ডিকেটে, এই প্রতিনিধির সংখ্যা হৃদ্ধি <sup>কর্ম</sup>

বিশ করছেন বায়েণ্ট কমিটি। আগে ৬ জন ছিল এখন ৮ জন বলেছেন। আগে সিনেট থেকে ্দিকককের সিণ্ডিকেটে যাবার স্থযোগ ছিলনা—৬ জন ছিলেন নন-টিচার্স এবার বে ৮ জনের রিশ করেছেন তারমধ্যে ৬ জন নন-টিচার আর ২ জন শিক্ষক হতে বাধা নেই। সিগুকেটে াট থেকে শিক্ষকরা এইভাবে যেতে পারবেন তার একটা স্থযোগ জয়েণ্ট কমিটি করে দিয়েকেন াপর সিনেটের ক্ষমতা মূলত এক জায়গায় বৃদ্ধি করা হয়েছে যেটা আমি মনে করি সংগত হয়েছে, সেটা 5 বার্জেট সমজে বিলে ছিল সিনেট বাজেটের উপর প্রস্তাব গ্রহণ করতে পারবেন। কিন্তু আইনের রষণে দেখা যাচিছল যে এই প্রস্তাব গ্রহণ মতামত প্রকাশ ছাড়া আর কিছুই নয়—একসপ্রেসান ্ ওপিনিয়ন মাত্র। কিন্তু জয়েনট কমিটি স্থপারিশ করেছেন যে একটা বিশেষ কার্য্যক্রম অবলম্বন ্সেনেট বাব্দেট পরিবর্ত্তন করতে পারবে এবং সম্পূর্ণভাবে রিব্দেক্ট করবার ক্ষমতাও সিনেটকে ার স্থপারিশ করেছেন—নিশ্চয় সিনেটের ক্ষমতা বৃদ্ধি হচ্ছে। তা ছাড়া বিশ্ববিদ্যালয় পরিচালন স্থার নৃতন প্রপোজাল বহু ক্ষেত্রে ইনিসিয়েট করবার ভার সেটা সম্পূর্ণ সিণ্ডিকেটের ছিল সেটা টারিয়েট করবার ভার সিনেটকে দেবার প্রস্তার জয়েণ্ট কমিটি করেছে। বিশ্ববিদ্যালয় সম্পত্তি াস্তর করার অধিকার ছিল সিণ্ডিকেটের, সেখানে মূল্যবান সম্পত্তি যার লক্ষ টাকা মূল্য হবে এইরূপ গতি হস্তান্তর করতে হলে সিনেটের মঞ্চরী ছাড়া করা যাবেনা। এই স্থপারিশ ক্ষয়েণ্ট কমিটি পনাদের কাছে পেশ করেছেন। তা ছাড়া ভার একটা কথা বলবো ষ্টাটুট সংশোধন সম্পর্কে। টি বর্তুমান আইনে যা আছে তাতে এই ষ্টাটুট নিয়ে যদি সিনেট এবং সিণ্ডিকেটের মধ্যে মডবিরোধ ভাহলে সেক্ষেত্রে চ্যান্সেলার যা করবেন তাই হবে। অর্থাৎ সেনেটের সেই ষ্টাটুট চূড়াস্ত র্গৎ ফাইনালি রিজেক্ট করার বাকী ক্ষমতা বর্ত্তমান আইনে নেই। কিন্তু বর্ত্তমান বিলে সেই তো বিশেষ কাৰ্য্যক্ৰম অন্মুষায়ী সিনেট পরিচালনা করতে পারবেন তবে এটা যেন স্ন্যাপ ভোটে না ্দেটা দেখে এই ব্যবস্থা করা হয়েছে। বর্ত্তমান বিলে সিনেট রিজেক্ট করতে পারবেন। রি**জেক্ট করদে** টা আর চ্যান্সেলারের কাছে যাবে না বা চ্যান্সলারের সেটাতে করবার কিছু ক্ষমতা নেই। **কিন্তু জয়েন্ট** মটি তার উপর আর একটু ইম্প্রুভ করেছেন। জয়েন্ট কমিটি প্রস্তাব করেছেন রিজেক্ট করতে পারবেন, nমেণ্ড করতে পারবেন এবং সংশোধন করে দিতে পারবেন। এই ক্ষমতা সিনেটকে ষ্টাটুট সম্বন্ধে দেওয়া য়ছে। আমি এই কথা বলতে চাই যে বিশ্ববিত্যালয়ের ক্ষমতা এই আইনে গেথাও সংকুচিত করা নি। ১৯৫১ সালের যে আইন আছে তাতে বিশ্ববিদ্যালয়ের অটোনমি নষ্ট হয়েছে বা অটোনমি গেছে রূপ অভিযোগ কেউ করেননি এবং ১৯৫১ সালের আইনে বিশ্ববিচ্যালয়ের যেপানে যে ক্ষমতা আছে াক্ষ্মতা এই বিলে কোথাও সংকুচিত করা হয়নি।

ই কথা আমি বলতে চাই তাদের যে অটোনমি বা ক্ষমতা আছে সেটা কোথাও থব করা হয়নি বরং আমি

শবো বিশ্ববিদ্যালয়ের ক্ষমতা এই আইনে বৃদ্ধি করা হয়েছে—যেমন আগুার-গ্র্যাক্স্ট্রেট ইণ্ডিজের ক্ষেত্রে,

দেরলারী কলেজের ক্ষেত্রে এবং পূরান আইনে যে ক্ষমতা আছে সে ক্ষমতা কোথাও কেড়ে নেওয়া হয়নি।

শিম একটা কথা বলবো যে, উচ্চ শিক্ষার প্রসার ও মান উন্নয়নের ক্ষম্ম যাতে কালকাতা বিশ্ববিদ্যালয়

শব্য ভাবে তার প্রশাসন পরিচালনা করতে পারেন সে উদ্দেশ্য নিয়ে সরকার এই বিল আনয়ন করেছেন।

ক্ষার আনয়ন করলে আপনারা অনেক সময় সন্দেহ প্রকাশ করেন। কিন্তু আমি নিবেদন করবো অঞ্চ

শন উদ্যেশ্য নেই।

াষ্ট্রকের সরকার গণতান্ত্রিক সরকার। কারণ প্রাপ্ত বয়স্ক ভোটাধিকার ভিস্তিতে নির্বাচিত বিধানসভার তি তাঁর দায়ী—আপনারা জবাবদিহি চাইতে পারেন। এই বিদে সরকারকে ক্ষমতা দেওরা হয়েছে, দ্বী ক্ষমতার বদি কোপাও কোন অপব্যবহার হয় তাহলে নিশ্চয় আমরা জবাবদিহি দিতে বাধ্য সে বিষয়ে দ্বি ক্ষাতার বদি কোপাও কোন অপব্যবহার হয় তাহলে নিশ্চয় আমরা জবাবদিহি দিতে বাধ্য সে বিষয়ে দিক কাবের বাংলিক বাংলিক

ত্রখন দেখলাম বর্ষমান জেলা থেকে অনেক চিড়ে চলে আসে। আমাদের কলকাতা এবং অন্যাদ্য নাটিত অন্তলে অনেক চিডাকল আছে। বর্ধমানেও অনেক নতেন নতেন চিডাকল হয়েছে। ছামি খোঁজ করছিলাম যে চিড়াকলগর্নাতে কত ধান গত বছর লেগেছে। তাঁরা বললেন ৪০ race ৪৫ হাজার টন। এই ৪০।৪৫ হাজার টন ধানের চিড়ের অধিকাংশই, বোধহয় শতকরা ৯০ জাগ ক্রুকাতা এবং সহরতলীতে চলে আসে। আমরা ঠিক করছি এখনও নিদেশি কোল দিই দি হ্য সমস্ত চিডাকলকে নিয়ন্তিত করবে:—এই চিডাকলগর্নিকে আমরা বাধ করবো না চিড়া উংপদনও বৃদ্ধ করবো না—কেন না বহন লোক বলেন যে আমাদের চিড়া খাওয়ার দরকার. ক্রান্তেই এই চিড়াকলে যে চিড়া হবে সমস্ত আমরা ক্রয় করে নেবা। এই নির্দেশ এখনও দিই নি তবে অ.জকে জানটিছ যে সমত চিডে আমর কিনে নেবো এবং যদি প্রয়োজন হয় ভ্ৰমৱা আমাদের রেশনে চিডা দেবো—অবশ্য বাধ্যতামূলকভাবে নয়। কেন দেবো?—আমন্ত্রা কলকাতা এবং শহরতলীতে যে চাল দিচ্ছিত তার পরিবর্তে কেউ যদি চান আমি চি**ডে নেবো. আমার** এক ছটাক চিচ্ছে যোৰায়ে ভাষ্টাল আমের। এক ছটাৰ ভাষের পরিবতো এ**ক ছটাক চিচ্ছে দেৰো** এইরকম ভাবছি এবং এতে সর্নিধা হবে। কেননা, এই যে ৪৪।৪৫ হাজার টন ধানের চিড়ে হর –তার কোন হিসাব আমরা রাখি না। আজেকে যেখানে আমাদের সামনে এ**তো বিপদ রয়েছে,** ্রতে: ঘটিত রয়েছে তখন সেখানে কোথায়ও কোন যেন অপচয় না হয় তা আমা**দের দেখতে** হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে যদিও কলকাতায় আমা**দের রেশন ১২ আউল্স** পেকে কমিয়ে ১০ আউন্স করেছি—কিন্তু সংগে সংগে আমরা পাউর**্টি নিয়ন্ত্রণ করি নাই।** পাউরন্টি পাওয়া যায়, চিড়েও পাওয়া যায়। কিম্তু আমরা ভার্বছি যে চিড়ে আমরা নিয়ন্ত্রণ করবে। কেননা শহর এবং শহরতলীর লোক যদি গ্রামের সব তণ্ডলজাতীয় পদার্থ খেয়ে ফেলে ্যেহেত তাদের ক্রয় শব্তি বেশী তাহলে গ্রামে হাই।কার উঠবে। কাজেই আগামী বছর এটা আমা-দের নীতির মধ্যে একটা নীতি যে চিভ.ক পাল আমরা নিয়ন্ত্রণ করবো। **আমার বিরে।ধী** পলের বাধন শ্রীখণেন রায়টোধনুর। মহাশর, প্রারই চিড্রে, মর্ন্ড্র, খৈ, মন্ড্**কীওয়ালাদের হরে** আমাদের কাছে আসেন যে মহাশ্র, এখানে এখার আনতে দিন না। **আমি তাঁকে বলি যে** কলকাতায় যারা আছে তারা তো নিয়ন্তিতভাবে পাচেছ, আবার তারা কেন এখানে আসবে? এটা গ্রামের লোক খাক। তাই আমাদের নীতি যে এই জিনিষগর্মল যত বেশী পারি গ্রামে ্যাখবো। এখন আমাদের মূল্য সম্বশ্ধে প্রশ্ন উঠেছে যে কি মূল্য হবে। আপনি বোধহয় জানেন য গত বছর একটা কমিশন হয়েছিল-এগ্রিকারচারাল প্রাইসের কমিশন এবং তার আগে ঝা র্মাটি বলে একটা কমিটি কেন্দ্রীয় সরকার বসিয়েছিলেন, এটাও কেন্দ্রীয় সরকারের কমিশন। এই ঝা কমিটি একটা তিন বছরের না কত বছরের হিসাবের ভিত্তিতে বিচার করে দেখে বি**ভিন্ন** গ্রদেশে তাঁরা একটা দর নির্ধারণ করেছিলেন। তান বলা হয়েছিল যে এই বা কমিটি, এটা গ্রাড়াতাড়ি করে করেছেন, সব দিকে হয়তো বিচার করে করেননি কিন্তু এগ্রিকালচারা**ন প্রাই**-সস কমিশন-এর কাজ আরও খনে ভালভাবে হবে-সমন্ত দিক বিচার করে এ রা মূল্য নির্ধা-ণি করবেন।

[2 50—3 p.m.]

এরা ম্লা একটা নিম্পারণ করে দিয়েছেন। এবং ভারতবর্ষের প্রত্যেকটী প্রদেশকে এই ম্লা নম্পারণ ভিত্তি হিসাবে ধরে কাজ করতে হবে। আমরা প্রায় তাঁদের কথা মেনে নিয়েছি। ফ্রারা একটা বেশী রেখেছি ম্লা। তাঁরা যেখানে ম্লা বলেছেন ক, আয়রা সেখানে ক বছে ফরেছি, সামান্য একটা বেশী রেখেছি এর চেয়ে বেশী ম্লা করা না করা সেটা আমাদের হাতে নই। কারণ আমরা ম্লা বাড়াতে, নতুন করে বাড়াতে চাই সেটা রাজ্য সরকারের দায়িছে বেনা, কেন্দ্রীয় সরকারের দায়িছে হবে। আজকে সেজন্য ম্লা সম্বশ্বে আমি এইটাকু বলতে বির যে আমরা যেটা করেছিলাম এ বছরের প্রথমে ১৯৬৫ সালে যে কমন ধান তার দাম ১৪ টকা আর ফাইন ১৫ টাকা আর অতিমিহি বা সাম্পার ফাইন তার দাম ১৬ টাকা। এটা নতুন ানের দাম বটে। কিন্তু পরোনো ধান যা একটা, শ্বিকয়ে গেছে, যেটায় অনেক রক্ষ মিভিযোগ আসে, আমরা সেজন্য করেছি প্রানো ধানের দাম যেটা কমন মোটা ধান ভার বি—১০

দাম ১৪।। টাকা আর ফাইন ১৫।। টাকা আর যেটা অতি মিহি বা সংপার ফাইন তার দায় ১৬।। টাকা। ধান অনেকদিন রাখার পরে শহিকয়ে যায় আমরা সেটা বিবেচনা করে এই মূল্য করেছি। এখন অনেকের মনে সদেবহ আছে যে কি মূল্য কি হবে, কত মূল্য হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, মূল্য নিদ্ধারণ ধানের মত জিনিধের একেবারে অসম্ভব। কেন ন এটা কোন কারখানার তৈরী জিনিষ নয়, ফ্যাক্টরীজাত জিনিয় নয়। এর কণ্টিং এত সোজ नम् . এकि काहे तीत भरत आत अकी का हितीत भार्य का राज भारत रम् ज माजकता आ পরেণ্ট পাঁচও হতে পারে। কিন্তু আমাদের ধান চাষীর যে মূল্য, যাঁদের ধান চাষীদের সংগে **একট্ সম্পর্ক রয়েছে।** কৃষকদের সংগে যাদের একট্র যোগ আছে, তারা জানেন যে আমাদের **দেশের ধান** উৎপাদনের মূল্য নির্দ্ধারণ করা খনুবই শক্ত। আমার সাথে একটা মহাভারতের মতন কাগজপত রয়েছে। আমি বিভিন্ন জেলার, বিভিন্ন কুষকদের কাছ থেকে এনেছি। তাঁদের ব্যক্ষরিত চিঠি আমি এনেছি। সামি তাদের জিজ্ঞানা করেছিলাম, আপনাদের ধান চাষেঃ খরচ কত ? কত বিঘা জমি কত শ্রমের খরচ, কত লাংগলের খরচ, কত বীজের খরচ, কত খাজনার খরচ. কত সন্দ ইত্যাদি, ইত্যাদি। শন্নলে আশ্চর্য্য হবেন মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি য পেয়েছি, তা হচ্ছে পাঁচ টাকা থেকে ২১ টাকা প্রতি মণের খরচ। (ডিস্টারবেশ্স ফ্রম াদ অপ জিসান বেঞ্চেস------আপনার গ্রামের সংগে কোন সম্পর্ক নেই) আমি যেটা বলতে যাচিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, এঁরা যদি ধান চাধ সম্বদ্ধে একটা অন্ত্রস্থান করতেন তাহলে দেখতেন যে, এক এক জেলায় এক এক রকম খরচ হয়। বাকুড়া জেলার বিষদ্পারে এক রকম খরত **পড়ে, আবার বাঁকু**ড়া জেলায় যেখানে র**ুখো, দেখানে এক রকম খরচ পড়ে। আর যেখা**নে জলসেচের ব্যবস্থা আছে. সেখানে এক রকমের খরচ হয়। আবার জলপাইগর্নাডতে যেখানে অতি বৃষ্টি হয়, সেখানে আর এক রকম খরচা পড়ে, আবার বুর্চবিহারে আর এক রকম খরচ পড়ে। বিভিন্ন রকমের বিভিন্ন জায়গায় খরচা পড়ে, (ডিসটারবেন্স ফ্রম দি অপজিসন বেঞ্চেস ..... আপনি কৃষকদের কাছে যেয়ে বলনে, তাহলে জনতোর মালা দেবে) আমাবে **जन्दां माला फिला किए**न यात्र जारम ना, क्टला माला फिला किएन यात्र जारम ना। मालाह জন্য আমি লালায়িত নই। আমি দেশের লোকের সেবা করতে এর্সেছি, সেবা করে যাব যারা মালার জন্য লালায়িত, তারা সেকথা ভাববে।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা জানি যাঁদের ক্ষকদের সংগে ঘনিত সম্পর্ক আছে, এবং আমি দাবী রাখি আমার ক্ষকদের সংগে ঘনিত সম্পর্ক আছে এবং বিরোধী পক্ষও এটা মনে মনে জানেন। সেজন্য আমি বলছিলাম চাথের খরচা কত—এর মূল্য নিম্ববারণ করা নর্বহ ব্যাপার। আমাদের গভণ্মেণ্টের যে সমত কৃষিক্ষেত্র আছে. আমরা তার হিসাব প্রখান্পর্থের বেপে নিয়ে দেখেছি, এমন কি আমাদের ম্যানেজারের বেতন পর্যশত ধরেছি, সেখানে ধানের মূল্য ঠিক মূল্য খরচ পড়ে এক মণে ৯ টাকা ৭০ পয়সা. ১০ টাকা ৭০ পয়সা, ১১ টাক ৮০ পয়সা পর্যশত। এই তিনরকম মূল্য সেখানে পড়ে, অনেকটা হিসাব তার ঠিক আছে কাজে কাজেই ধানের মূল্য নিম্বারণ করা অতি শক্ত। আর একটি কথা আমি বলতে চাই ধানের মূল্য নিম্বারণ করব কি জন্য? এইজন্য যে যাঁরা ধান চাষ করবেন তাঁরা যাতে ক্ষতিগ্রশত না হন।

এখন দেখা যাছে আমাদের দেশের সকলের ইলন্মিক হোলিডং নেই, আমাদের দেশের সকলের সমান পরিমাণ জমি নেই, যদিও আমরা সিলিং করেছি ২৫ একর পর্যাত সকলের কৃষিজ্ঞিনেই। কাররে ১ বিঘে, কাররে বা আধ বিঘে, কাররে তিন বিঘা, কাররে ৫ বিঘা আবার কার বা ৭৫ বিঘা। আমাদের দেশের বিভিন্ন শ্রেণীর ভূষক আছে। এদের ধান চাষী মনে করে নেওম যায়। আমাদের পশ্চিমবাংলার যে ১ কোটী ৩৪ লক্ষ একর কৃষিজ্ঞ্মি আছে। এই ১ কোটী ৩৪ লক্ষ একর জমির মধ্যে ১ লক্ষ ১০ হাজার একর জমিতে মোটামন্টি থান চাঘ হয়। আউস, আমন বোরো ইত্যাদি হয়। কোন কোন বংগরে ফসল শ্বেকা হলে কম হয়। কিন্তু ১ কোটী ৭ লক্ষ একর থাকে—১ কোটী ১০ লক্ষ একরের মত জমিতে ধান চাষ হয়। মাননীয় অধ্যক্ষ মহাশর আপান আশ্চয়া হবেন যে ৫ একরের উপর এবং ২৫ একর পর্যাত জমি আছে মাত্র সাড়ে ৪ লক্ষ পরিবারের আর শ্না থেকে ৫ একর জমি আছে ৩১ লক্ষ পরিবারের। কাজে কাজেই

ভাতাকে যারা নিজেদের ক্রাডের বংধা বলেন, যাঁরা কৃষি সম্বদ্ধে ভাল করে জানতে চান **াবং** ধানের মূল্য নিন্ধারণ করতে চান তাঁদের এই সব কথা মনে রাখতে হবে। আজকে ৩১ লক্ষ ক্ষকের জমির পরিমাণ কম, আমাদের দেশে ঘাদের ইকর্নামক হোল্ডিং নেই তাদের কথা ভারতে <sub>হবে।</sub> জাবার যারা বড় বড় জমির মালিক তাদের কথা ভাবতে হবে। আমাদের যারা ৪০ **লক্ষ** একর জ্যার মালিক এর্প লোকের সংখ্যা হল সাড়ে ৪ লক্ষ, এটা যাদের গ্রামের সম্পর্কে পরিচয় আছে তারা সকলেই জানেন যে এদের মধ্যে সমন্ত লোক নিজে সমন্ত জমির চাষ করে না। আপুনি শ্বনে আশ্চর্য্য হবেন যে আমাদের বাংলাদেশের মোটামর্টি হিসাব থেকে বলছি পশ্চিমবাংলায় প্রায় ৩২ লক্ষ একর জমিতে ভাগে চাষ হয় এবং একটা হিমাব জানতে চেয়ে-ছিলাম আমাদের ভূমিরাজম্ব বিভাগের কাছ থেকে তারা আমাকে বলেছে এই ৩২ **লক্ষ** একর ভুমির মধ্যে তার মধ্যে প্রায় ৭ লক্ষ একর জমির নাবালক, বিধবা ইত্যাদি সব আছে বা এরপ লোকের আছে যিনি চাষ করতে পাবেন না এই সাত লক্ষ একর জমি যদি ছেডে দিই ঐ ৩২ লক্ষ থেকে তাহলে আমাদের ২৫ লক্ষ একর জমি ভাগে চাষ হয়। তার খরচ কত? মাননীয় ত্রব্যক্ষ মহাশয় আপনি একবার কল্পনা করনে ব্যাপারটা। ৬ বিঘা জমি যদি আমার থাকে এবং সেই জমি যদি আমি শৈলবাবনকে চাষ করতে দিই তা হলে ধরনে এই ৬ বিঘায় ৩৬ মণ ধান হল। এই ৩৬ মণ ধানের উৎপাদন খরচ আমরা হিসাব করলাম না। আমি এর কাছ থেকে ১৮ মন ধান নিয়ে গেলাম, আমি তার ব্যালে কি বিভিত্ন বা আমি জমির খাজনা দিছিছ। আর কোন কোন ক্ষেত্রে বীজ দিই। আর যদি সার ইত্যাদি দিই তাহলে বেশী ভাগ পাই। আমি তার মধ্যে যাচিছ না। আমরা মোটামর্টি দেখেছি যে ৩৬ মণ ধান যদি ভাগ চাষাঁ করে তবে আমরা ১৮ মণ নিই। ১৮ মণ ধানের উৎপাদন খরচ কত? উ**ৎপাদন খরচ ঐ জমির** ইত্যাদি আমি **অনেককেই** জিজ্ঞাস্য করেছি। অনেকে বলেছেন ২ টাকার বেশী খরচ প্রভবে না। ১৮ মণ নিই। ১৮ মণ ধানের উৎপাদন খরচ কত? উৎপাদন খরচ ঐ জমির খাজনা যে ধান ভাগ চায করা হয় আমি বর্লাছ এত কম করা উচিত নয়, ৪ টাকা হতে পারে। আমাদের কংগ্রেস পার্টি-তে একটা মিটিং হয়েছিল যার কথা উল্লেখ করেছেন। আমাদের পার্টি-তে কত কিছা আলোচনা হতে পারে সে আলোচনার সংগে সরকারের খাদ্যনীতির ঘনিষ্ঠ **কোন** সম্পর্ক নেই। সরকারের খাদ্য নীতির প্রতাক্ষ সম্পর্ক নেই—প্রেন্ড থাকতে পারে। অন্য **পার্টির** তার ও আলোচনা করতে পারেন খাদ্য সম্বশ্বে। আমাদের নীতি হয়ত তার দ্বারা **প্রভাবিত** হতে পারে খানিকটা কিন্তু তার সংগে সরকারী নীতি প্রত্যক্ষ পরের যোল আন্য কোন সম্পর্ক নেই। তব্যও আমরা এ আলোচনা করেছিলাম এবং আলোদের পার্টি-তে যখন এটা আলোচনা হয় তথন আমরা দেখলাম কি সাংঘাতিক ব্যাপার।

## [3-3-10 p.m.]

যাঁরা বলছেন ২১ টাকা করে মণ ধানের উৎপাদনের খরচ, তাঁদের মধ্যে অনেককে জিজাসা করে জানা গেল, তার যদি ৫০ বিঘা জমি থাকে, ২০ বিঘা নিজে চাষ করেন, আর বাকী ৩০ বিঘাটা, অন্যকে দিয়ে ভাগ চাষ করেন। কাজে কাজেই আমাদের মধ্যে কথা উঠেছে, যে এটা খাদ্য নীতির মধ্যে নয়। সেদিন এই কথা উঠেছিল বলেই, আজকে তার উত্তর দিচিছ। আছি, তাহলে বর্গাদারদের রাইট বা অধিকার দেওয়া হোক, যে ভাগচাষ করছে, তাকেও জমি দেওয়া হোক। এই সমুহত কথার ছলে উঠেছে।

আজকে সত্যিই আমাদের দেশে যদি কৃষির সম্পূর্ণ উন্নতি করতে হয়, উৎপাদন যদি বড়াতে হয়, তাহলে আমাদের ভাবতেই হবে, বি করে আমরা কৃষবকে ইকর্নাক হোণিডং দিতে পারবো। সেটা ৫ একর হবে, কি ৬ একর হবে, কি ৩ একর হবে, এবং সেটা ইরিগেটেড জমি হবে, কি, আনইরিগেটেড জমি হবে, বেখানে এসিওরড্ রেনফল আছে, সেখানে কি হবে। এই সম্পত নিয়ে আলোচনা করা যেতে পারে। কিন্তু একটা জিনিস দেখতে হবে, যতক্ষণ বিশ্বত আমরা ঐসব চাষের কৃষকদের কথা ভাবছি, এই ম্ল্য নিম্ধারণের কথা আছি, সেইসব কৃষকদের কথা বলছি, যারা মাধাব ঘাম পারে ফেলে চাম করে, তারা উন্বত্ত বিয়, তারা বাধ্য হয় বছরে ৭ মৃণ্, ৮ মণ্, ৯ মণ্ ধান কিনে খেতে। কাজে কাজেই আমরা

যখন ম্ল্যে নির্ম্পারণ করবো ধানের, তখন এদিকে নজর রাখবো। পশ্চিমবংগের মধ্যে যত কৃষক পরিবার আছে, তার মধ্যে সাড়ে চার লক্ষ কৃষক পরিবার হাইলি সার°লাস, আর দ্বই লক্ষ, কি ভিন লক্ষ কৃষক পরিবারের টায়েট্রয়ে চলে যায়। আর বাকী ২৭ লক্ষ কি ২৮ লক্ষ কৃষক পরিবার, তারা ঘার্টাত, তারা উদ্বৃত্ত নার, তাদের কিনে খেতে হয়। কিন্তু তারাও কৃষক পরিবার। এই সমশ্ত কথা বিবেচনা করে, আমরা এইটা আলোচনা করেছিলাম যে ইকন্মিক হোলিডং ফভক্ষণ না কৃষকদের দিতে পারছি, ততক্ষণ পর্যত আমাদের কৃষকদের উমতি করতে পার যাবে না। যদি কৃষক বোঝে যে এই জমিট্রকু আমার, আমি এর মালিক, তাহলে সে এই জমিত্ব ভাল করে চাষ করবে।

আর একটা কথা এখানে মাননীয় সদসাদের সামনে এসেছে, সেটা হচ্ছে কি? আমাদের দেশে যে ঋণ দেওয়া হয়, কৃষকদের তার কথা—গত বছর আমরা কৃষকদের ৮ কোটি টাকা ঋণ দিরোছ। এতে দেখা গিয়েছে যে. এই ঋণ অধিকাংশই পেয়েছে তারা, যারা ঋণ শোধ দেবার **উপযত্তে. অর্থাৎ** যারা তাড়াতাড়ি ঋণ শোধ করে দিতে পারে, তাদের দেওয়া হয়েছে। অর্থাৎ যাদের এই ঋণ দেওয়া হয়েছে, তাদের বেশী দরকার হয় না। আজকে ইকনমিক হোলিডং করতে **হবে। কিন্তু যদি ইকন্মিক** হের্লিডং করতে নাও পারি, তাহলে আমাদের এই সমুস্ত কৃষ্ণুলের বেশী করে যদি ল্পপ দিতে পারি, এবং অন্যান্য এগ্রিকারচারল্, গহ্ডস্ বা কৃষি উৎপাদনের অন্যান্য জিনিষ যোগান দিতে পারি, তাহলে তারা খন্দী হবে, সন্থী হবে, এবং তারা ধান ধরে রাখতে চাইবে না। আজকে দেখছি যায়। ধান ধার রাখে, তারা বাজার শাকিয়ে রাখে। সতেরাং তা সরকারকে কণ্ট্রোল করতে হবে। প্রত্যেকের যেটা উদ্বৃত্ত, সেটা যাতে তারা বিক্রি করে দের, সেটা দেখতে হবে। প্রত্যেকে যদি তার উদ্ব্যন্তটা বিক্রি করে দেয়, তাহলে আর कर्ण्डोल कहात मत्रकात करत ना. এই भीत्रमां माला वास्थि करत ना। कार्ला कार्लाके चाँता বলেদ ধাদের দর ২১ টাক: বা ১৮ টাকা হওয়া উচিত, তারা আমাদের দেশের কৃষকদের প্রকৃত **অবস্থার ধবর রাখেন না। কৃষকদে**র চাষের কি ব্যাপার, সে সম্ব**েধ তাঁরা অবহিত নন**্, তাঁদের কোন ধারণা নেই। এটা যে আমরা এককভাবে করেছি, তা নয়। আমাদের এগ্রিকালচার্যাল প্রাইসেস কমিশন-এর ছাপান বই বেরিয়েছে, আপনারা পড়ে দেখবেন। কত সম্ভাব্য খরচ হতে পারে, সব কিছন ধীর্রাম্থরভাবে, বিচার বিবেচনা করে, হিসাব করে মদল্য নিদর্ধারণ করা হয়েছে। আমরা যদি আরও মূল্য বাডাতে চাই, তাহলে আমরা এখানে বসে বাডাতে পারবো ना, जात्नाहना मन्त्र्य वाष्ट्रास्त भावत्वा ना, यक्कण भर्यन्त ना, जामता द्रुक्तीय भवकात्रद्र বোঝাতে পারবো যে মূল্য বৃদিধর প্রয়ে জন আছে।

আমাদের এখানে আর একটা জিনিষের কথা উঠবে, সেটাও বলে রাখা ভাল। পরে আমি তার উত্তর দেবো। আমরা এখানে যে লেভি করেছি। কেন করেছি? লেভি হয়ত দরকার নাও হতে পারে। আমাদের এগনিল হচ্ছে বেশী সাবধানতা, সতর্কতা অবলন্বন করা। আমি যদি একটা জায়গা ভাল করে ঘিরে রাখতে পারি, কর্ডান করে রাখতে পারি, সেখানে যদি ভাল করে কেনবার ব্যবস্থা করতে পারি, সেখানে যদি আমাদের এজেশিস ঠিক ঠিক ভাবে, ন্যাযা-ভাবে কাজ করে, তাহলে আমার মনে হয়, যার যা উন্বাহুত হবে, সেটা আমরা সংগ্রহ করতে পারবা। কারণ চাষী যদি বোঝে যে প্যাডি হাস্কিং মেশিন-এ ধান ভেল্গে, ঠিক জায়গায় সেবিক্রয় করতে পারবে, সে যদি বোঝে যে তার শতকরা পঞ্চাশ ভাগ সরকার সরাসরি নিচ্ছেন, আর বাদী পঞ্চাশ ভাগ জেলা ম্যাজিন্ট্রেট নিয়ে তাঁর ইচ্ছামত বিতরণ করছেন, তাতে হয়ত কিছেব গৌজামিল হতে পারে। কিন্তু যদি সে দেখতে পায় যে সব রশ্ব বশ্ব, তাহলে আর লেভি করার প্রশ্লেক্য হবেনা।

এটা প্রেংছপ্প জিলিব। লেভা করেছি কা জন্য ? একটা সাবধানতা অবলম্বন করিছি, একটা সতর্বতা অবলম্বন করিছ। যদি কেউ না দেয়, এগিয়ে কেউ দেবে না আমি জানি, জানি একটা আগেই বলেছি যার এক বিষা জাম—৫।৬ মণ ধান হয়েছে, সংগ্যে সংগ্যে তাকে এক মণ বিক্লী করতে হবে, তাকে মানিখানার বা দোকানের দেনা পরিশোধ করতে হবে। আমরা যদি প্যাভি হাস্কিং মেশিন ভাল করে নিম্নত্রণ করতে পারি, তাহলে লেভী করার কোন প্রয়োজন হবে না। তা সন্থেও আমরা করছি। নানারকম আলোচনা শর্নে আমার মনে হচ্ছে এই কথা যে লেভী করা উচিত, খবেই উচিত। এই জন্য করা উচিত, মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন, ধরণে আমার ৩ বিঘা জমি আছে, ১৫ মণ ধান হলো সংসারের দর্-তিম মাসের খয়চ রখলাম। আমি পাশের গ্রামের বড় কৃষকের কাছে গেলাম এবং তাকে বললাম তুমি আমাকে ৬ মণ ধান ধার দাও। এই ধানবাড়ি সন্দ নানারকমের আছে—কোথাও মণে ১০ সের, কোধাও ১৫ সের, আবার কোধাও ২০ সেরও আছে।

আর একটা সাংঘাতিক ব্যাপার আছে, ধরনে সে ভাদ্র মাসে ধান নিল, তখন বাজার দর ছিল ২৬ টাকা মণ। নিল সে দর-মণ ধান, দম হলো ৫২ টাকা, তারপর ধান উঠলে পরে তখন বাজার দর হলো ৬ টাকা, কি ৮ টাকা, কি ১২ টাকা। তাহলে তাকে ৪ মণ. ৫ মণ. কি ৬ মণ ধান তার জন্য দিতে হবে। আমি সেইজন্য ভেবেছিলাম যারা উন্ব্যুত্ত নয়, যাদের ধান বিক্রীকরতে হয়, তাদের উপর যদি আমরা লেভী বসাই তাহলে তাদের আমরা সাংঘাতিক লোভী লোকদের হাত থেকে রক্ষা করতে পারবো। কিন্তু তা বসাই নাই, আমি গভর্ণমেন্টের যান্তির কথা বলছি, তাদের উপর যদি লেভী বসাতাম, পরে তারে দেব, লেভী করলে পরে তাহলে সে আর মহাজনদের কাছে যাবে না, মহাজনকে দিতেও পারবে না। কি করে দেবে? সরকার লেভী বসিয়েছে, সরকার কিনতে বাধ্য, সেইজন্য আমি ভেবেছিলাম যদি ঠিক ঠিক ভাবে এটা করা হয়, তাহলে যারা ঘাটতি উৎপাদন, যারা বিক্রী করতে বাধ্য হয় ধান কাটার পরে, তাদের উপর লেভী করা উচিত, মাননীয় সদস্যরা এটা চিন্তা করে দেখনে। এখনো সময় আছে আমরা তা করতে পারি।

আর একটা কথা উঠেছে, মশায়, যে লেভী আপনারা করলেন. তার যে ক্ল্যারিফিকেশন করেছেন—কাকে কত দেবেন? আগে তিনটা শ্রেণী ছিল মডিফায়েড রেশনিং-এ ক, খ, গ করেছিলাম। আর এখন ফডে রেশন করেছি ক, খ, গ, ঘ, ৬—এই ৫টা শ্রেণী। আগে যেটা ছিল এ, বি, সি আশাজ করে দিতাম কে কি ট্যাক্স দেয় ধরা হত না। এখন অনেকটা র্যাশানালাইজ করেছি। 'এ' হবে যাদের ধানজমি নাই, আমরা তাদের দেব বারো মাস, একটা নার্শ করিমাণ দেব। কী পরিমাণ দেব? সেটা ১০ আউশ্স হতে পারে, আট আউশ্সও হতে পারে। আমাদের যা আছে, তাই সবাই ভাগ করে খেতে হবে। বাইরে থেকে যদি না পাই, তব্ও নিদি ভী পরিমাণ আমরা দেব। আর বি ক্লাস হচ্ছে যাদের এক একর নন-ইরিগেটেড এলাকায় তমি থাকবে তালের ১৫ই মার্চ থেকে দেব। তার আগে তোমার যা হয়েছে তাই খাও। আমার কাছে একজন বলেছেন তার বাড়ীতে যদি ১০ জন লোক থাকে, তাহলে? আমার বিভাগকে বলেছি তাদের দেখে। 'বি' ক্লাশ এমন লোককে করো যার অলপ পরিমাণ ধান হয়েছে।

[3 10-3-20 p.m.]

#### Shri Nikhil Das:

যদি ডিসট্রেস সেল করে এরা তাহলে কি এদের জন্য মডিফায়েড রেশন দেওয়া হবে?

#### Shri Prafulla Chandra Sen:

ডিসট্রেস সেল যদি করে সরকারের কাছে তাহলে নিশ্চরাই পাবে। তারপর সি ক্লাস তাদের আমরা বর্নোছ, যদের নন-ইরিগেটেড ২ একর পর্যণত জমি আছে তাদের আমরা ১৪ই জনোই পর্যণত দেব না, ১৫ই জনোই থেকে দেব। অনেক ক্ষেত্রে হতে পারে যাদের বাড়ীতে হয়ত ১৪ জনশোক আছে, কুলায় না, তাদের নিশ্চয়ই দেব। (ডি) ক্লাসকে ১৫ই আগণ্ট থেকে দেবো। (ই) ক্লাস যারা তারা তারা খন্বই উন্বৃত্ত, তাদের কখনও দেওয়ার প্রয়োজন হবে না। (বি) ক্লাস যারা আছে তাদের মধ্যেও এটা হতে পারে। এই সমস্ত জিনিষগর্নলি অদল-বদল হবে, ডিণ্ট্রিক্ট মার্নিজন্ট্রেট, মহকুমালাসক সেটা করবেন। ক্রজে কাজেই এটা যে একদম অদল-বদল হবেনা সেটা ঠিক নম্বর্ধ

এখানে একটা জিনিষ আছে সেটা হচ্ছে এই যে আমাদের এ**ই যে শ্রেণী বিভাগ বিভিন্ন জে**লায় হয়ত বিভিন্ন রকম হতে পারে। কেননা এক একটা অঞ্চলে এক এক রকম উৎপাদন হয়, সে সব বিবেচনা করতে হবে। কিন্তু মোটামন্টি সরকার একটা নিয়ম করেন, ডিণ্ট্রিক্ট ম্যাজিণ্ট্রেট-কে নিশ্চয়ই ডিসক্রিশন দিতে হবে যে তাঁরা ইচ্ছা করলে এটা অদলবদল করতে পারবেন এবং সেটা আমরা করবার চেণ্টা করছি। কাজে কাজেই দেখা যাচেছ লেভি জিনিষটা ধার্য করাই বড নয়, লেভির চেয়ে বড় হচেছ কৃষকদের যেটা উদ্বত্ত আছে সেটা নিয়ে নেবার ব্যবস্থা কি করে হতে পারে। যদি কর্ডান করে স্মার্গালং বন্ধ করতে পারি, যদি সেখানে আমার কিনবার যে এজেন্সি আছে, সে সমবায় হোক আর এমনি লোকই হোক সেই এজেন্ট কিভাবে ঠিক ঠিকভাবে কাজ করে সেটা দেখতে হবে। অত্যন্ত আনন্দের কথা এই নিয়ে আমাদের সরকারী কর্মচারীরা, এমন কি পর্যালশ বিভাগ পর্যাপত খাবে সচেত্রন হয়ে উঠেছেন যে আমাদের আগামী বছর খাদ্য সংকট. কাজে কাজেই সবাইকে কাজ করতে হবে। আমাদের খাদ্য বিভাগের কর্মচারীরা দিবারাত্র কাজ করছেন। তাঁরা সর্বদাই চিম্তা করছেন জি করে এই নতেন খন্যনীতিকে সফল করা যায়। আমি প্রালেশ কর্মাচারী এবং জেলা ম্যাজিণ্টেটের সঙেগ আলোচনা করেছি, তাঁরা খ্বব উৎসাহী হয়ে এই কাজ ক্যছেন, তাঁরা বলছেন যে আমরা নিয়ে নেবো। আমি আগেই বলেছি এবং আবার বলছি যে নতেন যে জিনিষটা হচ্ছে সেটা হচ্ছে এবারে ঘাটতি জেলাতে, ঘাটতি এলাকাতে এবং ঘার্টাত অঞ্চলেতে যে সব উন্ব্যন্ত কৃষক আছে তাদের কাছ থেকেও লেভি করে সংগ্রহ করবো। এটা কোনদিনই হয়নি। এটা করা হচ্ছে এইজন্য যে তারা মূল্য বৃদ্ধির কারণ হয়। তারা ভাবে যে সরকার এখানে মডিফায়েড রেশনিং দিচেছ, আমরা আমাদের ধান চাল ধরে রাখি, সরকার যে দাম দেবেন সেটা কম, আমরা পরে এণর্নল বেশী দামে বিক্রি করবো। সেজন্য আমরা মোটামটিভাবে জেলা ম্যাজিস্টেটদের বনে রাখি যে তোমার ওখানকার উদ্বন্ত কৃষক যারা আছে তাদের প্রত্যেকের কাছ থেকে নিতে হবে এবং লেভির নোটিশ আমরা দেবো। অনেকেই আমাকে বলেছিলেন যে দুটে একরের উপরে যাদের জমি নেই তাদের উপর লেভির নোটিশ দিয়ে কি হবে ? আমরা দর্টে একর পর্যাত যেখানে সেচ ব্যবস্থা নেই এবং ১।। একর পর্যাত যেখানে সেচ ব্যবস্থা আছে সেখানে বলেছি লেভি হবেনা। কিন্তু চাষীরা যেটা বিক্রি করবে সেটা সর-কার পাক এবং সরকারও দেখাবন তাদের যাতে দিতে পারেন। এ বছরে কলকতায় ৭২ লক্ষ লোককে ট্যাটটোরী র্যাশনিং-এর অর্ন্তভিক্ত রেখেছি, সেখানে আমরা জন্মাই মাসে, এই সময়ে, ১ কোটি ১০ লক্ষ লোককে মডিফায়েড রেশনিং দিয়েছি। কাজে কাজেই আমাদের হাতে যদি সংগ্রহ হয়, স্বভাবতঃই হবে, তাহলে আগামী বছর আমাদের যে দর্টি উদ্দেশ্য ছিল-আমি বলছি আমাদের এবারকার খাদ্য নীতি গত বছরের খাদ্য নীতির সম্প্রসারণ মাত্র, সেই দর্টি উদ্দেশতেই আমরা সিদিধ লাভ করবো।

### Shrl Nani Bhattacharjee:

মি স্পীকার, স্যার, এই ভেটমেশ্টের সঙেগ উনি একটা বলনে যে ওঁনার হিসাব অনসারে এবারে কত ধান উৎপন্ন হবে বা হয়েছে।

### Shri Prafulla Chandra Sen:

কত ধান উৎপন্ন হবে এটা একটা এতিনেণ্ট মাত্র কারণ মাঠে এখনও ধান আছে, আমাদের কৃষি বিভাগের অন্যান ,৪৫ লক্ষ টন চাল হবে, এবং মাননীয় সদস্যরা জানেন গত বছর আমরা ৬ লক্ষ টনের উপর পেয়েছিলাম আউশ এবারে সেখানে আমরা পেয়েছি ৪ লক্ষ ২৩ হাজার টন. অর্থাৎ ২ লক্ষ টন আউশ কম পেয়েছি।

## Shri Khagendra Eumar Ray Chowdhury:

মাননীয় স্পীকার মহাশয়, এই কিছা দিন আগে যখন এখানকার সভ্যরা বলেছিলেন যে এখানে আলোচনা না করে মাখ্যমালী বাইরে জ্টেটমেট দিচ্ছন তখন সমরজিতবাকা এবং শৈলবাকা করেছিলেন যে এখনও কোন পালিসি ঠিক হয়নি এবং বিশেষ করে তিনি বলেছিলেন

য়ে দু'মাস আগে ক্যাবিনেটের যে ডিসিশন ছিল সেটাকেই আমরা কায<sup>্</sup>করী করছি। এখন প্রশ্ন আগে দ্ব'মাস আগে ক্র্যুক্তিটের যে ডিসিশন সেই ডিসিশনের আগে তারা এত্রেম্বলী বসিয়ে বিরোধী দলের সংগে কোন আলোচনা করেননি এবং তাঁদের মতামত নেবার ক্রেনী করেনীন কেন? স্যার, একটা আগে প্রকারণার বলেছেন যে আমরা সব নির্দেশ দিয়ে দিয়েছি। আমরা ঠিক এখনও ব্রুতে পাবছিনা সমুত নির্দেশ দিয়ে দেবার পরও আজ**কে** এই যে বিতর্ক এই বিতর্কের কি প্রয়োজন ছিল। কেননা ওঁরা নির্দেশ দিয়ে দিয়েছেন সেই মত কাজ চলবে শংধ্য আন্যুষ্ঠানিকভাবে বিরোধী পদ্দকে একটা বিতকের দিন ঠিক করে দিয়েছেন, তার চেয়ে বেশী কিছা নয়। কেনন, বিরোধী দলের যদি কোন বন্ধব্য নেবার থাকতো তাহলে তাঁরা তাঁদের ডেকে আগে আলোচনা করতেন। এই যে তেটে ট্রেডিং এই টেটে ট্রেডিং-এর দাবী আমরা অনেক দিন আগে থেকেই তুর্লোছ, এটা ন্তন কোন কথা নয়। এটা কংগ্রেসীদের কিন্তা প্রফলেবারের কোন মৌলিক অ্রিণ্ডার নয়। আমরা অনেক আগে থাকতেই বলবার চেণ্টা করেছি যে যেখানে হোডিং চলছে, লর্ফিয়ে রাগতে, যেখানে বেশীর ভাগ খাদ্যের ঘাটতি হয় সেখানে ভেট ট্রেডিং ছাড়া উপায় নেই। কিন্তু আজকে এই ভেটে ট্রেডিং-এর দাবী ওঁরা আনন্**ঠ**ানিক ভা**বে** স্বীকার ক্রনেও সেটা কার্যারী করণ আন্ত বে পরিকল্পনা, পালসি, গ্রহণ করেছেন সেটা দেখেও আমাদের মনে কিছ্ম আগংকা আছে, আমরা উৎফল্লে হতে পার্রছি ন।। এবারে বোধহয় বাংলাদেশে যে চাল হয়েছে তা নিয়ে চোর। কারবারীর। আর চোরা কারবার ্রবার স্বযোগ পাবেনা কেন্না আমরা এর আগেও দেখেছি যে মল্যে নিয়াত্রণ হয়েছিল কিত মূল্য নিয়ন্ত্রণ কার্যকরী হয়নি, এর আগেও দেখেছি আমরা দাবী করেছিলাম জমিদারী প্রথা উচ্ছেদ হোক, সেই জমিদারী প্রাণ যেভাবে উচ্ছেদ হল তাতেও দেখলাম সিলিং ফাঁকি দিয়ে কিভাবে বে-নামীতে জমি রাখা গেল। সহতরাং আজকে ষ্টেট ট্রেডিং-এর দাবী বাকৃত হলেও আমরা ঠিক মনে প্রাণে উৎগলে হাত পারছিনা কেননা ওাঁরা যে সব নীতি নিচ্ছেন সেটা কার্য-ক্ষেত্রে দেখা যাচেছ সমুহত জিনিসংক বানচাল করে দেয়। যেমন ও'রা ঠিক করেছেন, প্রথমে দেখবেন প্রফালবার আমাদের এখানে যে দেউটমেণ্ট দিয়েছেন তার মধ্যে তিনি এই সংকটের কতকগর্মল কারণ দেখিয়েছেন, সেই সংকটের মূল কারণ যেটা তিনি দেখিয়েছেন সেটা কিন্ত হোডিং নয়, সীমানেত যদেধ চলছে তার জন্য প্রতিরক্ষার জন্য বেশী খরচ হচেছ, আর একটা হচ্ছে ইনফ্লেশন। এটাই তিনি মূল কারণ দেখিয়েছেন, হোডিংকে মূল কারণ দেখাননি।

[3-20-3-30 p.m.]

আমি জানি না যে আমাদের দেশে চাল লংকিয়ে রাখার জন্য যে সংকট-লোকে চাল পাচেছ না চালের দর বাড়ছে যেটা বাংলা দেশের কারও কাছে অজানা নেই—কিন্তু মংখ্যমন্ত্রীর বিবৃত্তি বা ভাষণের মধ্যে দেখতে পাওয়া গেল না। আজকে আমাদের যে বন্ধব্য আমি জানি না, সরকার কত-খানি গ্রহণ করবেন জানি না। কিন্তু সরকারের যে সমস্ত কাজ সত্যিকারের ভাল নিশ্চয় আমরা া সমর্থন করবো—কিন্তু যেগর্মল আমরা সমর্থন করতে পার্রাছ না সেটা আমি এখানে উপাস্থত করছি। প্রথমেই বলে রাখ ভাল যে আমরা মনে করি অন্যান্য কারণের সংগেও যে ফলন কম ইনফ্লেশন আছে—কিশ্ত হোডিংটাই হচ্ছে গ্রধান কারণ। এই হোডারদের আলাদা করে বিচ্ছিন্ন করে দেশবাসীর সমস্ত ক্রোধ দেশবাসীর সমস্ত শক্তি যদি তার বিরুদেধ সঞ্চিত করা হয় তাহলে একমাত্র ভেটট ট্রেডিং সফল হবে। আর যদি জোতদারকে যারা বরাবর বাংলাদেশে এই কয়েক বছর ধরে সংকট স্কান্টি করছে তাদের যদি আজকে দল পাকাবার সংযোগ গ্রামে দেওয়া হয়— তারা যদি দল পাকাতে পারে তাহলে সরকার এই যে লেভির কথা ভাবছেন তা অনেক অংশেই গানচাল হয়ে যাবে এবং সরকার যে নীতি গ্রহণ করেছেন অন্তত তা দেখে আমাদের তাই মনে েডেছ যে জোতদারকে তরা গ্রামের দিকে দল পাকাতে দেবেন। জানি না মূল্য নিয়ন্ত্রণ যেভাবে তাঁরা করেছেন যার জন্য আজ দেশের লোকের মধ্যে অনাম্থা এসে গেছে যে আর ম্লা বাঁধার দরকার নেই—ঠিক ভেটট ট্রেডিং-এর সেই অবন্ধা হবে কিনা। আমি সেচ বিহান এলাকার কথা বিশেষকরে বলবো—২ একরের উপর থেকে লেভি ধরতে সরের করেছেন—আমাদের

ঐ সরকারী তথ্যের সংগে মিলবে কিনা জানি না-সেচ যেখানে নেই সেচের বাইরের এলাকায় যদি গড়ে বিঘাতে ৫ মণ অর্থাং একরে ১৫ মণ এই হিসাবের ভিত্তিতে আমি এখানে কয়েকটি হিসাব রাখছি। প্রথমত একটা চাষী যিনি দ্ব একর জমি চাষ করেন অর্থাৎ ছয় বিঘা—তার ৩০ মণ ধান হবে এবং সরকার যে দাম দিচ্ছেন ১৪ টাকা করে যদি ধরি তাহলে তার দাম हर्द 8২0 টাকা। वीजजना कतात थता, जात এখানে খডের জন্য যা नाম পাবে সেটা যদি ৰাদ দেওয়া হয়-শাখ্য সরকার যে দামটা বে ধৈ দিয়েছেন তার জন্য ৪২০ টাকা অর্থাৎ মাসে ৩৫ টাকা করে। যদি পাঁচ জনের ফ্যামিলি হয় তাহলে গড়ে মাধা পিছন ৭ টাকা করে হয়-৭ টাকার উপর যেই হচ্ছে সরকার তার উপর লেভি বসিয়ে দিচ্ছেন। অর্থাৎ ৩০ মণ যার ধান উৎপন্ন হচ্ছে এবং মাথা পিছন ৭ টাকা মাসিক আয় হচ্ছে সরকার তার উপর লেভি চাপাচেছন। এখন যদি এদের উপর লেভি চাপান তাহলে বাংলাদেশে তেট ট্রেডিং ফেল করতে ৰাষ্য। অর্থাৎ একটা বিরুট অংশকে যারা বরাবর বাংলাদেশের মানুযুকে দুদুর্শাগ্রহত করে রেখেছেন সেই সমত্ত জোতদারদের দিকে এদের ফেলে দিচ্ছেন এবং তার ঘাটতি কিছা থাকছে। জাপনারা ৭ মণ করে ধরেছেন সরকারী হিসাবে যে তাদের ৭ মণ করে খেয়ে ফেলতে হবে। **কিন্ত আমরা মনে করি যে অন্তত—আমি চাষীর খরচের কথা বলছি না, কিংবা বীজ ধানের** कथा वर्लाष्ट्र-किश्वा महाजातात्र एए एन। धारा स्माध एएट एम कथा वर्लाष्ट्र ना-जवाउ ১২ मण দরকার। কোন চাষী আধ সের চালের কম খেতে পারে না। তাদের কাছে কোন বৈকলপ খাবার নেই। প্রফারবার, একট, আগে আর্মোরকার হিসাব আনলেন। কি প্রয়োজন ছিল তাঁর? যখন এখান থেকে প্রশন করলেন যে তারা ছয় কি সাত আউন্স খায় তণ্ডলজাতীয় জিনিস-কিন্ত खना कि थाय जाता त्म कथा जिनि वललान ना। क्षकरमत कार्छ विकल्प किछ, तनहै। मन्द्रन আৰ সের চাল আর কেবলমাত্র বন জভগল ছিডে সিন্ধ করে যদি কিছা খেতে পারে-এছাডা এদের কাছে কোন খাদ্য নেই-যতক্ষণ তাদের কাছে খাবার থাকবে ততক্ষণ তারা খাবে-তাদের खना किए, यथन विकल्प तार এটা মনে রাখা দরকার এবং সকাল বেলায় যদি তারা পাতা খায় তাহলে আরও বেশী হয়-এক সের করে যদি ধরি তাদের চালের খরচ দৈনিক তাহলে বছরে সাতে তের মণ লাগবে খাবার জন্য। আমরা যদি ১২ মণ করে পাঁচ জনের ফ্যামাল ধরি তাহলে অত্তত ৬০ মণ দরকার.....

#### Shri Nani Bhattacharice:

গ্পীকার স্যার, আপনি হয়তো জানেন যে ছানা নিষিদ্ধ করে হাইকোর্ট থেকে একটা রন্ন জারী হয় এবং এই রন্ন জারীর পরে চীফ মিনিন্টার বেতারে একটা বন্ধতা দেবার দরনে তাঁর উপর হাইকোর্ট কনটেম্পট অব কোর্ট রন্ন জারী করেছেন—এই রকম খবর কি আপনি পেয়েছেন?

#### Mr. Speaker:

না এখনও আমি কিছ, পাইনি।

## Shri Khagendra Kumar Ray Chowdhury:

কাজেই আমি যে কথা বলছিলাম কোন কৃষকের ১২ মণের কমে হবে না এবং ৩০ মণ তার উৎপাদন হচ্ছে আর ৬০ মণ তার প্রয়োজন। অর্থাং ৩০ মণ ঘাটতি থেকে যাচ্ছে—এই ৫০ মণের উপর লেভি চাপাচ্ছেন সরকার। কিন্তু যে মহেতে এই লেভি চাপানো হবে সেই মহেতে তাদের যে মনোভাব হবে সেটা হচ্ছে সরকারকে কোন ধানচাল না দেওয়া এবং আমরা জানি যে বছরে তিন চার মাস যে বীন চালের দাম কম ধাকে সেটা হচ্ছে এই সমস্ত কৃষকের—ভাগচাষী ও মধ্যচাষী এই সমস্ত চাষীর ধানচাল বাজারে আসে যখন, তখন বাজারে চালের দার কম ধাকে। সতেরাং বাজারে তাদের ধান চাল আপনি থেকেই আসবে—তার উপর লেভি করার প্রয়োজন নেই। আহেত্ক তাদের উপর লেভি করে সরকার ঐ চোরাকারবারীদের করলে

তাদের ঠেলে দিচ্ছেন। বাংলাদেশের ঐ ভাগচাষী মধ্যচাষী ক্ষেতমজ্বর তারা জোতদারকে চেনে—ডাদের বিরুদেধ এদের ক্রোধ আছে—সেই ক্রোধকে আজকে আপনাদের ন্টেট ট্রেডিং-এর পক্ষে লাগাবেন, না ভেট ট্রেডিং-এর বিরন্ধে লাগাবেন? আপনারা যেটা করতে যাচ্ছেন সেটা ভেটে ট্রেডিং-এর বিরুদেধ যাচ্ছে। ২নং হচ্ছে ধানের দর সদ্বশ্বে প্রফারবাবন বললেন তিনি নাকি অনেক কৃষক বংধরে কাছ থেকে তথ্য নিয়ে—এগ্রিকালচারাল প্রাইসেস ক্রমিশনের তথ্য-টথ্য নিয়ে হিসাব করে দেখেছেন যে এই রকম খরচ পড়ে। আমি এখানে প্রফলেবাব্যর মত অতো বড় কথা বলতে পারবো না—উনি কৃষক বন্ধ্যর কাছ থেকে হিসাব নিয়ে জেনেছেন—আর আমি জীবনের অনেকখানি সময় ক্ষকদের সঙেগ কাটিয়েছি। উনি বললেন যে এর কৃষ্টিং করা খবেই শক্ত-কিল্ড করে ফেলেছেন। আমি একটা প্রশ্ন আপনার কাছে রাখতে চাই যেটা সম্বশ্ধে আশা করি কারও ডিসপিউট হবে না যে এক বিঘা জমি চাষ করতে কয়টি রোজ লাগে। ২৩ থেকে ২৪টি-র কম জনে এক বিঘা জমি চাষ করতে পারেনা এটা সকলেই স্বীকার করবেন। যদি ২৩ থেকে ২৪টি রোজ হয় এবছর সাড়ে তিন টাকা করে জনের রোজ হয়েছে—তাহলে মোট ৮৪ টাকা হয়। বলবেন সাডে তিন টাকা করে হোল কেন-কিন্ত সেটা আপনাদেরই কৃতিত্বের জন্য। তিন টাকা সাড়ে তিন টাকা করে যেখানে চালের কিলো সেখানে কি সাড়ে তিন টাকার কমে রোজ পাওয়া যায় ?—হিসাব করে দেখনে ৮৪ টাকা যেখানে লাগে—অবশ্য কেউ বলছেন ১০, কেউ বলছেন ১০০-কিন্তু প্রফলেবাবনের খারাপ লাগবে বলে আমি ৮৪ বলছি-৮৪ টাকা যেখানে খরচ পড়ে যায় আপনারা সেখানে বলছেন ৭০ টাকা দাম ঠিক করে দেবো। যার ধন তার ধন নয় নেপোয় মারে দই-৭০ টাকা ঠিক করে দিলেন, ক্ষমতা আছে আপনাদের, পর্নালশ পাঠিয়ে দেবেন—ডি-আই-আর করবেন—৮৪ টাকা যেখানে খরচ সেখানে আপনারা ৭০ টাকা করে ধানের দর করে দিলেন।

[3·30—3·40 p.m.]

এটা দেখান হবে যে বাংলাদেশে যারা চাল কিনে খায় তাদের খবে সর্বিধা করে দিলাম। ধদি চাষীদের আমরা ধানের বেশী দরের কথা বলি তাহলে বলা হবে দেখছ ওরা একবার চাষীকৈ ধানের বেশী দাম দিতে বলছে আবার ওদিকে চালের দাম কম করতে বলছে—আমরা মোটেই তা বলিনি। আমরা বলছি যে ১৮ বা ১৯ কিল্বা ২০ এই যতক্ষণ পর্যাল্ড না আপনি দাম বাঁধ-বেন চাষীকে ঠকান হবে তার উপর ডাকাতি করা হবে। আর আমরা তো জানি যে ২৬ কি**ল্বা** २० টाका जार्भान চाला मत व "स्य मिलान थि श्रीप्रिकाणि मत्रो। तरेल, जीवरन स्त्र मस्त्र हाल পাওয়া গেলনা। তিন টাকা দরে চাল নিতে হল কিলো অর্থাৎ ১১২ টাকা করে মণ পড়ল। সে করার দরকারটা কি? আজকে ১৮।১৯।২০ টাকা করনে তাহলে দেখবেন যে চাষার যাশ্তত চাষের খরচটা উঠবে। শব্ধন চাষের খরচটা উঠবে। এক বিঘা জাম হিসাব করে দেখনে, এক বিঘা জমি বাংলাদেশে ১ হাজার টাকার দামের কমে আপনি পাবেন না। এক হাজার টাকা যদি কেউ ব্যালেক রাখে সে সেভিং এ্যাকাউণ্টে সে কত পারসেণ্ট সন্দ পাবে—80 টাকা খনে কম পক্ষে যদি হয়, ৪০ টাকা ফিক্সড ডিপোজিটের কথা ছেডে দিলাম। হাজার টাকায় ,৪০ টাকা সে সনে পাবে উইদাউট ডুনিং এ্যানিধিং। আর তার উপর ১০ টাকা সে ইনভেণ্ট করছে। কত তার হওয়া উচিত। আপনি করে দিচ্ছেন ৭০ টাকা বলছেন কিনা আমার সমস্ত কৃষক বন্ধনদের কাছ থেকে আমরা পরামর্শ পেয়েছি, এগ্রিকালচারাল কমিশনের রিপোর্ট থেকে আমরা ঠিক করেছি। চমংকার, কোনখানকার এ্যাগ্রিকালচারাল কমিশনের রিপোর্ট—তারা চালের দর কত ধরেছেন, রোজের দাম কত ধরেছেন এবং এটা যে মনহতের্ত করবেন, যে মনহত্তের্ত আপনি ১৮ টাকা না দিয়ে ১৪ টাকা করে আপনি চাল কিনতে যাবেন সেই মত্ত্রতে চাষীকে আপনি উত্তেজিত করবেন। আপনি কি চান যে চাষীকে ক্ষতিগ্রন্থত করতে চান, আপনি কি চান যে আপনাদের ষ্টেট ট্রেডিং-এর বিরংশের তারা সমস্ত উঠে দাঁড়াক। তা নিশ্চয়ই চান না। তা যদি না চান তাহলে দরকে যদি আপনি বিবেচনা না করেন তাহলে সাংঘাতিক একটা গণ্ডগোল বাংলাদেশের

গ্রামে হবে। তারপরে এই হিসাবটা ধরা হলো হিসাব করে দেখবেন যে এটা হচ্ছে একটা রোজের হিসাব ধরা হল। অর্থাৎ নিজের জমিতে সে ক্ষেত মজরে হিসাবে কাজ করলে নিজের জমিতে যা আয় হত অন্য জমিতে ক্ষেত মজনে হিসাবে কাজ করলে যা আয় হত নিজের জমিতে সে ক্ষেত মজনুর হিসাবে সে কাজ করছে। করে ক্ষেত মজনুরীর যে রোজটা সেই রোজটা সে নিচ্ছে। বিঘাতে তার খরচ পড়ছে ৮৪ টাকা থেকে ১০ টাকা খবে কম পকে। আমি তার যে জমির ভ্যাল-রেশান তা ধরলাম না। এর সণ্গে ৫ মণ করে ধান বিঘাতে ধরছি। এখন এর সংগে খাজনা দিতে হবে, ঐ বাজ ধানের খরচ আছে তেমনি সে খড বিক্রি করে সে একটা খরচ পাবে। আমি কাটাকটি করে দিলাম। কিল্ড আপনি দেখাবেন কোন যাদতেে আপনি 58 गैंका शन क्लादन। 5366 माल य मत्र शिष्ट वाजाद व्यथ्ठ व्याभीन दल्लाहन य 58 টাকা আমি ধান দেব। বডড বেশী দিচ্ছি। কৃষকের বেলায় এই চালের দাম ধানের দাম দুইে গন্ধসা বেশী দিতে কিন্বা ন্যায্য দাম দিতে আপনাদের এতো বকে চডচড করে কেন? কোৰায় অস্ববিধাটা হচ্ছে এবং সেইখানে এইটা করার সংগে সংগে আপনি অনেক বেশী সত্যিকারের যদি দর দেন তাকে তাহলে উদ্বন্ধ করবেন কৃষককে সরকার-এর কাছে ধান বিক্লি করতে। দ্বিতীয় হচ্ছে ন্টেট ট্রেডিং-এর ব্যাপারে আপনারা তো থানা করড্নিং করছেন আপনারা জেলা कबर्फ़ानिः कब्राप्टन जाननाज्ञा जन्नन कब्रफ़ानिः कब्राप्टनः हानस्मनाब-धव नारेसम्य कानस्मन कर्व দিরেছেন। এরপরে যাদের উদ্বন্ত চাল আছে তাদের ধরে রাখার কোন ক্ষমতা নাই। আমি ছিসার দেখিছে দিলাম যে ৬০ মণ যেখানে তার দরকার সেখানে পাচছে ৩০ মণ। এই যে তারা সেল করতে আসছে যে স্বাভাবিক ভাবে বাজারে আসছে তার উপর লেভি চাপিয়ে দিয়ে আপনি অহেতক কেন তাকে জোতদারদের কবলে ফেলে দিচ্ছেন। আপনারা চোরাকারবারীদের দল পাকাতে দিচ্ছেন। কেন? আজকে যদি বাংলাদেশের কৃষককে, সমন্ত মান্ত্রকে এর বিব্ৰুদেধ লাগাতে পারেন তবে এই চ্টেট টেডিং সফল হবে। চ্টেট টেডিং সফল হলে ওদের কি हरत ना हरत जानिना, उदा পश्चाद हरतन कि जान-अश्चाद हरतन स्म अन्न जास्म ना। अन्न इत्र्यू ष्ट्रिंग र्पेष्टः यीन रक्त करत जा इत्त वाशामित्यत मान-स्पत्र जीवतन अक्टो বিপর্যায় আসবে। সেটা রোখবার কাররে ক্ষমতা নেই. আজকে যে ভাবে মূল্যে বৃদ্ধি হচ্ছে **मिटा थाकरव ना। मारा हालाब अन्न नाम मार्ग्य किनियाद मार्म दा दा करत वाफुरा थाकरक**, कन्भना कता याग्न ना त्म व्यवस्था। এই व्यवस्था कार्यकती हल कि हरत। व्याभनाता रा পরিকলপনা গ্রহণ করেছেন সেটা হবে না। আপনারা সমস্ত জেলায় কর্ডন করছেন, আপনারা পর্নালশ বসাচেছন, তব্ব ভয় করছেন। ব্যাভাবিক ভাবে বাজারে চাল যা আসে তা ক্রয় করতে দেবেন না এবং জোর করে সকলকে লেভিতে আনবার চেণ্টা করছেন। আমি এর অর্থ কিছ্য ব্যুবতে পার্রাছ না। তারপর সিলিং সম্পর্কে কিছ্যু বলব। আমাদের পরশ্য দিন ২৪-পরগণা জেলা পরিষদের মিটিং হয়েছিল, সেই মিটিং-এ এম এল এ, এম পি-দের ডাকা হয়েছিল। অফিসাররা সরকারী ব্যাপার যেটা সেটা পরিত্কারভাবে বলেছেন, সে সন্বশ্বে আমাদের কিছন বলবার নেই। আমরা কয়েকটি প্রশ্ন করেছিলাম। বীজেশ সেন মহাশয়ও সেই সভায় উপস্থিত ছিলেন, আমরা তাঁকে জিজ্ঞাসা করেছিলাম, ধরনে ১টা মৌজায় ১০ বিঘা জমি আছে, আর একটি মৌজায় ১০ বিঘা জমি আছে এবং হয়ত আর একটি মৌজায় ১০ বিঘা জমি আছে এরপে হিসাব যেখানে সেখানে কি ভাবে হিসাব করবেন। তাতে তিনি বলেছিলেন হিসাব করা খনবই শক্ত; তবে আমরা চেণ্টা করে দেখব। তা হলে বনঝনে যে এটা বার করা শক্ত জিনিষ। সৰকারী তথ্যের ডিভিতে এরপে ৩ জায়গায় ৩০ বিঘা যদি জমি থাকে তা হলে তাকে ধরা যাবে না। আপনাদের সেটেলমেণ্ট-এর যে কাজ বা অফিসাররা যারা তারা অপদার্থ। জে-এল-আর-ও এবং তহশীলদার তাদের দ্বারা সমৃত বাংলাদেশের সেটেলমেণ্ট করতে ৫।৬ বংসর লাগে। সেখানে আপনারা ২ মাসে এটা কমপাইল করবেন? কোন জেলার কর্ডপক্ষের এর্প ক্ষমতা আছে যে এটা করতে পারে ্র দিবতীয়ত আমি জিজ্ঞাসা করছি যে একটা ফ্যামিলি-তে बद्द लाक्बर नारम क्षीम जाल्ह, राथान मन्न करवन कार्मिन मान्न कावरव ১০, कावरव ৫, এর প মিলিয়ে যেখানে সমস্ত জমি আছে. সেখানে এই সমস্ত হিসাব করবার কি করে চেণ্টা করবেন—তাতে তিনি বর্লোছলেন আমরা ইনডিভিজরোলি দেখব কার কত জমি আছে, এই

নির্দেশ **লিয়েই** তারা কাজ করছেন। কয়েক দিন আগে ওপক্ষের কয়েকজন বংধরে সংখ্য আমি আলোচনা কর্মছলাম, কারণ এই খাদ্যের ব্যাপারে সকলেই উদগ্রীব। তারাও বর্লাছলেন যে তি হবে তা বোৰা যাচেছ লা। এই যে জোতদার তাদের সম্পর্কে বলছি যে ওরা স্পালট আপ করে জমি সব লন্কিয়ে রাখবে এবং বেনামীতে লন্কিয়ে ফেলবে বিভিন্ন মৌজায় ভারা এইভাবে ন্রবিয়ে ফেলবে। শেষে ৫ বিঘা, ২ একর, ৫ একর জমি যাদেব আছে তারা না দিলে আৰু ছবেনা। তা হলে ব্যাপারটা বনঝে দেখনে। যাদের আলটিমেটলি ধান ধরা উচিত, গারা বাংলাদেশে খাদ্যসংকট স্থিত করছে তারাই বাদ পড়ে গেছে। আর শেষ পর্যাত পড়ে যাচ্ছে এবং আতৃত্বিক্ত হচ্ছে তারাই ঐ যাদের ২ একর, ৫ একর জমি আছে। এবং এদের উপরই সমুহত ভার এসে পড়ছে। আজকে বাংলাদেশের কৃষকের মনোভাব এইভাবে গড়ে উঠছে। গত বংসর আপ্নারা কি করেছেন, আপ্নারা কলকাতার মান্ত্রকে রেশনিং-এ এনেছেন এবং গ্রামেতে এক মজার জিনিষ চাল্য করেছেন। রেশনিং-এর সিসটেম-এ কোথাও সণ্ডাহে একবার, কোথাও ১০০ গ্রাম চাল, কোথাও আবার ৫৮ গ্রাম করে আবার কোথাও ছোলা-এইভাবে ব্যবস্থা করেছেন। এর ফলে তাদের কি মনোভাব আছে তারা মনে করবে যে যদি সরকারকে আমরা চাল দিই, ধান দিই, আমার যে সময়ে প্রয়োজন তখন তা আমরা পাব না। গত বংসরের আভজ্ঞতা থেকে এই ধারণা হয়েছে সে ধারণা ভ॰গ করে দেবার কোন ব্যবস্থা করেননি। তাদের যা প্রয়োজন যেটা তারা উৎপাদন করে সেই ঘার্টতি নিয়ে আপনারা কাকে উন্দর্ভ্য করবেন? আপনারা কি সরকারী কর্ম চারীকে দিয়ে এটা কার্য করী করা যাবে না। দেখা যাচ্ছে যে বিধানসভা যখন ডাকা প্রয়োজন ছিল তখন ডাকেন নি. বিরোধীদের মত নেবার চেষ্টা করেননি। তারা কি বলতে চান যে তারাই সমস্তই বোঝেন? সর্বশেযে প্রফল্লবাব, এবং অন্যান্য নেতারা অনেক সময় বলেন যে আশা করি আপনারা সব সময় কো-অপারেট করবেন কিন্তু এবার তিনি ধরেই নিয়েছেন ওরাই সব করবেন। আজকে এই যে সংকট এই সংকটের জন্য আমি ব্যুখতাম যাৰ আপনারা সমস্ত বিরোধ দল এবং দলমত নিবি শেষে কমিটি করতেন অঞ্চলের স্তর থেকে তাহলে সমস্ত দেশপ্রেমিক মান্ত্র যারা এই খাদ্য সংকটের হাত থেকে বাঁচতে চায় তাদের নিয়ে র্যাদ আপনারা এই কমিটি করতেন এই জোতদারদের বিরন্দেধ দাঁড়াতেন, ডাইরেক্ট এ্যাকসান নিতেন তাহলে ব্রুতাম যে আপনাদের ইচ্ছা আছে কিন্তু আপনারা তা করেননি, আপনারা रिराहा मनाक जारकर्नान. जाशनाता क्रवकरमत्र नगरा शास्त्र माम रमरतन ना এই जार আপনারা সমস্ত জিনিষের বিরোধিতা করছেন।

## [3-40—4-10 p.m.]

যদি বন্ধতাম যে আপনাদের সংকট দ্বে করার ইচ্ছা আছে, তাহলে আমাদের কোন বন্ধব্য থাকত না। কিন্তু, আপনাদের তা দ্বে করার কোন ইচ্ছা নেই। বিধানসভা ভাকলেন না। বিরোধীদের মত নিলেন না। কৃষককে ন্যায্য দাম দেবেন না। সিলং-এ সমস্ভ ভাগ করে দেবার জন্য বন্দোবস্ত করছেন। অথচ দেখা যাচ্ছে যে ফ্যামিলির মধ্যে যদি কেউ বেশী জমি রেখে দিয়ে থাকে, তা ধরবার কোন উপায় নেই। জেলা ম্যাজিন্টেটের কথা বললেন, যে অনেক জায়গা থেকে খবর আসছে, আপনারা যদি ধান কেটে নিয়ে যেতে পারেন, কেটে নিয়ে যান, আমরা কাটতে পারছি না, চাষীরা দিচ্ছে না। জেলা ম্যাজিন্টেট বললেন, আমি বন্ধতে পারছি না, চাষীদের মতলবটা কি? গত বছরেও মনে হয়নি প্রনিশ্ব-এর সাহায্য দরকার, এ বছর কেন মনে হচ্ছে? অর্থাং এখন থেকে এই অবস্থা স্টিট হয়েছে। স্কুতরাং সত্তিকার যদি আপনারা শ্টেট্ট্ডেং চাল্ক করতে চান, সত্তিকার যদি মনে করেন যে অনেন্টাল ভাবে কাজ করবেন, যদি আপনাদের মধ্যে সদিচ্ছা থাকে, যদি মনে করেন যে বাংলাদেশের মান্ম, তার প্রয়োজন জন্মায়ী না পারেন, যতাই,কু উৎপাদনের জন্য, বাইরে থেকে যেটকে পাওয়া যায়, সব মিলিয়ে, আমরা একটা কিছ্ব দেবার চেন্টা করি, তাহলে কিছ্ব হয়। তা নাহলে, আপনারা যা পরিকল্পনা করছেন, তা কর্মন্ত আ কর্মকরী হবেনা।

আমরা ষ্টেট ট্রেডিং মন্ডমেন্ট-কে ডেফিনিটলি সমর্থন করি। কিল্ড যদি বলেন ১৪ টাকা দরে চাষীদের কাছ থেকে ধান নেবাে, তাকে আপনারা সকলে সহযোগিতা করনে, আমি জানিনা কোন বামপশ্বী বশ্বর আছেন কি না, যিনি এতে সাহায্য করবেন? তাদের যেখানে ২০ টাকা খরচ পড়বে, সেখানে, তাদের কাছ থেকে ১৪ টাকায় ধান নিতে বলছেন, এ কখনও কেউ বলতে পারবে না। প্রফল্লবাবনের কাছে খবর আছে, আমরাও জানি চাষের খরচ কি? আমরা কৃষকের সংগে মিশি, আমরা জানি ধান চাষের কত খরচ পড়ে। সত্তরাং **আপনি সে**খানে যদি এই দর দেন, তাহলে আমরা কৃষককে কখনও এই কথা বলতে পারবো, যে তোমার ২০ টাকা খরচ হয়েছে, তমি ঐ ধান ১৪ টাকাতে দাও ! অন্য কোন জায়গায়, তাপনাদের এমন কথা বলতে শর্নানিন, যে, যা খরচ পড়েছে, তার চেয়ে কম দাম নাও! যেমন গতবার, তেলের ব্যাপারে দেখলাম, ২।। টাকা থেকে ৩ টাকায় বাড়ালেন, তারপর আবার, পরপর আরও দাম বাড়িয়ে দিলেন, কারণ তাদের রেজিন্ট করবার ক্ষমতা আছে। কিন্ত ক্রমকদের ঐ রেজিন্ট করবার ক্ষমতা নেই। তারা আইনের হাছে সাহায্য নেবার জন্য যেতে পারে. সে ক্ষমতাও নেই. সামর্থ্যও নেই। তার উপর, যেহেতু আপনারা সংখ্যাগরিণ্ঠ, তাই যা ইচ্ছা করছেন । সবচেয়ে, নির্ভার করছেন আপনারা পর্নলশের উপর, কর্ডানিং-এর উপর, এবং সরকারী কর্মচারী ও অফি-সারদের উপর। আপনাদের ক্ষমতা আছে অনেক, আপনারা ইচ্ছা করলে যে কোন লোককে ডি. আই. আর-এ এ্যারেস্ট করতে পারেন। সব কিছ্ম আপনারা করতে পারেন। কারণ, ডিড্টিক্ট ম্যাজিন্টেটের মূখ থেকে শ্রনলাম, সেদিন যে, যদি তোমরা সহযোগিতা না করো, তাহলে বিপদ আছে। বিপদ কি? ডি, আই, আর। এর সংগে য্তেধর কি সম্পর্ক আছে? ২০ টাকার ধান, র্যাদ ১৪ টাকায় না দেয়, তাহলে তাকে ডি, আই, আর-এ ধরবেন। যার চাল করতে ৬০ টাকা মণ পড়ে, তাকে বলবেন ৩০ টাকা মণে দিয়ে দাও। এটা আমাদের সমর্থন করতে হবে? স্টেট ট্রেডিং সমর্থন করতে চাই আমরাও, কিন্তু, সে রকম ভাবের ব্যবস্থা বা পরিকল্পনা আপনা-দের নেই। সেইজন্য আমি আবার আপনার কাছে অন্বরোধ করবো আমাদের সকলের পরামর্শ গ্রহণ করনে। বিধানসভার সিটিং ডাকেননি, আমাদের মতামত নেবুরে জন্য চেণ্টা করেননি, সেটা এখন করনে। সত্য সতাই যদি স্টেট ট্রেডিং-কে কার্যকরী করতে চান, যদি বাংলাদেশের মানবেকে দর্ভিক্ষের হাত থেকে রক্ষা করতে চান, যদি অহেতৃক ভাবে প্রাণনাশ করতে না চান, তাহলে আপনাদের যে সমস্ত ত্রটিগর্নল আছে, তা দরে করতে চেণ্টা করনে এখানে আমার এক কাৰ্য্য বলছিলেন যে, এটাকে রাজনীতির মধ্যে টেনে নিয়ে আসবেন না। নিশ্চয়ই, আমরা তা নিয়ে অসেবো না। কৃষকের স্বার্থকে রক্ষা করতে হবে। দরিদের স্বার্থ ও কৃষকের স্বার্থ এক, তাদের রক্ষা করতেই হবে। "তুমিও ঠকাচেছা না, ভবিষ্যতে ধান পাবে", সেইরকম একটা গ্যারাণ্টি তাকে দিতে হবে। সেইরকম ব্যবস্থা করনে, তাহলে আমরা সকলে সমর্থন করবো, তাহলে বাংলাদেশের মান্ত্র বাঁচবে। তা নাহলে এইভাবে, যে দর্ভিক্ষ ডেকে আনছেন, তার দায়িত্ব আপনাদের নিতে হবে।

[At this stage the House was adjourned for 20 minutes]

#### After adjournment

[4-10-4-20 p.m.]

## Shri Kashi Kanta Maitra:

স্যার, আজকে শনেলাম মন্থ্যমন্ত্রীর বিরন্তের আদালত অবমাননার দায়ে কনটেম্পট্ অব কোর্ট-এর জন্য রন্ত ইসন্ হয়েছে।

Mr. Chairman: It has already been mentioned by Shri Nani Bhatta-charjee.

#### Shri Hemanta Kumar Basu:

মিঃ চেয়ারম্যান স্যার, পশ্চিমবংগ সরকার ১৯৬৬ সালের খাদ্যনীতি সম্বংধ যে বিবৃতি দিয়েছেন এবং আজকেও মন্থ্যমন্ত্রী মহাশয়্ল যে ভাষণ দিলেন, সে বিষয়ে বিবেচনা করে সারা বাংলাদেশের জনসাধারণ মন্থ্যমন্ত্রী তথা খাদ্যমন্ত্রীর বিবৃতিতে এই খাদ্য সমস্যা সমাধানের জন্য যে আশা করেছিলেন, তাদের মধ্যে যে উৎসাহ জেগেছিল, সেই সমস্ত উৎসাহ এবং আশা নির্মাল হয়ে গেল। আগামী বছর পশ্চিমবংগর খাদ্য সমস্যা খন্বই জটিল সে বিষয়ে কোন সন্দেহ নাই। কিন্তু সেই জটিল সমস্যার সমাধানের জন্য যে সমস্ত পথ তিনি আমাদের সামনে রেখেছেন, সেগালির ন্বারা সেই পথে, সেই সংকটের সমাধান হওয়া খন্বই কঠিন। বরপ্র সমস্যা আরো দিন দিন জটিল হয়ে পড়বে।

ধানের যে দর তাঁরা বেঁধে দিচ্ছেন বাস্তবিকই যাঁরা গ্রামের খবর রাখেন, অবশ্য মন্খ্যমান্ত্রী মহাশ্র রাখেন সে বিষয়ে সন্দেহ নাই। কিন্তু সাধারণভাবে যে খবর আমরা পাই যে দেড় একর সেচ এলাকার জমি আর দন্ত একর সেচ এলাকার বাইরের জমি এগনলি লেভাঁ থেকে মত্তে করে দেওয়া হবে, কারো উপর লেভাঁ চাপান হবে না। আর উপরের যে জমি তার উপর লেভাঁ করা হবে। এখন তিন একরই কর্ন্ন, আর আড়াই একর কর্ন্ন, চার একর কর্ন্ন, আর পাঁচ একর কর্ন্ন আমাদের বাংলাদেশে যে ধান বিঘা প্রতি উৎপাদন হয, তাতে চার মণ বা পাঁচ মণের বেশাঁ হয় না এ্যাভারেজ; তাহলে এক একরে ২৫ মণ বা তিন একরে ৪৫ মণ হবে এবং তাতে চাল হবে ৩০ মণ, তার বেশা হবে না। কাজেই এই ৩০ মণ, একটা পরিবারে যদি ৫।৬ জন লোক থাকে এবং চাষাঁ পরিবারের সে যা খাবে তার খাই-খরচ অভতঃ মাথা পিছন্তিন পোয়া করে গড়ে হবে সে বিষয়ে সন্দেহ নাই। কাজেই সেদিক থেকে এই ৩০ মণ চাল ৫ জনের পরিবার হলে ৬ জনে হয় না, অভতঃঃ ৯ মণের কমে কোন মতে হতে পারে না।

অল্ডতঃ ১ মণের কম কোন মতেই হতে পারে না। কারণ কৃষক যদি ভাল করে খেতে না পায় তাহলে সে পরিশ্রম করবে কি করে? বাংলাদেশের অন্যান্য লোকেরা কিছা, কম খেতে পারে কিন্ত কৃষকরা কম খেয়ে ফসল উৎপাদন করতে পারবে না। তার পর লেভি সিসটেমে যেভাবে ধান নেওয়া হবে ১৪ টাকা করে তাতে কৃষকের যা খরচা পড়ে তাতে ১৪ টাকা করে ধানের দর হতে পারেনা। এক বিঘা জমিতে কৃষকের যা খরচ পড়ে তা অন্ততঃ ৯২ টাকা থেকে ৯৬ টাকা, বীজ, সার, লাংগল, বলদ, এই সমুহত দাম ধরে। কাজেই এক বিঘা জমিতে যদি ৪ মণ ধান হয় তাহলে তার খরচ পডছে মণ প্রতি ২৪ টাকা। যদি আরো কম করে ধরা যায় তাহলে অততঃ ২০ টাকা মণ প্রতি হয়ই। প্রত্যেক জিনিষের দাম বেশী সেই অনুসোরে র্যাদ ধরা যায় তাহলে ২০ টাকার কম হয় না। কাজেই কুষকের কাছ থেকে যদি কম দরে ধান নেন তাহলে কৃষক দেবে না। ইতিমধ্যে বাংলাদেশে যারা অলপ জমির মালিক, যেমন ১।। একর, ২ একর জমির মালিক তাদের ক্ষেত্রে বলেছেন যে এরা লেভির আওতা থেকে বাদ যাবে। আমি বলছি যে অন্ততঃ ৫ একর জমির মালিক পর্যন্ত যেন বাদ যায়। সেচের জমি ৫ একর এবং সেচবিহীন জমি ৭ একর, এদের উপর লেভি না করে তার উপরে লেভি করা হোক। কিন্তু সরকার গরীব চাষীর উপর লেভি চাপাচ্ছেন এবং গরীব চাষী এবং জনসাধারণ সে ধান উৎপাদন করলেও সেই ধান তারা ধরে রাখতে পারে না। কারণ তার নানা রকমের খরচ আছে. মহাজন আছে, তার **ঝণ আছে**, কাজেই তাকে ধান বিক্রি করে দিতে হয়। এ°রা বলছেন যে আন্তলিক কর্ডন করে পর্বলিশ দিয়ে ঘিরে রাখবেন এবং সেই ভয় তাদের দেখিয়ে তাদের উপর লপ স্থিত করে এই ধান আদায় করবেন। বড় বড় যারা জোতদার যাদের পরিবারে ১০০। ১৫০।২০০ বিঘা জমি আছে তাদের জমি এমন ভাবে ব্যবস্থা করা আছে যে সংগে তাদের উপর লেভির চাপ পড়বে না যতখানি পড়বে এই গরীব চাষীদের উপর। সেজন্য লেভির যেভাবে ব্যবস্থা করা হচ্ছে তাতে সেটা সম্পূর্ণরূপে বিফল হবে। কৃষক যারা তারা কম দরে ধান प्पर्त ना, कृषकप्पन्न यीम भन्नमा तमी प्रथमा याम् जाता यीम नागा भूता भाग जारल जाना হয়ত ধান দিতে পারে। মুখ্যমশ্রী এগ্রিকালচারাল প্রাইস কমিশনের যে কথা বললেন সেখানে আমার বন্তব্য হচ্ছে এগ্রিকালচারাল প্রাইস কমিশন বিচার বিবেচনা করে কয়েক বছর আগে একটা দর বরেছেন কিন্ত আজকে দাম অত্যধিক বেডে গিয়েছে. সে হিসাবে তাঁরা বিচার

বিবেচনা করার সন্যোগ পাননি। তারপর সরকার বলছেন যে কর্ডন করে পর্নালশ দিয়ে চি তাঁরা এই বান আদার করবেন তার মধ্যেও লপে-হোল আছে। আমরা যে ষ্টেট ট্রেডিং-এর र বলেছি সেই তেটি ট্রেডিং-এর মধ্যে নেই। যে সমস্ত চাল ব্যবসায়ী জনসাধারণের দর্যোথ সংযোগ লিয়ে, খাদ্যের অভাবের সংযোগ নিয়ে চোরাকারবার করেছে তাদেরই উপর এই া কিনবার ভার দেওয়া হবে ডি. পি, এজেন্ট হিসাবে। মিল মালিক যাদের গত বছর ৪ লক্ষ **ठान महकारहर कार्ट्स प्रवाह कथा छिन जाहा 8 नक छैन ना मिरह २ नक ७৮ शालाह छैन :** <mark>দিয়েছে। কাজেই এই সম</mark>স্ত ব্যবসায়ী যারা নানারকম অন্যায় করে, লোকের রক্ত শোষণ ক **জিনিষপত্রের দাম বাডিয়ে নিজেদের পকেট ভর্তি করেছে তাদেরই উপর চাল কেনবার ছ** আবার দেওয়া হবে। তারপর বলছেন কো-অপারেটিভের মারফত ধান চাল কেনা হবে। আমি তা আপত্তি করিনা, আমি সমর্থন করি। কিল্ড কো-অপারেটিভের মধ্যে এই বড বড জোতদার, ব্দ চাষীদের প্রভাব আছে, কন্টোল আছে। তব্তও কো-অপারেটিভের মার্ফত ধান চাল কিন এটা সমর্থন করি। আজকাল শোনা যাচ্ছে কো-অপারেটিভের বিরুদ্ধে নানা অভিযোগ, করে জন মিলে কো-অপারেটিভের টাকা তছরূপ করেছে এই রকম অভিযোগ পাওয়া যায়, সেড কো-অপারেটিভগর্নল যাতে ঠিক মত চলে, তার মধ্যে যাতে সর্বিধাবাদী, স্বার্থবাদী লোবে প্রভাব বিশ্তার করতে না পারে সেদিকে দুণ্টি রাখা দরকার, আরু মিল মালিকদের ধান চ কিনবার কোন অধিকার দেওয়া উচিত নয় এবং পশ্চিমবণ্গে যত চালের মিল আছে এই মি গর্নলকে জাতীয়করণ করতে হবে। কারণ আমরা মিল মালিকদের চেহারা দেখেছি, তারা কিভা চালের অত্যাধক দাম বাড়িয়ে মনোফা করেছে সেটা দেখেছি। কিল্ড সরকার তাদের সায়ে? করবার জন্য বিশেষ কোন চেণ্টা করেননি। কাজেই মিল মালিকদের ডি, পি, এজেন্ট করা উচি নয়, সরকার নিজের দায়িছে এই চাল কিন্তুন। সেই ধানের দর কি দেওয়া হবে সে সন্বশ্থে আমাদের বিশেষভাবে বিবেচনা করতে হবে যাতে কৃষকরা উৎসাহ, প্রেরণা পায়। এই যে রেশ চলছে এই রেশনিং-এর ফলে সারা বাংলাদেশের লোকেরা কোথায়ও ৩ টাকা, কোথায়ও টাকা দামে চাল কিনছে, এর কমে কোথায়ও কিনছে না। কাজেই এইভাবে যদি ক্ষকদের কি বেশী দিয়ে অত্ততঃ এক টাকা কেজি দিয়ে আমরা চাল নিই তাতে আমাদের কোন আপত্তি তে কারণ আমরা জানবো যে এক টাকা দরে চাল পাওয়া যাবে, ২ টাকা, ৩ টাকা দরে নয়। কাডে ১৮।১৯।২০ টাকা বানের দর বেঁধে দেওয়া হোক এবং সেই দরে সরকার কো-অপারেটিতে মাধ্যমে ধান কিননে এবং সেই ধান থেকে চাল তৈরী হলে সেই চালের দাম ৩০।৩১।৩২ টা হবে। এটা যদি করা যায় তাহলে ১ টাকা দরে চাল পাওয়া যাবে এবং লোকে ব্রুবতে পার যে আমরা চাষীর ঘরে পয়সা দিচ্ছি, চাষী উৎপাদন করছে এবং এই এক টাকা করে চাল য সে বরাবর পায় তাহলে সাধারণ লোক তাদের এই ইকর্নামক প্রাইস দিয়ে কোন আপত্তি হবে ন সরকার বলছেন যে একটা বৈশ্লবিক পরিবর্তন আনবেন। কিন্তু কোন বৈশ্লবিক পরিবর্ত দেখতে পাচিছ না। তাঁরা বলছেন যে বর্গাদারকে জমির মালিক করতে হবে। কিন্ত আজকে। **ধানের দর ধরা হয়েছে সেটা** যদি হয় তাহলে বর্গাদাররা উৎখাত হয়ে যাবে এবং হতে আরু **করেছে, সে বিষয় কোন সন্দেহ নেই। কাজেই যে নীতি বর্গাদারকে রক্ষা না করে জমির মালি** না করে উৎখাত করে দেয় সেই নীতির কতখানি মূল্য আছে সেটা আমরা পরিস্কার বরুত পার্রাছ না। সরকারের সদিচ্ছা থাকলেও সরকারের এই নীতির ফলে বর্গাদারের উচ্চেদ হা যাবে এবং হতে আরম্ভ করেছে. এ বিষয়ে কোন সন্দেহ নেই। তারপর রাণ্টীয়করণের কথা ব হয়েছে। সেখানে ৰলা হয়েছে যে চালের ব্যবসাকে রাণ্ট্রায়ত্ব করতে হবে—কিন্তু আজ সরকার। নীতি নিয়েছেন তাতে আজকে রাণ্ট্রীয়করণের কোন ব্যাপার আমরা দেখছি না। কাজেই আম দেখছি যে হোলসেলারের উপর সেই ক্ষমতাই থাকবে—তারা চাল কিনতে পারবে ব্যবসা কর পারবে এবং এও দেখছি যে পরিমের্পতি বরুরে অফিসারদের ক্ষমতা দেওয়া হবে—তারা যে কো লোকের উপর দিয়ে ব্যবসা-বাণিজ্য চালাতে পারেন। এই সমস্ত জিনিস বিবেচনা করে রাণ্টাঃ কিছন্টে করা হোল না। যে পরেনো নীতি ছিল—সেই জোতদার মিলের মালিক এবং সেই সম্ম ৰ্যবসাদারদের হাতে ব্যবসা রেখে দেওয়া হোল—এইজন্য আমি এই নীতির সম্পূর্ণ বিরোধী कर्बाष्ट्र ।

[4-20-4-30 p.m.]

#### Shri Somnath Lahiri:

মাননীয় সভাপাল মহাশয়, আমাদের খাদ্যমতী তথা ম,খ্যমতী প্রে যে ছাপানো বিবৃতি দির্ছেলেন এবং তার পরে আজকে যে বিবৃতি দিলেন সেই দ্বটো খন্ব ভালভাবে পড়ে এবং শন্নে আমার খন্ব আশ্চর্য লাগলো যে তার মধ্যে শ্টেট ট্রেডিং যে শ্টেট ট্রেডিং আমরা চের্য্রেছ—কিন্তু এই শ্টেট ট্রেডিং কি তা আমরা বন্বতে পার্রাছ না। এখানে শ্টেট ট্রেডিংরের কারণ হিসাবে বর্ণনা করেছেন ইনফ্রেসন, পি, এল,-৪৮০ গমের অভাব এবং অনাবৃত্তি। বাংলাদেশকে গত কয়েক বছর ধরে এবং বিশেষ করে এ বছর যারা ছারখার করে দিলেন সেই ব্ল্যাকমাকেট তাদের যে কোন অন্তিম্ব আছে তা এই দন্টো বিবৃত্তির মধ্যে কোনটাতেই আপনি পাবেন না। এবং আমাদের পশ্চিমবণ্গ সরকারের যে খাদ্যনীতি এ বছরের শেষের দিকে তারা বাংলাদেশের মানন্বের ঘরে একেবারে আর্তনাদ তুলেছেন সেই নীতি সন্বশ্বে তিনি বড়াই করে বললেন তাঁর প্রেকার বিবৃত্তি—আজকেও যে তার এখনকার প্রেকার হিজ

continuation of the old policy.
অর্থাৎ মানেটা দাঁড়ায় যে, যে পলেসির ফলে খাদ্যশস্যের বাজারে আজ চোরাকারবারীদের প্রায়
একছত্র প্রভুত্ব চলেছে সেই পলেসি কিছন পরিবর্তান হতে পারে—কিন্তু মূলত পরিবর্তাত হবে না

because it is a continuation of the same old policy.

তার বন্ধবা তাঁরই বন্ধতা অন্সারে। আরও সোজা কথায় এই মানে দাঁড়ায় যে চোরাকারবারী থাকবে, মজ্বতদারদের সম্লে উৎপাটিত করা হবে এই হচ্ছে তাঁর খাদ্যনীতি। সেইজন্য আমরা কি দেখতে পাচিছ—তাঁর ভেট ট্রেডিংয়ের যে তথাকথিত পর্লোস তার মধ্যে জোতদার থেকে ধনী চাষী পর্যাপত বড় মালিকদের যে বিরাট উৎপক্ষ আর উন্বৃত্ত তার সরকারের প্রকিওরমেন্টের প্রধান লক্ষ্য নয়। ম্বামানতী তাঁর বিব্তিতে বেশ স্বেপ্টভাবে জানিয়েছেন যে

The main measure for ensuring maximum procurement will be the pur

chase of all distress sales of cultivators throughout the State.

অর্থাৎ প্রোকিওরমেন্টের প্রধান লক্ষ্য সারংলাস নয়, প্রধান লক্ষ্য ডেফিসিট অথবা নিয়ার ডেফি-সিটদের ডিসট্রেস সেল। তার মানে কি? যারা পাঁচ-সাঁত একর পর্যন্ত জমির মালিক সাধারণত তারা ডিসট্রেস সেল করতে বাধ্য হয়। সরকারের লেভির আক্রমণের প্রধান লক্ষ্যুস্থল হবে এই পাঁচ-সাত একর পর্যাত জমির মালিকরা। সরকার দি ডিসট্রেস সেলের সবটাই প্রকিওর তরতে পারেন ভাল কথা—কিশ্ত সেই প্রকিওরমেণ্ট করা উচিত তাদের বেচছাম্লক বিক্রির মারফং— র্লোভ করে জোর-জবরদিন্ত করে এমন কি তাদের খোরাকের ধানেও টান দিয়ে করলে এই ডিসট্রেস সেলের অপব্যবহার হবে। ধরনে ৫।৭ একর পর্যশত যেসব চাষী অন্য উপার্জনের স্যোগে ডিসট্রেস সেল কম করতো বা একেবারে করতো না—এই রকম অনেক চার্যী আছে যারা একট্ন পেট ভরে ভাত খেতে পেতো সরকারের লেভি ব্যবস্থায় তাদের ভিসট্রেস সেল করতে বাধ্য করাচেছন এবং তার বিনিময়ে তাদের অনিদি'ণ্ট প্রতিশ্রনিত দেওয়া হচেছ যে বছরের শেষ দিকে তোমরা মডিফায়েড রেশনিং-এ আমাদের কাছে রেশন পেতে পারো। কিন্তু এ বছর মডিফায়েড রেশনিংয়ের যে অভিজ্ঞতা পশ্চিমবাংলার সমস্ত মান্ত্রের বত্ত জত্তালিয়ে দিয়ে শিখিয়ে দিয়ে গেছে—তার পরে তাদের ধান সরকারের হাতে তুলে দিয়ে তারা মডিফায়েড রেশনিংয়ের আশায় ৰসে থাকৰে এতে সরকার সোয়াস্তি পেতে পারেন—কিন্তু গরীব চাষীরা যে পাবে তার সম্ভাবন্য খবেই কম। তার মানে এই দাঁড়াচেছ যে চাষী অন্য উপার্জনের সংযোগ নিয়ে ৫।৭ একর জমি থাকা সত্বেও ডিসট্রেস সেল হয়তো করতে বাধ্য হোত না, সে পেট ভরে খেতে পারতো—আজকে সরকার লেভি ডিসট্রেস সেলের ডেসট্রেস তাদের মধ্যে ছাড়িয়ে দিলেন। এই ছোল তাঁদের নীতির মোদ্দা কথা। অথচ এই জবরদ্হিত যদি না থাকতো—ডিসট্রেস সেল হেবচছাম্লকভাবে দরকারকে দেওয়া এই যদি সরকারের বক্তব্য থাকতো তাহলে। আমরা স্বাই মিলে ৫।৭ একর পর্যত চাষীকে উদ্বন্দ্ধ করতে পারতাম যে তোমার ধান তুমি বেচবার সময় সরকারকে বেচো— অন্যকে বেচবে না। কিন্তু প্রোকিওরমেন্টের আসল জায়গা ওখানে নয়, আসল জায়গা অন্যত্র। ডিসট্রেস সেলের পরিমাণ এবং ৭ একরের উপর—জোতদার ধনী চাষী যাদের উন্ব্রের পরিমাণ

অনেক বেশী তাদের সেই উদ্বান্তই বর্তামানে সাক্ষার্কেটের প্রধান ভিত্তি-সেটা সংগ্রহ করাই সরকারের প্রেণাকওরমেন্টের প্রধান লক্ষ্য হওয়া দরকার ছিল। একটা হিসাব দিই-একটন ধৈর্য ধরে শন্নবেন যদিও মন্খ্যমশ্ত্রী এখানে উপস্থিত নেই, পরেবী দেবীকে তিনি রেখে গেছেন তাঁর প্রতিনিধি হিসাবে—১৯৫১ সালের সেনসাসের ভিত্তিতে হিসাব করে দেখা যায় যে পশ্চিম বাংলায় মোট এক কোটি কৃষি জনসংখ্যার মধ্যে যাদের ১০ থেকে ২৫ একর পর্যান্ত জমি আছে তারা শতকরা ৮ ভাগ--অর্থাৎ প্রায় ৮ লক্ষ লোক যাদের হাতে হিসাব অন্দারে বের করা যায়, মোট চাষ জমি আছে ৩৭.৬ পারসেন্ট। অর্থাৎ ৮ লক্ষ লোকের হাতে ৩৭.৬ পারসেন্ট চাষযোগ্য জামি আছে। অর্থাৎ এখানে যদি আমরা হিসাব ধরি যে মোট ধানের উৎপাদন এদের জমি অন্পাতে হবে ৩৭.৬ পারসেন্ট—এটা ৮ লক্ষ লোকের অংশে দাঁডায়। মোট ধানের উৎপাদন মুখ্যমন্ত্রী কয়েক দিন আগে বলেছিলেন যে ৪৯ লক্ষ টন হবে —আজ অবশ্য বললেন ৫০ লক্ষ টন—যা হোক মোট থানের উৎপাদন যদি ৪১ লক্ষ টন হয় তাহলে এদের ভাগে হবে তার ৩৭.৬ পারসেন্ট অর্থাৎ ১৮.৪ লক্ষ টন। প্রফারবার, যা ম্যাকসিমাম বরান্দ দেন সেই বরান্দ অন্সারে এদের খোরাক যদি মাথাপিছে দৈনিক ১৬ আউন্স করেও ধরি তাহলে ৮ লক্ষ লোকের জন্য মোট খোরাক লাগবে ১.৩ লক্ষ টন—আৰু প্রফল্লেবারের হিসাব ধরে সমুত্ত ধান জ্মির জন্য মোট বীজের পরিমাণ ৬ লক্ষ টন হয় তবে এদের জমির বীজ ধানের প্রয়োজন হবে ২.২ লক্ষ টন। সত্তরাং এদের মোট উৎপন্ন ১৮.৪ লক্ষ টন থেকে ১.৩ লক্ষ টন খোরাক আর ২.২ লক্ষ টন বীজ বাদ দিলে মোট উদ্বত্ত থাকবে ১৪.৯ লক্ষ টন অর্থাৎ মোটামর্নটি ১৫ লক্ষ টন। আমাদের প্রফরেলবাব্র সরকার প্রোকিওরমেন্টের যা টোট্যাল টারগেট ধরেছেন তাও ১৫ লক্ষ টন। সতেরাং প্রোকিওরমেন্টের টোট্যাল টারগেটটা বেরিয়ে আসে ৭ একর থেকে ২৫ একর পর্যান্ত জমির মালিকের খোরাক বীজধান বাদ দিয়ে বাকী উদ্বৃত্ত ফসল থেকে। আর ডিসট্রেস সেল-এর সেটা যদি তার উপর সেফটি মারজিনের হিসাব ধরি তাহলে পরে সরকারের ভেট ট্রেডিং বাস্তবিক স্থানিশ্চিত হতে পারে। কিন্তু এই সমস্ত বড় মালিক ৭ একর থেকে ২৫ একর পর্যান্ত-এরা হচ্ছে ব্ল্যাক-মার্কেটের প্রধান স্তুম্ভ—তাদের টর্নটি টিপে ধরবার সাহস কিম্বা ইচ্ছা আমাদের কংগ্রেস সর-কারের নেই।

## [4-30—4-40 p.m.]

এইয়ে মেডিকেল হাসপাতাল এগানে ডাক্টারের সংখ্যা কম আছে—এগানেও কম ওবানেও কম এই অবস্থায় কেউ যদি বদলী হতে চান তাহলে তাকে বদলী করেন কিনা ?

# Shrimati Purabi Mukhopadhyay:

কে কি চাচ্ছেন, না চাচ্ছেন তা দিয়ে কি আমাদের এ্যাডমিনিষ্ট্রেশন চলবে---হাসপাতাল চলবে ?— না, জনস্বার্থে বা রোগীদের স্বার্থে কাকে কোথায় রাথা প্রয়োজন—সেইভাবে আমরা তাঁদের রাথবো? আপনারা যদি কোন পারসোন্তাল কান্ডিভেটের কেম নিয়ে এসেম্বলীতে কোন্চেন পুট করেন

I think you are prejudicing the interest of the patients in general. কারণ পোনেণ্টদের জন্য ভাক্তার পোনেণ্টদের চিকিৎসার জন্ম যেগানে যাকে দিলে স্থবিধা হবে আমরা তাকে দেখানে দেবো এবং সেই হিসাবে আপনাদের সকলেরই সমর্থন করা উচিত যে চিকিৎসা প্রয়োজনে যাকে যেখানে পোষ্ট করা হবে তিনি সেখানে যেতে বাধ্য থাকবেন এবং আমরা যতদিন তাঁকে সেখানে রাখার প্রয়োজন বোধ করবে তিদিন সেখানে রাখবো। কোন ভদবীরের দারা যেন তাঁকে ট্রান্সফার করার চেষ্টা করা না হয়।

#### Shri Sanat Kumar Raha:

স্থার, এইভাবে এ্যাসপারসন করা হোল কেন ?

#### Shrimati Purabi Mukhopadhyay:

উইথ এ্যাসপারসন কোয়েশ্চেন করা হয়েছে বলে।

Mr. Speaker: It is not an as persion. It is an appeal to a member

### Payment of bonus by the tea-garden owners

\*370. (Admitted question No. \*1861.) Shri Monoranjan Roy:
শ্রম বিভাগের মন্ধ্রিফাশিয় অন্তগ্রহপর্বক জানাইবেন কি—

- (ক) ইহা কি সভা যে পশ্চিমবঙ্গের চা বাগান মাশিক সমিতিগুলি বোনাস আইনের নিম্নতম বোনাস দিবার ধারা হইতে অব্যাহতি পাইবার জন্ম সরকারের নিকট সম্প্রতি আবেদন জানাইয়াছে; এবং
- (थ) मुंडा इटेल, উक्त बादवनन मुन्नादर्क मुद्रकाद कि मिकास कि ब्रियाहन

- (क) হা।
- (খ) আবেদন অগ্রাহ্য করা হইয়াছে।

#### Shri Monoranjan Roy:

এই মালিক সমিতিগুলি কবে দরধান্ত করেছিল এবং আপনারা কবে তাদের কাছে জানিয়েছেন যে আপনারা কাউকে অব্যাহতি দেবেন না ?

# Shri Bijoy Singh Nabar:

কবে করেছিল ডেটটা আমার কাছে নেই—তবে জানানো হয়েছে লাই উইকে।

#### Shri Monoranjan Roy:

লাষ্ট উইকে যে জানিয়ে দিয়েছেন এইরকম কোন কেদ দিতে পারেন ?

### Shri Bijoy Singh Nahar:

মালিক সমিতি যাঁরা দরগান্ত করেছেন—এাজ এান এসোসিয়েশন, তাঁদের জানিয়ে দেওয়া হয়েছে।

# Shri Nani Bhattacharjee:

কোন কোম্পানী আলাদাভাবে কোন দরখান্ত করেছে কি ?

### Shri Bijoy Singh Nahar:

এখনও আমরা পাই নি।

#### Shri Monoranjan Roy:

কোন কোন এাসোসিয়েসন দরপান্ত করেছিল ?

#### Shri Bijoy Singh Nahar:

আই টি. এ-আই, টি. পি এ।

#### Shri Monoranjan Roy:

আপনারা আই · টি এ এবং আই · টি পি. এ বোথ দি অর্গানাইজেসনকে কি জানিয়ে দিয়েছেন যে আপনারা অব্যাহতি দিচ্ছেন না ?

#### Shri Bijov Singh Nahar:

আমরা সরকার থেকে রিজেক্ট করে দিয়েছি—এটা নিশ্চয় জানিয়ে দেওয়া হয়েছে—তবে চিঠি পোচেছে কিনা জানি না।

#### Cossimbazar Manindra Mills

- \*371. (Admitted question No. \*1866.) Shri Nani Bhattacharjee:
  শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) গত ২৮এ এপ্রিল, ১৯৬৫ তারিথে কাশিমবান্ধারের মনীন্দ্র মিলের তাত বিভাগ বন্ধ হইবার পরে গত ৪ঠা জুন, ১৯৬৫ তারিথে একটি ত্রিললীয় সম্মেলনে এইরপ সর্ত গৃহীত হইয়াছিল কি যে, এক্সাইন্ধ ডিউটি কমিলে মিলটি আবার পুরাপুরি চালু হঠবে;
- (খ) ইহা কি সভ্য যে, ১লা জুলাই, ১৯৬৫ হইতে ঐ মিলের একসাইজ ভিউটি প্রায় শতকরা ৫০ ভাগ কমিয়া নিয়াছে: এবং
- (গ) যদি (খ) প্রশ্লের উত্তর হাঁ হয় তবে ত্রিদলীয় চুক্তি অন্থপারে উক্ত মিলটি চালু হইয়াছে কিনা এবং চালু না হইয়া থাকিলে কারণ কি ?

- (क) ৪-৬-৬৫ তারিথের ত্রিপাক্ষিক চুক্তির অন্ততম শর্ত ছিল যে ভারত সরকার অস্ত:শুব্ধের উপযুক্ত পরিমাণ ছাড় দিলে কোম্পানী মিলটা পুরাপুরি চালু করিবেন।
- (খ) ইা।
- (গ) ৪-৬-৬৫ তারিপের ত্রিদলীয় চুক্তি অস্থবায়ী মিদটি ৭-৬-৬৫ তারিথ হইতে চালু করা হয়, কিন্তু কাব্দের পরিবর্ত্তিত পদ্ধতি লইয়া কর্মীদের সঙ্গে গোল্যোগ হওয়ায় কোম্পানী ১০-৬-৬৫ তারিথ হইতে লক আউট ঘোষণা করেন।

শিব্ধ ও বাণিজ্ঞ মন্ত্রীর মধ্যস্থতার পরে যে মীমাংসা হয় সেই অমুষারী ১২-১০-৬৫ তারিথ হুইতে মিলটি আংশিকভাবে চালু হুইয়াছে। কোম্পানী মনে করেন যে অস্তঃশুব্ধের যে পরিমাণ ছাড় পাওয়া গিয়াছে তাহাতে মিলটি লাভের সহিত চালাইতে গেলে কাজের পদ্ধতি পরিবর্তন অপরিহাণ্ড। এ সম্বন্ধে কোম্পানী একটি প্রস্তাব দিয়াছেন এবং এ সম্বন্ধে মীমাংসার জন্ম শ্রম অধিকার ত্রিপাক্ষিক স্তরে চেটা করিতেছেন।

# Shri Nani Bhattacharjee:

এই যে আংশিকভাকে চালু হয়েছে বল্লেন---এই আংশিকভাবে চালু করার কারণ কি ?

### Shri Bijoy Singh Nahar:

যেটুকু তারা চালু করতে পেরেছে তারা মনে করছে তাতে লাভ হবে কি লোকসান হবে সেই ভেবে তারা চালু করেছে,--পুরো মিল চাল হয় নি।

# Shri Nani Bhattacharjee:

ঐ পুরো মিল চালু করার জন্ম আপনারা কি ব্যবস্থা গ্রহণ করেছেন ?

# Shri Bijoy Singh Nahar:

মিল চালু করার যে ব্যবস্থা দেটা আমরা করি—কিন্তু কোন মেসিনটা চালাবেন বা কোনটা চালাবেন না তার কোন ব্যবস্থা আমাদের নেই।

#### Shri Nani Bhattacharjee:

অনেকে সেখানে লে অফ অবস্থায় আছে পুরো চালুনা হবার দক্ষন। সেক্ষেত্রে আপনারা কি যেসমন্ত আইনগত ব্যবস্থা অবশ্বস্থন করা দরকার সেগুলি করেছেন ?

# [1-30-1-40 p.m.]

#### Shri Bijoy Singh Nahar:

আইনগত ব্যবস্থা অবশয়ন করা দরকার, সেটাই চলেছে—প্রথমে কনসিলিয়েশন হবে এটা চলেছে।

#### Shri Sanat Kumar Raha:

মনীক্র মিলে কোর্থ জুন যে ত্রিললীয় দল্ম লন চুড়াস্তভাবে খোলার জন্ম ঠিক হয় দে অফুদারে খোলা হয়েছে ?

# Shri Bijoy Singh Nahar:

আমি আগেই বলেছি বৈ থোলা হয়েছিল।

#### Shri Sanat Kumar Raha:

বেভাবে চুক্তি ছিল সেভাবে মিল তার চুক্তির সর্ত্ত পালন করেছে কিনা সেটা জানতে চাই ?

সর্ভ্ত মিল খোলার এবং মালিকের পরবর্ত্তী পদ্ধতি নিয়ে কর্মীদের সংগে গোলমাল হয় এবং ভার ফলে মিল বন্ধ হয়ে যায়।

# Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রী মহাশায় কি জানেন যে ত্রিনলীয় মিটিং-এ যে চুক্তি হয়েছিল সে চুক্তি অহুসারে পরবর্জী কাজ চালু হয় সেটা ভাল ছিল, সেটা বিচারের ভার ছিল লেবার কমিশনার-এর মধাস্থতার করবার কথা ছিল; ইউনিয়ন এবং মালিক-এর ভেতর কোন মতভেদ দেখা দেয়নি। তারা মিল বন্ধ করে দিলেন এই চুক্তির একটা বড় অঙ্গ ছিল যে ডবল সিফ্টিং-এ কাজ চালু করতে হবে। কিন্তু কি পরিমাণ লোক বেকার হবে বা কে হবে কি হবে না, এ ব্যাপারে শ্রমিক ইউনিয়ন এর সংগে মালিক বা কর্ত্বপক্ষের মধ্যে কোন মীমাংসা না হওয়ায় মিল চালু হবার ১ মাসের মধ্যে সেটা লেবার কমিশনারের আরবিট্রেটার নিযুক্ত হবেন তার উপর বিচারের ভার দেওয়া হবে ছেড়ে দেওয়া হবে এরপ ধরণের চুক্তি থাকা সত্বেও কাশিমবাজারের মনীক্র মিলের কত্বপক্ষ মিল চালু করেনি একথা জানেন কি ?

#### Shri Bijoy Singh Nahar:

মিল চালু করেছিল এবং চুক্তি অন্থ্যারে খোলা হয়েছিল তারপর আবার কন্তৃপক্ষের সঙ্গে শ্রমিকদের গোলমাল হওয়ায় চার পাঁচ দিন বাদে মিল বন্ধ করে দেন। এটা লেবার কমিশনারের কাছে দেওয়া হয়েছিল এবং সেটা লেবার কমিশনার দেখে রায় দিয়েছে।

# Shri Nani Bhattacharjee:

চ্জির যে সর্ত্ত ছিল সেই সর্ত্ত অহুসারে কি মিল বন্ধ করে দেয় না 🎋 চুক্তির সর্ত্ত ভঙ্গ করা হয়েছে ?

# Shri Bijoy Singh Nahar:

চুক্তি ভঙ্গ করার প্রাণ্ণ আদেন। একটা কনসোলিয়েসান চলেছে তার মাধ্যমে সমস্ত জিনিষণী আদেবে কিন্তু জিনিষটী হচ্ছে মিল গোলা সঙ্গে সঙ্গে শ্রামিক যে কথা বললেন তাতে তারা কিন্তু পালন করেননি। মালিক পক্ষ বলছে যে তারা পালন করেননি সেইজন্ত বন্ধ হয়েছিল। ইনডাসষ্ট্রিজ মিনিষ্টারের সঙ্গে বসে ত্রিপাক্ষিক চুক্তি অন্ত্র্যারে মিল চালু হয়েছিল। এখন যে গোলমাল হচ্ছে সেটা কনসোলিয়েসানে গেছে।

# Shri Sanat Kumar Raha:

# Shri Bijoy Singh Nahar:

নাটিশ দিলে বলতে পারব। এখানে প্রশ্ন ছিল। অন্ত ডিটেল্স বলা সম্ভব নয়,

# Shri Nani Bhattacharjee:

াননীয় ৰত্ত্ৰী মহাশয় বললেন লক আউট হয়েছিল। এখন লক আউট তুলে দেবার পর ইনডাসটি য়াল <sup>তুনপ্</sup>টস এটাক্ট আইন অন্থসারে নোটিশ দেওয়া হয়েছিল কি <sup>?</sup> নোটিশ দেওয়া হয়ে থাকলে গভর্নমেন্ট টি লক আউট বলছেন, না ষ্টাইক বলছেন ?

# Shri Bijoy Singh Nahar:

ামি আগেই বলেছি বে লক-আউট ছিল সনেহ নেই।

### Shri Birendra Narayan Ray:

মাননীয় মন্ত্রী মহাশন্ত্র বললেন যে আংশিক চালু হয়েছে। এই আংশিক চালু হয়েছে বা কতকগুলি চালু হয়নি। ১, ২ না ৯০ পারসেট।

### Shri Bijoy Singh Nahar:

নোটিস না দিলে বলতে পারবো না।

### Wages for the prisoners

- \*372. (Admitted question No. \*2040.) Shri Kanai Pal: প্রবাষ্ট (কারা) বিভাগের মন্ত্রিয়হাশ্য অন্তগ্রহপর্বক জানাইবেন কি—
- (ক) পশ্চিমবংগের কেবলমাত্র কেন্দ্রীয় কারাগারগুলিতে পরীক্ষামূলকভাবে বন্দীদের পারিশ্রমিক দেওয়ার ব্যবস্থা কত বংসর চালু হয়েছে >
  - (খ) এই ব্যবস্থা কার্থকরী হয়েছে কিনা;
- (গ) এই পরীক্ষা নিরীক্ষায় পালা শেষ করে সকল জেলের কয়েদীদের জন্ম সমান ব্যবস্থা চালু করতে আরও কতদিন লাগবে বলে মনে হয়; এবং
  - (ঘ) পারিশ্রমিকের হার আরও কিছু বৃদ্ধি করার কথা সরকার চিন্তা করছেন কিনা ?

### Shri Jagannath Kolay:

- (क) ইংরাজী ১৯৫৪ সাল হইতে প্রেসিডেনসী আলিপুর ও দমদম কেন্দ্রীয় কারায় এরং ইংরাজী ১৯৫৬ সাল হইতে বহরমপুর ও মেদিনীপুর কেন্দ্রীয় কারায় কয়েদীদের পারিশ্রমিক দেওয়ার ব্যবস্থা চা
  আছে।
- (খ) ইা।
- (গ) পশ্চিম বংগের জ্বেলা (ডিব্রীক্ট) কারা গুলিতে আগামী ইংরাজী ১৯৬৬-৬৭ সাল হইতে কয়েদীফে পারিশ্রমিক দেওয়ার ব্যবস্থা চালু করার বন্দোবস্ত হইতেছে। মহকুমা বা বিশেষ কারাগুলিতে এই ব্যবস্থা চালু করার কোনও পরিকল্পনা সরকারের নাই।
- (ঘ) না ৷

### Shri Sanat Kumar Raha:

পরিশ্রম দেবার ব্যবস্থা করার পর থেকে সরকার কোন্ জেলে কড টাকা পারিশ্রমিক হিসাবে দিতে পেরেছেন ও করেদীদের পুনর্বাসনের কোন ব্যবস্থা করে দিতে পেরেছেন কিনা এর কোন খবর আছে ?

### Shri Jagannath Kolay:

সমন্ত জেলের কথা বলতে পারবো না তবে ১৯৬৪ সালে কেন্দ্রীয় কারাগারে ৩ লক্ষ ৩৭ হাজার ৭২ টাকা দেওয়া হয়েছে।

### Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে কি রেট-এ পারিশ্রমিক দেওয়া হয় গ

### Shri Jagannath Kolay:

২৫ পরসা থেকে ৩৭ পরসা হিসাবে যে কাজ নির্দ্ধারিত হয়েছে তার উপর দেওরা হয় বোনাস দেওরা হয়।

#### Shri Sanat Kumar Raha:

পাবি**শ্রমিক দেবার উ**ন্দেশ্য কয়েদীরা **যাতে চুরি ডাকাতি না করে নিজেদের স্কন্থ ছীবন্যাপন করে** সেই উদ্দেশ্য সম্পর্কে সবকারের কোন রিপোট আছে কি না যে এ সমস্ত কয়েদীদেব সম্পর্কে যারা পারিশ্রমিক নিয়ে গোছে তাদের কত পারসেন্ট রিহনবিশিটেড হয়েছে ?

### Shri Jagannath Kolay:

যারা জেলে কাজ শেখে তারাতো পারিশ্রমিক পানই এবং অনেক জায়গায় তারা বিশিক্ষ পেয়েছে।

### Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে পারিশ্রামক যেটা দেওয়া ২য় সেগ্র পারিশ্রামক জেলের কি 'এক্সান্ন গবচ-পত্তের জন্ম দেওয়া হয় ৮

### Shri Jagannath Kolay:

ংবচ-পত্র সেই হিসাবে দেওয়া হয় না। অনেক সময় ভাষা নিজেরাই থবচ-পত্র করতে পাবেন, **অনেক স**ময় এর: যেটা পান সেটা ভাষ: পৰিবাৰকে পাধান ঝাধাৰ অনেক সময় এটাও হয় যে ভাষা যগন বাহিবে বের হন তথন ভারা একটা বাদ এয়ামাউণ্ট জেল থেকে নিয়ে বাব হন।

### Shri Balai Lal Das Mahapatra:

ম'ননীয় মন্ত্ৰী মহাৰ্য্য কি জানাবেন যে ঐ সমস্ত কয়েলীদেব পারিশ্রমিকেব টাকা থেকেই সাবান- নারকেল তেল ইত্যাদির প্রয়োজন হলে তাদেব ঐ সব নানান জিনিষ-পত্ত কিনতে হয় এবং গাব জ্ল্য তাবা জ্বার বাড়ীতে টাকা দিতে পারেন না ?

### Shri Jagannath Kolay:

তাদের যে টাকা দেওয়া হয় তার ৫০ পাবসেও তার। অনেক সময় বাড়ীতে পার্সান। অনেক সময় তারা অসের বিড়ি, ভাল সাবান ইত্যাদির জন্ম তারা গরচ করেন এবং এই ভাবে তারা গরচ করতে পারেন ৫০ শবসেওঁ। আব ৫০ পারসেও তারা ভাদের পরিবাববর্গকেও পার্সাতে পারেন। যেটা থাকে সোচী তারা এ রিলিজ হবার সময় পান।

### Shrimati Ila Mitra:

মাননীয় মন্ত্রী মহাশায় কি মনে করেন ন। যে পারিশ্রমিক দেওয়া হয় সেটা অত্যধিক কম দেওয়া হয় গু

### Shri Jagannath Kolay:

আমি তা মনে করি না।

### T. B. Cases amongst the Children

- \*373. (Admitted question No. \*2063.) Shri Sanat Kumar Raha : বাজা বিভাগের মন্ত্রিমহাশ্যা অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) ইহা কি সভ্য যে সাম্প্রতিককালে শিশুদের মধ্যে টি, বি, রোগ বৃদ্ধি পাইভেছে; এবং
- $^{(4)}$  যদি উত্তর হাঁ। হয় তাহ। হইলে গত তিন বংগরের এ বিষয়ে। তথা কিরূপ ?  $K\!=\!93$

### Shrimati Purabi Mukhopadhyay:

- (ক) না; '
- (থ) প্রস্তা উঠে না।

### Shri Sanat Kumar Raha:

শিশুদের টি, বি, রোগ সম্প্রসারণ যাতে রোধ হতে পারে তারজন্ম কোন ব্যবস্থা করেছেন ?

### Shrimati Purabi Mukhopadhyay:

আপনার যে প্রশ্ন আছে তাতে বলা আছে শিশুদের এটা বাডছে কিনা, আমি তার উন্তরে বলেছি যে র্ছি পাছে না। কিন্তু আমরা দেখতে পাচ্চি যে বিভিন্ন চেষ্ট ক্লিনিকগুলিতে এবং আউটডোরে যারা আসছে তাদের মধ্যে এখনও বথেষ্ট পরিমানে হাই পারসেটউজ-এ পজিটিভ কেস রয়েছে। যাদের পজিটিভ কে তাদের হাসপাতালে আউটভোর ট্রিটমেন্ট-এর বাবস্থা আছে এবং প্রিভেনটিভ-এর জন্ম বি, সি, ছি ভ্যাকসিনেশন এর ব্যবস্থা আছে।

#### Shri Sanat Kumar Raha:

বিভিন্ন স্থলে আাণ্টি টি, বি, এর জন্ম ইনকুলে সানের ব্যবস্থা আছে কিনা?

### Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের মিনিয়েচার রেডিওগ্রাফি গাড়ী আছে। সেইসমন্ত গাড়ী বিভিন্ন স্কুলে গিয়ে টেন ইয়ারস এং গ্রুপ বাচ্চাদের টিউবারকুলেনি টেই করা হয়, বি, সি, জি, ভাাকসিনেশন দেওয়া হয়। এইভাবে দেগ নাম্ম যে টিউবারকুলেনি টেই-এ অনেকেই আাফেক্টেড হয়েছে তাহলে তাদের যথাযোগ্য ট্রিটমেন্ট এর ব্যবস্থ করা হয়।

#### Dr. Abu Asad Mohammad Obaidul Chani:

এইভাবে যে যক্ষা হচ্ছে সেই শিশুদের যক্ষা চিকিৎসার জন্ম সরকারের হাসপাতালের কোন ব্যবস্থা আছে গ

### Shrimati Purabi Mukhopadhyay:

আমাদের শিশুদের জন্ম আলাদা বাবস্থানেই। টি, বি, হসপিটালগুলিতে একটা করে চিলডেুন ওয়ার্ছ আছে।

### Dr. Abu Asad Mohammad Obaidul Ghani:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন বেঙ্গল টি, বি, এ্যাসোসিয়েশন বিশেষ করে শিশুদের জন্ম একটা ক্লিনি করেছেন। তাতে কি সরকার কোন সাহায্য দেন ?

### Shrimati Purabi Mukhopadhyay:

স্থামাদের যেখানে যেখানে টি, বি, রুগীর চিকিৎসার ব্যবস্থা আছে, চেষ্ট ক্লিনিক আছে এবং হাসপাতাল করে টি টমেন্ট-এর ব্যবস্থা করা হয় তাদের পক্ষ থেকে স্থামাদের কাছে যারাই দর্থান্ত করেছে তাদের প্রত্যেককে স্থামরা টাকা দিয়েছি এবং ভবিশ্বতেও দেব।

[1-40—1-50 p.m.]

### Dr. Narayan Chandra Roy:

ৰাদবপুর টি, বি, হাসপাতালে একটা চিলডেনস ওয়ার্ড খোলা হয়েছিল, সেটা কি ইন ওপারেশন আছে?

### Shrimati Purabi Mukhopadhyay:

হাদেপপুর টি, বি, হাসপাতালে একটা টি, বি, ওয়ার্ড ফর চিলডেন খোলার জন্য আমাদের কাচে ক্যাপিটাল গ্রাণ্ড চাওয়া হয়েছিল। তারা যে ক্যাপিটাল এক্সপেণ্ডিচার চেয়েছিল, আমরা তাই দিয়েছিলাম। দেটাকে ওপেনিং-এর জন্ত আমরা যথন যাই, আমাদের সাথে মুখ্যমন্ত্রী মহাশয়ও উপন্থিত ছিলেন, সেধানে তাঁরা চিলডেন্স ওয়ার্ড এর e চাঁ বেজ এর মধ্যে, ২৫টা বেড নিয়ে নেবার <del>জন্ম</del> মৌধিক আবেলন করেন এবং তারপর সেটাকে ফলো আপ করে দরখান্ত করেন; সেই দরখান্ত আমাদের দথেরে পৌচায়নি। সেটার সম্পর্কে হেল্ ও সেক্রেটারী যে একটা দরখান্ত করেছিলেন, সেই দরখান্ত আমাদের কাছে পৌছাল কিনা সে সম্পর্কে কোন রিমাই গুরে আমাদের দপ্তরে আসেনি তাঁদের যিনি জেনারেল সেক্রেটারী ডা: গুপ্ত তিনি প্রায়ই টেলিফোন করে থাকেন বিভিন্ন গ্রাণ্ড সম্পর্কে তিনি আসেন কথা বলেন ক্ছি এই চিল্ডেনস দেক্ষন বা চিলভেন্স ওয়ার্ড এর জন্ম কোন সময়। কোন কথা বলেন্দ্রি। ইতিমধ্যে আমরা সংবাদপত্রে দেখল'ন এইরকম ধরনের একটা সংবাদ বেরিয়েছে বে সেখানে একটা চিল্ডেন্স ওয়ার্ড খোলার জন্ত স্বাস্থ্যমন্ত্রী এবং মুধ্যমন্ত্রী উপস্থিত ছিলেন। এবং তাঁনের প্রতিজ্ঞতি দেওয়া সত্তেও টাকা পাওয়া যায়নি, এবং তা নিম্নে কাউন্সিলে একটা ক'লিং এাাটেন্সন নোটিস দেওয়া হয়। আমি হেল্থ <del>নথবের কাছ</del> থেকে কোন খবর না পেয়ে, তাঁদের কাছে চিটি লিখি, যে খবরের কাগক্তে এইরকম একটা খবর বেরিয়েছে, ভার কারণ কি ? ভারা দরখান্ডের একটা ভেট পাঠান বে অমুক ভারিখে আমরা দরখান্ত করেছি। আমার যতদুর মনে হয়, জুলাই মাসে, আমরা এটা ওপেন করেছি, এবং সংবাদ প্রকাশিত হয় নভেম্বর মাসে। এই জুলাই টু নভেম্বর, এর মধ্যে, বিভিন্ন কাজের জন্ম, ওখানকার, যাদবপুর হাসপাতালের জেলারেল সেকেটারী, এবং স্থপারিনটেনডেন্টরা আমাদের কাছে বহুবার এসেছেন, এবং আমাদের সঙ্গে দেখা সাক্ষাৎ করেছেন ্টেলিফোনে কথাবান্তা বলেছেন কিছ চিলভেনস ওয়ার্ড সম্পর্কে কোন দর্গান্ত করেছেন, বা আবেদন করেছেন, তার সম্পর্কে কোন কথা উল্লেখ করেননি। আমরা থবরের কাগতে দেগবার পর এবং সেটা তাদের কাছে চেয়ে পাওয়ার পর, তাঁর। আমাদের কাছে দরখান্ত পাঠিয়েছেন। যাদবপুর হাসপাতালৈ বে সমন্ত বেড রান করা হয়, তার বেশার ভাগ সরকার মেনটেন করেন, বাদবাকী ডিফারেণ্ট ইনষ্টিটিউশন মেনটেন করেন। মাত্র ৫০টি বেড্ তাঁরা নিজেরা, টি, বি, এ্যাসোসিয়েশন এর পক্ষ থেকে মেনটেন করেন। এই ৫০টি বেভের সঙ্গে চিল্ডেন্স ওয়ার্ড খুল্ডেই পারলেন না, অথচ তারা ঘটা করে উদ বোধন করলেন এবং করবার পরে থবরের কাগজ মারফৎ ঘোষনা করলেন যে আমরা টাকা পাচ্ছি না। এটা থুৰ আনফরচনেট ব্যাপার। যাদবপুর হাসপাতালকে এইরকম ভাবে এত সাহায্য করবার পর তারা এইভাবে চলেছেন, দিস সট অফ টি টমেণ্ট উই ড নট ডিজার্ভ উই রোট ইট ইন দি লেটার, ভারপর তাঁরা একটা দরণান্ত করেছেন, আমরা দেখছি যত তাড়াতাড়ি সম্ভব এর একটা উত্তর দিতে পারি। এত বলবার প্রয়োজন হ'ত না। কিন্তু সংবাদপত্তে এই সংবাদ বেরোবার পরে, অনেকে আমাদের কাছে এসেছেন, এম, এল, এ, রা এসেছেন কাউন্সিলের মেম্বররা এসেছেন, এগানকার বছ ডাক্তার সদপ্ররা আমাদের কাছে এসেছেন সেইজন্মই এত বিস্তারিতভাবে বললাম।

### Dr. Narayan Chandra Roy:

এই করেনপণ্ডেন্স এর পরে, এখন তার গ্রাণ্ট কন্সিভার করবেন ?

### Shrimati Purabi Mukhopadhyay:

আমরা সুবেষাত্র ত ঐ দরধান্ত পেয়েছি, সঙ্গে সঙ্গে সেটা রিকমেণ্ড করে ফাইনান্স ডিপার্টমেণ্টে পাঠান হয়েছে। যে কোন গ্রাণ্টা রিলিজ এর জন্ম দরগান্ত এলে ফাইনান্স ডিপার্টমেণ্টে ফাইল পাঠাতে হয়।

### Shri Sanat Kumar Raha:

বিভিন্ন স্কুলে টি, বি.র প্রতিষেধক টিকা নেবার জন্য গাডিয়ানদের মতামত নেওয়া হয়ে থাকে। কিন্তু 
ে পারদেট গাডিয়ান মত দেননা। কারণ তার কার্যকারিত। সম্বন্ধে তাদের মনে সন্দেহ আছে। সেই 
জিনিষটা থারাপ নয়, এটা সত্য। স্থতরাং তার কার্যকারিতা সম্বন্ধে যাতে, গাডিয়ানদের মনে বিশ্বাস 
স্কৃষ্টি করা যায়, তারজন্ম সরকার চেষ্টা করছেন কি ?

### Shrimati Purabi Mukhopadhyay:

বিভিন্ন অভিভাবকদের কাছ থেকে একটা করে কন্যেন্ট লেটার নিতে হয়, যে ভাদের সন্তানদের টিকা নেওয়া আমরা স্বীকার করছি। সকল অভিভাবকের মত যাতে এর পক্ষে হয়, তারজন্ম সকলের চেটা করা উচিৎ সরকার পক্ষ থেকে জাের করে বা কােন শান্তিমূলক ব্যুবস্থার হারা এটা করা বাছনীয় নয়, এবং তা হতে পারেনা। ডিফারেণ্ট টিউবারকিউলােসিস এসােসিয়েশনস, এবং বে-সরকারী ও সরকারী চিকিৎসকলেং বলা প্রয়োজন, এবং একটা অভিমত গড়ে ভালা লরকার যে বি, সি, জি, টিকা কােন সন্তান বা বাচলাং ক্ষতি করতে পারেনা। এটা ভাষ্, সরকারের তর্ক থেকে জাের করে, কমপালসরি করা যায় না। এ সব জিনিব আইন করে হয় না।

### Prisoners lodged in the Balurghat sub-jail

\*374. (Admitted question No. \*2099.) Shri Rabindra Nath Mukhopa dhyay: Will the Minister-in-charge of the Home (Jails) Department by pleased to state—

- (a) No. of prisoners lodged at present in the Balurghat sub-jail for political reasons;
- (b) how many of them belong to the Communist Party of India ;
- (c) if it is a fact that Shri Mongla Kisku, M.L.A., has been lodged in the said Jail and has been classified as Division II under trial and
- (d) if so, reasons therefor

Shri Jagannath Kolsy: (a) Four prooners are ac present lodged in Balurghat Sub Jail for trial under section 14. West Bengal Security Act and Rule 41 of Pefence of India Rules

- (b) One of the under trial peisoners, Shri Mong'a Kisku, M.L.A. is known to be affiliated with the Communist Party of Ladia. Party affiliations of the other three prisoners are not known.
- (c) It is a fact that Shri Mongla Kisku, M.L.A. is confined in the Sub-Jail as a Division. H under-trial primary.
- (d) Classification of the noder-twal risoners s done by the trying Court, in consultation who necessary with the Postrict Magistrace.

### Shri Monoranian Roy:

আমাদের এই হাউদেব সভা শ্রীমঙ্গলা কিম্কু একে গাপনার। ছিভিসন ২ আণ্ডারট্নায়ল অর্থাৎ ভিভিসন ও কয়েদী করে ঐ সব ভেঙ্গে রেখে দিয়েছেন। কী তার বিরুদ্ধে চাজ ? ডিভিসন ২ বে দেওয়া হয়, তা কি গ্রাউণ্ডে দেওয়া হয় ?

### Shri Jagannath Kolay:

সেটা আমরা তো করি না, প্রয়োজন হলে 'চাইকু ম্যাজিকেট এর প্রামর্শ ক্রমে ট্রাইং কোর্ট দিয়ে থাকেন

### Dr. Narayan Chandra Roy:

জেল মন্ত্রী কি এটা মনে করেন না যে পলিটিকাাল প্রিজনার, বিশেষ করে এসেম্ব্রীর মেম্বার জেলে গেলে বে জোড়হাত করতে হবে না মাজিট্রেটের কাছে অটোমেটিক্যালি এই ক্লাফিলিকেশন পাবেন এটা করতে শারেন ?

### Shri Jagannath Kolay:

আমার কিছু করণার নাই। এই ক্লাসিফিকেশন-এর জন্ম দরখান্ত কবদে হবে, আাপিল করতে হবে।

### Shri Bhadra Bahadur Hamal:

এম এল, এ, রা ক্লাশ বা ডিভিসন পাবে কি, পাবে না, তা কি ম্যান্সিট্রেট দেখবেন গ

### Shri Jagannath Kolay:

তুশো সেকসন আছে— রুল ৩০ এবং ৭১. সিকিউরিটি নোক, এক সঙ্গে ধরবেন না। স্পেসিফিক চার্জ-এ বাদের ধরা হয়েছে,—কল ৩০ অন্ধ্রগরে—জাণ্ডারট্রায়াল গভগমেন্ট করতে পারেন না, এগানে ট্রায়িং মাজিষ্ট্রেট করতে পারেন। আমাদের এন-এল-এ—তিনি আপীল করলে ডিভিসন পারেন এবিষয়ে কোন সন্দেহ নাই।

### Shri Moneranjan Roy:

়েই যে আপনাদের যে রুল আছে—আপনি জানেন একটা চুক্তি হয়েছিল, তার ফলে কোন রাজনৈতিক কয়েশী অর্থাৎ যদি কেউ গণতান্তিক আন্দোলনে ধরা পড়েন, তাহলে তাকে ভিভিন্ন ফাই আগ্রার ট্রায়াল রাগতে হবে। এই চুক্তি করা হয়েছিল। সেই ভাবে যদি কোন এম এল, এ ধরা পড়েন, তাহলে সেই এম, এল, এ কে আমার যতদ্ব জানা আছে, অনেকক্ষেত্রে ভিভিন্ন হিতীয় আগ্রার ট্রায়াল বা হিতীয় শ্রেণার কয়েদী হিসেবে রেগেছেন, সেগানে যে আপনারা তাকে আগ্রার ট্রায়াল হিসেবে রেগেছেন, আমার কাল্চেন হচ্ছে সেই কলটা আপনার। চেঙ্ক করকে পারেন না যে এম, এল, এ হলে আর তাকে মাজিষ্টেটের কছে জোড় হাত করে দাড়াতে হবে না , ভিভিন্ন ১ম দিয়ে দেবেন প কিছু যার। চোরাকারবারী—তারা তো অটোমেটিকাালি তা হয়ে যাছে । রাজনৈতিক কয়েদীদের ডিভিস্ন ২য় করকে পারবেন না।

### Shri Jagannath Kolay:

ুগানে রাজনৈতিক বন্দীদের কথা আছেন সেংগনে আমর। কিছু করতে পারি না। ছিফে**ন্দ অব ই**গ্রিয়<sup>া</sup> ফলফ-এ সে ব্যবস্থা করা যায়।

### Shri Hemanta Kumar Basu:

াই ডিভিসন যথন দেওয়া হ , তথন কি সোক্তাল ষ্টাটাস দেখে দেওয়া হয় ? াটা কে করেন, কিভাবে হয় ?

### Shri Jagannath Kolay:

্টা ট্রায়িং মাজিষ্টেট করেন সোস্থাল ষ্টাটাস লেপে এই ডিভিসন দেন। ডিভিসন ২য় যদি কো**ট দিয়ে** ''কেন সেগানে তিনি আপীল করতে পারেন। তিনি এর জন্ম আপীল করেন নাই। করা মাত্র ডিভিসন ন দেওয়া হয়। তিনি **আপীল** করলে হয়ত হতে পারে।

### Shri Hemanta Kumar Basu:

্রকজন এম, এল, এ তার সোস্যাল ইণাটাস্ রয়েছে। ডাঃ রায়ের সময় একটা চুক্তি হয়েছিল—এই রকম গাতান্ত্রিক আন্দোলনে যাদের গ্রেপ্তার করা হবে তাদের সকলকে ভিভিসন ১ম লওয়া হবে। এম, এল, এ, হলে তাদের বিষয়টা অ'লাদাভাবে বিশেষভাবে বিবেচনার যোগ্য, কারণ তার সোসিয়াল ইণাটাস রয়েছে। এই রকম নিয়ম কি করা যায় যে তারা গ্রেপ্তার হলেই ভিভিসন ১ম পাবে প

### 11-50--2 p.m ]

### Shri Jagannath Kolay:

<sup>কল</sup> ৬০কে ধারা আছেন তারা এন এল, এ কেন, রাজনৈতিক দল; ক্র হলেও আমরা যেটা করেছি তাই হবে।

### Shri Hemanta Kumar Basu:

যখন এটা করা হয়েছিল তথন রুল ৩০এর প্রশ্ন ছিল না।

### Shri Jagannath Kolay:

এখন আমৰা দিচ্ছি।

### Dr. Narayan Chandra Roy:

এ সম্পর্কে বর্তমানে প্রতিকার কি ?

### Shri Jagannath Kolay:

বর্তমানে প্রতিকার হচ্ছে তিনি যদি ট্রায়িং কোর্টের ম্যাজিষ্ট্রেটের কাছে দরখান্ত করেন তাহলে তিনি পাবেন।

### Dr. Narayan Chandra Roy:

এখান থেকে ম্যাজিষ্টেটের কাছে আমরা দরগান্ত করে দিলে হবে, না তাঁকেই দরথান্ত করতে হবে ?

### Shri Jagannath Kolay:

যিনি এম, এল, এ, তাঁর উকিলও দরগান্ত করতে পারেন।

### Dr. Narayan Chandra Roy:

মি: স্পীকার, স্যার, আমি আপনাকে অক্সরোধ করবো। আপনি এখান থেকে জানিয়ে দিন যে তিনি এম, এদ, এ,।

That he is an M.L.A.

(নো রিপ্লাই)

### Shri Monoranjan Roy:

সাার, শ্রীমঙ্গলা কিসকু তিনি এম, এল, এ, তাঁকে দিতীয় শ্রেণীর কয়েদী করে রেথে দেবেন যেহেতু তিনি আমাদের মন্ত লেথাপড়া শেথেননি, ভদ্রলোকের ছেলে নয় সেহেতু এই স্থযোগ নেওয়া হচ্ছে। এটা আমরা হতে দেবো না কারণ তিনি জনপ্রতিনিধি।

### Shri Jagannath Kolay:

সেখানে ট্রায়িং মাজিষ্ট্রেট তাঁকে যদি দিতীয় শ্রেণীর করে থাকেন তাহলে আমরা সে সম্বন্ধে কিছু জানি না।

### Shri Aswini Roy:

স্থপারিনটেনডেন্ট অব জেল তিনি যদি মনে করেন যে তিনি একজন এম, এল, এ, তার সোসাল ষ্ট্রাটাস আছে তাহলে জেল কোডে অধিকার আছে তার ক্লাসিফিকেশন দেবার। আপনি সেটা এডমিট করছেন কিনা বলুন ?

### Shri Jagannath Kolay:

কল ৪১ যেটা দেটা ট্রায়িং ম্যান্জিষ্ট্রেট করেন আর রুল ৩০ যেটা আছে দেখানে আমাদের পাওয়ার আছে।

### Dr. Narayan Chandra Roy:

ষেই করুক ইট ইজ এ কোন্ডেন অফ ষ্ট্যাটাস। স্পীকার মহাশর, আমি আপনাকে রিকোয়েষ্ট করছি আপনি, তিনি যে এম, এল, এ, তাঁর যে সোসিয়াল ষ্ট্যাটাস আছে, সেটা জানিয়ে দিন। It is an insult to en M.L.A.

(নো রিপ্লাই)

### Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন ডাঃ রায়ের আমলে যে চুক্তি হয় তদতে ডিমোক্র্যাটিক মুভ্যেন্টে বারা ধরা পড়বেন তাঁদের আণ্ডার ট্রায়াল ডিভিশন ওয়ান দিতে হবে এটা কোভিফায়েড হয়ে গিয়েছে। স্থ্তরাং ডাঃ রায়ের যে স্পীরিট সেটা রুল ৪১ এবং ৪৫এ বাতিল করে দেবেন ?

### Shri Jagannath Kolay:

আমরা ডাঃ রায়ের যেটা স্পীরিট সেই স্পীরিট অন্থ্যায়ী ডি আই আর ৩০তে দেটা পুরোপুরি করেছি।

### Shri Haridas Chakraborty:

মাননীয় মন্ত্রী মহাশার বললেন যে ট্রায়িং ম্যাজিষ্ট্রেট ক্লাসিফিকেশন দেন, নিশ্চয়ই তিনি কাউকে ডিভিশন থি, কাউকে ডিভিশন ওয়ান দিছেন। আমার প্রান্ন হচ্ছে এই ক্লাসিফিকেশন দেবার আগে তিনি ট্রাটাস কি করে জাজ করেন? মঙ্গলা কিসকু তিনি একজন এম, এল, এ, তার ট্রাটাস জানা সত্ত্বেও কেন তাঁকে ডিভিশন টু দিলেন?

### Shri Jagannath Kolay:

তিনি যে এম, এল, এ, দেটা ট্রায়িং ম্যাজিষ্ট্রেটের কাছে জানাতে হবে। তাঁকে জানাতে হবে যে আমি এম, এল, এ, আমি ক্লান ওয়ান প্রিজনারের উপযুক্ত।

### Shri Haridas Chakraborty:

তিনি আণ্ডার ট্রায়াল প্রিজনার হিসাবে দেখলেন কারণ তাঁর এগেনষ্টে চার্জ তাছে এবং সেইজন্ম ডিভিশন টু তাঁকে দিলেন। এটা যথন দিলেন তথন তার সোসিয়াল ষ্ট্যাটাস আছে কিনা সেটা না জেনেই দিলেন।

### Shri Jagannath Kolay:

সেটা ট্রায়িং ম্যাজিষ্টেটকে জিজ্ঞাসা করুন, কোর্টে গিয়ে তার কাছে আগুমেণ্ট করুন যে আমি এম, এল, এ।

### Shri Kamal Kanti Guha:

মাননীয় মন্ত্রি মহাশয় বললেন যে টুয়িং মাজিষ্ট্রেট কি করে জানবেন যে তিনি এম. এল. এ, সেজস্তা তাঁকে এটা জানাতে হবে। উনি ঠিক বোধ হয় জানেন না যে যপন মামলা হয় তথন তাঁর নাম, তাঁর ফালার্স নেম, ঠিকানা ইত্যাদি জানাতে হয়, তার মধ্যে এম, এল. এ, ও লেগা থাকে এবং উনি হয়ত সেটা জানেন না। ট্রায়িং মাজিষ্ট্রেট সেটা জানা সত্ত্বেও দরখাতের অপেক্ষা কেন তিনি করলেন ? আপনি কি এটা মনে করেন যে এম, এল, এল্ড, একটা সোসিয়াল ষ্ট্রাটাস আছে যার জন্ম তাঁকে প্রথম শ্রেণীর বন্দী হিসাবে রাখা উচিত।

### Shri Jagannath Kolay:

সেটা মাজিটেটকে জিজ্ঞাসা করুন।

### Shri Ananda Gopal Mukhopadhyay:

জন এ পয়েণ্ট জব জর্জার, স্থার, এই প্রশ্ন থেকে মাননীয় শ্রীকমণ গুহ মন্ত্রী মহাশয়কে প্রশ্ন করেছেন যে কোর্ট এম, এল, এ, জানা সত্ত্বেও কেন এই জর্জার দিয়েছে, এটা কণ্টেম্পট্ জব কোর্ট হবে কিনা ?

### Shri Nikhil Das:

এম, এল, এ, হলে তাঁর সোসিয়াল ষ্টাটাস আছে কারণ লোকে তাঁদের ভোট দিয়ে পাঠিরেছে, তাঁরা জনপ্রতিনিধি এবং তাঁদের ডিভিশন পাওয়া অত্যস্ত সোজা এবং আমার প্রশ্নটাও সোজা ছিল কিন্তু সে প্রশ্নটাকে আপনি যুদ্দিরে ফেলছেন কেন ?

### Shri Jagannath Kolay:

এটা আমাকে জিজ্ঞাসা না করে দয়া করে ম্যাজিইটের কাছে গিয়ে বলুন।

### Shri Aswini Roy:

মাননীয় মন্ত্রী মহাশয় আজকে জ'নলেন যে তিনি একজন এম, এল, এ, আপনি আই, জি। অব প্রিজিন্সকে এই ডিরেকশন দেবেন কিনা যে তিনি এম, এল, এ, তাকে ক্লাসিফিকেশন দেওয়া হচ্ছে না কেন ?

### Shri Jagannath Kolay:

আমর। েই ডিরেকশন দিতে পারি না।

Mr. Speaker: Let us come to the next question.

সেটা কোট করেছেন। আপনারা কোশ্চেনের আন্দার চেয়েছেন উনি আন্দার দিয়েছেন, এর পরে কোন ডিরেকশন দিতে বলা থেলে পারে না। ইউ আর লিপ্ডিং ইন কোশ্চেন আওয়াব, আপনার। যা কোশ্চেন করেছেন তার জবাব পেয়েছেন।

### Shrimati Ila Mitra:

মিঃ স্পীকার, স্থার আমি আপনাকে ছিজ্ঞাসা করছি মংলা কিসকু যথন ধবা পছলে। তথন এশসেন্ধলীর মেস্বার ছিসাবে সেই থবর কোট থোবেই হোক আর যেভাবেই হোক স্পীকার ছিসাবে আপনার কাছে এসেছে, তথন আপনি কি অর্ডার দিতে পারেন না যথন জানলেন যে তিনি এম এলং এ। আমাদের রক্ষা কর্তা। ছিসাবে কেন তাকে ডিভিশন টু দেওয়া হয়েছে ?

### Mr. Speaker:

च्चौ মতী মিত্র, আমি কোন ডাইরেকশন দিতে পারি না, এই হচ্চে প্রথম কথা। দিতীয় কথা হচ্ছে All that could have been done was to make it known to the Magistrate that he is an M.L.A.

তারাই আমাকে জানিয়ে দেন যে উনি এ্যারেষ্টেড হয়েছেন বা ওনাব বেল হয়েছে।

### Shrimati Ila Mitra:

তিনি এম, এল, এ একথা কোটের জানা ছিল না বলেই আপনাকে গামি জানাতে বলছি।

### Mr. Speaker:

কলে তা প্রভাইড করে না। ছাটস্ অল 🔎

[2-2-10 p.m.]

### Shri Gour Chandra Kundu:

পুলিশের তরফ থেকে যদি ভাইরেকশন বায় মাজিষ্টেটের কাছে তাহলে মাজিষ্টেট ভিভিশন দিতে পারে।

There is a provision in the law.

### Shri Jagannath Kolay:

আমি বলেছি বলি এম, এল, এ, থাকেন বা রাজনৈতিক দলভূক্ত থাকেন তাহলে এগ্রাপ্তাই করলে ম্যাজিট্রেট ক্লাস ওয়ান দিতে পারেন।

### Shri Ananda Gopal Mukhopadhyay:

ভার, অন এ পরেণ্ট অব অর্ডার, সাপ্লিমেণ্টারী কোয়েন্চেনে রিকোয়েষ্ট ফর এ্যাক্সন হতে পারে কিনা ?

### Shri Haridas Chakraborty:

আপনি প্রান্তের জবাবে বললেন মাজিট্টেট কি করে জানবেন কার কি ট্রাটাস--ভাকে নরখান্ত করতে হবে···

### Shri Jagannath Kolay:

আমি একথা বলিনি।

### Shri Monoranjan Roy:

মি: স্পীকার স্যার, এ ব্যাপারে হাফ এ্যান আওয়ার একটা ভিসকাসন আপনি যদি এ্যালাউ করেন ভাছলে ভাল হয়।

### Mr. Speaker:

আপনারা হলস ফলো করে নোটিশ দেবেন।

### STARRED QUESTIONS

(to which answers were laid on Table)

### Out-break of Gastro-enterities in Jalpaiguri district

\*375. (Admitted question No. \*1561.) Shri Aswini Roy:
বাহা বিভাগের মন্ত্রিমহাশয় অন্ধ্রাহপূর্বক জানাইবেন কি—

- ক) সরকার কি অবগত আছেন যে জলপাই গুড়ি জেলায় ডোয়ার্স অঞ্চলে আত্রিক রোগ সংক্রামক-রূপে দেখা দিয়াছে;
- (খ) অবগত থাকিলে, মন্ত্রিমহোদয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি-
  - ১৯৬৫ সালের জুন হইতে অক্টোবর মাস পর্যস্ত প্রতি মাসে আক্রাজের এবং মুভের সংখ্যা কত ; এবং
  - (२) প্রতিষেধক হিসাবে কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে ?

### The Minister for Health:

অক্টোবর

- (ক) হাঁ। তবে করেকটি ক্ষেত্রে লেবরেটরী পরীক্ষান্তে কলেরা বীজাণু পাওরা যাওরার ও রোগের শনগগুলি লক্ষ্য করিয়া উক্ত রোগটিকে কলেরা বলিয়া নিক্ষান্ত করা হয়। গভ জুন-জুলাই মানে উভা শিকভাবে দেখা দিয়াছিল। আপাততঃ বিক্ষিপ্তভাবে বিভূমণ্ডাক রোগ দেখা যাইতেছে।
  - (খ) (১) উক্ত রোগে প্রতি মাসে আক্রান্তের ও মুডের সংখ্যা নিম্নে প্রদন্ত হইল :—
    মাস আক্রান্তের সংখ্যা মুডের সংখ্যা
    জুন ৭৯৩ ২০৯
    জুলাই ২২৭ ৪০
    আগট —

86 % 2¢ %

 (২) উক্ত জেলার মহামারী নিয়ন্ত্রণ করে মুখ্য চিকিৎসা স্বাস্থ্যাধিকারিক ( С. М. О. Н. ) স্থানী। কর্মীদের উপদ্রুত এলাকায় মোতায়েন করেন।

স্থান্যক্ততাক অধিকার হইতেও কয়েকজন অভিজ্ঞ মহামারী বিশেষজ্ঞগণকে জেলা কর্তৃপক্ষের সাহায্যাথে প্রেরণ করা হয় এবং স্থানীয় কর্মীদের সহায়তার জন্ম স্থান্যক্ততাক হইতে অতিরিক্ত ২৪ জন স্থান্থ পরিদর্শক, ৬০ জন স্থান্থ্য সহকারী এবং ৫ জন চিকিৎসকের নেতৃত্বে ৫টি স্রাম্যাণ চিকিৎসা সংস্থা প্রেরণ করা হয়। ইহা ছাড়া রোগের চরম অবস্থায় স্থানীয় ম্যালেরিয়া নির্মূলী সংস্থার কর্মীদিগকেও সাময়িকভাবে নিয়োগ করা হয়।

ব্যাপকভাবে কলেরা প্রতিশোধক টীকাদানে, পানীয় জলের নলকৃপ খননে ও **জেলা ও মহকু**ম হাসপাতালে ও স্বাস্থাকেন্দ্রে এবং ভ্রামানাণ চিকিৎসা সংস্থা কর্তৃক আক্রোস্ক রোগীদের চিকিৎসার স্থবন্দোবং করায় ঐ রোগের প্রকোপ উক্ত অঞ্চল হইতে **ভূলা**ই মানের মাঝামাঝি সময়ে কমিয়া যায়।

### Production of mustard oil in Dum Dum Central Jail, Presidency Jail and Alipur Jail

\*376. (Admitted question No. \*1683.) Shri Ananga Mohan Das:
খবাই (কারা) বিভাগের মন্ধ্রিমহাশয় অফু গ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) নমদম সেণ্ট্রান জেল, প্রেসিডেন্দী জেল ও আলিপুর জেলে প্রতি মাসে কি পরিমাণ সরিব। তেল উৎপাদিত হয়; এবং
- (খ) উক্ত তেল কোথায় কি মূল্যে সরবরাহ করা হয় ?

### The Minister for Home (Jail):

- (ক) দমদম কেন্দ্রীয় কারা ও আলিপুর কারায় সরিষা তেল উৎপাদনের কোন ব্যবস্থা নাই। প্রেসিডেন্দ্রী কারায় ১৯৬৪ ও ১৯৬৫ সালের অক্টোবর মাস পর্যন্ত গড়ে মাসিক ১২৬ কুইন্টান্স সরিষা তেল উৎপাদিত হইয়াচে।
- (খ) উক্ত তেল সাধারণত: আলিপুর কেন্দ্রীয় কারা, লমদম কেন্দ্রীয় কারা, মেদিনীপুর কেন্দ্রীয় কারা, বহরমপুর কেন্দ্রীয় কারা, আলিপুর বিশেষ কারা, কামারহাটি বিশেষ কারা, চন্দননগর বিশেষ কারা, রুঞ্জনগর কারা, হুগলী কারা, সিউড়ী কারা, আসানসোল বিশেষ কারা, বর্ধমান কারা, জলপাইগুড়ি কারা, বনগাঁও মহকুমা কারা, বাারাকপুর মহকুমা কারা, উল্বেডিয়া মহকুমা কারা, বাারাগাত মহকুমা কারা, বারাগাত মহকুমা কারা, বারাগাত মহকুমা কারা, ভদ্দননগর মহকুমা কারা ও তায়মণ্ডহারবার মহকুমা কারা এই সমস্ত কারায় প্রতি কে জি টাকা ৩°০৫ পালরে এবং এম, আর, বাঙ্গুর হাসপাতালে (না নালর মেস সহ), এম, এম, কে, এম, হাসপাতালে, কলিকাতা সেটা ল অবজারভেসন ওয়ার্ড ভবানীপুর শঙ্কনাথ পণ্ডিত হাসপাতালে, বেলিয়াঘাটা আই, ডি, হাসপাতালে, কলিকাতা মেডিসান, কলিকাতা লেডী, ডাফরীন হাসপাতালে, কলিকাতা আর, জি, কর হাসপাতালে, বেলগাছিয়া, হাওড়া জেনারেল হাসপাতালে, কাচড়াপাড়াটি, বি হাসপাতালে ও এম, এম, এম ৩০৪৫ পয়সা জরে সরবরাহ করা হয়। ইহা ব্যতীত কিছু পরিমাণ তেল প্রেসিডেন্সী কারার গেট হইতে জনসাধারণের নিকট প্রতি কেন্দ্রি টাকা ৩০৪৫ পয়সা জরে বিক্রয় করা হয়।

## Retrenchment of workers from the workshop of Greaves Cotton and Crompton Parkinson Ltd.

- \*377. (Admitted question No. \*1862.) Shri Monoranjan Ray:
  শ্রম বিভাগের মন্ত্রমন্ত্রাশন্ত অন্ধ্রগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ৰ) সরকার কি অবগত আছেন বে গ্রীভস কটন ক্রম্পটন পার্কিনসন এও কোম্পানী কলিকাতার

অবস্থিত পুলি তৈরারীর কারধানার ৩০ জন শ্রমিক কর্মচারীকে সম্প্রতি চ'টাই করিয়া দিয়াছে; এবং

(य) मुखा इट्टेन कि कांत्रत्न अटे इंगिरि इट्साइ अवर मतकात अ विषय कि वावश्व कित्राख्टक ?

### The Minister for Labour:

- (a) \$11 I
- (খ) জানা গিরাছে বে 'প্লি'র যথেষ্ট চাইদা না থাকার কোম্পানী 'পুলি' দেকসনের ৩০ জন প্রমিককে ছাঁটাই করেন। প্রমিবিভাগের সহিত জালোচনার ফলে কোম্পানী ঐ সকল প্রমিবকে জাইন অপ্রবারী বাবতীর প্রাপা হাড়াও ছাঁটাই জনিত ক্ষতিপূর্ব বাবদ বে পরিমাণ অর্থ প্রাপা হয় তাহার সমান পরিমাণ অর্থ গ্রাচুইটি স্বরূপ দিতে রাজী হ'ন। প্রমিবপণ ওাহাদের প্রাপা বৃত্তিরা পাইরাচেন।

### Retrenchment of labourers from Manindra Mills

\*378. (Admitted question No. \*1867.) Shri Nani Bhattacharyya: শ্রম বিভাগের মন্ত্রিমহাশয় অন্ধ্ গ্রহপুর্বক জানাটবেন কি---

- (ব) ২৮এ এপ্রিল, ১৯৬৫ তারিথে মনীক্র মিলের ৫৮৯ জন শ্রমিককে ছাটাই করিবার পূর্বে শিক্স বিরোধ আইনের ২৫ এফ ধারায় (এ), (বি) ও (সি) উপধারার মতে সকল পূর্ব সর্ভ পালিত হুইয়াছিল কিনা; এবং
- (খ) যদি উহা পালিত না হইয়া থাকে তাহা হইলে সরকার আইন ভদ্গকারী মালিকের বিক্লক্ষে কি শান্তিমূলক ব্যবস্থা এহণ করিয়াছেন ?

### The Minister for Labour:

- (**₹**) ना।
- (খ) মিলের কর্তৃপক্ষকে আমেবিরোধ আইনের ২৫ এফ ধারার সর্ত পালন না করার জ্ঞা ঐ আইনের ৩১ (২) ধারায় বহরমপুর সদর মহকুমা শাসকের আদালতে অভিযুক্ত করা হইস।ছে। চাটাই করা আমিকদের প্রাণা কভিপূরণ নিধারণ করার জ্ঞাে কভি পূরণের বিষয়টি ছিডীয় আম আদালতে পাঠান হইয়াছে।

### Reading facilities of Jail code to the prisoners

\*379. (Admitted question No. \*2042.) Shri Kanai Pal:

### ব্রাট্ট (কারা) বিভাগের মন্ত্রিমহাশয় অন্ধ্রগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) কোড কলসের সমস্ত অধ্যায় বন্দীরা পড়তে চাইলে পড়তে দেওয়ার আইন আছে কিনা;
- (খ) যদি (ক) প্রশ্নের উত্তর 'হাঁ' হয় সরকার অবগত আছেন কি ভারতরক্ষা আইনের বিভিন্ন ধারায় বিনা বিচারে আটক এবং বিচারাধীন বন্দীদের প্রেসিডেন্দী জেল কর্তৃপক্ষ, জেল কোড কলসের সমস্ত ধারা পততে দিচ্ছেন না;
- (গ) ৰদি (ক) প্রশ্নের উত্তর 'না' হয় পড়তে না দেওয়ার কারণ কি ?

### The Minister for Home (Jails):

- (क) পড়তে দেওবার বাধা নাই।
- (**4**) **₹**∏
- (গ) এ প্ৰশ্ন উঠে না।

### Jalchak and Khajra Health centres

- \*380. (Admitted question No. \*1686.) Shri Ananga Mohan Das:
  খাখ্য বিভাগের মন্ত্রিমহাশর অন্তর্গ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) মেদিনীপুর জেলার জলচক এবং থাজরা স্বাস্থ্য কেন্দ্রের ঘরবাড়ী বছদিন পূর্বে প্রস্তুত হইটে কোন মেডিক্যাল অফিসার নিয়োগ করা হয় নাই কেন; এবং
  - (খ) বর্তমানে উক্ত স্বাস্থ্য কেন্দ্রগুলিকে অবিদ্যু চালু করিবার কি ব্যবস্থা করা হুইভেছে?

### The Minister for Health:

- (क) অলচক উপস্থান্থাকেন্দ্রের গৃহনির্মাণ হইলে পূর্ব্ত বিভাগের নিকট হইতে জিলা স্বাস্থ্যাধিকাা ২৯/১৬৪ ভারিবে দবল প্রহণ করেন এবং উক্ত কেন্দ্রে একটি Mobile Medical Unit pc করেন। ঐ স্বাস্থ্যকেন্দ্রটী চালু করিবার জন্ম সরকারী নির্দেশ ১৯৬৪ সালের সেক্টেবর ম প্রেরিন্ত হর এবং অক্টোবর মাসেই Mobile Medical Unit—এর একজন ভাক্তারকে উ স্বাস্থাকেন্দ্রের ভাক্তার হিপাবে অস্থারীভাবে নিযুক্ত করা হয়। পূর্ব হইতেই স্থানীয় এব বেসরকারী দাভবা চিকিৎসালয়কে কর্মচারীসহ উক্ত স্বাস্থাকেন্দ্রে অন্তর্ভুক্ত করার প্রশ্ন বিবেচনার্থ ছিল। উক্ত বিষয়ে গৃহীত সিদ্ধান্ত অস্থায়ী স্বাস্থাধিকার হইতে উক্ত বেসরকারী দাও চিকিৎসালয়কে আহ্বান জানানো হয় বে, ভাক্তারসহ সংগ্রিষ্ট কর্মচারীগণ সরকা চাকুরীতে new entrant হিসাবে যোগদানের উদ্দেশ্তে স্বাস্থাধিকারের একটি Intervie Board এর নিকট সাক্ষ্যাৎকারে বেন উপস্থিত হন। কিছু উক্ত বেসরকারী চিকিৎসাল্য কোন কর্মচারীই উক্ত সাক্ষ্যাৎকারে উপস্থিত না হওরার ১৯৬৫ সালের মার্চমানে অপর একষ ডাক্টোরকে উক্ত স্বাস্থাকেন্দ্রের জন্ম নির্দিই করিয়া নিরোগ করা হয়। খাজরা অথবা থাজরাতেড়ী উপস্থান্থা কেন্দ্রের নির্মাণ কাল গত মে মাসের শেষের দিকে সম্প্রহীয়াছে এবং ভাক্তার নিরোগের ব্যবহা করা হইয়াছে।
- (গ) জ্বলচক উপস্বাস্থ্য কেন্দ্র চালু করা হইয়াছে এবং খাজরাভেড়ী উপস্বাস্থ্য কেন্দ্রের জন্ম ডাক্ত কার্ব্যে যোগদান করিলেই উহা চালু করা হইবে।

Provident fund money of the workers of India Cycle Co. Ltd. \*381. (Admitted question No. \*1863.) Shri Monoranjan Ray: শ্রম বিভাগের মন্ত্রিমহাশির অন্তগ্রহপূর্বক জানাইবেন কি----

- (ক) ইহা কি সভ্য যে ইণ্ডিয়া সাইকেল কোম্পানীর শ্রমিকদের প্রাপ্য প্রক্রিডেণ্ড ফাণ্ডের † ৷ উচ্চ কোম্পানী আজও প্রভিডেণ্ড ফাণ্ড কমিশনারের কাছে জমা দের নাই; এবং
- (খ) সত্য হইলে, ইহার কারণ কি এবং সরকার এ বিষয়ে কিছু করিতেছেন কি না ?

### The Minister for Labour:

- (क) হাা। ১৯৬৩ সালের জাছরারী মাস হহতে প্রতিডেণ্ট ফাণ্ডের টাকা কোম্পানি মোটেই ক দের নাই।
- (খ) টাকা ক্রমা না দিবার প্রকৃত কারণ জানা নাই। সরকারের তরফ হইতে টাকা আলার করার জঃ
  ক্রমেক্তালি সার্টিফিকেট কেন্ রুজু করা হইয়াছে। টাকা জমা না দিবার জন্ম প্রভিডেন্ট ফা
  আইনের ১৪ ধারা অহ্যায়ী কোম্পানির বিক্ষে অনেকগুলি ফৌজনারী মামলাও লারের কা
  হইয়াছে। ইহা ব্যতীত প্রভিডেন্ট ফাণ্ডের টাকা তছরূপ এবং বিশ্বাস তলের জন্ম ভারতী
  লগুবিধির ৪০৬ এবং ৪০০ ধারা অহ্যায়ী ব্যবস্থা অবলখন করার জন্ম পুলিশের নিকট নালিং
  ক্রমাহ্টিরাছে।

## Provident fund money due from Cossimbazar Manindra Mills \*882. (Admitted question No. \*1868.) Shri Nani Bhattacharyya:

स्म विভाগের মন্ত্রিমহাশার অন্ত গ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) পশ্চিমবন্ধের প্রেজিডেও ফাও কর্তৃপক্ষ কালিমবাজারের মনীক্র মিল ও বিটি মিলে কর্তৃপক্ষের নিকট মোট কড টাকা পাইবেন; এবং
- (খ) ঐ টাকা আলায়ের কি ব্যবস্থা হইয়াছে ?

### The Minister for Labour:

- (क) (১) মনীক্র মিলের নিকট হইতে মে '৬৩ হইতে মে '৬৫ পর্বস্ত সমরের মোট ১,২১,৫৭৭ টাকা ৯৮ প: পাওনা আছে।
  - (২) বি. টি, মিলের নিকট হইতে জুন '৬২ হইতে মে '৬৫ পর্যস্ত সমরের বাবদ মোট ১,১৭, ১৭৯ টাকা ৩৫ প: পাওনা আছে।
- (খ) উভর মিলের নিকট হইতে উপরোক্ত টাকা আদারের জন্ম সার্টিক্তিকেট কেস করা হইরাছে। সমর্মত টাকা জমা না দেবার জন্ম উভর মিলের কর্তৃপক্ষের বিরুদ্ধে ভবিশুনিধি আইনের ১৪ ধারা জন্মবারী মৌজনারী মামলাও দারের করা হইরাছে।

ইহা ব্যতীত টাকা ভছরূপ এবং বিশ্বাসভক্ষের ক্ষ্ম উভয় মিলের কর্ভূপক্ষের বিরুদ্ধে ভারতীয় দওবিধির ৪০৬।৪০১ ধারা অধ্যায়ী পুলিশের নিকট নালিশ রুক্কু করা ইইয়াছে।

## Tanks of the Presidency Jail, Alipur Central Jail and Alipur Special Jail \*883. (Admitted question No. \*2043.) Shri Kanai Pal:

খরাষ্ট্র ( কারা ) বিভাগের মন্ত্রিমহাশয় অন্ত্রাহপূর্বক জানাইবেন কি-

- (ক) প্রেসিডেন্সী জেল, আলিপুর সেণ্ট্রাল জেল এবং আলিপুর স্পেশাল জেলের ভিতরে এবং বাছিরে এই সব জেলের অধীনে কতগুলি জলাশয় আছে;
  - (খ) এই জলাশয়গুলির আয়তন কি এবং কোন্ কোন্টিতে গন্ধার জল দেওয়ার ব্যবস্থা আছে;
- (গ) জলাশয়গুলির সব কয়টিতে মাছ চাব হচ্ছে কিনা এবং মাছ চাব সম্ভব কিনা; এবং
- (ঘ) জ্বলাশয়গুলির মধ্যে যে কয়টিতে মাছ চাব হচ্ছে সেইগুলিতে মাছ চাবের জ্বন্ত গাভ পাচ বংসরে কভ থরচ হয়েছে ও কভ টাকার মাছ পাওয়া গিয়েছে তার সাল্ওয়ারী হিসাব কি?

### The Minister for Home (Jails):

(ক) কারার নাম	<b>অ</b> লাশয়ে	त्र गरशा
	ভিভরে	বাহিৰে
>। প্রেসিভেনী কেন্দ্রীর কারা	>	8
२। <b>আলিপুর কেন্ত্রী</b> র কারা		
৩। স্বালিপুর বিশেব কারা	۲	-
(ৰ) কারার নাম	জ্পাশরের আর্ভন বর্গজুট	গংগার বল দেওয়ার ব্যবস্থা আছে কিনা
শ্রেসিডেনী কারা	(১) ১,৫৩,৬০০ (২) ২৩,৪০০	३ बाव्ह
	(৩) ২৫, ৫০০ (৪) ২৮, ৫৪৮ (৫) ৩৭, ৪০০	ত ৪ নাই
শালিপুর বিশেষ কারা	>७, <b>€••</b>	নাই

- (গ) প্রেসিডেনী কারার উপরোজ্য ১নং ব্যালারটি বর্তমানে ইংরাজী ২০)১১।৬৪ তারিধ হইতে । বংসরের ব্যক্ত ইজারা দেওরা হইরাছে। ধনং ব্যালারটিতে মংস্য চাব হইতেছে। প্রেসিডেনী কারা ২, ৩ ও ৪নং ব্যালার এবং আলিপুর বিশেব কারার ব্যালারটিতে মংস্য চাব্যালার নার। কারা উহার। অগভীর এবং গ্রীম্মকালে সম্পূর্ণ ক্তর হইয়া বায়।
- (ঘ) গাড প'াচ বংসরে (১৯৬০ সাল হইতে ১৯৬৫ সালের অক্টোবর মাস পাছ ) প্রেসিডেন্ট কারার বে জলাশরটিতে মংক্র চাব করা হইয়াছে তাহার জয় বে অর্থ পরচ হইয়াছে এবং ফে টাজার মংক্র পাওয়া গিয়াছে তাহার সালওয়ারী ছিসাব নিয়ে দেওয়া হইল।

কারাগারের নাম	বৎস্ত্র	মংস্থ চাবের জন্ত বে টাকা খনচ হইয়াছে	বে টাকার মংস্থ পাওয়া নিরাছে
প্রেসিভেন্দী কারা	>>>•	১৭.৭৭ প্:	৮৮১.৭৫ পঃ
	)34;	€७.••	২,•৪৯.৬৩ প:
	>> <b>4</b> <		8.46 %,
	<b>्रक</b> दर	२১३.२६ %:	২,৪৮২.•৭ প্,:
	> <b>&gt;</b> ◆8	>७•.••	১,৩৭১.২৮ প:
<b>নালিপু</b> র বিশেষ কারা	র কোনরূপ অর্থ ধর	চ হর নাই। মংক্রের ব্রক্ত কোন টাকাও	পাওয়া যায় নাই।

### UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

### **Guest Control Order**

- 623. (Admitted question No. 1271.) Shri Ananga Mohan Das: Will the Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—
  - (a) what is the number of violations of Guest Control Order in 1964 and 1965 up to date;
  - (b) whether there is any restriction imposed by Government upon the number of guests entertained with non-rationed food articles, such as fish, meat, egg, curd, tea and soft drinks, etc;
  - (c) if it is a fact that Government issues special permits for flour rice, atta and sugar on special occasions, such as marriage sradha ceremonies, etc.;
    - (d) if so, what is the quantity that is supplied and whether such per mit can be issued to a person who wants to entertain mor than 200 guests; and
  - (e) if the answer to (b) is in the affirmative, whether the Government consider the desirability of putting restrictions upor rationed food articles only to be consumed by guests and no upon the number of guests to be entertained with non-rationed foodstuff as mentioned above.

The Minister for Food and Supplies: (a) No case was reported.

- (b) Yes, But no such restriction exists in respect of certain non-rationed articles like liquid refreshments such as tea, as liquid drinks made out of curd, soft drinks, etc. Fish, meat and egg are prohibited items.
  - (c) Yes.
- (d) For marriage, sradha and funeral ceremony permit up to 10 Kg. of rice, 10 Kg. of wheat/wheat-products and 10 Kg. of sugar is given. But the number of participants must not exceed 50 (including host or hosts). But for ordinary parties, entertainments, or social or other functions such number of participants (including host or hosts) must not exceed 25.
- '(e) Government consider it desirable to restrict both the number of guests and even certain items of non-rationed articles in order to save lavish use of the same.

## Proposal for sanctioning a small irrigation scheme in Egra police-station, Midnapore

- 624. (Admitted question No. 701.). Shri Hrishikesh Chakraborty: কৃষি ও সমষ্ট্রি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অন্ত্রগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) মেদিনীপুর জেলার এগরা থানায় ছুই নং ব্লকে বর্তমান জরুরী অবস্থায় কৃষি উরয়নের জন্ম কোন কুরু সেচ পরিকরনা মঞ্জর হইয়াছে কি; এবং
  - (খ) মঞ্চর হইরা থাকিলে, সেগুলির নাম কি এবং এষ্টিমেট কত ?

### The Minister of State for Agriculture and Community Development:

- (ক) না;
- (খ) এ প্ৰশ্ন উঠে না।

## Recognition of Primary Schools recommended by the District School Board, Hooghly

- 625. (Admitted question No. 898.) Shri Bhabani Mukhopadhyay:
  শিকা বিভাগের মন্ত্রিফাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) হগলী জ্বেলা ছুল বোর্ড ১৯৬৪-৬৫ সালে যে কতগুলি নৃতন প্রাথমিক বিছালয় সংস্থাপনের জন্ম সরকারী অস্থ্যোদন চাহিয়াছিলেন তাহার মধ্যে কতগুলির জন্ম অস্থ্যোদন জ্ঞাপন হইয়াছে; এবং
  - (খ) অন্ধ্যোদিত বিদ্যালয়গুলির নাম ও ঠিকানা কি ?

### The Minister for Education:

ক) ও (ব) ১৯৬৪-৬৫ সালে তগলী জেলায় কোনও নৃতন প্রাথমিক বিভালয় অভ্যোদন করা ইয় নাই। .

### Unlicensed husking mills in West Bengal

- 626. (Admitted question No. 925.) Shri Monoranjan Bakshi:
  গান্ত ও সমবরাহ বিভার্ণের মন্ত্রিমহাশয় অভ্গ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) পশ্চিমবাংলার কোন্ জেলায় কডগুলি লাইনেলবিহীন ধান তানা কল (হাদ্বিং মিল) গড আগষ্ট ১৯৬৫ হইতে এ পর্যস্ত সরকার ধরিয়াছেন; এবং

### (খ) উহাদের কোন্ কেত্রে কি ব্যবস্থা সরকার অবশহন করিয়াছেন ?

### The Minister for Food and Supplies:

(क) ७ (४) এই मुन्नार्क अकृष्टि विवत्रनी मःनश्च करा इहेन।

Statement referred to in reply to unstarred question No. 626

Statement showing the number of cases of unlawful operation by unlicensed husking mills detected from August last up to date and action taken against them.

Serial No.		Name of distri	iet.	of by mill from	o. of cases unlawful peration unlicensed husking detected Mugust last t date.	Action taken a them.	gainst
1		3			3	4	
1. N	Ialda				Nil	••	
2. B	irbhum				Nil		
8. C	ooch Behar				Nil	••	
4. P	uruliė				Nil		
8. D	arjeeling	••		•••	Nil		
6. Je	alpaiguri	••		• •	Nil		
7. B	ankura				Nil		
8. N	adia		••	••	1	S. P., D. Nadia, info	
9. M	lurshidabad	••	••		Nil		
10. W	est Dinajpu	r			Nil		
11. H	ooghly	••	••	••	Nil		
19 - Bt	ardwen				Nil		
18. M	idnapore			••	3	Undertrial Court.	in
14. H	lewsah	••		• •	Mil	••	
15. 2	4-Pargapas	••			4	In 2 cases or proceedings been started in other cases no pring could started for we proper withe	have d and 2 oceed- be ant of

### Pipe for River Pump Irrigation Scheme

627. (Admitted question No. 1078.) Shri Sanat Kumar Raha:

কুবি ও সুমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অফুগ্রহপুর্বক জানাইবেন কি-

- (ক) একটি রিভার পাম্প ইরিনেশন স্বীমে কত ফুট পাইপ সাধারণত দেওয়া হয় ; এবং
- (খ) নির্দিষ্ট সীমার উপর পাইপ দেওয়ার প্রয়োজনে কি পদ্ধতিতে গ্রহণ করা হয় ?

### The Minister of State for Agriculture and Community Development:

- (क) ২,০০০ ফিট মেন পাইপ।
- (গ) জমির আকার জরিপ করিবার পর প্রয়োজন বোধে এই নিদিষ্ট ২,০০০ ফিটের উপরেও ক্ষেত্রবিশেষে পাইপ ব্যাইবার ব্যবস্থা করা হয়।

### Deep tubewells in Domkal and Jalangi police-station, Murshidabad

628. (Admitted question No. 1117.) Shri Abdul Bari Moktar: ক্রমি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশ্য় অন্তর্গুপ্তবক জানাইবেন কি মুশিদাবাদ জেলায় ভোমকল ও

ক্রষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অন্তর্গুত্পুরক জানাইবেন কি মূর্শিলাবাল জেলায় ভোমকল ও জলঙ্গী থানায় সেচের জন্ম যে সমস্ত গভীর নল্কুপ বসান হইয়াছে উক্ত নলকুপগুলি কভালনের মধ্যে সেচের জল দিতে আরম্ভ করিবে ?

### The Minister of State for Agriculture and Community Development:

ভোমকল থানার ১টি নলকুপ (এক্সপ্লোরেটরী) হইতে বর্তমানে সেচের জল সরবরাহ করা হইতেছে।

উক্ত থানায় অবস্থিত আরও ৫০টি এবং জলঙ্গী থানায় ৪০টি নলকুপের ক্লেত্রে আগামী ফেব্রুয়ারী মাসের শেষ হঠতে সেচের জল সরবরাচ করা সন্তুস চঠবে বলিয়া আশা করা যায়।

## Cultivation within the Legislative Assembly compound 629. (Admitted question No. 1317.) Shri Surend a Nath Mahata:

কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অন্ধুগুহপুর্বক জানাইবেন কি—

- (ক) ইছা কি সভা যে বিধানসভা প্রাঙ্গনের জমিতে ফসল উৎপাদন করিবার বাবস্থা *হউতে*ছে : এবং
- (খ) সভা হইলে---
  - (১) কি কি ফসল উৎপাদন করা হউবে : এবং
- (২) কভ পরিমাণ জমিতে চাষ করা হইবে ?

### The Minister of State for Agriculture and Community Development:

- কৃষি ও সমষ্টি উন্নয়ন বিভাগ কর্ত্বক ঐক্তপ কোন চামের বাবস্থা করা হয় নাই।
- (अ) श्रम छेर्फ ना।

## Frained and Untrained Primary Teachers under district School Board,

- 630. (Admitted question No. 1376.) Shri Mahananda Haldar: Will be Minister-in-charge of the Education Department be pleased to tate—
  - (a) the total number of Primary School teachers serving under the Nadia District School Board and the number of trained and untrained teachers respectively threin;

- (b) how many of them were appointed in or after November, 19
- (c) how many trained candidates (though panelled) are still ing for appointment?

The Minister for Education: (a) Number of Primary Sc teachers under District School Board, Nadia, is—

Trained	2,537
Untrained	2,954
Total	5,491

- (b) 348.
- (c) 73.

Excavation of Jugir Bundh at Devsala village, Burdwan 631. (Admitted question No. 1432.) Shri Monoranjan Bakshi: ক্লবি ও স্মাষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- কর্ত্ত কোন সালে কাটান ও বাধ নির্মাণ কাণ হইয়াছে;
- (খ) উক্ত বাবদ সরকারের কত টাকা ব্যয় হইয়াছে ; এবং
- (গ) ইহার ফলে কত একর জমি সেচনের স্থবিধা পায় ?

The Minister of State for Agriculture and Community Developme

- (ক) ১৯৫৫-৫৬ **সাল** !
- (খ) টা: ৬,৪২২°৯৪প।
- (গ) ২১১'১১ একর।

### Cultivable Lands in West Bengal

- 632. (Admitted question No. 1479.) Shri Abani Kumar Basu: ক্লবি ও সুমষ্টি উন্নয়ন বিভাগের মন্ত্রিমহাশয় অন্ত্রাহপূর্বক জানাইবেন কি—
  - (ক) পশ্চিমবঙ্গে এক ফদলী জমির পরিমাণ কত এবং দো ফদলী অথবা তিন ফদলী ফ পরিমাণ কত;
  - (খ) কি পরিমাণ জমিতে আউদ ধান হয় ও কি পরিমাণ জমিতে পাট উৎপন্ন হয়;
  - (গ) বর্তমান বংসরে কি পরিমাণ আউস ধান উৎপন্ন হইয়াছে ; এবং
  - (ঘ) কোন পদ্ধতিতে ফসলের গড় ফলন নির্ণয় করা হয় ?

The Minister of State for Agriculture and Community Developme

(क) পশ্চিমবন্ধে এক ফদলী জমির পরিমাণ প্রান্ন ১২৩ লক্ষ একর (নেট এরিরা) এবং দো ফ জমির পরিমাণ আফ্মানিক ১২ লক্ষ একর (নেট এরিরা)। তিন ফদলী জমির পরিমাণ অতি সাফ ইহার সঠিক হিসাব নাই।

- (a) ব্যাক্রমে প্রায় ১৪·৫ লক একর ও ১১ লক একর।
- (গ) বর্তমান বংসরে (১৯৬৫-৬৬ সাল) উৎপন্ন আউদ ধানের চাউলের পরিমাণ প্রায় ৪৩ লক্ষ্টন।
- রাজ্য পরিসংখ্যান সংস্থা কর্তৃক পরিচালিত নম্না সমীক্ষার ভিত্তিতে ক্রপ কাটিং এক্সপেরিমেন্ট করিয়া প্রধান শস্যসমূহের গড় ফলন নির্ণয় করা হয়।

# "Learn while you earn" scheme in Raniganj-Asansol Coalmine area 633. (Admitted question No. 1567.) Shri Lakhan Bagdi: াণিজ্য ও শিল্প বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (২০) ইহা কি সভ্য যে বর্ধমান জেলার রাণীগঞ্জ-আসানসোল কয়লা খনি এলাকায় "উপাৰ্জনের সঙ্গে সঙ্গে শিক্ষা;গ্রহণ করুন"—নামে কোন পরিকল্পনা চালু করা হইয়াছে ৮
- (খ) যদি 'ক' প্রশ্নের উত্তর 'হ্যা' হয়, মন্ত্রিমহাশয় অন্থগ্রহপূর্বক জানাইবেন কি---
- (১) উক্ত পরিকল্পনা কেন্দ্র কোন কোন সংস্থানে সংস্থাপন করা ইইয়াছে ;
- (২) উক্ত পরিকল্পনা সরকারী না বেসরকারী;
- (৩) উক্ত পরিকল্পনা পরিচালনার জন্ম কোন কমিটি আছে কিনা; এবং
- (৪) কমিটি থাকিলে কোন্ কোন্ ব্যক্তিবুন্দকে লইয়া উক্ত কমিটি করা হইয়াছে এবং উক্ত ব্যক্তিনের নাম কি ?

### The Minister for Commerce and Industry:

- (ক) **হ্যা**।
- ্র্র) (১) সীতারামপুর, আসানসোল, রাণীগঞ্জ, শ**াকটোরিয়া এবং রাণীগঞ্জ এলাকা**য় অবস্থিত। ভিন্ন ৮টি কয়লা থনিতে।
  - (২) সরকারী।
  - হাা, একটি উপদেষ্টা পরিষদ আছে।
  - (৪) নিম্নলিখিত অধিকারিগণ পদাধিকারবলে উক্ত পরিষদের সভা-
- (ক) চীফ ইব্যপেক্টার অফ মাইব্স, ধানবাদ ( বিকল্প এটাভিশানাল চীফ ইব্যপেক্টার অফমাইব্স, বোদ)—সভাপতি.
- (খ) ডেপ্রটী চীফ ইন্সপেক্টার অফ মাইন্স, সীতারামপুর,
- (গ) ডাইরেক্টার, ইণ্ডিয়ান স্থল অফ মাইন্স, ধানবাদ (অথব। তাহার মনোনীত ব্যক্তি),
- (ম) পশ্চিমবন্ধ সরকারের ডাইরেক্টার অফ ইণ্ডাঞ্জিদ অথবা তাহার মনোনীত ব্যক্তি,
- (६) চীক মাইনিং ইঞ্জিনীয়ার (ট্রেনিং), ফ্রাশনাল কোল ডেভেলাপমেণ্ট করপোরেশান লিমিটেড, রাচী।
- (b) চীফ ইন্সপেক্টার, টেকনিক্যাল এডুকেশান, পশ্চিমবঙ্গ সরকার,
- (ছ) মাইনিং এাডভাইসার, পশ্চিমবঙ্গ সরকার,
- (क) প্রফেসর ইনচার্জ, ইভিনিং মাইনিং ক্লাস, পশ্চিমবক্স সরকার।

নিয়লিখিত সমিতিগুলির প্রতিনিধি:---

- (ম) নিম্নে উল্লিখিত করলাখনি সমিতিগুলির একজন করিয়া প্রতিনিধি—
- (১) ইণ্ডিয়ান মাইনিং এ্যালোসিয়েশান.

- (২) ইণ্ডিয়ান মাইনিং ফেডারেশান,
- (৩) ইণ্ডিয়ান কোলিয়ারী ওনারস এ্যাসোসিয়েশান,
- (৪) ন্যাশনাল এাসোসিয়েশান অক কোলিয়ারী মানেজারণ.
- (e) ইণ্ডিয়ান মাইন মাানেজারস এসোসিয়েশান।

থনিজ শিক্ষা এবং এই রাজ্য ধনিজ উন্নয়ন বিষয়ে উৎসাহী ব্যক্তিদের ক্ষয় হইতে একজ্ঞ সদস্য এবং

(ঞ) **ভীবৈত্বনা**থ বন্দোপাধাায়, বিধানসভার সদস্য।

### Bhaduiola Pirakata-Laigara Road, Midnapore

- 634. (Admitted question No. 1604.) Shri Surendra Nath Mahata: প্রস্তু (সভক) বিভাগের মন্থ্রিয়াশায় অন্তগ্রহপর্বক জানাইবেন কি—
  - মেদিনীপুর জেলার ভাততলা পিডাকাটা, লালগড় রাভাটি যাহা পিচ রাভা হইতেছে ভাহার দৈল্য কত;
  - (খ) এই রাস্তাটি কবে মঞ্জুর হইয়াছে এবং এই রাস্তাটি সমাপ্ত হইন্ডে কন্ত সময় লাগিবে : এবং
  - (গ) সমাপ্ত করিতে কত টাকা লাগিবে ?

### The Minister for Public Works (Roads):

- (क) २५ महिल ५৮२० कृष्टे।
- (থ) রান্তাটি ৪-১১-৬৩ তারিথে মঞ্জুর হইয়াছে, পুল্পমেত রান্তার কাষ ১৯৬৭ সালের মার্চ মাসের মধ্যে সম্পূর্ণ হইবে বলিয়া আশা করা যায়।
- (গ) রাস্তাটির জন্ম ১৫,৩৯,২০০ টাকা মঞ্ব হঠয়াছে এবং ঐ টাকার মধ্যেই কার্ণটি সম্পন্ন হঠবে বলিয়া আশা করা যায়।

## Food Storing Agent in Kaliachak police-station, Maldah 685. (Admitted question No. 1625.) Dr. Golam Yazdani:

থান্ত ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) ইছা কি সত্য যে মালদহ জেলার কালিয়াচক থানায় পায়্ডরের মকুতের অস্ত একটি ওলাম শীঘুই থোলা হইবে;
- (খ) সভ্য হইলে,
- ' (১) এই পরিকল্পনা কাহার দারা হইয়াছে ।
  - (২) ইচা কবে কার্যকরী চইবে ১ এবং
  - (৩) পাকিন্তানের শীমান্তবতী থানায় এই গুদাম করিবার সিন্ধা**ন্ত কেন করা চইল** ?

### The Minister for Food and Supplies:

- (ক) **মালনহ ক্ষেত্রা**র কালিয়াচক থানায় একজন টোরিং এজেন্ট নিয়োগ করার জব্য টেণ্ডার আহবান করা **হইরাছে**।
  - (খ) (১) মালনহের জেলা শাসকের নির্দেশে মালনহের জেলানিয়ামক এক্লপ টেণ্ডার আহ্বান করিয়াছেন
  - (২) এ সম্বন্ধে চূড়াম্ব সিদ্ধান্ত এখনও পর্যস্ত লওয়া হয় নাই।

(৩) কালিয়াচক থানার যে স্থানে ষ্টোরিং এজেন্ট নিয়োগ করার প্রস্তাব করা হইয়াছে ভাছা পাকিস্তানের সীমানা হইতে আহুমানিক ৮ মাইল দূরে। আংশিক বরাদ্ধ ব্যবস্থার থাজশক্ত বন্টন করার প্রয়োজনে স্থানীয় জনসাথারণের স্থবিধার্থে ঐরপ ব্যবস্থা করা হইতেছে।

### Food Storing Agent in Cooch Behar district

- 636. (Admitted question No. 1657.) Shri Sunii Dasgupta: গাছ ও সরবরাহ বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি—
  - (ক) কুচ্বিহার জেলাতে চাউল রাখিবার জন্ম সরকারের হাতে কতগুলি গুদাম আছে ;
  - (থ) এই সকল গুলামে কি পরিমাণ চাউল সংরক্ষণ সম্ভব;
  - (গ) কোন্ মহকুমায় ( কুচবিহার জেলা ) কয়টি এরপ গুদাম আচে :
  - (ঘ) টেট ট্রেডিং ইন রাইস করিতে হইলে কুচবিহার জেলাতে কভগুলি গুলাম দরকার : এবং
  - (৩) বর্ধাকালে বল্লায় যাহাতে চাউল নই না হয় তাহার জল্ম সরকার হইতে ঐ সমন্ত ওদামে কি কি ব্যবস্থা অবলম্বন করা ইইয়াছে ?

### The Minister for Food and Supplies:

- (ক) কুচবিহার জেলায় সরকারের নিজব কোন গুলাম নাই। তবে সরকার নিয়োজিত ৮ জন ষ্টোরিং এজেন্ট আছেন।
আপনি অভিযোগ অস্বীকার করতে পেরেছেন ? আমি আমার দীর্ঘ ৪ পাতা অভিযোগের মধ্যে পরিচাদন ব্যবস্থার ফ্রটি সম্পর্কে আপনার কাছে বক্তব্য রেখেছিলাম যে সরকারী নিয়ন্ত্রণ থাকার মধ্যে দিয়ে এই বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থা এমন একটা স্তরে এসে গিয়েছে যেথানে উপযুক্ত শিক্ষাধিকারী থাকছে না। এই সমস্ত বিশ্ববিতালয়ে আমরা দেখেছি সেথানে কোন বই কেনা হবে রাইটার্স বিল্ডিংসের শিক্ষালয়র সেগুলি সিলেকশান করে দেবে, দেখানে কোড অব টিচিং কি হবে দে সম্পর্কে রাইটার্স বিভিংসের শিক্ষাদশুর ব্যবস্থা করে দেবে। উত্তরবন্ধ, কল্যানী এবং বর্ধমান বিশ্ববিচ্ছালয়ের অধ্যাপকদের যেদব অভিযোগপত্র শেগুলি আপনার কাছে আমি উল্লেখ করেছিলাম। ১১ই মে তারিখে আপনি আমার চিঠির প্রাপ্তি স্বীকার করেছেন এবং বলেছেন আমি অভিযোগ বিচার বিবেচনা কর্মছি। কিন্তু আজ পর্যন্ত কোন বক্তব্য আপনি আমাদের জানালেন না। তাহলে আমি এই বিষয়ে ধারণা করে নিয়েছি যে মানমীয় শিক্ষা-মন্ত্রী মহাশয়ের কোন নতুন বক্তব্য নেই, তিনি আমার অভিযোগ স্বীকার করে নিয়েছেন। কলকাতা বিশ্ববিদ্যালয়ের একটা পরিচয় আছে, ভারতবর্ষের মধ্যে বৃহত্তম বিশ্ববিদ্যালয়। কলক।তা বিশ্ববিদ্যালয়ের যে স্বাতন্ত্র, যে স্বাধীনতা, যে স্বকীয়তা, যে সার্বভৌমত্ব, যে অটনমি আমরা এতদিন দেখে এপেছি যার সংগে বাংলা দেশের সমন্ত বাঙ্গালীর সংস্কৃতি জড়িত আছে তাকে কিছুতেই আমরা মান করতে করতে দেবোনা। কলকাতা বিশ্ববিভালয়ের যে স্বকীয়তা, যে বিশ্বয়কর অবদান, তার স্বাতন্ত্র, তার গণচেতনা যেটা আমরা বিশ্ববিচালয়ের অভাস্তরে দেখেছি সেখানে আমরা দেখবো এই বিলু পাশ হয়ে যাবার সংগে সংগে কলকাত। বিশ্ববিচ্ছালয়ের সেই স্বকীয়তার যে বিস্ময়কর স্থা সেই স্থাের অন্ত হবে এবং তার জারগাতে বাংলা দেশের লক্ষ লক্ষ বিশিষ্ট শিক্ষাবিদদের দীর্ঘণাস কুরাশার মধ্যে িয়ে তার স্থান দ্ধল করবে রাইটার্স বিল্ডিংএর নকল হর্ষ। এই কথা বলে আমি এই বিলের তীব্র বিরোধিতা করছি।

#### Shri Narendra Nath Sen:

মাননীয় স্পীকার মহোদয়, কালকাটা ইউনিভারসিটি বিলটি সিলেক্ট কমিটিতে থাবার সময় সেই কমিটিতে থাবার বধন আমার সোভাগ্য হয়েছিল তথন আমি আশা করেছিলাম যে ইউনিভারসিটির সিনেটের সলস্য হিসাবে আমার যে সব তিক্ত অভিজ্ঞতা আছে সেথানকার যে সব ক্রেদ নজরে এসেছে তা বোধ হয় কিছু কিছু দূর করতে আমি সমর্থ হবো। এই বিলটির মাধ্যমে আমার সে আশা কতটা সংল হয়েছে তা জানি না। আমি এই বিলের কিছু কিছু ধারা সম্বন্ধ অবশু অহ্য রক্ষ মত পোষণ করি—সেটা আমি পরে বলছি এবং অন্যান্ত ধারাগুলি সম্বন্ধ আমি এই বিলকে সমর্থন করি। প্রথমে আমি একটা কথা বলতে চাই সেটা হচ্ছে যে আজকে একটা প্রচন্ত বিকোভ দেখা গেছে যেটা এথানেও কাল থেকে দেখিছি যে গভর্পমেন্টের কোন কন্ট্রোল ইউনিভারসিটির উপর কোন রক্ষ থাকুক এটা মাননীয় সম্বন্ধরা চান না। আমরা সিনেটের মিটিংয়েও এই রক্ষ আভাস পেরেছি—আজকে আমানের দেশের পরিস্থিতি অস্ত রক্ষ হরে গাঁডিয়েছে। আমরা গভর্পমেন্টের কন্ট্রোলের বিরুদ্ধে বংলছি বৃটিশ শাসনের সময় কেননা বৃটিশ শাসনে K - 98

বৈদেশিক শাসন ছিল, তাদের সংগে আমাদের দেশের রীতি-নীতি সামাজিক ব্যবস্থা অন্ত রকম ছিল. শিক্ষার উদ্দেশ্য অন্তা রকম ছিল। রটিশ শাসকরা এক রকম উদ্দেশ্য নিয়ে এথানকার শিক্ষা ব্যবস্থা করতো। কিছু আজু দে পরিস্থিতি নেই। আজু আমাদের জাতীয় সরকার জাতির শিক্ষার প্রসারের সম্পূর্ণ দায়িত নিয়েছেন এবং কোটি কোটি টাকা গভর্ণমেণ্ট এজন্ম ব্যয়ও করছেন। কাজেই আমরা যে দাবী বৃটিশ শাসনের সময় করেছি সেই দাবী আজ করাটা কতটা উচিত হবে আমার সে বিধয়ে সন্দেহ আছে। আমাদের গভৰ্মেণ্ট শিক্ষা প্ৰসাৱের জন্ম কোটি কোটি টাকা ধরচ করছেন কাজেই স্বভাবত যে এই টাকাগুলি দেয় তাদের একটা আগ্রহ থাকে যে এই টাকাগুলি যাতে ঠিকভাবে ব্যয় হয়—এইজ্জ্য যদি গভর্ণমেণ্টের কনটোল ইউনিভারসিটির উপর থাকে তাহলে সেটা কিছু আপত্তির বিষয় বলে আমি মনে করি না। এই বিলের মাধ্যমে এক গভর্ণমেন্ট কলেজ এবং গভর্গমেন্ট স্পন্সর্ভ কলেজ ছাড়া গভর্গমেন্ট কোন কন্টে াল রাগবার চেষ্টা করেন নি। এই গভর্গমেট স্পনসর্ড কলেজ সহয়ে আমি মাননীয় সদস্যদের বক্ততা শুনেছি—সে সহয়ে পরে বলাছ। স্থার, গভর্ণমেন্ট কন্টোল নিয়ে আমাদের পশ্চিমবঙ্গে কয়েকটা ইউনিভার্নসিটি হয়েছে—বর্ধমান ইউনিভার্নসিটি, নর্থ বেক্সল ইউনিভার্সিটি, কল্যাণী ইউনিভার্সিটি। আমাদের মাননীয় সদস্য শস্ত ঘোষ মহাশয় তাদের অত্যস্ত তঃখন্তনক পরিস্থিতির কথা বললেন। কিন্তু আমরা দেগতে পাই তাতে ইউনিভারসিটিগুলি প্রায় ঠিক ভাবেই চলছে। স্থার, এখন আমি এই বিলটির কয়েকটি ধারা সম্বন্ধে বলছি। ভাইস-চ্যান্সেলারের এ্যাপয়েণ্টমেণ্ট সিণ্ডিকেটের রেকমেণ্ডেসনে হয়। সিণ্ডিকেট যে প্যানেল দেন তা থেকেই চ্যান্সেলার অ্যাপয়েণ্ট করেন। আমার মনে হয় এই দায়িংট। সিণ্ডিকেটের উপর না রেপে সিনেটের উপর রাগাই বাঞ্চনীয়। এ বিষয়ে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করি। এই বিলেতে তুটো প্রো-ভাইস-চ্যান্সেলার-এর ব্যবস্থা হয়েছে। এটাতে আমার বিশেষ আপত্তি রয়েছে এজন্ত যে ইউনিভার সিটির বর্তমান অবস্থায় প্রো-ভাইস-চ্যান্সেলার এ্যাপয়েণ্ট করার কোন প্রয়োজন নেই। ইউনিভার্মিটির শিক্ষা ব্যবস্থার দিকে আমানের সব চেয়ে বেশী দৃষ্টি থাকা দরকার। আজকে প্রো-ভাইস-চ্যান্সেলারের নিয়োগের সমর্থনে মামরা গুনতে পাচিছ যে অনেক কলেজ বেড়েছে- হাজার হাজার ছেলে বেড়েছে- কাডেই দায়িত্ব বেডেছে। সংগে সংগে একজন পেড ভাইস-চাম্পেলারও হয়েছেন। এর আগে ক্যালকটি। ইউনিভার্মিটি সমস্ত বাংলাদেশের উপর যথন শাসন বাবস্থা চালিয়েছে অনারারী ভাইস-চ্যান্সেলার দিয়ে তথনও এর প্রয়োজন হয়নি। কাজেই আজকে ইউনিভারসিটির বর্তমান আথিক পরিস্থিতিতে এই দুটো প্রে:ভাইস-চ্যান্সেলারের আপরেণ্টমেণ্টের ব্যবস্থা থাকার আমার মনে হয় মোটেই প্রয়োজন নেই।

#### [2-50-3 p.m.]

বিশেষত প্রো-ভাইস-চ্যান্সেলার ফর বিসনেস এ্যাফেয়ারস বর্তমানে ট্রেভারার আছেন। টেজারার-এর নাম যদি প্রো-ভাইস-চ্যান্সেলার রাথেন বা ফাইক্যান্স অফিসার রাথেন তাতে আমাদের আপত্তি নেই। কিছু প্রো-ভাইস-চ্যান্সেলার ফর এ্যাকাডেমিক এ্যাকেয়ার্স এটা শুধু অযৌক্তিকই হবে না—এটা একটা কনফিউসন এবং জেলাসী ক্রিয়েট করবে অন্যান্সের ভিতর। তিনি কি করবেন আমি জানি না—কিস্ক আকাডেমিক মাাটারে এাকাডেমিক কাউন্সিল, বোর্ড অব গ্রাভিদ, ক্যাকালটি রয়েছে—তাদের মাধ্যমে আকাডেমিক এাফেয়ারসগুলি চলতে পারে। কাব্দেই তার উপর প্রো-ভাইস-চ্যান্সেলার ফর এাকাডেমিক এ।। ক্ষেত্রাস তিনি কি করবেন আমি জানি না। এতে এই সমস্থ বিভাগের থারা হেড অব দি ডিপার্টমেন্ট আছেন তাঁদের মধ্যে জেলাসী স্ঠাষ্ট হবে এবং পরস্পরের মধ্যে একটা কনফ্লিক্ট থাকার সম্ভাবনা রয়েছে। জাচাড়া যিনি এ্যাপয়েন্টেড হবেন—তিনি একটা সাবজেক্টে হয়তো স্পেশ্যালিষ্ট হতে পারেন কিন্তু ইউনিভার-সিটির বিভিন্ন সাবজের নিয়ে তাঁকে দেখতে হবে—তিনি কি করে দেগুলি দেখবেন আমি জানি না। তাছাড়া এই ফুটো প্রো-ভাইস-চ্যান্সেলার-এর এক এক জনের ২২৫০ টাকা করে বেতন। বছরে ২৭ হাজার টাকা করে চজনের ৫৪ হাজার টাকা। তার উপর তাঁদের স্থপারিনটেনডেণ্ট আছে, হেড ক্লার্ক, ক্লার্ক, ষ্টেনো টাইপিট্র পিওন এবং অক্সান্ত ট্টাবলিস্মেণ্ট এই সব দিয়ে প্রায় ১০ হাজার টাকা বা তার চেয়ে বেশী টাকার প্রয়োজন হবে। কিন্তু ইউনিভারসিটির বর্তমান আর্থিক অবস্থা কি, তা আমরা প্রতি বছর ট্রেক্সারার-এর কাছ থেকে যে বাক্সেট এটিনেট পাই তাতে দেখতে পাই। আমরা তাঁর কাছ থেকে শোচনীয় আর্থিক অবস্থার কথা শুনি এবং শোচনীয় আর্থিক অবস্থার দক্ষণ সেধানে আন্ধ বহু প্রফেসারের

শোষ্ট বছরের পর বছর খালি থাকে বহু টিচারের পোষ্ট খালি থাকে এবং ধারা একজামিনার**স**ি মভারেটারস, ট্যাবলেটারস প্রভৃতি তাঁদের উপযুক্ত পরিমানে পারিশ্রমিক দেওয়া সম্ভব হয় না। ডাছাড়া ইউনিভারসিটির বেট। সবচেয়ে বড় জিনিয-পোষ্ট গ্রাজুয়েট এড়কেসন, এক্সপানসন অফ পোষ্ট গ্রাক্সয়েট এডকেদন তা কিছুই সম্ভব হচ্ছে না। যথন আমরা ইউনিভারসিটিতে এই দাবী করি তথন ভনতে পার্ট ওয়ান্ট অব ফাণ্ড। কাজেই আমার মতে এই রকম টপ হেভি এাডিমিনিষ্টেসন না করে এই টাকা দিয়ে যদি পোষ্ট গ্রাজ্বয়েট টিচিংয়ের এক্সপেনদনের ব্যবস্থা করা হয় তাহলে সত্যিকারের ছাত্রদের উপকার হবে যেটা নাকি ইউনিভার্নিটি স্থাপনের উদ্দেশ্য। আজকে আমরা দেখি পোষ্ট গ্রাক্সরেট ডিপার্টমেণ্টে বিশেষতঃ সাইন্স সেক্সনগুলিতে, কোনটিতে ১২টি সিট, কোনটিতে ১৫টি, কোনটিতে বছ জাব ৩০টি সিট। অথচ এই যে হাজার হাজার হেলে পাশ করছে তারা গ্রা**জ্**যেসনের পরে পোষ্ট প্রাক্তরেট টিচিংয়ে চকতে পারতে না শিটের অভাবে। স্থতরাং এই টাকা দিয়ে যদি এই সব সিট বাড়ানোর ব্যবস্থ। হয় যার প্রয়ে জন রয়েহে এবং আরও ভাল বেতন দিয়ে যদি প্রফেদার রাখা হয় তাহলে ইউনিভারসিটি এবং ছাত্র মহল স্থার্থ উপকৃত হবে। কাজেই এইভাবে প্রো-ভাইসচাান্দেলারের প্রয়োজন আছে বলে আমি মনে করি না। তারপর বিলেতে ভাইসচ্যান্সেলার প্রো-ভাইসচ্যান্সেলার এবং রেজিষ্টার-এর এ্যাপয়েণ্টমেণ্টের একটা ধারা রয়েছে—কিন্তু তাদের রিমৃত্য লের কোন ব্যবস্থা নেই। এ**কজন** অফসার নিয়োগ করলেন—তিনি যদি চনীতিপরায়ণ হন, অপুগর্থ হন, তাহলে তার একটা রিমুভ্যানের বাবস্থা করা উচিত। এ দের পোষ্ট ভেকেণ্ট হতে পারে অনলি ইফ দে রিজাইন। ডিনি যদি রিজাইন করেন অথবা মারা যান তাহলে হতে পারে। কিন্তু তিনি যদি অপদার্থ হন অথবা দিভিকেট এবং দিনেটের মধ্যে চক্রান্ত করে হোল ইউনিভারসিটিকে নিজের স্বার্থের জন্ম প্রয়োগ করছেন- এই যদি হয় তাহলে তাঁকে কি করে সরানো যায় সেরকম কোন বাবস্থা নেই। কাজেই আমার মনে হয় এখানে রিমুভ্যালের একটা ব্যবস্থা থাকা উচিত। তারপর যেটা সবচেয়ে আপত্তিজনক সেটা হঙ্গ্ছে **সিনেটের** ব্যাপারে। আজে গ্রন্থ সিনেট ইজ দি স্থপ্রিম গ্রাভনিংবডি। এবং সেই সিনেটো ক্রিয়েসন হচেছ মিগুকেট। আগের এ্যাকটে সিনেট স্কপ্রীম বড়ি চিল এবং তার ত্রেচার হিসাবে চি.গুকেটের কতকগুলি পাওয়ার ছিল—তে টু ডে একজিকিউটিভ ওয়ার্ক সিণ্ডিকেটের ছিল কিন্তু সর্তবানে সেটা উল্টে দেওয়া হয়েছে। সেনেটের সমস্ত পাওয়ার নিয়ে সিভিকেটকে দেওয়া হয়েছে।

এটা খুবই আপত্তিজনক বলে মনে করি। বিশেষ করে কতকগুলি জিনিয় অক্সান্ত ইউনিভার্সিটিগুলিতে সিনেটে বা স্পপ্রীম সিনেট কোটকৈ স্পপ্রীম গভর্ণিং অথোরিট বলে রেণেছেন। যেটা কালকে বলা হয়েছে আলীগড় ইউনিভার্সিটি বিল বা বেনারস ইউনিভার্সিটি বিল-এ সেসব জায়গায় সিনেটের স্বপ্রীম অংধারিটি রয়েছে স্যার, একটা কারণ হচ্ছে যেটা শুনতে পাই যে সিনেট একটা ইউনিভার্মিটি বডি জাই কাজের বিলম্ব হয়। কিন্তু কাজের শে বিলম্ব হয় সেটা সেনেটের দক্ষন হয় কি উপার্ট নেউ-এর দক্ষন হয়, ্রেটা আপনাকে দেখাতে চাই। একটা নিনেটের মিটিং হল অনেকদিন পর পর এটা হয় এবং তাতে এত তেবি এক্রেন্ডা থাকে যে তার ১ ঘটার মধ্যে হতে পারে না। তা ছাড়া ভাইসচেনসলার যিনি মিটিং কনভাক্ত করেন লাতে আমরা দেখেছি যে ২০০টা আইটেম এ একই সময়ে বক্ততা করে যান কাজেই এইভাবে বিলম্ব হয়ে থাকে। তা ছাড়া আরও জনিষ হচ্ছে যে ইউনিভারসিটি-এর বিভাগ আছে। সিণ্ডিকেট একটা ব্যাপারে বেন্দার বাবে করলেন একাডেমি কাউন্সিল। ফের আবার একাডেমি কাউন্সিল থেকে সিনভিকেট আসতে অস্তত এক বংসর লাগে। এটা এক্ষেন্ডা থেকে দেখতে পাঠ। এইভাবে দেরী হয়। তাছাড়া ডিপাটমেন্ট এর কাছে অনেক দেৱী হয় অনেকটা ডিপাটমেন্ট এর গাফিলভিতে। যেমন স্মামি দেখাতে পারি যে কমলা লেকচারার সিপ ১৯৬১ সাল থেকে আজও পড়ে আছে। তারপর টেগর ল' প্রফেসার সিপ সেটা ১৯৫৫ সাল থেকে আজও পড়ে আছে। স্যার আরও বলি যে নেনেট আই-এ-স এবং আই-পি-এম-দের ট্রেনিং-এর ব্যবস্থা করেছিলেন। সেটাকে আজ পঘন্ড সিণ্ডিকেট কোন একসান নেননি। আর একটা দুগান্ত দিতে পারি গিরিশ চন্দ্র বোস এনডাউমেণ্ট এই এনডাউমেণ্ট ফাণ্ডটা কি আৰু পৰ্যান্ত যেটা আন্ত ক' বংনর হয়ে গেল সেটার সম্বন্ধে কোন টেপ অফিস নেয়নি। এণ্ডলো সেনেটের দোষ নয়। এগুলো হয় দিণ্ডিকেটের দোষ, না হয় এগুলো অফিসার-এর দোন। আনগা দেশতে পাই বে শি**ঞ্চিন্**টের মিটিং এ যে উইডো পেন্সনারদের যে কেস আসে সেই উইডো প্রনান-এর **কেস শেনেটে** 

আলে। সেগুলো বথন তেট এক্সপায়ার্ড করে বায় যথন সে বিধবাগুলো টাকা পায় না সে সময় আসে। অথচ টাইমলি আমাদের কাছে আগে না। তারপর গ্রেড ফিক্সেনান এসব অনেক পরে আসে। ক্রিয়েসান অফ পোষ্ট এসব এখনও সিনেটের লায়িত্ব আছে সে ক্রিয়েসান অফ পোষ্টস অনেক সময় আমরা দেখেছি যে টেম্পরারী পোষ্ট এ্যাপরেন্টেড হয়ে তারপর সে কেন আসে। এ যেগুলো আছে সেগুলোও কার্যাকরী নয়। একটা জ্বিনিষ দেখলাম যেটা সিণ্ডিকেটকে দেওয়া হয়েছে কোন কলেজের গভর্ণিং বডিকে ডিজ্বলিউসান করা। আমার এতে ঘোর আপত্তি আছে। টু-ডেনজারাস প্রসিডিওর কেন না আমরা দেখতে পাচ্ছি কতকগুলো কলেজ, আমাদের সময়ে দেখেছি কলিকাতা ওমেন কলেজ বারাসাতে একটি কলেজ আছে যার প্রেসিডেন্ট হচ্চেন শ্রীপ্রগেন দাসগুগ্ধ। এসব কলেন্ডের এরপভাবে আঘাত চেষ্টা হয়েছিল সেগুলি যদি এ ক্ষমতা সিগুকেটের হাতে দেওয়া যায়, তাহলে তাদের অবস্থা থুব থারাপ হয়। কাজেই এসমন্ত-গুলো সিনেট এর পাওয়ার এ এপ্রোভাল না হলে হতে পারবে না। তাই এধরনের সিনেট-এর পাওয়ার থাকা উচিত। ক্রিয়েসান অফ পোট্র আর আপয়েন্টমেন্ট সম্বন্ধে থাকা উচিত। এমন সব আপয়েন্টমেন্ট সিণ্ডিকেটের মারফতে হয়েছে বা ওথানকার সিলেক্সান কমিটির মারফতে হয়েছে যা অত্যন্ত আপত্তিজ্ঞানক: এমন কেস আছে যে যাকে এাপয়েণ্টমেণ্ট করা হয়েছে এডভারটাইস করা কোয়া লিফিকেসান তার নেই অথচ এসব লোক এ্যাপয়েন্টমেন্ট হয়েছে। আমরা দেখেছি ডা: পি, এন, ব্যানার্জী ৭০ বৎসর বয়স হয়ে গেছে তিনি থাকতে পারেন না। রাতারাতি সিণ্ডিকেটে তার রিএ্যাপয়েণ্টমেণ্ট হরে গেল, তার এক্সটেনসান হয়ে গেল। এগুলি যদি ইউনিভারসিটি সেনেটের হাতে থাকে তাহলে হতে পারে না। এসব হওয় উচিত নয় এবং এভাবে কিছু কিছু পোষ্ট এাাপয়েণ্টমেণ্ট হয়েছে, কিছু কিছু সংবাদ পত্তে এবিষয়ে তীত্ৰ আপত্তি হয়েছে আর্ব কওলজি এর প্রফেদার সম্বন্ধে। আমি নিজে সিনেট এ মেনসান করেছিলাম কিন্তু যে হেত সিনেট এর পাওয়ার নেই বলে আনতে পারি নি। অথচ তার আগে আমি সিণ্ডিকেটকে স্থানিয়েছিলাম তার প্রতিকার হয়নি। যাকে তারা এ্যাপয়েণ্ট করেছেন তার কয়ালিফিকেশান ছিলনা। তিনি ওখানে এ্যাপয়েণ্ট হয়েও বেশীদিন থাকেন নি প্রমোসান নিয়ে চলে গেছেন। স্যার, এর ফলে হবে যা বর্ত্তমানে আমরা দেখছি ইউনিভার্সিটিতে একটা ক্লিক হয়ে কয়েকটী লোকের হাতে চলেছে। আরও একটা স্ক্রযোগ হবে কয়েকটা লোকের স্বার্থের জন্ম এটা পরিচালিত হবে। তারপর ডিসপ্লিনারি এাকিসান, এর যা ধারা আছে তাতে ডিসপ্লিনারি একসান এর ক্ষমতা রেজিষ্ট্রারকে দেওয়া হয়েছে এটা আমার মনে হয়।

### 3-30-10 p.m.]

কনটোলার ওব একজামিনেসানকে দেওয়া উচিত। ইন্সপেক্টর ওফ কলেজকে দেওয়া উচিত। কনটোলার ওফ একজামিনেসান খুব একটা ইনপটে ট সেক্সান, তাকে কোন ভিসিপ্নিনারি একসান এ নিতে হলে যদি রেজিপ্টার-এর কাছে যেতে হয় সেটা আনভিউ ভিলে হয়ে যাবে। কাজেই এ ক্ষমতা তাদের দেওয়া উচিত। ইলেকসানগুলো ইউনিভারসিটির বিভিন্ন কনসটিটুয়েন সির ইলেকসানগুলো এমন আছে পোষ্টাল বাালেটে এটা খুবই মারাত্মক। আমরা দেখেছি গত গ্রেজুয়েট কন্সটিটিউয়েন্দি এ এটা তুলে দিয়ে ভায়রেকট ইলেকসন অন সিক্রেট বেলট হওয়া উচিত বলে আমি মনে করি। তারপর প্রেটুডেড সন্বন্ধে প্রাট্রত চেপ্তা পেনটোর হাত থেকে একবারে চলে গেছে। সিগুকেট করবে তিনি নিয়ে আসবেন অবচ এই ষ্টাটুডগুলো থাকা উচিত সিনেটের হাতে। ষ্টাটুড সিনেট করবে এবং রেগুলেসান এটাও অভিনাননেস যেন সিগুকেট একাডেমিক কাউনসিলে এনে তাকে পরিকার হতে হবে। আমি ষ্টাটুড সন্বন্ধে ভৃতপূর্ব শিক্ষামন্ত্রী প্রীহ এন রায় চৌধুরী যা বলেছেন তা একটু পড়ছি।

I have sufficiently indicated not views on the scope and character of the Statutes, Ordinance and Regulations and consequently I can only disapprove of the provisions made in this Chapter regarding them. The provisions made in this Chapter go to support my previous observation that this Bill proposes to set up a Presidium in the name of the Syndicate, to destroy the present democratic Constitution of the University, to divest the representative body, the Senate of the legitimate powers and functions which ought to belong to it as the Supreme Governing body of a University and reduce it to something like a consultative body.

কাব্দেই এটা আমার মনে হয় সিনেটের হাতে থাকা উচিত। টানজিটারি প্রভিসানে আছে যে এখন ডাইসচ্যান্দেলার একটা বভি এ্যাপরেন্ট করে তিনি সব প্রাটুত করবেন এটা হওয়া উচিত নয়। যা প্রাটুত আছে,
প্রাটুড, রেগুলেসান এবং অভিন্যান্দ আছে এসব থাকা উচিত এবং নৃতন সিনেট তারা করবেন এটা আমি
বলি। একটা ভাল হয়েছে যে আনভার গ্রাাছ্যেট বোর্ড অফ প্রাভি ষেটা করেছেন এটা ভাল করেছেন।
স্পানসোর্ড কলেন্দ্র স্বামার কিছু বলবার ছিল যেটা গভরমেন্ট কিছুটা একাডেমিক বিষয়ে হাত্ত
দেন নি। এযাডমিনিসটেগান কনটোলার ছাড়া কিছু করেননি। তবে তা সংস্কৃও টিচারনের আরও
সিকিউরিটি ওক সাভিস যাতে থাকে, এগুলো দেখা উচিত বলে আমি মনে করি।

### Shri Monoranjan Baksi:

আজকে ক্যালকাটা ইউনিভারসিটি বিল সম্পর্কে বলতে গিয়ে আমি প্রথমে আপনার মাধ্যমে একা-মন্ত্রীর কাছে নিবেদন করতে চাই। আঞ্চকে কলকাতা প্রাচীন বিশ্ববিষ্ঠালয় সেটা 🖦 ভারত্বতে নয় সারা এশিয়ার কাছে একটা স্থপরিচালিত বিহু বিভালয়। কিছু তুংগের সংগে লক্ষ্য করছি আঙ্ককে তারা যে ভাবে বিলটা নৃতনভাবে রচনা করেছেন তাতে দেশের যে কি ভয়াবহ অবস্থা সেটা আমর। লক্ষ্য করছি। আমরা চাই প্রাচীন বিশ্ববিভালয়ের পরিবর্ত্তন হোক, সংস্কার হোক। কিন্তু এই বিল এমনভাবে তৈরী করা হয়েছে যাতে ভারত...র এথনৈতিক অবস্থা সামাজিক ব্যবস্থার সংগে বিলের কোন যোগাযোগ নেই। আমার মনে হয় হয়ত কোন বিদেশীর অঙ্গুলী হেলনে এই আইনের পরিবর্ত্তন হচ্ছে এবং তাতে দেশের শিক্ষা বাবস্থাকে বিপর্যায়ের দিকে নিয়ে যাওয়া হচ্ছে। তা যদি অবস্থা হয় তাহলে আমরা একথা বিশাস করি যে শুধু পশ্চিমবাংল নয় সালা ভারতবর্ষের পক্ষে এটা একটা চুদ্দিন। কারণ বিলেশের আর্থিক সাহাযোর দিকে লক্ষা রেখে এভাবে শিনের পর দিন যদি সরকারী নিয়ন্ত্রণ ব্যবস্থা রেখে যদি শিক্ষার বিষয় তাঁরা অগ্রসর না হন তাহলে শিক্ষার বিপ্রয় আসবে। আজকে আমরা লক্ষ্য করছি যে সমস্ত স্বায়ত্ম শাসন প্রতিগ্রান আচে সেগুলিকে সরকার একের পর এক কুক্ষিগ্রত করবার চেষ্টা করছেন। আপুনি জানেন ডাঃ রাধাক্ষণ্ডন স্পুষ্ট ভাষায় বলেছেন শিক্ষার বিষয় যেন কোনরকম সরকারী নিয়ন্ত্রণ নারাখা হয়। শুরু তাই নয়, সম্প্রতি বিশ্ববিল্ঞালয় কমিশন এবং শিক্ষা কমিশনের সভাপতি ডাঃ ভি, এস, কুঠারী তিনি যে একটা মডেল এটাক্ট লিখে গিয়েছেন, তাতে তিনি খুব জোরালো ভাষায় বলেছেন যে সারা ভারতবর্ষে এক আদর্শে সমস্ত বিশ্ববিচ্ছালয় আইন রচিত ছওয়া উচিত, এবং সেগানে যেন সরকারী নিয়ন্ত্রণের ক্ষমতা বা প্রভাব বিস্তার না করে। কিন্তু অভাস্ত তঃথের সঙ্গে লক্ষ্য করছি আজকে সরকার তার এই সমস্ত কথা অগ্রাহ্য করে, তারা নিজেদের যে একটা অবৌক্তিক মনোভাব, তা নিয়ে, তারা সেদিকে অগ্রসর হচ্ছেন। ত। যদি হয়ে থাকে, তাহলে আমি মনে করি, কলিকাতা বিশ্ববিচ্যালয়ের এতদিনের যে ঐতিহা, তা আজকে সম্পূর্ণ ভাবে ভেঙ্গে চরমার করে দিচ্ছেন।

মাননীয় স্পীকার মহাশয়, শুধু তাই নয়, আজকে দেপতে পাছিছ যে এই বিশ্ববিভালয়ের যিনি প্রাক্তন ভাইস-চ্যান্সেলার ছিলেন, কলিকাতা হাইকোর্টের এক্স-চিন্ আষ্টিস্, গ্রীঞ্গী ভূষণ চক্রবর্ত্তী মহাশয়, তাকে নিয়ে গিয়ে স্পন্যও কলেন্ড সম্বন্ধে একটি কমিশন বলান হয়, নেই কমিশনে তিনি সভাপতি হিদাবে বলেছিলেন যে প্রনামর্ভ কলেন্ডকে যেন সরকারী নিয়ন্ত্রণ আনা না হয়। আজকে দেখতে পাছিছ যে সমস্ত স্পোনসোর্ভ কলেজকে সরকারী নিয়ন্ত্রণাধীনে আনা হছে। শুধু তাই নয়, আমরা দেখতে পাছিছ যে জয়েন্ট সিলেক্ট কমিটির মিটিং-এ বিশ্ববিভালয়ের যিনি প্রাক্তন ভাইস্-চ্যান্স্লোর, কলিকাতা হাইকোর্টের প্রাক্তন চিন্ত্-ভাষ্টিস ডাঃ শঙ্কুনাথ ব্যানাড ক্রিন স্পান্স মাননীয় ডাঃ রাধাবিনোদ পাল, ঠারাও এই ধরণের সরকারী নিয়ন্ত্রণের আদেশের বিশ্বে তীব্র প্রতিবাদ জ্ঞাপন করেছেন। কাজে কাজেই এই সমস্ত শিক্ষাবিদদের, এই সমস্ত মনীধীদের, চিন্তানায়কদের মতকে একেবারে অগ্রান্থ করে, পাজকে কলিকাতা বিশ্ববিভালয় সম্পর্কে যে নৃত্তন আইন রুক্তিন হছে, এবং এর দারা বিশ্ববিভালয়ের উপর যে রোলার চাপান হছে, তাতে আমার মনে হয় পশ্চিমবঙ্গের শিক্ষাক্তি সংহার করা হছে।

আমরা দেখছি যে এই বিলের ছারা বিশ্বিভালয়ের ভাইস-চ্যান্সদেলার ছাড়াও আবার প্রো-ভাইস-চ্যান্সদোর নিষ্ক্ত করা হচ্ছে। আমরা জানি ভাইস-চ্যান্সদেলারকে সাহায্য করবার জন্মে ইন্সপেক্টর অফ কলেন্ডেস আছেন। গুধু তাই নয়, কণ্ট্রোলার অফ এক্সজামিনেসনস্ আছেন। তাঁরা নিক্টরই তাঁকে বছজাবে সাহায্য করতে পারেন। এঁদের ছাড়াও পুনরায় নৃতন করে প্রো-ভাইস-চ্যান্দেলার নিয়েগ করা হচ্ছে। আমার মনে হয়, এইভাবে বিশ্ববিদ্যালয়কে সরকারী নিয়ন্ধনাধীনে এনে একটা মাথা ভারী শাসনে পরিণত করা হচ্ছে। আমরা আরও দেখতে পাচ্ছি, সেনেট্কে জৈরী করা হয়েছে এই আইনে যেভাবে, তাতে তার ক্ষমতা সম্পূর্ণভাবে থর্ব করা হয়েছে। শুধু তাই নয়, একমাত্র সিপ্তিকেটক স্থপ্রিম পাওয়ার দেওয়া হয়েছে, সেই স্থপ্রিম পাওয়ার দেওয়া হয়েছে, সেই স্থপ্রিম পাওয়ার এক বলে সেনেট্কে ছোট করা হয়েছে। শুধু তাই নয়, মিং স্পীকার স্যার, আপনি আরও দেখতে পাবেন এই বিলেতে যদি একটা কলেজকে অহুমোদন করতে হয়, তাহলে এ বিথবিদ্যালযের সিপ্তিকেটকে পরামর্শ করতে হবে সরকারের সঙ্গে । কাজে কাণ্ডেই আজকে সরকারের যে মহিপতি, শুধু শিক্ষার বিষয় নয়, প্রশিতি ক্ষেত্রে বারা দেশের চিন্তাশীল স্থাধীন ব্যক্তি, বাঁরা চিন্তানায়ক, থারা শিক্ষাবিদ, তালের ওঁরা বিশাস করতে পারেন না। কারণ তাদের যদি বিশাস করতে পারতেন, তাহলে এইভাবে একের পর এক, একটি করে তার দার: সমস্ত ক্ষ্মতাকে তাঁরা কুক্ষিগত করবার জন্ম চেই। করতেন না। কাজে কাডেই এই যদি তাঁদের আটিচ্ছ হয়, তাহলে আমার মনে হয় যে শিক্ষার দিক দিয়ে বাংলাদেশে একটা বিপর্যয় দেখা দেবে। আমি মনে করি যে আজকে মন্ত্রী মহাশয়ের নিকট এক চরম মৃহর্ত্ত এসেছে, যখন এই বিলটি সম্পূর্ণভাবে তেলে সাজিয়ে দুখন করে গঠন করা উচিত, তা যদি তিনি করতে না পারেন ত। হলে শিক্ষা কেবা এক বিরাটি বিপর্যয় দেখা দেবে। এই কথা বলে আমার বল্ববা শেষ কর্তি।

### Shri Girija Bhusan Mukherice:

মাননীয় স্পীকার মহাশয়, এই যে বিল এসেছে, এই বিলের আমি বিরোধিত। করচি এইজস্ম নয়, যে আমি একজন বিরোধী পক্ষের লোক। আমি এইজস্ম এর বিরোধিতা করছি, যে এই বিলের মধ্য দিয়ে বাংলার শিক্ষিত শিক্ষক সমাজের উপর একটা অনাস্থা প্রস্তাব আনা হয়েছে। সভাই আমাদের সরকার গণতন্ত্রে বিশ্বাসী নন। তা যদি হতেন তাহলে এই ধরণের বিল আনার প্রয়োজন থাকতে। না। ১৯৫১ সালের যে ইউনিভারসিটি এ্যাক্ট, সেই এ্যাক্টের কতকগুলি জায়গা সংশোধন করে নিলেই যথেই পরিমাণে কাজ চালান সম্ভব হত, এবং সেটা স্কুসংগত-ও হত।

. এখন এই বিল যে কারা এনেছেন, তার উদ্দেশ্য কি ? কোন জায়গায় কোন বিল আনার জন্তে, বা কোন এটাক্ট গঠন করবার আগে, এক একটা কমিশন গঠন করা বা নিয়োগ করা হয়। আমাদের মন্ত্রী মহাশয় কি বলতে পারেন যে কোন কমিশনে এই বিল সম্পর্কে নিয়োগ করেছেন ? কোন বিভ কি এই বিলকে সমর্থন করেছেন ? আমার পূর্ববতী বক্তারা, অনেকেই বহু কমিশনের নাম উল্লেখ করে গিয়েছেন, এবং সমস্ত কমিশনেরই শেষ বক্তব্য হচ্ছে এই বিলের বিনোধী। কিন্তু তথাপি তাবা এই ধরণের বিল এনেছেন, এবং এখানকার যে রীতিনিতি তাতে তাঁরা এই বিল পাশ করাবেন। বাংলাদেশের বিশিষ্ট মহামনীধীদের যে উদ্দেশ্য চিন্তাশীলতা, তাদের যে চিন্তাধারা, সে সমস্তকে উপেক্ষা করে আজকে এই বিল এখানে উপস্থাপিত কর। হয়েছে। সেই কারণে, ামি এই কথা বলছি যে স্তাকার বাংলাদেশে ডেমোকেটিক ইনটেলকচয়াল মাইও-এর উপর অনান্তা প্রস্তাব এনেছেন।

# 3-10-3-20 p.m.]

মাননীয় স্পীকার স্যার আমাদের মাননীয় সদস্য প্রতাপবার কালকে বোঝাবার বা বলবার চেষ্টা করলেন যে এতে সরকারী কন্টোল কোথায় ? ২৬ জন সিপ্তিকেটের সভা তার মধ্যে ৭ জন মাত্র সরকার পক্ষের লোক, আর বাকী ১৯ জন বিরোধী পক্ষের। প্রতাপবার যদিও এখানে নাই আমি তাঁকে এই প্রস্কার করতে পারি এই ৭ জনেরই বা প্রয়োজন কী ? কী কারণে এই ৭ জনকে সিপ্তিকেটের সভা করা হছে ? গভর্গনেটে এভুকেশন ডিপার্টমেট এর ত্ত্তন্তন, চ্যান্স্লোর এর নোমিনেটেড একজন। এই ৩ জনের মাধ্যমেও সরকারী বক্তবা যথেই পরিমাণ বলা যেতে পারে। তাহলে আরো ৪ জন চাা স্লোর এর ত্ত্ত্বন ও ছুত্তন্তন ও ছুত্তন ও ছুত্তন করে। এই বির্মাণ বলা যেতে পারে। তাহলে আরো ৪ জন চাা স্লোর এর ত্ত্ত্বত্ত পারে তেন ? তার মানে আজকের দিনে ইউনিভারসিটিকে ক্ষিগত করবার চেষ্টা একটা প্রথা হয়ে দাড়াছে। এটা তো মিউনিসিপাাল কর্পোরেশন নয় বে মেজরিটি নাই, কাজেই সেধানে এইরক্ম বাবস্থা করতে হবে, ইউনিফাইড ষ্টাও এর

যে কথা বলেছেন সিণ্ডিকেটে সেটা যদি পাকে তাহলে সরকার যেটা বললেন, তা হতে পারে। এই ৭ জনের ইউনিফাইড ট্যার্ড-এর এগেন্ট-এ অ্যু কোন বক্তবা দাঁড করানো অনেক সময় সম্ভব হবে না। প্রতাপবার বলতে চান সরকার এটা কুক্ষিগত করতে চান না, কনটোলেও রাথতে চান না। সেই সমুদ্রেত ষদি থাকে তাহলে প্রো-ভাইস-চ্যান্সেলার ও তু-জনকে নোমিনেটেড করে সরকার তাদের বন্ধবা রাখন, ভাতে আমানের আপত্তি নাই। কিন্তু তাদের কোন ভোটিং রাইট থাকবে না। এতে রাজী আছেন কী? ত। নাই। প্রতাপবাব যদি শাক দিয়ে মাছ ঢাকবার যুক্তই চেষ্টা করুন না কেন, আসল উদ্দেশ্য হচ্চে ইউনিভারসিটির উপর কিছু কনটোল তাদের চাই। বিশ্ববিদ্যালয় এইরকম একটা বড় প্রতিদান বেখানে অনেক বিশিষ্ট শিক্ষাবিদ রয়েছেন, বিভিন্ন ধরণের লোক রয়েছেন, দেখানে যদি সরকার কনটোল ন। করতে পাবেন, তাছলে তাঁরা মনে করছেন তাঁদের দারা কিছ হল না। অনেকে বলছেন ফোর্ড ফাউণ্ডেশন এর টাকার মোহে পড়ে তারা নাকি রাতারাতি এই বিলটি এনেছেন, এর জন্ম কোন কমিশন বমেনি, কোন এাড ভাইসরি বডি হলে। না। এ বিল কোথা থেকে এলো? আশা করবে। মন্ত্রী মহাশয় এর জবাব দেবেন যে এই কারণে এই সিণ্ডিকেটকে স্থপ্রিম পাওয়ারতুল বডি করে দিয়েছেন, এর জন্য কোন কমিশন ভয়েছে কেউ বলেছেন সিণ্ডিকেট অল পাওয়ারফুল সিনেটকে স্থ<sup>া</sup>র্নিড কবে। চিরকাল শুনে **আসছি** সিনেট হচ্ছে বিগার বভি সেটাই হচ্ছে ইউনিভারসিটি, তার এঝজিকিউটিভ কাউন্সিল হচ্ছে সিঞ্জিকট, আর সিনেট হচ্ছে ডে টু ডে এ্যাফেয়ার্স মিট করবার জন্ম। আডকে আপনাবা সেটা উল্টে দিচ্ছেন। কার স্বার্থে ? কিসের জন্ম ? আমাদের প্রতাপবাবু বলেছেন—এক্স চিক জাষ্টিস দ্যাভূষণ চক্রবভীর কোটেশন তলে আনউইলিং বডির ফাংশান করতে দেরী হয় সেইজ্গু আজকে সিনেটের পাওয়ার কটে াল করা হচ্ছে। কোন কাজ করতে দেরী হয় সিনেটের সংখ্যাধিকা বলে নয়, আভাস্তরীণ দ্বন্দ ও গলতি-গাণিলতির **জয়।** ফণীভ্ষণ চক্রবন্তীর বক্তবোর মধ্যে আরে। অনেক কথা আছে, যার আরো কোটেশন দেওয়া যায়। তবে আমুবা নিশ্চিত যে এইভাবে যদি বিলটি পাস হয় তা'হলে ইউনিভার্নিটির উপর গভর্ণমেণ্টের কণ্টে **লি আরো** বাছরে--সেটা ইনকনসিস্টেণ্ট। এখন এইভাবে বাংলাদেশের শিক্ষাবিদদের, সাধারণ মাত্র্যদের ইচ্ছা, যেজনা আমরা বিশ্বাস করি—এমন কি বলতে পারি যে আমাদের বিরোধীপক্ষের বাঁরা আছেন তাঁদের মধ্যে অনেকে যে চিন্তা কবেন, সেই চিন্তার িক্রদের এইরকম একটা বিল যে তারা আঙ্গকে আনছেন, যে বিলের মধ্যে দিয়ে গণতন্ত্রকে উভিয়ে দেবার চেষ্টা করা হয়েছে।

মাননীয় অধ্যক্ষ মহাশয় এরা সিভিকেটের সংখ্যাধিক্য করবার জন্ম প্রো-ভাইস-চ্যান্সেলার এগাপয়েণ্ট করছেন। প্রো-ভাইস্-চ্যান্সেলার এর কাংশান ভাইস চ্যান্সেলারের সেক্রেটারা ধারা হতে পারে, ফিনান্স অফিসার সে ফাংশান করতে পারেন। কিন্তু তা না করে প্রো-ভাইগ-চ্যান্সেলার করছেন। কিন্তু আমি বলতে চাই যে ঐ প্রো-ভাইস-চ্যান্সেলারকে সিণ্ডিকেটের মেম্বার রাগার প্রায়োজন নাই। প্রো-ভাইস-চ্যান্সেলার যথন দে আর ট এ্যাসিষ্ট দি ভাইস্-চ্যান্সেলার। যথন ভাইস্-চ্যান্সেলার সিণ্ডিকেটে আছেন তিনি শার বক্তব্য বলতে পারবেন। প্রো-ভাইস-চ্যান্সেলার সরকারী প্রতিনিধিম দ্বারা ভারাক্রাস্ত করবার উদ্দেশ্য নিয়েই এই বিল রচনা করেছেন বলেই প্রো-ভাইস্-চ্যান্সেলারকে তারা এই বিলে রেপেছেন এবং সবচেয়ে গণতক্তের বাহবা হচ্ছে এইথানে যে প্রো-ভাইস-চ্যাম্পেলার এ্যাপয়েন্ট করবেন সরকার তার মাহিনা দেবেন বিশ্ববিদ্যালয়। এই হচ্ছে গণতন্ত্র, তার। আমাদের বোঝাতে চান যে এটাই নীতি। আর স্পনসর্ভ কলেজ সন্বন্ধে তাদের নীতি হচ্চে যেহেতু আমরা মাহিনা দিচ্ছি সেইহেতু আমরা মালিক। তাই বলছি এটা কেন হবেন। যে বিশ্ববিদ্যালয় মাহিনা দেবেন তথন বিশ্ববিদ্যালয় এ।।পয়েণ্ট কঞ্ক। তারা অন্ত কোন সেটার থেকে ত্রীফ হয়ে আসছেন বলেই এটা করছেন। যিনি মাহিনা দেবেন তিনি এাাপয়েন্ট করবেন না পুথিবীর কোন জায়গায় এইরকম নজীর নাই কিন্তু যেহেতু তাদের ভোটের জোর আছে সেজন্য তারা এটা কার্যকরী করবেন। দেজন্য আমি বলচি তারা এইসব সম্বন্ধে কোন কিছু চিস্তা করেই এটা আনছেন। এবং আমি জানি এটা যথন সিলেক্ট কমিটির গাঁট পার হয়ে চলে এসেছে স্কুতরাং এটা তারা পাশ করবেনই। কিন্তু এই ধরণের যে তারা করছেন তার উদ্দেশ্য কি—নিশ্চয়ই একটা উদ্দেশ্য আছে, সেই উদ্দেশ্যকে चामारमत शुरु त्यत कराए हर्त । स्नीकात स्नात, এই প্রোভাইসচ্যান্দেলার আমি অস্ততঃ মনে করি এবং সমস্ত সমস্ত মনে করে একসেপ্ট ভেরী ফিউ যে প্রো-ভাইস-চ্যান্দেলার সরকারের দারা এ্যাপরেণ্ট হওয়া উচিত নয়। সিন্তিকেট বা সিনেট এ্যাপয়েণ্ট করবেন। এবং এটাই স্থায়া এবং স্থায়সংগত। কেননা ভারাই মাহিনা দেবেন ভারাই পেমেণ্ট করবেন। এবং আমি বলি এটি এল এর কোন প্রয়োজনীয়তা

च्चारह तत्न मत्रकात चारह तत्न चामवा मत्म कति मा। विद्याधी ममन्त्रमा तत्नाहम त्य श्रीष्ठ अक नाथ है कि খরচ হবে এবং এই খরচ আননেদেদারি। প্রো-ভাইস-চ্যান্দেলার এর ফাংশান ভাইসচ্যান্দালার এয় গ্র ছিস অফিস এই ফাংশান করতে পারেন। প্রো-ভাইস-চ্যান্সেলারের প্রয়োজন থুব বেশী নাই। তারপর স্পন্সর্ভ কলেজগুলিকে ভারা আলাদা কেটিগরি করছেন। ভারা ষ্টেট কন্টোলে চালাবেন (हों) कर है कि मारत बार्रे होर्म विकेश नहा, बार्रे होर्म विकाश हरता व्यवस्था किছ अन हन। আসল কটোল করবেন ডিষ্ট্রিক্ট মাজিট্রেট, এাাকচয়ালী কটোল করবেন। বেশীর ভাগ স্পানসর্ভ কলেজগুলির প্রেসিডেণ্ট ডিষ্টেক্ট মাজিট্টেট। তিনি এডকেশন ডিপার্টমেণ্টের লোক নন। কিছু ঐ সব কলেজের প্রিন্ধিপালিদের যেভাবে রাথেন তাতে ঐ প্রিন্ধিপ্যালদের কোন বক্তব্য দেখানে স্থান পায় না। সেখানে তাঁর তাবেদার লোক নিয়ে কমিটি তৈরী হয়। একট আগে আমার পূর্ববর্ত্তী বক্তা বলেছেন যে এমন লোকও কমিটিতে আছে। বহরমপুরে যে তিনি কাই বনের ব্যাং-এর পাতার পরে গিয়েছেন কিনা সন্দেহ। এই চচ্চে ষ্টেট কটে ।ল এর। এডকেশন স্প্রেড করবেন। কারণ ভূমিকায় মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলেচেন স্থাসংগত শিক্ষা পদ্ধতি করবার জন্ম এবং শিক্ষার উন্নতি বিধানের 🐇 🗷 তারাই এই বিলে এনেছেন। আমি বলতে চাই এই বিলের দারা শিক্ষা স্থাংগত হবে না এবং শিকার উন্নতি বিধানও হবে না। তারপর আমি বলতে চাই যে স্পন্সর্ভ কলেজ আলাদ। হচ্ছে আর প্রাট ভেট কলেজের আলাদা টিটমে ট হচ্ছে। এমন কোন শিক্ষাবিদ কোন সং ব্যক্তি এটা স্বীকার করতে পারেন । এ বি, পি, বাানাজ্জীই বলুন আর চক্রবর্ত্তীই বলন আর আমাদের আগেকার মিনিপ্রারই বলন। আমি শ্রনেছি আমাদের আগেকার এডকেশন মিনিষ্টার তিনি এতে অত্যন্ত তদ্র এবং দঢ় ভাষায় এই বিলকে নংগ্রেছ করেছিলেন। এবং আছ যদি তিনি এখানে থাকতেন তাহলে এই বিল এই বেশ ভ্ষায় কখনই আাতে পারত না। আমার ধারণা হয়েছে যে সেইজন্মই তাকে সরিয়ে দেওয়া হয়েছে। এই বিল আনতেই হবে বলে তাকে অপসারণ কর। হয়েছে। তিনি এই বিলের বিরুদ্ধে ছিলেন।

### [3-20-3 45 p.m.]

এখন শিক্ষা বিস্তারের ক্ষেত্রে স্পনসর্ভ কলেজ, প্রাইভেট কলেজকে আলাদা করছেন, তাদের কোন পলিসি এর মধ্যে রাথছেন ন। এবং ইউনিভারসিটিতে তাঁর। সরকারী কণ্ট্রোল অত্যন্ত প্রথরভাবে বাডাচ্ছেন, সিনেটকে তাঁরা একটা ডিভেডিং সোসাইটিতে পরিণত করে দিচ্ছেন। পথিবীতে অনেক দেশ আছে, এমন কোন দেশে দেখেছেন যেগানে যত মেম্বার তার ভিত্তিতে ভোট হবে ৷ আমরা এই জিনিয় এই প্রথম দেখলাম যে যেগানে একজিদটিং মেদার ২০৫ জন সেই ২০৫ জনের ভিত্তিতে রেজোলিউশন পাশ হবে, নাক্ষপ থুুকরবে তাঠিক হবে। সেগানে যদি ১৫০ জন হাজির থাকেন এবং ১০০ জন যদি একটা রেজোলিউশনের পক্ষে ভোট দেন তাহলেও সেই রেজোলিউশন পাশ হবেনা। এ কথনও কেউ দেখেছেন যে মেম্বারস প্রেক্ষেটের ভিত্তিতে ভোট হবেনা, মেম্বার এনলিষ্টেড এর ভিত্তিতে ভোট হবে ? পথিবীতে এ জিনিষ কোথায়ও নেই অথচ আপনারা গণতন্ত্রের নামে এই জিনিষ করছেন সিনেটে। সেইজন্ম বলচ্চি সিনেটকে আপনারা ডিভেডিং সোসাইটিতে পরিণত করেছেন। সিণ্ডিকেটে আছে প্রোভাইসচ্যান্দেলার ফর বিজনেস এনাফেয়াস । এনকাডেমিক কাউন্সিল একটা প্রস্তাব নিয়ে এলো, সিণ্ডিকেট সেটা পাশ করবে। প্রোভাইসচ্যান্সেলার ফর বিজনেস এ্যাফেরারস তিনি কে হবেন ? না, তিনি হয়ত এ, জি, বেংগলের একজন রিটায়ার্ড লোক হবেন, ফ্যাকালটি অব এড়কেশন যেটা দিচ্ছে তার সম্বন্ধে তিনি সমালোচনা করবেন। আমি যদি তুলনা করি এই ব্যাপারে যে উত্তমকুমারকে যদি বাংলা দেশের কংগ্রেস পাটির ভাইসপ্রেসিডেণ্ট করা হয় তাহলে ঠিক সেইরকমই হবে, তাঁর দ্বারা কোন কাজ হবেনা। এ, জি, বেংগলের লোক তিনি সমালোচনা করবেন, অস্তত ভোট দেবার তাঁর রাইট আছে, ফ্যাকা িট **খব এড়কেশন খেকে যেটা আসছে তার তিনি সমালোচনা করবেন এবং হয়ত তাঁর ভোটেই দেই द्रारक्षानिष्ठमन कन थू** करारा। উত্यक्त्याद्रारक यक्ति वांश्ना (मर्टम ध्वर द्राक्काभूद्रस्क यक्ति ध, व्याहे, जि. সির ভাই প্রেসিডেণ্ট করা হয় ফ্রাহলে বেমন নককারজনক কাজ হবে, এখানেও তেমনি হবে। স্থতরাং সেটা ব্লেন আপনারা করছেন তা আমরা ব্রতে পারছিনা। আপনারা স্পনসর্ভ কলেজগুলিকে যদি ইউনিভারসিটি এ্যাফিলিয়েশনের মধ্যে না নিয়ে আসেন তাহলে বাংলা দেশের শিক্ষার সমূহ ক্ষতি করবেন। কারণ আমি শুনেছি স্পানসর্ভ কলেজের অধ্যাপকদের উপর অনাচার, অবিচার, অভ্যাচরের কথা অনেকেই 19655

বলেছেন। পুলিশ রিপোর্টে ইয়ত একজনের চাকরী পোল, তিনি ডি, পি, আই, এর কাছে ধর্ণ দিয়েও কিছু করতে পারবেন না। আমি বিধাদ করি এই সিণ্ডিকেটে য'াবা থাকবেন সরকারী প্রতিনিধি তারা যে সদময় চোরাকারবারী নীতি প্রয়োগ করবেন ভা নয় তবে এটা ঠিন যে তালের ইনটেলেকচুয়াল ডেমোক্র্যাটিক মাইও সরকারের লেটারস অব ল হারা আছেয় থাকবে এবং ফ্রি প্লে অব ডেমোক্র্যাটিক মাইও তারা পাবেননা, পুলিশ রিপোর্টে চাকরি গোলে তারা কিছু করতে পারবেন না এই ভয় তালের মধ্যে থাকবে। একল্ম ইউনিভাসিটি গ্রাণ্ট কমিশান থেকে সকলে বলেছেন যে পুলিশ রিপোর্টে প্রফেসারদের চাকরি যাওয়া উচিত নয়। কিছু ডা আজা যাছে । সেক্রল্য মিঃ স্পীকার, স্থার, আমি এই কথা, বলছি য়ে এটা সাত্যিকারে একটা আনডেমোক্র্যাটিক বিল, এই বিল শিক্ষা বিস্তারের ক্ষেত্রে প্রতিবদ্ধকতা স্বষ্টি করবে, এই বিল ইউনিভাসিটির কান্ধ বাছত করবে। সেক্র্য্য আমি এই বিলের প্রতিবাদ করিছি।

[At this stage the House was adjourned for 20 minutes]

#### [After adjournment]

[3-45- -3-55 p.m.]

#### Shri Nikhil Das:

মাননীয় অধাক্ষ মহাশয়, আমি আপনার মাধানে একটি বিষয়ে সরকারের দৃষ্টি আকর্ষণ করতে চাই শেন। হচ্ছে পি, টি, আই, এর যারা কর্মচারী তারা একদিনের জন্ম টোকেন ট্রাইক করেছে এবং তারা ওগানে বসে আছে পুরো একদিন এবং আমাদের বাংলাদেশেব সংবাদপত্রের যারা মালিক তারা প্রত্যেকে পি, টি, আই, যে সংগঠন তার অংশীদার। আমি অপনার মাধানে সংশ্লিষ্ট মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই যে পি, টি, আই, এর যারা কর্মচারী যারা তাদের লাবি-লাওয়া নিয়ে একদিনের টোকেন ট্রাইক করতে বাধ্য হয়েছে এ সম্পাকে তদন্ত করে তাঁদের লাবীর যাতে স্থবন্দোবত হয় সেটা যেন তিনি করেন।

#### Shri Nani Bhattacharjee:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আপনি অবশ্য তখন চেয়ারম্যান হিসাবে ছিলেন না, মাননায় সদস্য হিসাবে আপনার মুখ পেকেও একটা কথা স্তনেছিলাম এক কালকে প্রতাপবাবুর কাচ থেকেও একটা কথা স্তনলাম বিশেষ করে সরকারী নিয়ন্ত্রণ সম্বন্ধে—সরকারী নিয়ন্ত্রণের পক্ষে এই মাননীয় সমস্তানয়ের যে বক্রব্য সেট। হচেচ এই ধরণের যে এই সরকার শিক্ষার ব্যাপারে কোটি কোটি টাকা পরচ করছেন এবং ভা যুগন করছেন তথন কেন সরকারী নিয়ন্ত্রণ থাকবে না? সেই টাকাটা কিভাবে খরচ হচ্চে সেটা দেখার জন্ম এবং খুব সম্ভবত এটা বলতে চাওয়। হয়েছে যে টাকাটা যে ভাবে পরচ হবে সেটাও ঠিক করার জন্ম সরকারী নিয়ন্ত্রণ নিশ্চয়ই রাখতে হবে এবং ইংরাজ আমলে সরকারী নিয়ন্ত্রণের বিরুদ্ধে সকলের যে প্রতিবাদ সেই প্রতিবাদ এপন এই নতুন আমলে স্বাধীনতার षामरम रप शाकरण भारत ना हमरण भारत ना ठिक এইत्रकम धतरात्र कथा तमा हरत्ररह । (धामि खतीत আন্ততোষ মুখোপাধ্যায় মহাশয়ের একটা কথা দিয়ে আমার বক্তব্য রাথব এবং এখন অবশ্র অনেক শিক্ষাব্রতী শিক্ষা ব্যাপারে বিশেষজ্ঞ সেই কথার প্রতিধ্বনি করেছেন এই নতুন আমলে এবং করছেন, সেই ইংরাজ আমলে আন্ততোৰ মুখোপাধ্যায় মহাশয়কে জিজ্ঞাসা করা হয়েছিল যে বিশ্ববিভালয়ের ব্যাপারে শরকারী নিয়ন্ত্রণকে তিনি কিভাবে দেখেন। তিনি তথন একটা কথা বলেছিলেন ফ্রিডম ফার্স্ট ফ্রিডম অলয়েজ এই ফ্রিডম ফার্ন্ত এবং ক্রিডম অলয়েক গুধু যে তৎকালীন যুঁারা শিক্ষাব্রতী শিক্ষা সম্প্রসারণের উদ্দেশ্য निरत थरः भिकारक नकीरी भिकात हांछ श्यरक युक्त क्रतात क्रम्म हेश्यक मन्नकारतत विकृष्ट उत्र ইংরেঞ্জ সরকারের নীতির বিরুদ্ধে লড়ে এসেছিলেন তা নয়, সেই কথা আরুকে আমলাতান্মিক কর্তৃত্বের হাত থেকে শিক্ষাকে মুক্ত করবার জন্ম বিশেষ করে উচ্চ শিক্ষাকে আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণের হাত থেকে মুক্ত করার স্ম্য শিক্ষাব্রতী মহন্স, শিক্ষা বিশেষজ্ঞ মহন্য প্রত্যেকে এই কথা বন্যছেন যে ক্রিডম ফার্ট এবং ক্রিডম অনুয়েক্স। সে কথাট। আজকে সমানভাবে প্রযোজ্য। মাননীয় শিক্ষামন্ত্রী যে বিদাট এনেছেন তার বিভিন্ন বিষয় নিয়ে K-99

মাননীয় বিরোধী পক্ষের সদস্যরা তাদের মতামত দিয়েছেন। কাজেই আমি কেবল হু একটা কথা বলতে চাই। প্রথমে বলতে পারা বায় যে আমলাভান্ত্রিক নিয়ন্ত্রণ—এই বিলের মাধ্যমে উচ্চ শিক্ষার ক্ষেত্রে আরও বেশী করে প্রসারিত করার রেষ্টা করা হয়েছে। এবং তাতে এই শিক্ষা ব্যবস্থায় উচ্চ শিক্ষা কোন খাতে বইবে নেখানে শিক্ষাত্রতীদের যে স্বাধীনতা—শিক্ষা বিশেষজ্ঞদের যে স্বাধীনতা সেই স্বাধীনতাকে পর্ব কর। হয়েছে। এবং আমলাতন্ত্রের ইচ্ছা এবং অনিচ্ছা বা তাঁদের বিচার বিবেচনার উপর সেটা ছেডে সেওয়। হয়েছে। সেইএকম বিধি ব্যবস্থা এই নতুন প্রস্তাবিত বিলে করা হয়েছে। সেদিক থেকে এই বিলের আমলাতান্ত্রিক কর্ত্তত্ব যে পরিমাণ প্রাধান্ত দিতে চলেছেন সেই পরিমাণ নিশ্চয় এই বিলের আমর। বিরোধী। আমরা চাই আগের যে লক্ষ্য সেই লক্ষ্য—এমন কি ইংরাজ আমলের লক্ষ্য বলে যেটা স্বীকৃতি ছিল আজকেও এই বিক্ষাভিচ্ছ মহলে দেটাকে লক্ষ্য করে যে চলছেন সেই শিক্ষাকে আমলাতন্ত্রের নিয়ন্ত্রণ থেকে মুক্ত করতে ছবে। শিক্ষার স্বার্থে উচ্চ শিক্ষার স্বার্থে তার প্রানারের স্বার্থে সেই লক্ষ্যকে সামনে রেথে আমরা এই বিলের. বিশেষ করে আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণের যে সমস্ত ধারা উপধারা আছে তার ঘোরতর বিরোধীতা করছি 🗋 মাননীয় চেয়ারমাান মহাশয়, এই বিলটি যেভাবে এসেছে বিশেষ স্পানসর্ভ কলেজগুলি ক্ষেত্রে যে বিধি ব্যবস্থা রাখা হয়েছে তাতে তাদের প্রতি স্পনসর্ভ কলেজের যারা অধ্যাপক এবং কর্মচারী তাদের প্রতি দারুন অবিচার করা হয়েছে। এবং শুধু তাই নয় অধ্যাপক সমাজের মধ্যে—স্পনসর্ভ কলেজের অধ্যাপককে তাদের থেকে আলাদ। করে দেওয়া হয়েছে এবং অখ্যাপক সমাজের মধ্যে বিভেদ স্বায়ী করার চেষ্টা কর। হচ্ছে এই বিধি ব্যবস্থাগুলির মাধ্যমে। সেদিক থেকে বলতে গেলে এই যে বিলটি শিক্ষামন্ত্রী মহাশয় এনেছেন এবং স্পানসর্ভ কলেজ সম্বন্ধে যে সমস্ত বিধি বিধান রাখা হয়েছে এগুলি যদি না বদলানো যায় তাহলে সহত্র-সহস্রাধিক অধ্যাপকরা ক্ষতিগ্রন্থ হবে—স্পনসর্ড কলেজের যারা কর্মচারী তারা ক্ষতিগ্রন্থ হবে এবং অধ্যাপকদের স্বাধীনতা স্পনসর্ড কলেজের আজও আছে—সেগুলি ধীরে বীরে লুপ্ত হতে থাকবে এবং সেদিক থেকে এই বিলকে বলতে পারা যায় যে অধ্যাপক বিরোধী বিল । স্পন্সর্ভ কলেজের অধ্যাপকদের উপর অবিচার করা হচ্ছে সেদিক থেকে যেমন, তেমন অধ্যাপক সমাজের মধ্যে বিভেদ স্টির চেটা হচ্ছে এই বিলের মাধ্যমে। মেদিক থেকে এই বিলটি হচ্ছে অধ্যাপক বিরোধী বিল। স্থতরাং এই বিলের মধ্যে আমরা চটো জিনিস দেগতে পাচ্ছি যে একদিকে যেমন উচ্চ শিক্ষার সংকোচ—উচ্চ শিক্ষার ক্ষেত্রে আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণকে <del>ও প্রতিষ্ঠিত করবার উভোগ চলতে সেলিক থেকে যেমন শিক্ষার প্রসার বিরোধী বিল এটা, ঠিক তেমনি</del> অধ্যাপনায় রক্ত যার। আছেন—সেই অদ্যাপক্তুন্দ তাদের স্বার্থ বিরোধী বিল ।

### [3-55--1-5 p.m.]

মি: চেয়ারম্যান স্থার, এই বিলের বিভিন্ন দিকের আলোচনা হয়ে গেছে, আমি তার পুনরাবৃত্তি করবো না। কি**ন্তু** দেখছি যেখানে সিনেট সার্বভৌম ছিল বিশ্ববিভালয়ের ক্ষেত্রে সেগানে তার ক্ষ্মতা আরও প্রসারিত কর। দরকার ত্রবং যারা গণতন্ত্রের কথা বলেন সেই গণতন্ত্রকে কার্যকরা রূপ দেবার ক্ষেত্রে তাঁদের উচিত ছিল যে সিনেটের কর্ত্তত্ত্বকে আরও প্রদারিত করা, তাদের ক্ষমতা আরও বাড়ানো, সেটা যদি বান্ধি হয়ে থাকে—সেটার খানিকটা ছোট করেও সেই ক্ষমতা বাডানো যায় কিন্তু আমরা তা দেথলাম না। আমরা দেথলাম সেনেটের ক্ষমতা যেমন কাটা হচ্ছে, সংগে সংগে সিনভিকেটকে সর্বময় কর্তৃত্বে প্রতিষ্ঠিত করবার চেষ্টা করা হচ্ছে এই বিলের মাধ্যমে এবং সিনেটকৈ যেভাবে গঠিত করা হয়েছে সেই গঠনের ভিতর দিয়ে আমলা-ভান্ত্রিক যে নিয়ন্ত্রণ সেই নিয়ন্ত্রণ একটা বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে উচ্চ শিক্ষা পরিচালনার ক্ষেত্রে আমলাভান্ত্রিক কনট্রোল নিয়ে আরও মজবুত এবং প্রতিষ্ঠিত করার চেষ্টা করা হয়েছে। সেদিক থেকে এই বিলের নিক্ষয়ই পরিবর্তন হওয়া উচিত এবং বিলটি নিশ্চয় যেভাবে আছে তার আমরা বিরোধী। মি: চেয়ারম্যান স্থার, আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ কোন জায়গায় ইউনিভারসিটির পরিচালনা ব্যবস্থাকে নিয়ে যায় তা আমরা ইতিমধ্যে কিছু কিছু লক্ষা করেছি। কল্যানী বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে, বর্ধমান বিশ্ববিদ্যালয় পদ্মিচালনার ক্ষেত্রে এবং উত্তর বঙ্গ বিখবিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে। মাননীয় সদস্য শস্তুবাবু সে সম্বন্ধে বিস্তৃত অভিযোগের যে লিপি মানবীয় শিক্ষা মন্ত্রীর কাছে দিয়েছেন তার ভিতর থেকে কিছু কিছু বুঝতে পারবেন যে कि श्वारंगत বিশৃত্বালা সেই সমস্ত বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে চলছে। আমার কিছু কিছু স্থানীয় অভিয়াতা আছে উত্তর বন্ধ বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্ষেত্রে যে ফ্রটি এবং সেথানে যে ক্লিক ওয়ার্ক করছে

দে সম্বন্ধে। স্থতনাং দেই দ্লিক দেই ফ্রন্টি দেই সমন্তগুলি বাড়বে যদি আজকে কলিকাতা বিশ্ববিদ্যাদরের উপর আমলাতান্ত্রিক নিয়ন্ত্রণ কৈলে চলেপ বদে বেভাবে প্রস্তাব করা হয়েছে এই বিশের মধাে। দেদিকে তাকিয়ে যদি বিশ্ববিচ্চালয়কে বাংলাদেশের উচ্চ শিক্ষাকে সেই ক্লিকের হাত থেকে মৃক্ত করতে হয়—সেই ক্লমতাপ্রিয়তার হাত থেকে মৃক্ত করতে হয়—আমলাতত্রের ভিতর যে ফুর্নীতি আছে সেই থেকে যদি মৃক্ত করতে হয় এবং সংগে সংগে অব্যাপনায় যারা অভিক্র তাঁদের স্বাধীনতা যদি বিশ্ববিচ্চালয়ে রাখতে হয় তাহলে এই বিল তাদের বদলানাে উচিত, এ ছাড়া অন্য কোন গতি নেই। আঘি আর বেশী সময় নিতে চাই না—একটা জিনিস আমি লক্ষা কর হি এই বিশের ভিতর দিয়ে—একদিকে কলকাতা বিশ্ব বিচ্চালয়ের উপর অবিচ্যার প্রভাব—বিচাহীনতার প্রভাব—তাল দকে অবিদ্যার যে দােশনিক অর্থ যে অধিকারী নয় তার প্রভাবটা এই বিশের ভিতর দিয়ে বড় করে তোলা হয়েছে বিশ্ববিদ্যালয় পরিচালনার ক্লেছে। গেদিক থেকে আমি এই বিশের বিরোধিতা করছি।

#### Shri Anadi Das:

মাননীয় চেম্বারমান মহাশয়, গতকাল থেকে এই ইউনিভারসিটি বিলের উপর যে সমস্ত বিরোধী দলের আলোচনা হয়েছে সেগুলি সমর্থন করতে গিয়ে আমি আন্ধ একটু অন্ত স্থুরে কথা বলতে চাচ্চি। গতকাল প্রতাপবাব্ আত্মপ্রসাদ লাভ করবার চেষ্টা করেছেন এই বলে যে বটিশ আমলে ইউনিভারসিটিকে যে রকমভাবে কৃষ্ণিগত করবার চেষ্টা হয়েছিল এই বিলে অস্তত সেটা ততগানি প্রকট নয়। কিন্তু প্রতাপবাব্ ভূলে গেছেন যে বটিশ আমলের যে পটভূমি আর আজকের যে পটভূমি এই ভূটো আলাদা বলে এইরকম পার্থক্য মনে হচ্ছে—কিন্তু মনোভাব দৃষ্টভঙ্গি এই ভূটো তথনও বা ছিল এখনও তাই। বৃটিশ সরকার আমাদের উপর চেপে বসেছিল আমাদের পরাধীন করে—তাদের কোন নৈতিক জোর ছিল না—কেবল শাশ্বিক জোর ছিল—তাদের আর কোন পথ ছিল না।

কাজেই তাকে প্রতাক্ষভাবে কৃষ্ণিগত করবাব চেষ্টা করতে হবে, আর বর্তমানে যে সরকার বসে আছেন আমরা স্বাধীন হয়েতি একণা অনুস্বীকাণ্য যে ধনতান্ত্রিক বাবস্থার উপর এ রাষ্ট্র প্রতিষ্ঠিত হয়ে থাকার দরণ আমাদের দেশের মধ্যে তাদের সমর্থনকারী এমন কি বৃদ্ধিজীবী মহলেও কিছু কিছু লোক পাওয়া যায়। তাই প্রভাক্ষভাবে ুক্ষিগত করবার চেষ্টা না করে পরোক্ষভাবে করলেও চলে। এন্ট্রুন পর্ণাস্ত উদারতা এর गर्धा चार्क-- धत (तमी किছ (नरें। ताःनारम्य वर्ष निष्क प्रश्की यह ही व रहा छ छ अस्त्र উদারতার চেহারা ক্রমাণত ভেঙ্গে যাতে এবং আরো বেশী করে কুক্ষিগত করবার প্রচেষ্টা এনের মধ্যে দেগা যাচ্ছে—এ বিলই তার প্রমাণ। উদ্দেশটী উভয় ক্ষেত্রে একট। বৃটিশ স্বকার চেয়েছিলেন ইউনি-ভার্মিটীকে এরপভাবে ব্যবহার করা না চ.ল যাতে করে ইউনিভার্মিটী প্রতিষ্ঠানের মধ্যে থেকে স্বাধীনতার চতনা প্রসারিত হতে পারে। আর এ গভর্ণমেট চাক্তেন যে নীতিতে তাঁর। রাজ্য চালাচ্ছেন, যার ছাপ সর্বত্র বর্তমান যে নীতির বি দক্ষে কোন মনোভাব, কোন দর্শন যেন গজিয়ে। উঠতে না পারে। এর ঘলে তাদের ব্যর্থতা অমুকরণ করে একটা স্কুজনদাল পরিবত্তনিকারী বৃদ্ধি দর্শন গড়ে উঠতে পারে দেভাবে ইউনিভার্মিটি হোক এটা তাঁরা চান না। তাই তাঁরা একে কুন্দিগত করবার জন্ম এই প্রচেষ্টা আমরা দেখতে পাচ্ছি। এর পেছনে একটা পরিদার ফিলোছফি কাজ করছে। এই প্রচেষ্টা সমস্ত রাজ্যে ও কেন্দ্রেও বর্তমান— কোথাও তা অত্যন্ত প্রকট-অার কোথাও তাকে একটু মোলায়েম করে রাগবার চেগা হচ্ছে নাত্র। অবশ্য একথাবলাযায় জ্ঞান ও বস্তুর উপর তার প্রয়োগ এবং তা থেকে সম্পূর্ণজ্ঞান এই যে পরস্পর সম্পর্ক যার জ্ঞানা আছে এবং ইতিহাস একথা স্বীকার করে যে নৃতন চিন্তাকে আটকান যায় না। সে আদে, বর্তমান গর্ভে, ভবিষ্যতের আশায় দে চিস্তালাভ করে এবং প্রদারিত হয়--দে আদবেই, কিন্ত আমি যেখানে টাকা খরচ কর্ছি সে প্রতিষ্ঠানের মধ্য শিয়ে আসবে কেন ্যু যদি কোন ব্যক্তির মধ্যে সে চিন্তা আদে তাহলে তাকে উপেকা করা যায়। আর যদি কোন সংগঠনের মধ্য দিয়ে সে চিন্তা আসে তাকে বিরোধী বলে নিশ্চিহ্ন করবাব জন্ম তার উপর বলপ্রয়োগ করা যায়। কিন্তু আমাদের ইউনিভার্সিটির মধ্যে যদি একপ নৃতন চিন্তা আদে তাহলে মুদ্ধিল হয়। তাই ইউনিভার্নিটিকে কন্ট্রোল করবার আকুল আকান্ধা সর্বাত্ত হচ্চে। ক্লি-থটাকে দমন করবার জন্য দব জায়গাতেই চেষ্টা হচ্চে। ইতিহাস এ অভিজ্ঞতা আমাদের দিয়েছে তাই সমাজতথ্য অর্থনীতি, দর্শন, যা কিছু পর্ণালোচনা করি না কেন দেখা যায়

সমাজের অর্থ নৈতিক প্রচেষ্টার উপর একটা স্থপার ট্রাকচার গড়ে উঠেছে। শিক্ষা, শিল্প ইত্যাদি বা কিছু—এসব স্থপার ট্রাকচার যতদিন হয় তত সে স্থপার ট্রাকচার মানে সে অর্থনীতির সঙ্গে তার কোন সম্পর্ক নেই। ইউনিভার্সিটি আজকে একটা স্থপার ট্রাকচার হিসাব গড়ে উঠেছে এবং এই স্থপার ট্রাকচার মনে হচ্ছে দেশের বর্তমান অর্থনীতির সঙ্গে তার কোন সংযোগ নেই। কিছু আসলে অর্থনীতির সঙ্গে তার প্রকট সংযোগ।

### [4-5-4-15 p.m.]

যে আর্থনীতিতে এ সরকার চলচ্চেন তার ফল হচ্ছে এই ইউনিভার্সিটি বিল। কিন্তু মৃদ্ধিল হচ্ছে—বিল করে কিছু আটকান যায় না। বৃদ্ধিজীবি সম্প্রদায় তারা এ প্রচেষ্টাকে মানে মানে অম্বীকার করতে চান। কিছু বিশ্ববিষ্ঠালয়ের ফ্রী-থনি-স্বাধীন চিন্তা এ প্রদারের ক্ষেত্রে বলা হয় বটে কিছু তা আংশিক সতা মাত্র, যারা ভবিদ্যাৎ দুম্ভা তাঁরা বিশ্ববিদ্যালয়কে এভাবে দেখতে চান, কিন্তু যাদের দৃষ্টি বর্তমান সীমানার মধ্যে গণ্ডীবদ্ধ তাঁর। চান এখানে ফ্রী-থট যে কোন উপায়ে প্রসারিত হতে না পারে। তাই কলেন্তকে কনট্রোল করতে হবে, সিনেটকৈ পরিবর্তান করতে হবে, সিণ্ডিকেটকৈ গেভাবে তৈরী করতে থাকা চাই ইত্যাদি সেভাবে প্রভাব নানাভাবে চেষ্টা এ বিলের মধ্যে আছে। এজন্য এ বিলের তীব্র বিরোধীতা আমি করি, সরকারের যোগাতার ছাপ আমরা সব জায়গায় দেগেছি। আপনারা তৃজন প্রো-ভাইস-চ্যান্সেলার করলেন এবং চ্যান্সেলার-এর ক্ষমতা আরও বাড়িয়ে দিলেন সিনেট এবং সিগুকেটের ক্ষমতা কেড়ে নিয়ে। এভাবে আপনারা নানান রকম ব্যবস্থা করে সরকারের কুক্ষিগত করলেন, এ বিল শিক্ষা প্রসারের সহায়ক হবে বলে আমরা মনে করি না। কারণ আমরা দেগেছি যে খাছানীতি, রুষিনীতি ও শিল্পনীতি ইত্যাদি যেভাবে চলেছে তার ফল আমরা পেয়েছি। মামুষ আজ আধ বেলা থেয়ে আছে এবং শিক্ষার জায়গা আজ যেভাবে চলেছে এর ফলে অনেক উল্ট-পাল্ট হয়ে যাবে। গ্রুকাল প্রতাপবার বলেছেন যে শিক্ষাকে রাজনীতি থেকে পুথক করলে চলবে ন।। তিনি বর্তমান সরকারের মনোভাবের কথা বলে বসেছেন। প্রায় বলা হয়ে থাকে যে শিক্ষাকে রাজনীতি থেকে দরে রাথতে হবে কিন্তু আভকে এটা প্রকাশ পেরেছে যে এটাকে আলাদা করে দেখলে চলবে না। অথচ আমাদের সরকার যে ভাবে চলেছে তাতে এর উন্নতি হওয়া সম্ভব নয়। আজকে যদি ইউভার্সিটিগুলির উন্নতি হয় সমাজের শ্রেণী বৈধম্যের উপর প্রতিষ্ঠিত। প্রমাণ গণতন্ত্র আছে বলে আমাদের বলা হয়ে থাকে। ব্যক্তিগত সম্পদ, প্রথা, সম্মান বজায় আছে ২.০০ ব্যক্তিগত সম্পদ-প্রথার সাথে ধনীকর সম্পত্তি প্রথা মানে শোষণের উপর প্রতিষ্ঠিত যে সমাজ সেই সমাজ এবং সেই দর্শনের উপর ভিত্তি করেই আমাদের কনষ্টিটিউশন গড়ে উঠেছে। যেই দশনের বিরোধী দর্শন ইউনিভার্সিটিগুলিতে গিয়ে প্রাবান্ত লাভ করতে পারে। কিছু কিছু বলা হয় যে সমস্ত ফিলোজ্ঞদির বই আছে যে সমস্ত ইকন্মিক্সের বই আছে তাতে সামাগ্র যেটকু না দিলে নয়, সেটকু ना मिल्न आमता ठेऊ जोनिए—विश्वविद्याना स्व वित्यत गमर निकात नमस्य हत्क ना এ कर ह (शत्क मुक्क হওয়া যাবে না, সামান্ত কিছু দেওয়া প্রাধান্ত দেখানে নেই, প্রাধান্ত যাতে পায় সেই এই এ ব্যবস্থা করা হয়েছে, তাই বলছি এ বিল অতান্ত জ্বণ্য এবং নস্কারজনক, এই বিলকে কোন দুদ্দ নজনক ব্যক্তি সমর্থন ব্রুবতে পারে না।

#### [4-15-4-25 p.m.]

ভাই বলছি—সরকার যে বিল এনেছেন তা অতাস্ত জ্বণা এবং নকারজনক এবং এই বিলটা কোন চিন্তালীল ব্যক্তি সমর্থন করতে পারবেন না। যে কাজ তাঁরা একা একা করতে পারছেন না, আজ সে কাজ করবার জন্ম কোওঁ ফাউণ্ডেশানকে ডেকে এনেছেন। ফোর্ড ফাউণ্ডেশান কী করে সেকথা আর কারো জানতে বাকী নাই। যাধীকতাকে রক্ষা করবার নাম করে, গণভন্তকে রক্ষা করবার নাম করে, আমেরিকা ভিয়েৎনামে কি কাও করছেন তা আমরা জানি এবং সেই কাজে ফোউণ্ডেশান হচ্ছে সহায়। আর আমাদের দেশে ফোর্ড ফাউণ্ডেশানকে ডেকে আনা হচ্ছে এই কারণে যে কি করে আমাদের দেশে শিক্ষার উপর তাকের প্রভাব বিভাব করা বায়। তাই বলছিলাম এই সমন্ত কথা বিবেচনা করে চিন্তালীল ব্যক্তি

বারা, তাঁরা জ্ঞাতে বা অজ্ঞাতে সকলে বলেছেন ইউনিভার্সিটিটা—তার স্বায়ত্বশাসন থাকবে, সে যেন সরকারের কুক্ষিগত কোন প্রকারে না হয়; তার যেন ফ্রী পট থাকে—এটা চালাবার, এটা বিকাশের পুরা ক্রযোগ থাকে। সে কথা বারবার বহু দেশের বহু চিন্তাশীল মনীধীরা বলেছেন, আমাদের দেশেও বলেছেন, অক্সান্ত দেশেও বলেছেন। কিন্তু বাংলা দেশের চিন্তা জগং এত দ্রুত পরিবর্তনশীল এবং সেটা এর পায়ের তলা থেকে এখনই মাটি ছেড়ে দিচ্ছে যে এরা পায়ে ঠাই পাচ্ছে না। কাজেই ভাভাভাডি বিশ্ববিদ্যালয়কে কুক্ষিগত করতে হবে। ভ<sup>্টে</sup> কেন্দ্রীয় সরকার যে মডেল ইউনিভার্সিটি এয়াক্ট-এর জন্ম কমিটি বসিয়েছেন, তাঁরা আজ বিভিন্ন রাজ্যের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যে সব অসামঞ্জন্য আছে. সেগুলি দর করে সমস্ত ইউনিভাগিটি যাতে একই নিয়মে চলে তার<sup>ু</sup> প্রচেগার জন্ম এই কমিটি তৈরী হয়েছে। সেই কমিটী কি কি স্থপারিশ করলেন, সেটা দেখবারও টান্সের তর সইছে না। তাড়' গ্রাড় একটা ইউনিভার্সিটি বিল তৈরী করতে হবে এই সরকারকে যাতে এ সব হস্কর আগেই এর। আর কিছু করে ফেলতে পারে। কুক্ষিগত করণার যে মতে লক্ষ্ণা, সেওলি আমাদের তরফ থকে ও কংগ্রেসের एखरान्त्र विভिन्न वरका *७*ने यव कथा ज्यानक निम्न शिक ज्याना हमा करता हम এवर एमरे ज्याना हमा छीन यिन **জ্ঞোরেলাইজ করা যায়, ভাহলে আমার কথার সভাতা প্রমাণিত হবে। সিণ্ডিকেট—আমাদের গভারকে** চ্যাব্দসেলার হিসেবে রাথা হচ্ছে। তবে তিনি যে একজন শিক্ষাবিদ হবেন তার কোন প্রমাণ তো নাই। সেই চ্যাম্পদেলারকে কিভাবে ক্ষমতা দেওয়া হচ্ছে ? সিণ্ডিকেট যে সমস্ত রুলস তৈরী করবেন, অভিনেন্স করে ডার অপারেশান স্থগিত করবার ক্ষমতা তাঁকে দেওয়া হয়েছে। ৫২ ধারা অফুদারে তিনি সমস্ত অপারেশনকে স্থগিত করবেন---চ্যান্সেলর, আর লেকচারার, রীডার, অধ্যাপক ইন্ড্যাদি নিয়োগ করবার জন্ম যে কমিটি হবে, ভাতেও তার একজন মনোনীত লোক পাঠাবার ব্যবস্থা করণেন এই চাান্সেলার, তা না থাকলে তিনি অ্যাপয়েন্টেড হতে পারবেন না। তার অর্থ এই দাভাচ্চে থারা সরকারী দৃষ্টিভঙ্গী স্তাটিসফাই করতে পারবেন না, যাদের সম্পকে কোন রক্ম বিরোধী ধারণা হবে, তার আর **লেকচারার,** অধ্যাপক বা রীডার ইত্যাদি হতে হবে না—তার শিক্ষাগত যোগতো যতই থাকুক না কেন। কি**ন্ত** সবকারকে যদি সম্ভষ্ট করতে না পারেন, তাহলে তাঁর যোগা হয়েও ঐ পদ পাওয়া সন্তব হবে না।

আর ইউনিভারসিটির রে ছিব্রার-এর নিয়োগ ও গাঁর এ্যাপ্রোভাল এর উপর দিন্তর করছে। এই হচ্ছে আইনের সারবজ্ঞা যে ই্যাটিউট, রেগুলেশনস্, অভিন্যাব্দ সবই তার উপর নির্ভর করছে। প্রথম আইনে দেখেছি—চ্যান্দেলর-এর এ্যাপ্রোভাল-এর উপর সব কিছু নির্ভর করতে। কলেজের প্রফেসর নিতে গোলে সরকারের দৃষ্টিজঙ্গী ও মনোভাগ আগে থেকে বুঝে নিতে হবে। অর্থাৎ সমস্ত দিক থেকে একটা জিনিষ ধরা যায়—তারা চাচ্ছেন শিক্ষানে কেমন করে কুন্ফিগত করে ফ্রি খট প্রসার করবার ও স্বষ্টি হবার, সেটা দেশবাপী হয়ে পড়বার কোন রাজা না থাকে। এইভাবে এটাকে তারা কুন্ফিগত করতে চাচ্ছেন। তাই বলছি—এই বিলকে সাকুলিসনে দেওয়া হোক, জনমত নেওয়া হোক—তার প্রস এয়াও কনস্ বিবেচনা করা হোক। শিক্ষা একটা গুরু ২পূর্ণ জিনিশ। দেশের মানসিকতার দর্শনের উপর এর ভিত্তি হতে হবে। এই যদি না হয়, তাহলে শিক্ষা বাহত হবে, সংকুচিত হবে; এর প্রসারলাভ হছেন।।

# Shri Syed Abul Mansur Habibullah:

মাননীয় সভাধাক্ষ মহোদয়, আপনার কাছে এই বিলের প্রচারের সন্ধ্যা ও মার বক্তব্য রাগতে গিয়ে প্রথম কথা যেটা আমার মনে হচ্ছে—সেটা হচ্ছে যে এই বিলের মধ্যে সন্তি করে এই বিল থেকে মাহার শিক্ষা কিছু পাবে বলে মনে হচ্ছে না। শিক্ষার প্রসার ও শিক্ষার জন্ম যে পরিস্কোর প্রান্তির কে পরিসেশ স্বষ্টি বা শিক্ষার রারজামের ব্যবস্থা—এদিক থেকে এই দৃষ্টিভঙ্গী এই বিলে তৈরী হয়েছে সেরকার মন হা না। এই বিল দেখলে মনে হয় যেকথা আমার পূর্ববতী বজারা সকলে বলেছেন যে আমাদের সরকারের দৃষ্টিভঙ্গী আজকে প্রধানতঃ যা দেখা যাছে সেই দৃষ্টিভঙ্গী কর্পোরেশনের কেরেও দেখা গেছে, যে দৃষ্টিভঙ্গী, আপনার এ পঞ্চারেং আইন করতে গিয়ে দেখা গেছে, বে দৃষ্টিভঙ্গী পরপর বহু জারগার, যা একদিন এই আইন সভার বিধান সভায় ভদানীন্তন স্বরাজ্যক কংগ্রেগণাটী—কারা যে স্বাধীনকার করা বলে এসেছেন স্বায়ন্ত শাসনের ক্রে হোক বা অন্তান্ত ক্লেব্র হোক—প্রস্কোক জারগায় তার যে নিয়ন্ত্রণ ব্যবস্থা সরকার করে আসাছেন, ভারই একটা প্রতিভ্রম্বি এই ইউনিভার্নিটী বিলে সাম্প্রিকভাবে পরিশ্বিত্র হয়ে উঠেছে। কোন ক্লেত্রেই

নর-বেগানে শিক্ষাবিদদের অধিকার দেওয়া হচ্ছে, যারা শিক্ষা পরিচালনা করবেন তাঁদের ক্ষমতা সম্প্রদারণ করা হচ্ছে কিংবা শিক্ষাকে মৃক্তি দেওয়া হচ্ছে। এইরকম দৃষ্টিভঙ্গী যদি এই বিল থেকে কেউ পেয়ে থাকেন, তাহলে বলতে হবে তিনি অত্যন্ত বেশী দেখতে পান। কিন্তু আমি তভটুকু দেখতে পাইনি। আজকে আমাদের দেশে শিক্ষার কথা বলতে গেলে রবীন্দ্রনাথ থেকে আরম্ভ করে যাঁরা শিক্ষার কথা ভেবেছেন— তাঁরা কি করে শিক্ষাকে ব্যরোক্রেদীর হাত থেকে, তথাকথিত নিয়মের নিপীড়ন থেকে মুক্তি দেওয়া যায় এটা তাঁরা চিস্তা করেছেন। শুধু আমাদের দেশে নয়, পৃথিবীর বিভিন্ন দেশে হাঁর। শিক্ষা সম্বন্ধে চিন্তা করেছেন, ভেবেছেন কি করে মাত্রধকে শিক্ষা দেওয়া যায়, কি করলে ছাত্রকে স্থানিকত করে ভোলা যায়, কি করলে আমাদের পাণামীকালের মানুষকে শিক্ষিত করে তোলা যায়, তাঁরোই একথা বিলেছেন। তাছাড়া আরো অনেক জিনিষ আছে, যদি নিয়মশৃঙ্খলা দিয়ে তা গেঁধে ফেলি, তাতে শিক্ষার মুক্তি হয় না, শিক্ষা যাকে দিতে যাচ্ছি, তার জ্ঞানেরও উল্লেখ হয় না, তার বৃদ্ধি, প্রবণতা কিছুই প্রকাশ পায় না। সেইসব কি করে প্রকাশ পায়, তার প্রচেষ্টা মাত্রুষ যুগে যুগে করে এসেছে। এই ইউনি ভার্মিটী বিলে দেখতে পাচ্ছি—দেদিক থেকে কোন চিন্তা করা হচ্ছে না। আমরা দেখছি এইভাবে ইউ নিভার্নিটী নিয়ে একটি বাবদায় চালান হবে এবং এটা চালানোর প্রয়োজন তাদের আছে। যাঁরা আমাদের শাসক গোটী আছেন, তাঁরা এর প্রয়োজনীয়তা **অতুভব করেন**—মোমাদের এত ইঞ্জিনিয়ার দরকার, আমাদের এত ডাক্তার দরকার, আমাদের এত ক্লার্ক দরকার। আগে ইংরেজ গভর্গমেট শুধু কেরানীর জন্ম চিন্তা করতেন, এখন আমাদের গভর্গমেণ্ট স্বভাবতঃই আরো একটু ব্যাপকভাবে চিন্তা করতে পারেন তাদের প্রয়োজন মেটাবার জন্ম এবং বর্জোয়া সমাজের প্রয়োজনের জক্তও বটে। ত'ভাড়া ধনতান্ত্রিক ব্যবস্থাকে চালু রাগবার জন্ত আমাদের নিয়মগত প্রসার দরকার, সংগ্যাগত প্রামার দরকার কিংবা নানারকম রূপে দরকার—যেমন ইঞ্জিনিয়ার দরকার, ভাক্তার দরকার দেদিক থেকে এই বিলের সম্ভাবনা সাধিত হবার সম্ভাবনা আছে।

অনেক লোক বাড়বে হয়ত, কিন্তু শিক্ষার মূল্ যে উদ্বেশ্য যা আজকে বিশেষ করে যথন ভারতে শিক্ষা সমস্যার প্রধান সমস্যা হচ্ছে এইপানে যে সমগ্র ভাবে জাতির আজকে টেকনিকাল প্রয়োজন থুব বেশী। আমরা টেকনিকাল মেথড, শিক্ষার কি কারণে কাষাক্ষম করা যায় এব জন্ত বাপ-মা গবাই চিন্তা করছেন। অর্থাৎ ছেলে পাশ করলে সে ভাবছে তাকে হয় ইঞ্জিনিয়ার করতে হবে না হয় ডাক্তার করতে হবে নয় তাকে ইলেকট্রিসায়ান করতে হবে। কি করলে সে উৎপাদনশীল হতে পারে। কেউ মনে করছে এই ধরণের লোকের আমার প্রয়োজন আছে। অথচ পৃথিবীজোড়া প্রত্যেক যাহুয় যারা শিক্ষা বিষয়ে চিন্তা করছে—এই টেকনিকাল বায়াস অফ এডুকেশন যথনই আমরা করতে যাই তথন আরেকটা জিনিষ দেখা যায় যে শিক্ষার যে উল্লেষ মাহুযের স্বাধীনতা—মাহুযের চিন্তার বিকাশ বাাহত হতে থাকে সেইজন্ত বারবার চিন্তা করে কি হিউনাানিটিজ পড়ান যায়, কি করে ইতিহান পড়ান যায়, কি করে সাহিত্য পড়ান যায়। আমি আপনার সামনে একটা জিনিষ রাথব, আজকে আমাদের দেশে হচ্ছে এপ্রায়েড ইংলিশ পড়ান হক্তে,

Twinkle Twinkle little star how I wond r what you are.

এ পড়ানর প্রয়োজন হয়েছে। এক<sup>্</sup>। ছো<sup>ন্</sup> শিশু ইংরাজী শিপতে হলে তার কাছে Twinkle Twink'e little star.....

এর এত বড় মোহ আছে যে সেই আকাশের প্রতি তার যে দৃষ্টি তাকে উন্মেষ করে দেয়। কিন্তু আজকে আমাদের দেশে কি হচ্ছে না টেকনিকালে বায়াসে এসে গেছে - কেমন করে ডাড়াড ড়ি সে এপ্লায়েড ইংলিশ শিপতে পারে তাব জন্ম বাবায় হচ্ছে। তার ইংরাজী সাহিত্য পড়াবার দরকার নাই, তার মানবিক উন্মেবের দরকার নাই, তার বিকাশের দরকার নাই, তার চিন্তার বাগকতার দরকার নাই। আজকে আমাদের শিক্ষার সমস্যা এইপানেই। মূল সমস্যা আজকে আমাদের দেশে যে আমার টেকনিকালে এড়ুকেশন দরকার আছে, আমার ইঞ্জনিয়ার দরকার আছে, আমার ডাক্তারের দরকার আছে কিন্তু সঙ্গে আজকে ভারতের শিক্ষার প্রধান আছা হচ্ছে এইপানে যে ভারতের শিক্ষা—নতুন শিক্ষা যে পেতে যাছে যে পিতা। তার সন্তানকে শিক্ষা দিতে চাছে কে অইপানে যে ভারতের শিক্ষা—নতুন শিক্ষা হেলে তারা একমাত্র শিক্ষা পাছে যে কি করলে এই জিনিব থেকে এই জিনিব উৎপাদন করা যায়। তার মানবিক বিকাশ বাাহত হচ্ছে, তার চিন্তার বিকাশ বাা ত হচ্ছে, তার সাহিত্যিক উর্য়েষ বাাহত হচ্ছে। এই হচ্ছে স্ভিয়কার সম্পা। এই দিক থেকে এই বিল চিন্তা কর্ছে কি করে বিশ্বনিদ্যালয়টা কনটোল করা যায়, কি করে

বিশ্ববিদ্যালয়টাকে নিয়ন্ত্ৰণ করা যায়। কি করলে চ্যান্দেশ্য-এর হাতে বেশী ক্ষমতা দেওয়া যায়, তাইস-চ্যান্দেশর-এর হাতে বেশী ক্ষমতা দেওয়া যায়, তার পরে সিভিকেট-এর হাতে বেশী ক্ষমতা দিয়ে সিনেটকে-একটা কার্সপুতলী তৈরী করে এই শিকা বাবস্থাকে আবও করতলগতে করা যায়। রাইটার্সা বিল্তিংস এর একটা ডিপার্টমেন্ট-এ পরিগত করা যায় তাই এই বিল চিন্তা বরাহা। আমাদের ইনটেলেকচ্মাল শিকা মন্ত্রী বাকে আমরা দেখেছি যাকে আমরা এখানে দেখেছি আজকে দেখা গেলা তনিও তাব এ খাদা মন্ত্রীর মত, মৃখ্য মন্ত্রীর মত সেই পদাক্ষ অক্ষসরণ করে সেইর চমই একটা বিলই উপাছিত করতে পেরেছেন।) আজকে মাননীয় অধ্যক্ষ মহাশয়—এই বিলে আপনি দেখেছেন আথিক বাবস্থা—বিশ্বিদ্যালয়ের একটা মূল সমদ্যা হচ্ছে তার আর্থিক সমস্যা তার কোন কিছু হচ্ছে না। কিন্তু আজকে তার উপরে আথিক সমস্যা আরও বাড়াবার চেষ্টা য়েছে। প্রো-ভাইস চ্যান্দোলর প্রের পোই তৈরী করা হচ্ছে যাকে ২ হাজার টাকা করে মাহিনা দেওয়া হবে। একাডেমিক কাজ ভাইস-চ্যান্দোলর দেখবেন আর ফিনান্সা দেখবেন প্রো-ভাইস-চ্যান্দোলর। এই প্রো-চাইস-চ্যান্দেলর-এর কাছ অন্ত অফিসার নিয়োগ করে কেন করা যাবে নাত। এই বিল থেকে বোঝা যার নি।

### [-25-4-35 p.m.]

াননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে ইউনিভার্দিটির সিনেট যাই হোক গুটিশ আমলে কালকাট। ইউনিভার্দিটির দনেট চিরদিন একটা গৌরব অজন করে এসেছে। আজকে সেই ইউনিভার্সিটির সিনেটকে ধুয়ে ছে সাফ করে দেওয়া হচ্ছে, ২ শো লে:কের যে সিনেট সেই সিনেটের কিছু বলবার অধিকার থাকবে ।। সেখানে সিন্ভিকেটকে সমস্ত ক্ষমতা দেওয়া হয়েছে। কাতঃ যা দেওয়া হয়েছে সেটা হচ্ছে কটা রেকমেনভারী ক্ষমতা, কিন্তু কোন রকম আইন-কাছন রুল্য পরিবর্তন করতে হলে সেগানে এমন ্যজ্ঞরিটি রাগবার বাবস্থা করা হয়েছে যে মেজরিটি কোনদিন উপস্থিত হবে না এবং যার জন্ম সেই জিনিস্ট। কোন্দিন পরিবর্তন করা সম্ভব হবে না। ব্রিথানে চান্দেলরের অহুমতিক্রমে ভাইস-চান্সেলর নিয়োজিত হবেন অর্থাৎ রাইণাস বিল্ভিংসের অংউলি হেলনে তিনি ভাইস-চান্সেলর নিধাচিত হবেন। তিনি যদি ইউনিভাণিটির বিছু ক্ষতি করে পাকেন তাহলে ইউনিভাণিটির কোন ক্ষমতা থাকরে না তাকে রিমভ করার। এই রকম বাবস্থার দারা আকাডেমিক ফ্রিডম বাডতে পারে না। আকাডেমিক ফ্রভমের প্রশ্নটা শুধু একজন শিক্ষাবিদের প্রশ্ন নয়, এয়াকাডেমিক ফ্রিডমের প্রশ্নটা এই নয় যে যার। চলেক্তে পড়াবেন তার। রাজনীতি করতে পারবেন কি পারবেন না— একগ। ঠিক যে আনাদের শিক্ষা প্রর এতদিন যেতাবে নিয়ন্ত্রণ করে এদেছেন গভামেট কলেজের ক্ষেত্রে এবং স্পন্সূত্র কলেগের ক্ষেত্রে াননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন আমাবও একচিন কলেজের চাকরী পিয়েছিল এই কারণে সকথা আমি বলছিনা—এ্যাকাডেমিক ফ্রিডমের প্রশ্নট। ওবু কতকওলি প্রক্রেসারের চাকরী হবে কি না বে সে প্রশ্ন নয়, এয়াকাডেমিক ফি ডুমের প্রশ্ন হচ্চে এগানে যে এয়াকাডেমিক ফি ডুম না পাকলে যে কান শিক্ষা সংগঠনে ক্লিক, দলাদলি এবং চক্র ভৈরী হতে বাধ্য, এছাড়া আর কিছু হবেনা 🗓 যেখানে াণতান্ত্রিক বিকাশের কোন ক্ষমতা থাকবে না, গণতান্ত্রিক বিকাশ যেগানে থর্ব হয়ে যাবে, যেথানে সিনেটের অধিকার থর্ব হয়ে যাবে সেথানে ঐ সিণ্ডিকেটের ভিতরে উপাচার্য, প্রোভাইস চ্যান্সেলার এবং সিণ্ডিকেটের মেম্বারদের মধ্যে একের সঙ্গে অন্সের দলাদলি বেখে যাবে এবং তা নিয়ে ইউনিভারসিটিতে একটা ভিসাস সার্কেল তৈরী হবে যা আলীগড়, ব্যানারাস এবং ইউ, পি-র ইউনিভারসিটিগুলিতে ঘটেছে। বাংলা দেশের সিনেট এতদিন তার থেকে মুক্ত ছিল কিন্তু আজকে সেটা এগানে ঘটার যথেষ্ট আশংকা আছে। এ্যাকাডেমিক ফি ডম মানে এ নয় যে সেই লোকগুলির কি অবস্থা হবে, প্রশ্ন হচ্ছে দেখানে মামুষের বিকাশের ক্ষমতা না থাকলে স্বাধীন চিন্তাশক্তি ব্যাহত হলে সেটা জাতির পক্ষে ক্ষতিকর হবে, তাতে জাতির মুদ্ধি আসতে পারেনা। আমাদের শিক্ষাবিদরা শেষপর্যন্ত দেখবেন কলেজে কভটা মাইনে পাওয়া যায় এবং দিভিকেটের ভিতরে পাওয়ার লাভিং-এর যে চেষ্টা দেখানে কভটা ক্ষমতা দখল করা যায়, তা না করলে ভালের ভবিশ্বত অন্ধকার দেইজ্জ্য তারা সব সময়েই দেখবে প্রো-ভাইস চ্যান্দেলারের স্থনজর যাতে তাদের উপর পড়ে, ভাইস চ্যান্সেলারের স্থনজর যাতে তাদের উপর পড়ে কেননা তারই উপর তাদের ভবিদ্রাত নির্ভর করবে। সেইজন্ম আমাদের অধ্যাপকরা, শিক্ষকরা রাইটার্স বিল্ডিং এবং প্রো-ভাইস চ্যা**লেলার** ইন্ড্যানির নদান্দির চক্রের ভিতরে ঢকতে বাধ্য হবেন। আছকে ক্যালকাটা ইউনিভার্সিটি বিশেব

প্রবাদেও দেই অবস্থা ঘটবে। এই সিণ্ডিকেটে কেন্টা দলাদলির চক্র তৈরী হবে এবং রবীন্দ্র লাল সিংহ ।
এথানেও দেই অবস্থা ঘটবে। এই সিণ্ডিকেটে কেন্টা দলাদলির চক্র তৈরী হবে এবং রবীন্দ্র লাল সিংহ ।
মহাশার শিক্ষামন্ত্রী হিসাবে সেই দলাদলির, ডিস্পিউস্ এর জন্ম একবার এর সঙ্গে যুক্তি করে আর একবার ওর সঙ্গে বৃক্তি করে কলকাঠি নাড়বেন এবং সেটাই হবে তার মন্ত বড় কাজ শিক্ষামন্ত্রী !
হিসাবে। শিক্ষামন্ত্রীর সেই বড় কাজের জন্ম আমরা তাঁকে অভিনন্দন দিতে পারবোন। কারণ তাতে দেশের সর্বনাশ হবে।

### Shri Haridas Chakravarty:

প্রান্ধেয় সভাপাল মহাশয়, কাল থেকে এই কলকাত। বিশ্ববিদ্যালয় সংশোধনী বিলের উপর বিভিন্ন বক্তা আলোচনা করছেন, আমি থব সাধারণভাবে কয়েকটি কথা আপনার মাধ্যমে রাথবোঁ, সেই সাধারণ কথার প্রথম কথা হল এই যে আমর। বেশ কিছুদিন ধরে সরকারের একটা বিশেষ মনোভাব এবং বিশেষ একটা মোঁক দেখন্তি যে তারা নর্বত্র নিজেদের শ্রেণী স্বার্থে অক্তান্ত সমন্ত স্বায়ত্ব শানিত সংস্থাঞ্জলিকে কি করে গ্রাস করবেন সেদিকে নজর দিয়েছেন। মাননীয় সভাপাল মহাশয়, উদাহারণ স্বরূপ বলা যায় কলকাত। কর্পোরেশনে যে ঐতিহ্যমণ্ডিত ইতিহাস সেই ইতিহাসকে সরকারী আইন দিয়ে কলংকিত করার একটা চেষ্টা তাঁরা কিছদিন আগে করেছেন এবং ভবিয়াতে আবার করবেন ঐ ক্যালকাট। মেটোপলিটন প্রানিং অর্গানি-জ্ঞেশন যে বিল আনছেন তার মাধামে। তারা পঞ্চায়েত আইন থেকে শুরু করে যেসমস্ত জায়গায় বিন্দমাত্র স্বায়ত্ব শাসিত অধিকার ভিল, গণতান্ত্রিক চেত্রনা এবং বিকাশের সম্ভাবনা ভিল, গেইসমন্ত জায়গায় সরকারী তিলাম দিয়ে সেই গণতান্ত্রিক চেতনা এবং সায়ত্ব শাসিত অধিকারের সম্ভাবনাকে তারা রোধ করবার চেষ্টা ক্ষরেছেন । মাননীয় সভাপাল মহাশ্যু, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশ্যু ব্যক্তিগত জীবনে যিনি ব্যবহার-कीती फिनि संভावरु: हे जाएँ पाएँ दिस नंजन यहें क्लकाला विश्वविनालय मध्याधनी विल जानालन । অধ্যক্ষ মহাশয়, কিছু বলার আগে শুন আপনার মাধ্যমে একটামাত্র কথা বলতে চাই যে বেশ কিছুদিন আগে, আমি আমার বাজিগত চিন্তাধারার দক থেকে হয়ত জানিনা রক্ষণশীল বলে কিনা, কলকাতা বিশ্ববিদ্যা-লয়ের বিরাট ঐতিহামণ্ডিত প্রাচীন যে সিনেট হলটি ছিল তাকে রক্ষা করার কোন বাক্তা না করে অন্ত জায়গায় বিবাট অটালিক৷ তৈরী করার সম্ভাবনা থাকা স্বত্তেও গ্রেই সিনেট হলকে ভেঙ্গে দেখানে যে বিবাট চোৰ ধাধান অটালিকা হল তার মধ্যে দিয়ে আমবা দেদিন এই ই-গিওই পেয়েছিলাম কলকাত। বিশ্ববিদ্যা-লয়ের যে বিরাট ঐতিহা, তার যে বিরাট ইতিহাস, কলকাতা বিগবিদ্যালয় পরিচালনা করার যে গণভাত্তিক ভিত্তি ঐ সিনেট হল ভেগে দেবার সংশ্বে সংশ্বে তার জায়গায় উথিত যে নতন চোখ ধাঁধান প্রাসাদ এই শ্রেণী স্বাপের ধারক এবং বাহক এই নরকারের এই রক্ত চক্ষর মত অনবরত সেই প্রাচীন ঐতিহ্য, ইতি-হাসকে গমক দিছে। কলকাতা বিপ্রবিদ্যালয়ের সংশোধনী বিলের মারকত দেখলাম সিনেট হলের সেই প্রাচীন ঐতিহাটাকে তেখে দিয়ে তবু তাকে সমূলে বিনও করা হয়নি, সিনেটের যে অধিকার ছিল সেই আৰ্-কারের উপক্র প্রচণ্ড আঘাত এই সংশোধনী বিলের মারফত আনা হয়েছে অর্থাৎ সিনেটের ঐ প্রাচীন ঐতিহ্য এবং ইতিহাসকে একেবারে মুছে দেবার চেষ্টা কবা হয়েছে। মাননীয় সভাপাল মহাশয়, যেটা আমি কাসকে বলচিলাম যে প্রায় প্রতিটি স্বায়ত্ব শাসিত সংস্থার ক্ষেত্রে সরকারের এই মনোভাবের যুক্তি হিসাবে তাঁরা এই কথাই বলেন যেটা আমরা শুনেছি, শুনতে অভ্যন্ত হয়েছি এবং বিধান সভায় যেকথা তাঁরা বলেন যে পরি-हानन वावखारक ऋष्ठे कतात क्रमः, विभुष्याना मृतीकतराव क्रमः रमशारन मतकाती इन्छस्कराव मतकात चाह्न । মাননীয় সভাপাল মহাশয়, আপনি কিছুক্ষণ আগে নিজেই বকুতা করেছিলেন এবং আপনি এই যুক্তি দিয়ে-ছিলেন যে ব্রিটিশ আমলে আমরা স্বায়ত্ব শাসনের কথা বলেছি, ব্রিটিশ সরকারের গ্রাস করার যে মনোভাব তার বিরুদ্ধে লড়াই করেছি, কিন্তু এখন আমাদের জাতীয় সরকার, স্বতরাং সেই মনোভাব বর্তমান মনো-ভাবের সমতলা হওয়া উচিত নয়। কালকে যথন আমাদের বিরোধী পক্ষের বন্ধরা একের পর এক যদ্ভি मिक्किलन उथन कराधाम भटकत्र विषय उद्योगिया महागाय वनलन एय ममस विद्यापी मलनत वस्करवात माथा 🖦 একটা কথাই তিনি পেয়েছেন, কুক্ষিগত এবং তাতে ওঁর ভীষণ আপত্তি। কুক্ষিগত শব্দতে যদি ওঁর আপত্তি থাকে, উনি যদি স্পর্শকাতর হন তাহলে ওর চেয়ে ভালো কথা বলা যায় সরকারের বে গ্রাস করার মনোভাব যেটাকে রাছর সঙ্গে তুলনা করা চলে সেই রাছর গ্রাস সমস্ত স্বায়ত্ব শাসিত ক্ষমতার উপর.

গণভান্ত্রিক অধিকারের উপর একটা প্রচণ্ড আঘাত এ'রা আনছেন। মাননীয় সভাপাল মহাশন্ত্র, আমি একটা দৃষ্টান্ত দিই, সরকার কলকাতা বিশ্ববিদ্যালয় সংশোধন বিলে যে ক্ষমতান যে গ্রাস করার মনোভাব দেখিয়েছেন তেমনি এর চেয়ে আরো নিরন্থশভাবে বাংলা দেশে অক্যান্ত যেসব বিশ্ববিদ্যালয় করেছেন ভার উপর এটা করেছেন। বর্ধমান বিশ্ববিদ্যালয় পরিচালকদের মধ্যে কারা রয়েছেন ? না. ঐ বার্গপুরের স্থার বীরেন মুখান্ত্রীর যে আয়রণ ষ্টাল কারপানা তার জেনারেল ম্যানেজার পরিচালক সমিতিতে রয়েছেন, হিন্দুস্থান ষ্টালের জেনারেল ম্যানেজার ঐ পরিচালক সমিতিতে রয়েছেন। সেজন্তু আমার মানে মানে তর হয়, আমি আভংকত হই তাহলে কি আমাদের বিশ্ববিদ্যালয় গুলি কারপানার সেই স্থরের পর্যবসিত হচ্ছে ? এটা চিন্তা করা স্বাভাবিক যে আমাদের দেশের শিক্ষা ব্যবস্থার যে সর্বোচ্য পরিচালন সংস্থা, বিশ্ববিদ্যালয় নংস্থা সেগানে দেশের শিক্ষাবিদ্যা, শিক্ষকরা, শিক্ষকদের প্রতিনিধিরা এবং অভিভাবকদের প্রতিনিধিরা সেই পরিচালন ব্যবস্থাকে পরিচালিত করবেন। আমরা বারবার গুনেছি মুগামন্ত্রীর ফাছ থেকে এবং মন্ত্রীয় কাছ থেকে, তারা এই কথা অভ্যন্ত গর্বের সঙ্গে এই বিধান সভায় ঘোষণা করে থাকেন বে দেশের মান্ত্র্য আমাদের চাইতে, দেশের মান্ত্র্যের ভোটে নির্বাচিত হয়ে আমরা এখানে সমন্ত সরকারী কাজকর্ম পরিচালনা করে থাকি।

# [4-35-4-45 p.m.]

দেশের মান্ত্রমের রহং অংশ এবং সেই রহং অংশের অতান্ত শিক্ষিত সম্প্রদায়, তারা এই বিশ্ববিদ্যালয় গুলিকে পরিচালনা করেন। তাদের নির্বাচিত অংশ ধারা এই বিথবিদ্যালয় পরিচালিত হয়। তাইলে সেই বৃহং জনসমষ্টির প্রতি, একটা সুহং অংশের প্রতি এই ধরণের বিদেষ পোষিত মনোভাব কেন, তাদের প্রতি এই অনাস্থার মনোভাব কেন ? কেন এই কথা বারবাব বলা হয় যে, কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সিনেট কিংবা কলিকাতা বিশ্ববিদ্যালয়েব সিণ্ডিকেট স্থ্যুভাবে পরিচালনা করতে পারছিলেন না ? কেন তারা এই যুক্তি আনেন? কলিকাতা করপোরেশনের যেসমন্ত পৌরপিতা আছেন, তারা কলিকাতা পৌরসভার পরিচালনা বাবস্থা স্বষ্টভাবে করতে পারছেন না, একপাই বা বারবার বলেন কেন । তার মানে হচ্ছে, একথা বলার অর্থ দাডাগ এই, ঐ সমস্ত জনসংগার প্রতি সরকারের আন্তার অভাব। \ যদি এটা পৌরসভার ক্ষেত্রে কিছুটা হয়, তবে শিক্ষার ক্ষেত্রে নিশ্চয় বেশি পরিমাণে হবে— এটা অত্যন্ত স্বাভাবিক কারণ। তার কারণ কি আমবা বৃদ্ধি। তার অর্থ এই সমস্ত শিক্ষা সম্প্রা হচ্ছে, স্বাধীন চিন্তা নিকাশের একমাত্র পথ। আমরা জানি কোনে: দেশের একটা প্রচলিত সমাজ্বাবস্থার বিরুদ্ধে, যদি কোন পরিবর্তনশীল মাত্র্য অগ্রসর হতে চায়, সে অগ্রসরতার সামনে আলোকবৃত্তিক। হল্ছে এপিয়ে আসেন শিক্ষক, অধ্যাপক সমাজ। স্থাতরাং পশ্চিমবাংলার শ্রেণী স্বার্থকে বজায় রাগতে হয়, নিজেদের শোষণ শাসনকে বজায় রাগতে হয়, তাহলে প্রয়োজন হয়ে পড়ে ঠিক একট কারণে ঐ সন্দ স্বায়ত্ব শাসত এবং গণতান্ত্রিক ভিত্তিতে পরিচালিত সংস্থাগুলিতে শরকারী হন্তক্ষেপের বা কুক্ষিগত করা কিংবা রাহুর গ্রাম। এটা অতান্ত স্বাভাবিক কারণেই প্রয়োজন হয়ে পড়ে। আমরা তারই নিদর্শন কলকাত। বিশ্বিদ্যালয় বিলে দেগতে পাচ্ছি।

মাননীয় সভাপাল মহাশয়, আপনার হয়ত শ্বরা আছে, এই সংশোধনা বিল যথন সিলেক্ট কমিটির সামনে দেওয়া হয়েছিল, দেই সময় এই বিলের উপর আলোচনা করেছিলাম এবং তাতে আমি ষেকথা বলেছিলাম, মাজকে সেইকথা না বলার কোন যুক্তি আমি দেগতে পাল্ছিন। আমরা জানি যে, কোর্ড ফাউনডেশন থকে যে টাকা দেওয়া হবে বলে প্রতিশ্রুতি দেওয়া আছে, সেই টাকার প্রতিটি চক্রের সংগে, সেই টাকার গার্রদিকে যে গ্রীল করা থাকে, সেই গ্রীলের সংগে স্বার্থ জড়িত আছে। দেশত কাউণ্ডেশন টাকা দেবেন।ভাবিকই। কিন্তু সেটা দেবার আগ্রে আপনারা তাদের স্বার্থ এবং আপনারা যে শ্রেণার স্বার্থ দেগছেন, নরত্বলভাবে সেই স্বার্থ বিশ্বার সাথতে পারবেন কিনা তারে জন্ম কাউনডেশন গ্রারাণ্টি চেয়েছে। যদি ই কথা বলি কলিকাতা বিশ্ববিদ্যালয় তবনে কয়েকটি রুজনার কক্রে আমেরিকান শাবকদের দ্বারা এই বিলাকটেড হয়েছিল; আমি জানি না মন্ত্রিমণ্ডলার কি জবাব দেবেন। মাননীয় সভাপাল মহাশয়, এই ইতিহাস মামরা জানি কয়েজজন মাকিনী যুবক অথবা তারা শিক্ষাবিদ কিনা জানি না, তারা এগোছিল, তারা কলিকাতা শ্ববিদ্যালয় তবনে দিনের পর দিন ওই ভাইস চ্যানেলরের সঙ্গে সেগানে বসে তারা আলোচনা করেছিল।

ভারা ভালের পমেণ্ট নোট করেছে, ভারপর ভালের স্থপারিশ অমুধারী এই বিল হয়েছে, এবং সেই বিলই · <del>আমানের শিক্ষামন্ত্রীর হাত নিয়ে</del> বিধানসভায় পাশ *হতে চলেছে এবং সেই বিল* মারকত আমানের নৃতন করে প্রাণদান করতে বাচ্ছেন। নৃতন চিস্তার, নৃতন সম্ভাবনার সমস্ত দরকা যেন বন্ধ করে দেওয়া হচ্ছে। আমরা জ্ঞানি আমাদের দেশ বৃদ্ধিমচন্দ্র, রবীন্দ্রনাথ, নজরুলের দেশ। রবীন্দ্রনাথ যে অচলায়তনের কথা বলেছিলেন, নুতন করে শ্রেণী স্বার্থে সেই অচলায়তন আবার স্বষ্ট করা হচ্ছে। আনরা সাধারণ মাতৃষ, সেইজন্য বলচ্চি, সাধারণ মামুদের বিবেচনার জন্ম, সাধারণ মামুদের মতামতের জন্ম আপ্রারা একটা প্রচার করুন। কারণ, সেই জানলা খুলে দিতে চাই সেই দর্জা খুলে দিতে চাই, সেই আলো চাই, সেই ন্তন বায় চাই, আম্বা ন্তন স্বাস্থ্য চাই, আনাদের দেশকে, আনাদের সমাজকে আমর। নৃতন করে গড়তে চাহ। ভার জন্ম ন্তন চিস্তা, নৃতন শিক্ষা আমাদের দরকার আছে। মাননীয় সভাপাল মহাশায়, আপনি নিশ্চয়ত লক্ষ করেছেন, বুটিশ সাম্রাজ্যবাদ পরিচালিত এই শিক্ষা ব্যবস্থার পরে, আমানের স্বাধীনতা পাবার পরে আজ প্রাস্ত ১৯৫১ সাক্ষে এবং আজ্ব—এই তুবার সংশোধনী বিল এল। মাননীয় সভাপাল মহাশয়, অত্যন্ত বিনয়ের সঙ্গে ।পনাকে জিজাসা করছি, আপনি কি জবাব দিতে পারবেন যে, েন আজ প । ছও মারুষকে জাতীয় শিক্ষা দেবার ব্যবস্থা প্রবর্তন করে নৃতন কমপ্রিহেনসিভ বিল আমাদের কাছে এল না। কেন আমাদের বিধানসভায় এ**ইরকম বিল এল না যে কি** করে আমাদের জাতীয় শিক্ষা বাবস্তার উন্নতি কর। যায়, কি বারে আমাদের ন্ধাতিকে গঠন করার পথে প্রয়োজনীয় শিক্ষা ব্যবস্থা আমরা আমাদের বিশ্ববিদ্যালয়ের অক্তর্ভুক্তি করতে পারি, ভাকে কেমন করে এগিয়ে নিয়ে যেতে পারি। তার জন্ম কেন কোন বিল এখনে এলে। না. কেন েই বিল আনার প্রয়োজনীয়তা এই সরকার বোধ করলেন না। মাননীয় সভাপাল মহাশ্যা, সভাত বিনয়ের সঙ্গে ভাপনাকে কি জিজ্ঞাসা করতে পারি যে, আজ পয়স্তও আমাদের দেশে উচ্চশিক্ষায় ক্ষেত্রে মাতৃভাষার সংধানে শিক্ষা দেওয়ার যে স্কযোগ, সে স্কযোগ আরও বলিষ্ঠভাবে প্রায়োগ করার জন্ম কেন কেন বিল আন্যাহল না, অথচ আমরা দেখলাম দুবার যে সংশোধনী বিল আনা হল, এই সংশোধনী বিলে মূল লক্ষ্য হক্তে, সরকারী **নিয়ন্ত্রণ কেমন করে বিশ্ববিদ্যালয়ের উপর চাপিয়ে দেও**য়া, কেমন করে বিশ্ববিদ্যালয়ের উপর হরবারী তক্ষা এটে দেওয়া যায় এবং রাইটার্শ বিল্ডিংয়ের প্রভাহ আরে:প করা যায়। সেটাই এদের উদ্দেশ অধ্যক্ষ মহাশয়। এট বিল ঘণন এটাট্টে পরিণত হবে, তখন আমর: দেখৰ ঐ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকরা, কলেভের অধ্যাপকরা অবশ্য তাদের ক্যান্ডারকে স্পন্সরত্ কলেভের আওত। থেকে বাইবে বাধা হয়েছে, ভাদের মধ্যে **যেটা অন্তপস্থিত ছিল, যেটা হচ্চে সরকারী ক**ৰ্মচারী, অংপনার কেরাণীদের, করেণানার শ্রানিকদের ব্যক্ত**চ**ক্ষু **দেখিয়ে, তাদের মধ্যে প্রিভিলেজ ক্লাস স্থ**ষ্টি করে, তাদের কিছু কিছু ৮য়। দেখিয়ে যেমন পারচের করতে পারেন, তেমনি বরে এই বিল পাশ করিয়ে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের কলেজের অধ্যাপকদের এবং শিক্ষকদের মধ্যে কেমন করে প্রিভিলেজ ল্লাস স্বষ্ট করে নিয়ে আসতে পারেন তার জন্ম ঐ রাইটাস্ বিভিন্নে যে কর্জন চেমি-গড় বসে থাকবেন, তাঁদের শিক্ষা সম্বন্ধে কি থান- ধারণা বা জ্ঞান আছে জানিনা কিছ ভোদের সরকারী তক্ষা এটে দিয়ে রাইটার্স বিভিংবে সেই রিভলভিং চেয়ারে বসে দূর থেকে শিক্ষা পরিচালনা করবেন এবং উপদেশ দেবেন এবং ঠাদের কাছে গিয়ে হাত কচলাতে হবে এবং বলকে হবে আমার ট্রান্সকার রদ কর, বলতে হবে আমার চাকরি পেয়ো ন:, আমার চাকরি বজায় রাথো, আমাকে পারুমা-নেন্ট করবার ব্যবস্থা, আমার চার্করে পাকা করবার ব্যবস্থা করে দাও। অর্থাৎ তাঁরা প্রতাক্ষভাবে শিক্ষক সমাস্থ অধ্যাপক সমাজ্ঞকে পরিচালিত করবেন মাননীয় শিক্ষামন্ত্রীর নির্দেশে। কোন কলেজ এ্যাফিলিয়েশন পাবে কি পাবে না, আপনি তাঁকে বলে দেবেন। আপনারই নির্দেশে শিক্ষক, অধ্যাপকদের চাকরির সর্ভ পরিচালিত হবে। তার সঙ্গে সঙ্গে আপনি কি করেছেন? যেখানে আমানের দেশে অর্থের অভাবে উচ্চশিক্ষা আক্তকে বি**পন্ন হতে চলে**ছে, যেখানে আমরা জানি একমাত্র ইসলামি হি**ট্র** এয়াণ্ড ক্যালচার এবং বাংলা—এই চুই বিষয়ে ছাড়া আমাদের পোষ্ট গ্রাজুয়েই শিক্ষা বাবস্থা অত্যন্ত সঙ্গীন। ইক্নমিক্স বলুন, মর্ডান হিঞ্জী বলুন, সায়েন্স সাবজেষ্ট্রদের কথা আমি বাদই দিছি— সেগুলোতে পোই গ্রাজুয়েট সিট পাবার কোন স্ভাবনা পাক না। সেদিকে দৃষ্টি না দিয়ে, আপনারা লক্ষাধিক টাকা বায়ে তৃষ্ণন প্রো-ভাইসচ্যান্দেলর নিয়োগ করবেন। কারাই হবেন আপনার তল্পি বাহক। তাঁদের মাধামে আপনি কথা বদবেন। তাঁদের মাধামেই আপনি আপনার শ্রেণী স্বার্থকে পরিচালিত করবেন। শিক্ষা বাবস্থাকে আপনি তাঁদেরই মাধ্যমে নিয়ন্ত্রণ করবেন। মেইজার অর্থের অভাব হওয়া সংস্থেও আপনি প্রাচুর অর্থ বায় করে তাঁদের রাখার ব্যবস্থা আপনি এই বিলে

করে রেখেছেন ! সেইজঙ্গ এই বিশ আমরা সমর্থন করতে পারি না। আমি মাননীয় শিক্ষামনীয় কাছে আবেদন করব—আমাদের দেশের শিক্ষাবিদদের মতামত আপনার কাছে এমেছিল, আপনারা সে মতামতের মূল্য দিন, জনসাধারণের মনের তাব কি এই বিল সম্পর্কে তা অন্তথাবনের চেষ্টা ককন, আপনার সারকুলেশানে পাঠান এবং তারপর তাদের মনোভাবের মূল্যায়নের ভিত্তিতে নৃতন করে এই শিক্ষাবিল আত্মন, যাতে করে শিক্ষাবাবন্থা স্তিতিকারের ক্ষার হতে পারে। যাতে করে শিক্ষাবাবন্থা স্তিতিকারের ক্ষারত শাসনের ভিত্তিতে পরিচালিত হতে পারে তার চেষ্টাক্ষন।

#### Shri Aswini Roy:

মাননীয় সভাপাল হহাশয়, গতকাল প্রতাপশার একটা কথা বলেছিলেন এবং তিনি মন্ধে বিশ্ববিদ্যালয়ের রেক্টারের একটা উদ্ধৃতি দিয়ে বলেছিলেন যে পলেটিক্যাল দেট-আপের সঙ্গে শিক্ষা বাবস্থা সম্পূর্ণজপে জড়িত। কথাটা সভা, এবং এই সভাকে যদি স্বীকার করে নেওয়া যায় তাহলে দেগতে হবে যে এই বিলেযে গালেক্তর কথা তিনি বলেছেন যে গালছে রাগা হায়ছে দেই পরিমাণে রেক্টার সাহেব যে পরিমাণে বলেছেন সেটা রাগা হয়েছে কিনা। এখন মন্ধে। ইউনিভার্নিটি—সেটা সোবিয়েট ইউনিয়নের একটা ইউনিভার্নিটি—সেটা সোবিয়েট ইউনিয়নের একটা ইউনিভার্নিটি—স্বোধানকার সোক্ষাল সেট-আপ কি—সেখানে সামগ্রিকভাবে শিক্ষা ব্যবস্থার দায়িজ সরকারের এবং সোধানে বিভিন্ন ধরণের কলেজ নেই—বিভিন্ন ধরণের কলেজের শিক্ষকদের বিভিন্ন ধরণের বেতন নেই। সেখানে একই ধরণের সেতন আছে, একই ধরণের শিক্ষা বাবস্থা আছে এবং শিক্ষকদের বা শিক্ষাব্রতীদের একই ধরণের মান আছে।

### [1 45-- 4-55 p.m.]

কাজেই উদ্ধৃতিতে পরিষ্ণার করে তিনি বলেছেন যে, এগানকার সোদাাল দেট-আপে আমর। দেটা **করছি**। কর্মটা স্ত্য, এজন্ম যে আমাদের দেশের সেথানে শ্রেণী নেই সেজনা সেথানে কোন স্তরভেদ নেই ৷ আমাদের দেশে ১৭ বংসারের মধ্যে একটা শ্রেণা বেছে উঠেছে সেটা হচ্ছে একচেটিয়া শ্রেণী। ভিনি একথা বলেছেন যে আমাদের দেশন। একচেটিয়া শ্রেণার প্রভাবাঘিত কাজেই অমাদের যা কিছু শিক্ষা বারস্তা আছে সে। দৃষ্টি ভঙ্গীটা আমরা করবে।। শেজনা সরকার কোনরকম ভাবে দায়িত নিচ্ছেন ন।। শেজনা এদিশিয়েটিত কলেজ বা প্রাইটেট কলেজে তানের বিশেষ কিছু দায়িত্ব থাকছে না। স্পানস্ত কলেজের ক্ষেত্রে তারা কিছু কিছু টাকা দেবেন, কিন্তু বাকি জিনিষ্টা কি ?। শাসন বা ডিসিপ্লিনের কেনে ঐ गারা শিক্ষক। রয়েছেন। তারা। গভগমেট কলেজে যেগমন্ত শিক্ষক উচ্চের মতন নিয়ম মেনে চলতে ছবে। আমাদের একটা চলতি কথা আছে যে ভাত দেবার কেউ নয় কিল মারবার গোঁষটে। এই বিল করে তার। দায়িত্ব নিতে চান না, এজ্ঞ বাংলাদেশের ৫ হাজার শিক্ষকদের সম্পূর্ণ বেতন দেওয়া, প্রাত্যেকটি কলেজকে উন্নত করবার জন্ম টাকা সাহায্য করা, বৈজ্ঞানিক গবেষণাগার করার দায়িত্ব কারা নেবেন ন।। তারা শুধু নিয়ম শৃত্যলার ক্ষেত্রে একই কথা বলছেন যে গভর্গমেট কলেজের ক্ষেত্র যেমন স্পন্যন্ত কলেজের শিক্ষকদেরও দেরূপ থাকতে হবে। কা**ভেই** াই যে মস্ক্রের পলিটিক্যাল সেট-আপের কথা। বলছেন। তাতে আজকে স্পানসর্ভ কলেজের যিনি শিক্ষক তাঁর নিৰ্বাচনে প্ৰাৰ্থী হবার ক্ষমতা নেই। কিন্তু দেখানে পলিটিকালে দেট-আপ এরপ আছে যে তার। যেকোন নিৰ্বাচনে দাঁড়াতে পাৱে। কাছেই কথাটা সভা কথা বলে গেছেন। কথাটা এল কোথা থেকে। **কয়েক** জন বলেছেন আমেরিকা বা মাকিনি কিছ কিছ একাপার্ট ভার। এ বিলটা তৈরী করেছেন। কিন্তু এই বিশ তৈরী হল কেন ? কেন কলেজগুলির ভেতরে, শিক্ষকদের ভেতরে এই রকম তারতমা হল। একটা বট অমি পড়েছিলাম তার নাম হচ্ছে

The Structure of the Working Class of the Modern day.

ত্রপন জিনিষ্টা এত ব্রিনি। তাতে বলতে বর্তমান যে আমেরিকায় মনোপলি বাবে মনোপলির মুগ্রিকাছে দেইযুগে লেবার এরিষ্ট্রোকাটি তৈরী করন। আপনি জানেন যে আমানের দেশেও এটা কিছু কিছু চালু হয়েছে। দেমি-স্কিন্ত যে পরিমানে থাকা উচিং তানা রেপে হয়ত দেখা বাবে ৫০০ জন্ হয়ত বেমি-স্কিন্ত আছে। আগে যা হিলু ভাতে সেমি-স্কিন্তের ক্ষিক্ত উঠিরে দিয়ে আনকিক্তা

ছাইলি স্কিন্দ্র তৈরী করেছেন। এইরকম লেবার এরিষ্টোকাটি মনোপলি আমেরিকা করতে আরম্ভ করেছে এবং শিক্ষা ব্যবস্থার ভেতরে লেবার এরিষ্ট্রোক্যাট ভালভাবে তৈরী করে দেবার জন্ম নানারকমভাবে এপিলিয়েটেড কলেজ, স্পনসর্ভ কলেজ, গভর্গমেন্ট কলেজ ইত্যাদি সব আনছেন। আমাদের বাংলাদেশে কোলকাতা বিশ্ববিদ্যালয়ের একটা ঐতিহ্য ছিল। এই বিশ্ববিদ্যালয় থেকে সি. ভি. রমন, রাধারুষ্ণন ইত্যাদি সব মনীধীরা তৈরী হয়েছেন। তাঁরা যথন তৈরী হয়েছিলেন তথনকার ইতিহাস সকলেই জানেন। তথনকার যিনি ভাইস চান্সেলার ছিলেন তিনি তাঁদের নিয়ে এপেছিলেন কোলকাতা বিশ্ববিদ্যালয়ের কাজ করার জ্জা এবং তাঁরা তারপর ডক্টরেট হয়ে গেছেন। এখন গোটা বিলের মধ্যে এইরকম ধরণের সিনেট বা দিণ্ডিকেটের ক্ষমভা থাকচে না—বিশেষ কোন ক্ষেত্রে তাঁরা নিয়োগ করতে পারেন। কিন্তু এই নিয়োগ পরোক্ষভাবে এনে যাচ্চে মিনিষ্টার অফ দি রাইটাস বিল্ডিংস বা তাঁদের যে প্যারাফানে লিয়া বা চাান্দেলার-এর কাছ থেকে। কাজেই আমাদের বে ঐতিহা ছিল সেই ঐতিহা রাখার জন্ম কোন প্রতিশন এই বিলের মধ্যে নেই। সিনেট বা সিণ্ডিকেটকে এইরকম ধরণের কোন ক্ষমতা দেওয়া হচ্ছে না। আমাদের বহু অধ্যাপক বা টিচার্শ আছেন যাঁরা হয়ত ক্রমে ক্রমে রেজিষ্টার হতে পারেন, হয়ত প্রো-ভাইস চ্যান্দেলার হতে পারেন। অর্থাং যদি নিয়ম্যক্ষতভাবে করা হয় তাহলে তা হতে পারে কিন্তু তাঁর কাণ্যকাল শেষ হয়ে গেলে তারা যে বিশেষ গুণে গুণান্থিত তার দাম দিয়ে তাঁদের সেই পদে রাখার কোন প্রভিশন এই বিলের মধ্যে নেই। সিনেট সিণ্ডিকেট বা এাাকাডেমিক কাউন্সিল এর মধ্যে শিক্ষকের যে প্রতিনিধিত্ব তার আমুপাতিক হার কম করে রাখা হয়েছে। কিন্তু এ দের প্রতিনিধিত্ব বাডান উচিং। সে ক্ষেত্রে কলেজ বা ইউনিভারসিটির মত যে সমস্ত শিক্ষক আছেন সেনেটে তালের আসন ১৫ জন হওয়া উচিৎ সিণ্ডিকেট-এ ১ন্ধন করে রাপা উচিৎ এরা এ্যাকাডেমিক কাউন্সিল্-এ ৫ জন রাখা উচিৎ। এগুলি না করার কারণ হচ্ছে বাকী যাঁরা মনোনীত হচ্ছেন চ্যান্সেলার কর্তক তামের সংখ্যাধিকা রেখে শিক্ষার সম্প্রসারণ বা উন্নয়নে বাঁধা দেওয়া যায় বা যাতে রাইটার্স বিল্ডিংস-এ কক্ষিণত করা যায় এইরকম ধরণের একটা প্রচেষ্টা করছেন। তারপর এই যে চ্যান্সেলর, প্রো-ভাইস চ্যান্সেলর পদগুলি নিয়োগ করছেন তারজনা **একলফ টাকা খরচ হ**বে। এই এক লক্ষ টাকা আসবে কোথা থেকে ? আমি অন্য কারুর কথা বলচি না। আমি একটা উদ্ধ তি এবিষয়ে দিচ্ছি। বিশ্ববিখ্যাত বৈজ্ঞানিক মাদাম কুরীর কন্যা একজন বিশেষ বৈজ্ঞানিক <mark>ভিনি যথন ভারতে এনেছিলেন তথন নেহে</mark>ক জীবিত ছিলেন। আমাদের জাতীয় গবেষণাগার যথন পোলা হয় তথন তিনি একটা উক্তি করে গেছেন—

"India is a poor country. She cannot afford to spend so much money over an institution like this. My mother who was one of the greatest scientists of the world and made world famous discoveries worked under a tinched with simple instruments."

তিনি এসম্পর্কে বলে গেছেন একটা গরীব দেশে শিক্ষার জন্ত সেগানে আসবাবপত্র সরল হওয়া উচিত। সেটা না করে এইরকম ধরণের অটালিকা হওয়া উচিৎ নয়। একেত্রে ১ লক্ষ টাকা প্রো-ভাইস চ্যান্দেলার-এর জন্ত ধরচ করা উচিৎ নয়। ভাইস চ্যান্দেলার যদি হোল টাইনার হন তাহলে প্রো-ভাইস চ্যান্দেলার এর প্রয়োজন নেই। অনেকে বলেন প্রো-ভাইস চ্যান্দেলার হলে শিক্ষাব্যবস্থায় উন্নতি হবে। কিন্তু দিল্লী ইউনিভারসিটির প্রো-ভাইস কাউন্সিলার আছেন, অথচ সেথানে কোলকাতা বিশ্ববিচ্ছালয়ে গড় শিক্ষার মান উন্নত হরন। কাজেই এই বিল প্রচারের জন্ত যাওয়া উচিৎ এবং মোশান ফর সারকুলেশন আমি বেটা দিয়েছিলাম সেটা আমি সমর্থন করছি।

# Shri Hemanta Kumar Basu:

ষ্ট্রার কোলকাতা বিশ্ববিদ্যালয় যে নৃতন বিল মন্ত্রীমহালয় এনেছেন দেই বিল সম্পর্কে বাঁরা সমালোচনা মরেছেন আমি আর তার পুনরারত্তি করছি না। আমাদের পরম শ্রদ্ধাম্পদ এবং বিশ্ববিদ্যালয়ের নব মাদশের যিনি প্রবর্ত্তক, যিনি স্বাধীন তারতের স্বাধীনতাকে সম্পূর্ণ করার জন্ত স্বপ্ন দেখেছিলেন বিশ্ববিদ্যালয়ের বিশ্ববিদ্যালয়ের [4-55-5 p.m.]

আমি শিক্ষামন্ত্রী মহাশায়কে এই কথা মনে করিয়ে দিতে চাই যে বিশ্বনিদালয়ের পূর্বে যেট্রকু স্বাধীনতা ছিল, তদানীন্তন বৃটিশ গভর্গমেন্ট ধপন সেট্টুকু হরণ করে নিতে চেয়ে ছিলেন তাদের মনোনীত তাইস-চাানসেলার নিয়োগ করবার সময়, সেই সময় স্থার আশুতোধ মুগার্জী তার বিশেষভাবে প্রতিবাদ করে ছিলেন, এবং তিনি সেই সময় যে বকুতা করেছিলেন, সেই বকুতার মধ্যে তাঁর সেই কথানি বিশেষভাবে আমি দ্বার্থ করি, সেটা ছচ্ছে—ক্রীডম ফার্ম্ট, ক্রীডম সেকেণ্ড এবং ফ্রীডম অলওয়েজ। আছু গেই বিশ্বিদ্যালয়কে আমাদের শিক্ষামন্ত্রী মহাশ্রম কোন জারগায় নেনে নিয়ে যাচ্ছেন, কিভাবে তাকে সরকারের কুক্ষিগত প্রতিষ্ঠানে পরিবত্ত করছেন, সেকথা একবার চিক্তা করে শেখুন। সেই আশুতোগের স্কৃতির প্র কি কোন রকম শ্রন্থা দেশাদ্দন না। এই কথা বলে আমার বক্তব্য শেষ কর্তি, যে ফ্রীডম ফার্ম্ট, ফ্রীডম সেকেও, ফ্রীডম অলওয়েজ।

### Report of the Business Advisory Committee

- Mr. Speaker: May I inform the honourable members about the report of the Business Advisory Committee? I beg to present the 30th report of the Business Advisory Committee. The Committee at its meeting held in my chamber this day considered the question of allocation of time for disposal of the following Government Bills and recommended as follows:—
  - (1) The West Bengal Land Reforms (Second Amendment) Bill, 1965. —introduction, consideration and passing 2 hours.
  - (2) The Bengal Finance (Sales Tax) (Amendment) Bill, 1965 introduction, consideration and passing -2 hours.

The Committee also recommended that the debate on food policy would take place on Monday, the 20th December and Tuesday, the 21st December, 1965. The Committee further recommended that there would be Government business and no private members' business on Friday, the 10th December, 1965, and Friday, the 17th December, 1965, would be allotted entirely for private members' business.

Shrl Jagannath Kolay: Sir, I beg to move that the 30th report of the Business Advisory Committee presented this day be agreed to by the House.

Mr. Speaker: I take it as adopted.

The Calcutta University Bill, 1964, as reported by the Joint Committee

#### Shri Rabindra Lal Sinha:

মাননীয় সভাপাল মহাশায়, গভকাল পেকে এই বিদেয়কের উপর যে বিতর্গ চলছে, তা আমি বিশেষ মনোযোগের সঙ্গে প্রবণ করেছি। আমি লেপতে পাচ্চি যে আমার কিছু মাননীয় বন্ধুলের মনে নানা সংশয় এবং কিছু সন্দেহ উপস্থিত হয়েছে। আমি যনে করি ভারপ্রাপ্ত মন্ত্রী হিসাবে, আমার কর্ত্বনা, ঘেষকল বিষয় তালের মনে সন্দেহ এবং সংশায় উপনীত হয়েছে সে সন্ধন্ধ সরকারী বক্তব্য র'বা, এবং তালের সেই সন্দেহ এবং সংশার নিরাকরণ করবার জ্জ্য চেষ্টা করা। কিছু তার সক্ষে আর একটা জিনিব স্মরণ করবার। কিছু তার সক্ষে আর একটা জিনিব স্মরণ করবার, কলকাতা বিশ্ববিদ্যালয় বিলে,—যে কলকাতা বিশ্ববিদ্যালয় বংগিব প্রিচালনা বাতে ভাগু, শিক্ষা প্রসার নয়, শিক্ষার মান উন্নয়ন কালে যাতে বিশ্ববিদ্যালয় ওপিরে ব্যুক্তে পারে,

স্টের্বক্ম একটা বিলের আলোচনা করবো, কেবলমাত্র আবেগের জন্ত যেন আমাদের মনকে অধিকার না করে। কেননা আমি দেখতে পাচ্ছি, ছংথের সঙ্গে, যদিও আমাকে অভিযুক্ত করা হয়েছে বে আমি রাজনীতি আমদানী করতে চাচ্ছি। তব্ও ছংগের সঙ্গে দেখতে পাচ্ছি, বিগত করেক দিন ধরে বাইরে কথা বলে অকারণ আবেগ স্প্রেক্টেক, রাজনৈতিক ধারায় আন্দোলন করার প্রচেটা হচ্ছে।

এই বিশ্ববিদ্যালয় বিলের আলোচনা প্রাসঙ্গে আমি বারবার বলবো একণা তংগজনক। রাজনীতিকে সম্পূর্ণ বাইরে রেণে আমাদের চলবার চেটা করা উচিত। 'ঘমি একথা বলতে চাই আছেকে যে আলোচনা ও যে সমালোচনা ওনহিং মূলত চারটী বিধয়ের উবর তারা বিশেষ জ্ঞার দিয়েছেন। এক হচ্ছে নূতন বিলের দারা নাকি বিশ্ববিদ্যালয়কে সরকার কতুক কুক্ষিণ্ত করা হচ্ছে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে অটোনোমি, যে থাতেয়া ছিল, তাকে ধ্বংস করা হচ্ছে।

দ্বিতীয় হচ্ছে—স্পন্সর্ভ কলেজ সম্বন্ধে তালের আপতি। স্পন্সর্ভ কলেজ সম্বন্ধে যে বিধিবাবস্থা এই বিলের অস্তত্ত্বিক করা হয়েছে, সে সম্বন্ধে তালের আপতি।

তৃতীয় হচ্ছে—পাওয়ার অব্ দি সিনেট—সিনেটের ক্ষমতা কমে য'ছে — এই হছে উপের তৃতীয় অভিযোগ।

আর চতুর্থ অভিযোগ হচ্ছে—কোর্ড ফাউন্তেশন— এই নোর্ড কাউণ্ডেশন এর কথা। নাকি আমরা এই বিদা এনেছি। এতে করে শুধু যে বিশ্ববিদ্যালয় সরকরের কুজিগত হবে, তা নয়, কোন কোন মননীয় সদস্য বলেছেন এতে বিদেশী প্রভাব বিস্কার হবে। আমি একটা এন্ট্র' করে মূলতঃ এই ১টী অভিযোগের উত্তর দেবার চেষ্টা করবো।

প্রথম হচ্ছে—এই বিলে বিশ্বনিদালয়ের উপর সম্পূর্ণ স্বকানী প্রভাব ও কতুর নিয়ে আসা হচ্ছে। সেই প্রসঙ্গে তাঁথ। ইংরেজ আমলের কথা উল্লেখ করেছেন। আজকের পরি হি হতে আজকের পরিপ্রেক্ষিতে স্বাধীনতা উত্তর দিনকে প্রাক্-স্বাধীনতা যুগ বা প্রাধান দিনেব সঙ্গে তুলনা কবা চলে ন।। কারগ ভধন একদিকে বৈরাচারী শানকনম্প্রদায় যাঁরো আমাদের শিক্ষাকে নিয়ন্ত্রণ করবার চেটা কর্বহিলেন অপুর দিকে জাতীয় শিক্ষানীতির সমর্থক শিক্ষাধিদরা বিদেশী শোষকের সেই প্রচেগকে প্রতিহত কর্বনার চেষ্টা করছিলেন। কিন্তু আত্মকে আর দেই অবস্থা নেই। আজকে সরকারী কন্তর নেই—এলতি একব। আমি পরে দেখাবো। সরকারকে এ সদক্ষে বিবেচনা করতে হবে ভিদ-এ ভিস ইউনি ভাণিটির পরিপ্রেক্ষিতে আজকে সরকারের চরিত্র বিশ্লেষণ করতে হবে। আজকের সরকার গণতান্ত্রিক বিধানসভার কাছে দায়ী সরকার। আজকের সরকার প্রাপ্তবয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচিত বিধানসভার কাচ্ছে—তাঁদের আচরণের জবাবদিহি করতে বাধ্য সরকার। স্থতরাং আজকে সংগাণেরিইতাব ফলে যার। সরকার পরিচালনা করছেন তাঁদের উপর যত বিরূপতাই থ'কুক না কেন গণতান্তিক সরকারের যে ক্যাথেক্টার তা বিশ্বত হলে চলবে না। আমর। যে চিরকাল গদীতে থাকবো এমন আশা করেন না ওরা নিশ্চয়ই। বন্ধুরা মনে করেন একদিন তাঁরাও দেগানে আসতে পারেন। আজকের সরকারের ক্যারেক্টর বিসেচনা করতে গেলে। কমন্টিটিউদনাল সরকারের ক্যারেক্টর বিবেচনা করতে হবে। দেই সরকার। আছকে। গাঁতান্ত্রিক সুরুষার একথা গলেছি, সেই সুরুষারের দায়িত্ব হচ্চে দেশের বিশেষ করে অন্প্রসূত্র বেশের সংগ্রাম্করন প্রচেষ্টাকে এরিয়ে নিয়ে যাওয়া। শিক্ষার সর্বক্ষেত্রে সরকারের দায়িত্ব আচ্ছে একথা আমাদের মাননীয় বন্ধরা নিশ্চয়ই অস্বীকার করেন না। উচ্চ শিক্ষার ক্ষেত্রেও সরকার তাঁর দায়িত্ব পালন করতেন না এমন কথা নিশ্চয়ই আমাদের মাননীয় বন্ধরা বলেন না। তারা একথা বলেন না পাবলিক একাচেকার থেকে কিছু টাকা ছেড়ে দিলেই উচ্চশিকা সম্বন্ধে সরকারী দায়িত্ব পালন করা হলো। একথা তাঁরা নিশ্চয়ট বলেন না। আমরাও চাই না বিশ্ববিভালয়ের উপর সরকারী কর্তৃক প্রতিষ্ঠিত হোক। আমরা চাই সরকারের স্ক্রোগ এবং সংযোগ থাকুক এই শিক্ষার সক্ষে। আজ সরকার বিধবিতালয়ের সঙ্গে সম্পকশ্ত হয়ে থাকতে পারেন না। কোন গণতান্ত্রিক সরকারের পক্ষে উচ্চশিক্ষা যণায়ণ পরিচালিত হচ্ছে কিনা তা দেখার দায়িত্ব **আছে।** এই বিলে সরকারের হাতে যেটুকু ক্ষমতা রাণা হয়েছে, সে হচ্ছে সংযোগ এবং স্ক্রোগের। এখানে বিশ্ববিষ্ঠীলয়ের উপর কর্ত্তর করার ক্ষমত। নাই। তাছাড়া বিশ্ববিষ্ঠালয়ের যে স্বাতস্তা, যে অটোনোমি তাকেও বিন্দুমাত্র সংকুচিত করবার প্রচেষ্টা এই বিধেয়কের মধ্যে নাই। এখন ইউনিভার্সিটির অটোনোমি বলতে কি বোঝার—তাঁরও বথাবথ অনুভৃতি থাকা প্রয়োজন। মডেল ইউনিভার্সিটি এটাই এর কথা অনেকবার শুনলাম। মডেল ইউনিভার্মিটি এটাই এ ইউনিভার্মিটির অটোনোমি महत्क रामहान । की रामहान ? कांद्रा रामहान--

the Acrdemic Council should be responsible for determining the contents of courses of study and standards of examinations. It is this power of the Academic Council that requires to be safeguards. It is this freedom that indicates the measure of autonomy of the University complete academic freedom.

#### [5 5 5 15 p.m.]

কম্মন্ত্রিট প্রাক্তাতেনিক ফ্রীডম তার্চ হচ্ছে **ইউনিস্তা**ণিটির অটোনমির সব চেয়ে বড় কথা। **স্থতরাং** েখানে কোথাও হতক্ষেপ করা হর্ণনি। আমরা বারবার শুনলাম বিশ্ববিদ্যালয়কে কৃষ্ণিগত করা হচ্ছে। বিশ্বভালয়ের কোন ক্ষমতাকে পরিচাশনা করবেন, বিশ্বিভালায়ের যা কিছু মূল ক্ষমতা-মূলত: ডিমটি ভিনটি সংস্থা দ্বারা পরিচালিত হবে, সিনেট সিভিকেট আকাডেমিক কাউন্সিল। এখন দেখা যাক এদের কম্প্রেজিশনটা কি গ কি করে সরকার ভাব নিজের মতটা সিনেট সিণ্ডিকেট এবং এয়াকান্তেমিক কাউলিলকে দ্বিয়ে করিয়ে নেবেন। সিনেটের আছকে ২ জ সংখ্যা দিড়িয়েছে ২০০ জন। তার মধ্য থেকে সরকার কি হুবে সিনেটকে দিয়ে কুক্ষিগত করে কাজ করাবেন, সিণ্ডিকেটকে দিয়ে কুফিগত করে কাজ করাবেন, আক্রিডেমিক কাউন্সিল্কে নিয়ে কুক্ষিগত করে কাজ করাবেন। তার কম্পেনজিশনটা আনালাইসিস কক্ষন করে দেখন কোনগানে কুন্দিগত করা হয়েছে। ১০০ জনের মধ্যে ২০ জনকে চ্যান্সেলার নমিনেট করছেন। शहर (क्रान्टे नम्, खदन) हेद। दल्लन (य ज्ञारमनाद मात्मेंडे गर्ड्यायके । धक्की कथा दल्या (य खाई नक याद बारहन, निक्षा है होता विरुक्त। कंद्रायन। यह बाहित वना बारह य हारिकानात हैन कनमानारी गान ট্টেইর দি মিন্টার। আধার কোন কোন জায়গায় বলা আছে যে চ্যান্সেলার, আইনে যাঁরা ই**ন্টারপ্রেট** করেন, ক্ললং অব উন্নট্ট তার। নিশ্চয়ত বিবেচনা করে দেখবেন বে একত জাটুটে যদি ছটো কথা বদা হয়, তার তুলা অর্থ নিশ্চন্ন আহে। । বিরোধী পক্ষ হইছে:—৬ট। লো অপার্যন্ত্রাস ) है।।টটে কোন কথা স্তপারক্ল য়াস বলে ধরেনা। পাচভন এক অফিসিও মেখার হিলাবে সরকারের কিছু সম্পর্ক জ্বাত্ত, ত হাল হল ২০ আর ৫, ২৫। ২০০ জন বেধানে সদস্য সংখ্যা, নিশ্চরই সরকার ক্রন্সিকাত করছেন না ্রারপুর চিনেটের ক.ম্পাতিশন লল আরও ৭ জন এক অধিশিও মেদার থাকছেন। অবশ্য তার মধ্যে চ্যান্তেলার আছেন। ডিনি কথনো এই মিটিং-এ আফবেন না। ভাইস চ্যান্সেলার মিডিকেট প্যানেল দেবেন, তিনি সম্পূর্ণ সরকারের লেকে নন। আর ছজন প্রোভাইস চ্যান্সেলার যদি ধরেন, এই চুই প্রা-ভাইন চ্যাকেন্যুরকে দিয়ে নিশ্চমই স্থকার কুক্ষিগত করেন নি। এবার দিভিকেটে আহ্মন। ২৬ জন, সদস্য, ১৯ জন ভাব নিধাচিত ৷ ২০ জন র মধ্যে ভাইস চ্যাস্সেলারকে ধরলে ৭ জন সরকারের সঙ্গে সম্পর্ক্যা আছে বলে ধর। যায়। ভাইস চ্নান্সেলারকে বাদ দিন প্রে। ভাইস চ্যান্সেলারকে ধরে নিয়ে দাঁডাটেছ ৬ জন ২৬ জনার মধ্যে। স্কুতরাং কোথায় সরকার কুক্ষিণত করছেন।

ভারপরে এনাকার্ডেমিক কাউন্সিলে আহ্বন। সেথানে ১০০ জনের উপরে সমস্তা। সেথানে মেরে কেটে ব জন সরকারের সদস্তা থাকদেন। স্থভরাং এই কম্পোজিশন থেকে দেখা যাবে সরকার নিশ্চরই কুন্দিগত করতে চাচ্চেন না বিধ বিভালেরের উপর। তা ছাড়া আর একটি বিষয় আমি বলছি, ১৯৫১ সালের আইনে পরিচালিত হচ্ছে—কেথানে বিশ্ববিভালেরের বিভিন্ন উপাচার্য্যরা এবং সিনেটের বিভিন্ন শিক্ষাবিদ্ সমস্তরা বার বার এই অভিযোগ করেছেন যে বর্তমান বিশ্ববিভালারের ১৯৫১ সালের আইনে অনেক অস্থবিধা আছে। তার অনেক ফেটি আছে, সেই আইন দিয়ে যথাবেথ কাল সরিচালনা করা যায়না। কিন্ধু আমি বলতে চাই এই ১১ বছরের মধ্যে কেউ কোন অভিযোগ করেন নি। যে ১৯৫১ সালের আইনের মধ্যে সরকার কুন্দিগত করেছেন কিংবা ইচ্ছা করে জোহ করে ইউনিভার্টিটির উপর চাপিরে লিয়েছেন। স্থভরাণ ১৯৫১ সালের আইনে যদি সেটি। না করা হয়ে থাকে তাহলে আমি এই কথাই বলতে চাচ্ছি, আলার পাওয়ার্স তার ১৯৫১ বেগুলি আছে, তার ক্ষমভাতে এতটুকু সরকার কোথাও হাত দেন নি। ১৯৫১ সালের বিশ্ববিভালরের যে ক্ষমতা আছে, তার ক্ষমভাতে এতটুকু সরকার কোথাও হাত দেন নি। ১৯৫১ সালের বিশ্ববিভালরের আইনে বনি ক্ষমতা না চলে গিয়ে থাকে, সেগানে যদি সরকার কুন্দিগত করে না থাকে তাহলে সেই সেই বিশ্বর নিশ্চরই সরকার, নৃতন করে ক্ষমতা সরকার এই আইনৈ নিচ্ছেন না। কিছু অভিরিক্ত বিশ্বর সম্বেছ

এবানে বা বলেছেন সেগুলি আমি পরে বলবো। আমি ১৯৫১ সালের ম্যাটারস কাভার্ড বাই ১৯৫১ আফ্ট। যে কয়টি কাভার ছাড়া নৃতন যে প্রভিশনগুলি এই আইনে করা হয়েছে এবং যাতে সরকারের কিছু ক্ষ্মতা রাপা আছে বলে মনে করছেন, সেগুলি সম্বন্ধে বলবো।

এক হচ্চে প্রো-ভাইস চ্যান্সেলার। প্রথম কথা হচ্ছে ক্রিয়েশন অব পোষ্ট নিয়ে, এই পোষ্টের দরকার चाक किना धरे निरंत व्यक्तक व्यक्तिमा अद्भाष्ट्र। अध्यम कथा व्यक्ति वनता त्व धकथा मकत्नहे कात्मन যে কলকাতা বিশ্ববিদ্যালয় ভার,তর বৃহত্তম বিশ্ববিদ্যালয় এবং বিধের অন্যতম বৃহত্তম বিশ্ববিদ্যালয় কলকাতা বিশ্ববিভালয়ও বটে। কলকান। বিশ্ববিশ্বভালন্তের মান উন্নয়নের কথা আমি বলছি না, আমি এখন সংখ্যার কথা বল ছি ৷ ১৯৪৭-৪৮ সালে তথন সমগ্র পশ্চিমবন্ধে একটা মাত্র বিশ্ববিভালয় ভিল, আরু কোন বিশ্ববিভালয় হয়নি, এনন কি বিব্রারভীয়ও নয় সেটা হক্তে কলকাতা বিশ্ববিভালয়, তথন তার চাত্র সংখ্যা চিল ৩৬ হাজার, আর কলেজ ছল, এাফিলিয়েটেড কলেজ ৫৫টি। আজকে উত্তরবঙ্গ হয়ে গেল, কল্যাণী হয়ে গেল, वर्धभान, यामवश्रुत रुत्स (गल, विश्वভात्रको रुत्स (गल এवः त्रवीक्ष ভात्रकोश रुत्स (गल, जा गत्युश कनकाजा বিধবিত্যালয়ের তাত্র সংখ্যা ১ লক্ষ ২৫ হাজার এবং এগানিলিয়েটেড কলেজের সংখ্যা ১৫৫টি। এটা আর যাই হোক শিক্ষা সংকোচনের নীতি নিশ্চয়ই নয়। কিন্তু একটা কথা হক্তে কলেজ যেমন বাড়ছে তেম্বনি ভার সঙ্গে সংশ্রে থালি প্রসার হলে হবে ন। মান উন্নয়নও হওয়। চাই। কতকগুলি ইনএফিসিয়েণ্ট কলেছ গড়ে উঠলো তাতে উচ্চ শিক্ষার প্রানার হবে না। প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে যতটা করা যায় উচ্চ শিক্ষার ক্ষেত্রে আরও এইট বেশী নজর রাথা উচিত এটা ত। আমি নয় যতগুলি কমিশন হয়েছে স্বাই এই কথা বলেভেন। ইউ, জি, সি, বারবার এই কথা বলেভেন এটা আপনারা স্বাই জ্বানেন। ইউনিভারসিটির চাত্র সংখ্যা বৃদ্ধি হয়েছে, আজকে পোই গ্রান্ধ্যেটের ৮০টি বিভাগ হয়েছে, স্থুতরাং কাজ বাড়েনি একথা কিছুতেই বলা যাবে না। তারপর আগেকার আইনে আগুরে গ্রাজুয়েট কলেজের উপর ইউনিভারসিটির কন্টে াল. স্থপারভিশন, ইন্সপেকশন থব কম ছিল। কিন্তু নৃতন আইনে আণ্ডার গ্র্যাজুয়েট কলেজের উপর আপনার। বিশ্ববিত্যালয়কে কর্ত্তর দিচ্ছেন। সেই কর্ত্তর পালন করার ব্বস্তু এই অতিরিক্ত কাব্ধ বেড়েছে বলে এবং মডেল এাক্ট কমিটিও বলেছেন যে ভাইস চ্যান্দেলারের একজন ডেপুটি থাকা উচিত। সেইজ্লুই প্রো-ভাইস চ্যান্সেলার কর এগকাডেমিক এগেকিয়ার্স কথাটা উঠেছে। বিশ্ববিচ্ছালয়ের বাজেই প্রায় দেড কোটি টাকা, যেখানে দেড় কোটি টাকার বাজেই দেখানে উপরের দিকে যদি যথারীতি স্থপারভিশন না হয় ভাহলে আমি বলবো ছাট ইজ ফলস এাকাউ ট। স্বতরাং সেদিক থেকেও আমাদের সাবধান হওয়া উচিত। প্রো-ভাইস চ্যান্সেলারের বেতন কত সেটা আমি পবে আসবো। স্বার একজন প্রো-ভাইস চ্যান্সেলার হচ্ছে ফর ফাইনান্দ আণ্ড বিজনেদ আফেয়ার্স। এখন টেজারারের পদের খালি নামটা পরিবর্তন করা হচ্ছে. ট্রেম্বারার সিণ্ডিকেট এবং ভাইদ চ্যান্সেলারের বাইরে অর্থাৎ ভাইদ চ্যান্সেলারের অধীনস্থ নন, কিন্তু মডেল ইউনিভারসিটি কমিটি রেক্ষেণ্ড করে বলেছেন ফাইনান্স কমিটি সম্বন্ধে যে

The Treasurer or the Financial officer should be an officer of the University subject to the authority of the Executive Council. In the same way the Finance Committee should be a Sub-Committee of the Executive Committee.

যারা স্বাধীন, ইণ্ডিপেনডেন্ট ফাইনান্স কমিটির কথা বলেছেন তাঁলেরই জ্ববাবে আমি এই কথা বলছি, It is not useful to have an independent Treasurer and Finance Committee.

স্থতরাং এইজক্সই প্রো-ভাইস চ্যান্দেলার ফর ফাইনান্স প্রাণ্ড বিজনেস এ্যাফেয়ার্স হয়েছে। তিনি ট্রেজারার ছিলেন, ক্রেজারারের পোষ্টটাই কনভাটেড হচ্ছে। স্থতরাং একটা মাত্র পোষ্ট বাডছে। শৃক্ষ টাকা খরচের প্রশ্ন উঠে না, কারণ ট্রেজারার বিনি আছেন তারত সবই আছে। স্থতরাং একটা মাত্র পোষ্ট বাড়ছে এক সেই পোষ্ট বাড়ারু সংগত প্রয়োজন আছে বলে আমি মনে করি।

#### Shri Nikhil Das:

মোড অব এাপয়েন্টমেন্টটা কি ছিল ?

### Shri Rabindralai Sinha:

শ্রোভ অব এাাপত্টমেন্টের ব্যাপারে আমি আসছি, এাাপরেউটেড বাই দি চ্যান্সেলার। একন কি কেপুর জাকদবর্ষে কতকঞ্চলি বিশ্ববিদ্যালয়ে প্রো-ভাইস চ্যানসেলার আছে। রোবিন্দ কমিটি অন হাইরার এড়-কেশন, ইংল্যাণ্ড, তাঁরাণ্ড সেটা কনটেম্পলেট করছেন এবং বদি কোন বিশ্ববিদ্যালয়ে প্রো-ভাইন চ্যানসেলার বাখার নরকার হর তাহলে ভারতবর্ধের বহস্তম বিশ্ববিদ্যালয়ে যে নরকার হবে সে বিষয়ে কোন সন্মেচ নেট ভারপরে যোড অব এাপরেন্টমেন্টটা থব কন্ট্রোভাসিরাল হরেছে। প্রথম কথা হচ্চে ধরুন এখন কি আছে। ১৯৫১ সালের আইন থেকে বেশী ক্ষমতা নেওয়া হয়নি, সেধানে আছে চ্যান্সেলার তাল এয়াপয়েক দি ক্রেন্সারায় জ্বে টন কনসালটেশন উইথ দি মিনিষ্টার এটা এবারে ঢোকান হয়েছে। কেন ঢোকান হয়েছে ভাগ্ন বলি চ্যান্তেলার বে এ্যাপরেন্ট করবে তারজন্ম তাঁকে কারোর কাছে জ্বাবদিছি করতে হতো না, হরভ জারার পৰামৰ্থ নিতেন কিছু আমাকে জবাবদিহি করতে হতো না, এটা দিখে দিয়েছে বলে আমি আপনানে কাছে ভবাৰ ছিচ করতে বাধ্য থাকবো, লেজিগলেচারের কাছে আমার রেদপনসিবিলিটি রইলো এবং আছি মনে করি লেকিসলেচারের এই জবাব নেবার অধিকার আছে এবং অধিকারের সপক্ষে এটা পণভা**ত্রিক বলে আ**ত্রি চকিরেচি। তাছাড়া প্রো-ভাইস চ্যান্সেলার ফর ফাইনান্স, এইরকম অক্সায়া ধরচ যাতে না চর সেছিতে নন্ধর রাখতে হবে যেমন ফাইনান্দ ভিপার্টমেন্ট করেন সব ডিপার্টমেন্টের ফাইল টাকা বেরুবার আগে ফাইনান্দে পাঠাতে হয়। হুতরাং দেখানে যদি নির্বাচনে ভোট ক্যানভাসিংকে উপর ক্রেভারারকে নির্বাচিত হতে হয় তাহলে তার কান্ধ করার যে অস্থবিধা হবে সে বিষয় কোন সন্দেহ নেই। আর ড'জন প্রো-ভাইস চ্যান্দেলারের এগাপরেন্টমেন্ট ড্র'রক্ম মেধতে হওয়া উচিত নর। মডেল এটি কমিটিও বলেছেন বে তাইস চ্যান্সেলার আর প্রো-ডাইস চ্যান্সেলার একই মেখন্ডে এগাপরেন্টেড করের উচিত নয়। কারণ প্রো-ভাইস চ্যান্দেলার ভাইস চ্যান্দেলারের অধীন। ইউনিভারসিটির **বে সর্বোচ্চ** আধিকারিক অর্থাৎ ভাইস চ্যান্সেলার তাঁর নির্বাচনের জন্ম সিগুকেট থেকে ভিন করেছ भारतम भागात, कि**ड** धंदा जांद्र व्यक्षीत, धंत्रद्र कर्ल्ड म कदर्यत जांडेन ह्यार**समा**ड । ভবে কেন চ্যান্দেলারের হাতে রাখা হয়েছে ? কলকাভা বিশ্ববিদ্যালয়ের অবদ্যা আমরা ভারি.

### [5-15-5-25 p.m.]

সেধানে কিভাবে গোষ্টাগতভাবে কিছু কিছু কাঞ্চ *হয়েছে নে*টা কারো **অভানা নর, বিশ্ববিভাসন্তের সিনেটে** আমি সমস্ত ছিলাম অনেকদিন, অনেক মাননীয় সমস্ত সিনেট থেকে সিণ্ডিকেটে বাবার আৰু কিন্তাৰে আমাৰ কাছে ক্যানভাসিং করেছেন সেটা আমি জানি, স্থভরাং থার উপর এ্যাডমিনিষ্টেটিভ পাওয়ার কেবেন বিনি এয়াভমিনিষ্টার করতে গেলে ভাইস চ্যান্সেলারকে হেল্ল করবেন, তাঁকে বদি এইভাবে ক্যান্সভাসিং করে বেজে হর তাহলে কথনই ভাল কাজ হবে না ৷ সেজস্ত প্রো-ভাইস চ্যান্সেলারের এ্যাপয়েন্টমেন্টের ব্যাপারে এই ষেপত নিয়েছি। তারপর বেতন সম্বন্ধে কথা উঠেছে, আজকে ২২৫০ টাকা বেতনের কথা উঠেছে। সক ক্রেলে দেখবেন ইট ইজ ইনক্লুসিভ অব এগলাউন্সেস বেটা বর্তমান আইনে আলালা আলালা করে দেওছা আছে। এখন প্রো-ভাইস চ্যান্দেলারের সম্বক্ষ অফিসার হচ্ছেন ট্রেজারার। <mark>তিনি অস্তান্ত সম্বত্ত</mark> এ্যালাউল নিয়ে ২১ শত টাকার উপর ড় করেন এবং তার উপর আছে তার প্রতিভেক্ট কার ১৩৭ টাকা এই নিয়ে ২২৫¢ টাকা দাড়ায়। চার বছরের জন্ম যে অফিসারকে এ্যাপরেন্ট করবেন ভার প্রাক্তিভেট কাণ্ডের প্রায় থাকছে না, হতরাং আজকে বেটা আছে সেটা দেখেই বেতন ঠিক করা হয়েছে। **আর একটা** কথা অনেকে বলেছেন বে ইউনিভারসিটিকে ৪৪ এবং ৪৫ ক্লকে টাকা দেবো বলেছি। কিছু সেটাভ ট্যাট্টারি মিনিমাম, তার বেশী টাকা আমরা প্রতি বছর দিয়ে থাকি, দিয়ে বাবো, এখনও বিশ্ববিভাগরে ক্ষেত্র টাকা চেরেছেন, সেটা একলামিও হচ্ছে, আলাপ আলোচনা হচ্ছে। স্বতরাং এটা মিনিমাম, ম্যাক্সিমাম নম্ব। এটা ট্টাট্টারি লারবিলিটি। ভাছাড়াও বিশ্ববিদ্যালয়ের বথাবথ পরিচালনার অন্ত সরকারকে নিশুরুই টাকা দিতে হবে। ( শ্রীনিখিল নাস:--কাইনান্দিয়াল মেমোরাগুমে বলছে বে সরকার খেকে এর এক প্রসাত বেশী ৰাভাবেন না।)

Under this Act I am not compelled to pay. The Government is not compelled to pay but it is the duty of the Government to see the higher education goes on properly.

ৰিভীয় অভিৰোগ হচ্ছে সরকারের নৃতন ক্ষমতা নেওয়া।

Affiliation for considering the views of the Government.

এ সৰক্ষে একটা কথা আমি বলবো— আমার মনে হচ্ছে এখানে কিছু ভূদ বোঝাবুঝি হয়েছে। কারণ এ্যাফিলিয়েসন দেবার ক্ষমতা এবং এ্যাফিলিয়েসন রিফিউজ করার ক্ষমতা পতর্গমেন্টের নেই। ইউনিভার-সিটি এ্যাফিলিয়েসন দেবেন— এাফিলিয়েসন রিন্দিউল্ল করবেন— তবে এ্যাফিলিয়েসন দেবার আগে ভারা গভর্ণমেণ্টের একটা রিপোর্ট দেখবেন তাঁদের নিজেদের সাহায্যের জন্ম। কারণ আজ্ঞাকে যদি মদ:ছলে পাঁচ মাইল বাসের মধ্যে তিনটি কলেজ স্থাপিত হয় তাহলে। কোনটাই চলবে না। তারক্ষয় টাকা লেবেন পাৰ্লিক এক্সচেকার। কতগুলি ফিডার স্থল আছে চার পাশে তা জানা নেই ইউনিভার্নিটির— আমাদের, রিপোর্ট কনসিভার করে তারা রিজেক্ট করে দিন— রিজেক্ট করবার অধিকার তাঁদের তো আছে। তাঁদের যে **আযাদের** রিপোর্ট নিতেই হবে তা স। কি**ন্ত** আমার কথা হচ্ছে ে বেশী কলেজ হরে গেলে বন্তর্গমেন্টের টাকা দেবার ক্ষমতা নেই। গভ<sup>্</sup>মেট কলেজ দিতে পারে— টাকা দিতে পারে না। **আজকের ইউনিভসিটির**, কলেক টীচার্স এ্যাসোসিয়েপন আমার কাছে একথা স্বীকার করে এসেছিলেন তেপুটেস্ন-এ বে আনপ্ল্যাপ্ত-ওরেতে কলেজ হওয়া উচিত নয়। স্বতরাং শরকারের রিপোর্ট ভারা কনসিভার করন দি রিপোর্ট ইচ্চ অনুস্লি ট হেল্ল দি ইউনিভারসিটি। ধকন একটা কলেও হলে— কত ছেলে হতে পারে— চার পাপে কতগুলি ফিডার ছল আছে— কোথার ইউনিভারসিটি রেকর্ড— সে তো আমরা দেবো— আমরা বলতে পারি বে এই ফিভার স্থল আছে দেখানে এতো ছেলে হতে পারে। স্বতরাং এই রিপোর্ট মাত্র স্বামরা দেখে— স্বামরা কোন ক্ষমতা নিয়ে নিই নি বরং অস্তাস্ত ষ্টেটে যদি যান ভাহলে দেখতে পাবেন যে এই এয়াছিলিয়েসন দেবার ক্ষমতা সরকারের হাতে বন্ধে এটাক্ট দেখুন সেকসন্ ৫৫(৪), পুণা এটক্ট, নাগপুর এটক্ট, ভক্তরাট এটিক এবং অল বিহার এটার দেখুন— এডে বলা আছে কে এটাফিলিয়েসন দেবেন— কার সম্মতির দরকার হবে— শেখানে আদিলিয়েসন দেবেন টেট ইউনিভারসিটি কমিশন— কে সেই টেট ইউনিভারসিটি কমিশন— ক্রপদিটদি নমিনেটেড বভি। স্থতরাং আমরা সে ক্রমতা নিই নি। আমরা মনে করি এাাফিদিরেস শেওরা সবজে সিদ্ধান্ত গ্রহণ করার অধিকার বিশ্ববিদ্যালয়ের থাকা উচিত। কিন্তু তারা স্বল্পিক বিষেচন করে দিন- তাদের বিবেচনা করতে সহায়তা করছেন গভর্মেন্ট।

#### Shri Nikhii Das:

জিউজ যদি না পাঠান ?

#### Shri Rabindralal Sinha:

দেখন, আজকে কোন সরকার তাদের ট্টাট্টারী রেসপনসনিসিটি পাসন করবেন না আর আপনারা চূপ করে ওগানে বসে থাকবেন একথা,আমি ভাবতেও পারি না। তারপর চ্যান্ডেলারস্ নোমিনিস আন দি সিঙিকেট এতে আপত্তি করা হয়েছে যে চ্যান্ডেলারের নমিনি কেন সিঙিকেট থাকবে বা আগে ছিল না। অবস্থা পর্ভাশেন্ট নমিনি নয় একথা আমি বলছি। প্রথম হচ্ছে আপে ২৩ জনের সিঙিকেট ছিল— এখন ২৬ জনের হচ্ছে। চ্যান্ডেলারের নমিনি হচ্ছে ২ জন। আজকে নৃতন করে আইন করে সিঙিকেটের হাতে আপনারা আনেক ক্ষতা দিছেন— সেই ক্ষমতা স্ফুর্ট পরিচাসনার জন্ম থারা বিশিষ্ট ব্যক্তি শিক্ষা ক্ষেত্রে কিবো ধকণ ক্ষেত্র কোটি টাকার বাজেট হচ্ছে সেই টাকার হিসাব পত্র দেখবার জন্ম অর্থনীতিবিদ এমন একজন কাউকে দিজেন চ্যান্ডেলার কিংবা বিশিষ্ট প্রবিশিষ্ট কানের কাছে পিরে কানভাস করতে পারবেন না যে সিনেট থেকে সিঙিকেটে পাঠাও। এইরকম লোক দেবার জন্য এই দুটো আসন করা হয়েছে। এটা সরকারী কর্মচারীদের জন্ম করা হয় নি। এটা আমি আপনাদে নিংসংখরে আখাস দিতে পারি।

### [5-25-5-35 p.m.]

১৯৫১ সালের আইনে তাইস্চাান্সেলার নিরোগ করার ক্ষতা ছিল সরকারের—কিন্ত তা: আন খোব, তা:
নির্মল সিদ্ধান্ত এমন কি বর্তমানে বিধুবাবু পর্ণন্ত কেউ বে কংগ্রেসের লোক বা কেউ বে অন্থপাক্ত নোক
একথা কেউ নিশ্চর বলেন না। তাছাড়া এই বে সিগুকেটের নমিনেসন এটা বদি বেধন তাহলে কেখতে
পাবেন বে অনেক ইউনিভার্সিটিতে এটা আছে—আলিগড়, পৌহাটি, এলাহাবাদ, অদ্ধ , মান্তাল, লক্ষ্ণৌ—

এইসব ইউনিভার্সিটিতে সিগুকেটের চ্যান্দেলারের নমিনি আছে। তাছাড়া একজিকিউটিভ কাউন্সির্ল বা সিগুকেট সম্বন্ধে মডেল এটিক কমিটি বলছে বে ১৭ জনের সিগ্রিকেটে ৪ জন ভিজিটার্স নমিনি থাকবেন এবং তার উপর এটাও অলুসো

One or Two persons nominated by the Chancellor.

স্বভরাং এইরকম ক্ষেত্রে আমরা যে নৃতন কিছু করেছি—হজন চান্দেলারের নমিনি নিয়ে এমন কিছু আছার করেছি বলে আমি মনে করছি না। এথানে দ্বিতীয় অভিযোগ হচ্ছে স্পনসঙ কলেছ সম্বন্ধে বলা হয়েছে যে তাকে ইউনিভাসিটির আওতা থেকে বের করে নেওয়া হয়েছে। আজকে এটা সম্পূর্ণ নৃতন প্রভিদন। আজকে কোন এাফিলিয়েটেড কলেছ সম্বন্ধে ইউনিভাসিটির বিশেষ ক্ষমতা নেই। আজকে নৃতন করে এাফিলিয়েটেড কলেজের উপর বিশেষ ক্ষমতা দেওয়া হচ্ছে—স্পনসর্ভ কলেজের ক্ষেত্রে বর্তমানে বে অবস্থা আছে সেই অবস্থায় মেনটেন করার চেষ্টা করা হচ্ছে। যারা জানেন তারা জানেন আজও গভর্মিংবিভি সরকারই মনোনয়ন করে থাকেন এবং সাভিস কণ্ডিসন বাপারে সেথানে সরকারী কল করা আছে। আজকে বিশ্ববিভালয়ণ্ডলি কোন সাভিস কণ্ডিসন—নিয়ম করেন না কোন কলেজের জন্য। কিছু তা সব্যোও স্পনসর্ভ কলেজ যেটা আছে—স্পনসর্ভ কলেজকে বিশ্ববিভালয়ের আওতা থেকে বের করে নিয়ে আসা হচ্ছে একথা ভুল। বিশ্ববিভালয়ের পরিপূর্ণ একাডেমি কন্টোল ওভার দিভ কলেজেস আছে এবং এমন অনেক বিষয় আছে র্থে বিয়ন্তেলি কিছুটা এাকাডেমিক কিছুটা এাডিমিনিয়েটিড, যেমন ষ্টাবিলসমেট Of laboratory library, Co-ordination between Colleges, Student Welfare and health.

এগুলি এাডমিনিষ্টেটিভও বটে এবং এাকাডেমিকও বটে—এগুলি ইউনিভার্নিটির হাতে রাখা হয়েছে—খালি কয়েকটি এাডমিনিষ্টেটিভ মাটোরে ইউনিভার্নিটির কমতা কিছু কম করা হয়েছে। প্রথম কথা মনে রাখতে হবে স্পন্সর্ভ কলেজগুলি এাফিলিয়েটেড কলেজ—এাফিলিয়েসনের সমন্ত টার্মস এও কণ্ডিসন তালের উপর বাধা করা হবে। ইউনিভারিষ্টির পরিপূর্গ কমতা আছে স্পন্স্পর্য কলেজক এাফিলিয়েসন সম্পূর্ণ কেটে দেবার বা এক বা একাধিক সাব্ জেক্ট কেটে দেবার । তাছাভা আপনি দেবছেন নিশ্চর ইউনিভার্নিটির ফুল পাওয়ার of inspection and investigation into the affairs of sponsored colleges আছে। সেটা কোগায়ও কটা হয় নি। গভর্নমেট কলেজের ক্লেজের সেটা আছে। স্কুতরাং সম্পূর্ণ ইউনিভার্নিটির আওভা থেকে বের করে নিয়ে আসা হয়েছে একথা ঠিক নয় এবং তালের জেনারেল স্থপারভিসন and control ক্রমতা ইউনিভার্নিটির আওভা থেকে বের করে নিয়ে আসা আছেযোগটা ঠিক নয়। ইউনিভার্নিটির ক্রমতা আছে তালের ক্রমারেল রুপারভিসন আরে তিনাভার্নিটির আওভা থেকে বের করে নিয়ে আসার অভিযোগটা ঠিক নয়। ইউনিভার্নিটির ক্রমতা আরে তি-তালোকার the activities of different colleges including sponsored colleges. সেগানেও ইউনিভার্নিটির ক্রমতাতে কেউ হাত দেয় নি। স্পন্সর্ভ কলেজের অধ্যাপক—প্রিলিগ্যাল্যের মিনিমাম কোয়ালিফিকেসান ফিন্তা করে দেবার অধিকারও ইউনিভার্নিটির, গভর্গমেন্টের নয়।

স্বতরাং স্পনসরত কলেজ-এর ক্ষমতা খামরা নিয়ে নিচ্ছি তা নয়।

In the matter of syllabus, curriculum, examination and in all other academic matters University has complete control.

স্থাতরাং আমরা নিয়ে নিচ্ছি একথা ঠিক নয়। কো অপারেশন এণ্ড রেগিপ্রোসিটি বিটুইন কলেজেস।
সেটা ইউনিভার্সিটি করাতে পারবেন ইন দি স্কিম অফ থিংস স্পন্সরত কলেজ করে। স্থাতরাং
সেগানে ইউনিভার্সিটির পাওয়ার আমরা নিয়ে নিই নি। গভর্গমেট স্পন্সরত কলেজ সক্ষমে আনেকে বলেছেন
সেটা তে আমরা শ্রেণী বিভাগের চেষ্টা কর্মছ। আমরা কিছু এই অভিযোগ মানিনা। আমি এই কথা
বলবো স্পন্সরত কলেজের সঙ্গে অত্য কলেজের প্রভেল আছে। স্পন্সরত কলেজের সমস্ত তেপিসিট
সরকার মিট করেন অর্থের দিক থেকে এবং প্রথম বখন এট্যাবলিগত হয় সরকার ভার ধরচ
বহন করেন। অবশ্র অলরেভি এট্যাবলিগত কলেজ যেগানে টেক ওভার করছেন
সেখানে প্রাথমিক ধরত বহন করার প্রশ্ন নেই। কিছু নৃত্রন কলেজের ক্ষেত্রে প্রথমিক গরত বহন করেন
এবং এযাছমিসিবেল তেপিসিট মিট করেন এবং ভবিত্যতে ভেভেলপমেন্ট-এর যা কিছু গরত নৃত্বন আমা কোস
ধ্রালা হবে ইত্যাদি সরকার করবেন। স্থতরাং অত্য কলেজের সঙ্গে স্পন্সরত কলেজের প্রতেজ একটা

আছে। অন্ত কলেজে বেখানে কোন সার্ভিস কন্ডিসান কল নেই সেধানে স্পানসরভ কলেজে তা আছে এর সত্তে সাক্ষ একথা বলতে পারি যে স্পানসরত কলেজের লিভ কলস্ আজ গভর্গমেন্টের leave rules applicable to sponsored college. That is much more liberal than that is prevalent in other Colleges.

व्यवक्र मामात्र नामा निरमत छोटे हुটि मिरात ममग्र रहान रहान करनक रामी निरादान हम् । छा छोड़ा পাবলিক এক্সচেকার থেকে হিউজ মানি দেওয়া হয়। স্পনসরত কলেজের বিভি:গুলো দে রেট ইন দি গভর্ণ-মেট। গভৰ্গমেট ম্যানেজিং কমিটিকে রেখানে কলেজ দেখার ভার দিয়েছেন। স্বভরাং এই সমস্ত জিনিব কন্সিভার করে বিবেচনা করা উচিত যে গভর্গমেনট স্পনসূর্ভ কলেজ একটা আলাদা ব্যাপার। **আছ** সমস্ত কলেজকে প্রভিন্মিয়ালাইস্ড করা উচিত এইকথা বারবার ভনি। কিন্তু দিস ইস এ ষ্টেপ টওয়ার্ডস এটেই। আৰু সরকারের এমন আর্থিক সঙ্গতি নেই যে গ্র্যাণ্ট দিয়ে সমস্ত স্পনসর্ভ কলেজকে গভর্ণমেন্ট কলেজ রা। সেটা নেই বলে ষ্টেপ টুওয়ার্ডস এটাক্ট। সেকেও টাইম সো টু স্পিক হয়েছে এটা এবং এটার বপাষ্থ **छेद्र**ि गाएँ हर *(म*नित्क नष्टि तांशोर्ड मतकारत्तत क्षथम ७ क्षथान मुक्का। स्थानमुक्क करमस्कृत वर्की निष्ठम নীতি আছে। ইউনিভার্সিটি অধীনে কলেজ নেই—ভাহলে কবে ইউনিভার্সিটি করবেন, ততদিন তে। ভাহলে অরাজক অবস্থার মধ্যে ছেডে দিতে হবে। আর একটা কথা নিয়োগ সম্বন্ধে বলেছেন। ইউনিভাসিটি মিনিমাম কোয়ালিফিকেশন বেঁধে দিয়েছেন সেকেণ্ড ক্লাস এম. এ. সেকেণ্ড ক্লাস লাষ্টের দিকে হলে সেও পেরে বার-বিশেষ করে যদি মামার শালা-পিনের ভাই হয়। সেজন্ত নিয়োগ সম্বন্ধে সরকারের কণ্ট্রোল আছে। স্পন্দর্ভ কলেকে গভর্নিং বভি নিয়োগ করবেন। স্পেশাল কমিটিযে প্যানেল তৈরী করবেন তার মধ্যে থেকে নিতে হবে ৷ কে যাবেন এইস্পেশালিও কমিটিতে ডি. পি. আই.—ডিনি প্রিসাইড করেন, ---ভি, পি, আই, ইছ এ টিচার--গভর্ণমেট কলেন্ডের হেড অফ দি ডিপার্টমেন্ট্র্য, সিনিয়র প্রফেসর। এই সিলেক্ট কমিটি যে নাম করে দেন তার মধ্যে থেকেই যাকে খুশী নেওয়া হয়। অতএব স্পনসর্ভ কলেজের এলয়েন্টমেন্টের যে ভাল নিয়ম আছে সেই নিয়ম আমরা দর করতে চাই না। স্পনসভ কলেজের টিচারদের ইমোলিউমেট সৰছে প্রশ্ন হতে পারে। আমি হিধাহীন কঠে এই এাসিউরেন্স দিচ্ছি ইউনিভার্সিটি বে মিনিমাম ইমোলিউমেণ্ট ফিক্স করবেন স্পন্সর্ভ কলেজের ক্ষেত্রে কোন সময়ে কোনখানে তার চেয়ে কম হবে না। তা ছাড়া আজকে একথা বলছি যে তাদের স'ভিস কন্ডিসনের একটা নিয়মকামুন আমরা রাখতে চাই। निरक्तन लाक इल ल विवेशांत करता ना अहे निराम शाका छिहिर नय। अख्यार अविधा अकरो निरामकाञ्चन থাকা উচিৎ। অনেক প্রাইভেট কলেজেও তা আছে। তবে ইউনিভার্সিটির নিয়মকামুন করলে কোন ক্ষেত্রে যদি দেখা যায় স্পনসর্ভ কলেজ অধ্যাপকদের জন্ম কলস নুতন করে বিবেচনা করা প্রয়োজন---আমরা নিশ্চর বিবেচনা করব। তা ছাড়া সিকিউরিটি অফ সাভিস—আমি মনে করি আজ গভর্ণমেন্ট স্পনসঙ কলেজের টিচারদের সিকিউরিটি অফ সাভিস অনেক বেশী। পলিশ ইনভেষ্টিগেশন যেটা বলেছেন অতীতে ছিল না একথা বলছি না। কিন্তু এখন কিছু নেই। কোন পুলিশ ইনকোয়ারী স্পনসর্ভ কলেক্সের টিচারদেম এাপরেণ্টমেণ্টের জন্ম হয় না। স্রভরাং আমি জোর করে বলতে পারি সিকিউরিটি অফ সার্ভিস বেশী। আলকে টিচার হবার পর একজন টিচারকে গভনিং বডি থেয়ালথুশী মত ডিসমিস করলেন। তিনি ট্রাইরুনালে আপীল করলেন। ট্রাইবুনালে আপীল কডদিন চলে সেকেণ্ডারী বোর্ডে দেখেছি। চাকরীহীন হরে আপীল করে চললেন। কিন্তু ম্পানসর্ভ কলেজ কাউকে ডিসমিসাল, ডিসচার্জ, ডিমোশান, বেতন ক্মান ইত্যাদি কোন কিছু করতে হলে সরকারের প্রাইওর আপ্রুভাল দরকার এবং এই আপ্রুভাল দেবার সময় সরকার নিশ্চয় বিবেচনা করবেন যাতে শিক্ষকদের উপর কোন অবিচার না হয়। অবশা ৰদি তারজ্ঞ আরও কিছু নিয়মকাত্মম তৈরী করার দরকার হয় সেটা আমরা নিশ্চয় করবো। শিক্ষকরা ফেয়ার ডিশ পাচ্চেন এটা না দেখে কোন ক্ষেত্রে আমরা সমতি জানাব না ।

# [5-35-5-45 p,m.]

ট্রাইব্নালের চেরে গ্রেটীর রাইটস আছে ডিসমিস্ড হয়ে দেও বছর ট্রাইব্নালের পেছনে **ব্রলাম**— ডিস্মিস্ড হবেন না গভর্গমেন্টের গ্রাপ্রভাল ছাড়া। আরবিট্রেশন গ্রাক্টে ট্রাইব্নাল কোটে বাবার অধিকার থাকবে না। এ'দের সেই অধিকার রইল। তৃতীয় হচ্ছে পাওরাস অফ দি সিনেট। একটা অভিৰে।গ

উঠছে বে সিনেটের ক্ষমতা ধর্ব করা হয়েছে। আজকের দিনে সর্বত্র এই জিনিব চলছে, সিনেট হবে পলিনি লেরিং বভি, সিণ্ডিকেট এ্যাডমিনিষ্টেটিভ বভি। এটা মডেল এ্যাক্টও মেনে নিয়েছেন। ১৯৫১ সালের चांडेत्वद चरीत्न रव रव উপाচार्रशत कांच कतात्र खरिशा रहत्रह जात्रा मकरनरे अकशा स्मान निरम्नहरून। वधवाव, खुतुबिः, माहिष्ठी, स्नान धार, निर्मम निषास रेखामि नक्लमरे এकथा वल्मिहिलन। खुख्याः আমি একথা বলতে চাই বে এটা আমরা এমনি করিনি। তবে সকলেই বলেছেন সিনেটকে একেবারে ক্ষমতাশক্ত করা উচিৎ নয়। ক্ষমতা নিশ্চয় দেওয়া উচিৎ। জয়েণ্ট কমিটি, সিলেক্ট কমিটি দেটা বিবেচনা করে সিনেটের ক্ষমতা বৃদ্ধি করেছেন! বাজেট সম্বন্ধ ওরিজিনাল বিলে ছিল সিনেট পায়াস রেজিলিউশান ছাড়া কিছু করতে পারতেন না। স্বান্তকে সিনেটের পরিপূর্ণ ক্ষমতা আছে সে রিজেক্ট করতে পারে, মডিস্কাই করতে পারে। ষ্টেটিউট সম্বন্ধে সিনেট রিজেট্ট করতে পারতেন, মডিফাই করার ক্ষমতা ছিল না। কিছ সিলেক্ট কমিটিভে সেটা দেওয়া হয়েছে। বরং টেটিউট সম্বন্ধে আমি বলব ১৯৬১ সালের আইনের বে ক্ষমতা আছে তার চেরে বেশী ক্ষমতা সিনেটকে দেওয়া হরেছে এই আইনে। কেননা ১৯৬১ সালের আইনে ্টেটিউট নিয়ে সিনেট, সিণ্ডিকেটের মধ্যে মন্ডলে হলে চ্যান্সেলারের ওপিনিয়ন প্রিভেল করত। কিছ বর্তমান আইনে যদি সিনেট ত্রবার রিজেক্ট করে দেন ভাহলে সেটা চ্যান্দেলারের কাছে বাবে না-সেটা ফাইনাল রিজেকশান হয়ে গেল। স্বভরাং সিনেটের ক্ষমতা এই ছটি বিশেষক্ষেত্রে বিশেষভাবে বাড়ান হয়েছে। ভাহাড়া বিশ্ববিদ্যালয়ের এক লক্ষ টাকার সম্পত্তি হস্তাস্তর করতে হলে সিনেটের এ্যাপ্রভাল ছাড়া হবে না। সেইরকম সিণ্ডিকেট, সিনেটের প্রতিনিধিত্ব বৃদ্ধি কর। হয়েছে যার ফলে ২ জন শিক্ষক সেধান থেকে বেতে পারবেন। শিক্ষক প্রতিনিধি সিনেটে নেই যার। বলচেন আমি তালের অফুরোধ করব একবার এনালাইজ করে দেখতে। অস্ততঃ ১১• জন শিক্ষক সিনেটে থাকবেন। শস্তবাৰ পশ্চিম পাকিতানের আইনের কথা বলেছেন। এখানে ইউনিভার্সিটির প্রতিটা প্রফেসর সিনেটের মেম্বার। প্রতিটা হেড অফ দি ডপার্টিফেট সিনেটের মেম্বার। আর এমফিলিয়েটেড কলেছের প্রিন্সিপালির। মেম্বার—৫৫টা এমফিলিয়েটেড কলেজের প্রিন্সিপ্যালকে করা যায় না, তাঁরা নির্বাচিত হয়ে আসবেন প্রি হি.প্রাংলর ছাবা। স্বতরাং সিনেটে শিক্ষক প্রতিনিধি বেশী আছেন। সিণ্ডিকেটেও মেন্সরিটি টিচারস আছেন। সিনেটে গত আইনে ১**০ জন** ছিলেন, এখন আছেন ১০ জন, কিন্তু জয়েণ্ট কমিটি সেটা বৃদ্ধি করে ১২ জন করেছেন। মঞা চচ্চে সবাই কমাতে চেয়েছেন, থালি নিজের গদীটা আর একট বাড়িয়ে অপরেরটা কমান।

মডিয়াম অফ ইনসট্টাকসান সম্বন্ধে বলেছেন, সেটা বিশ্ববিদ্যালয়ের উপর ভার থাকা উচিত, বর্ত্তমানে যডক্ষণ পর্যন্ত না সর্বভারতীয় ক্ষেত্রে নৃতন নীতি গ্রহণ করা হচ্ছে, এটা আমি মনে করছি।

আর সর্বশেষে আমি বলুবো ফোর্ড ফাউনডেসান এর কথা।

#### Shri Sambhu Charan Ghosh:

ভাগলপুর, বিহারে বাংলাভাষার মিডিয়াম অফ্ ইনসট্রাক্যান হয়েছে, তাহলে কলিকাতা বিশ্ববিদ্যালয়ে কেন হবে না ?

#### Shrl Rabindralal Sinha:

আমরা হনে করি এবিষয় বিশ্ববিষ্যালয়ের স্বাধীনতা থাকা উচিত। তবে কোন সর্বভারতীয় নীতি ৰদি হয়, সে আনাদা কথা। বিশ্ববিষ্যালয় বাংলা করলে বাধা নেই, করেছেনও ভারা বি, এ, পাশ অবধি। সরকার করে দেবেন কেন ? আপনারা এইত বল্ছেন কুক্ষিগত, আবার কেন, সরকারকে বল্ছেন এটা করতে ?

লাইলি 'থামি বলবো ফোড ফাউণ্ডেশান-এর কথা। কোড ফাউণ্ডেশান-এর কথা বলে, কিছু আবেপ স্টীর ব দ্বাস হয়েছে। এই কথা বলা হয়েছে বে, আমরা নাকি ফোর্ড ফাউণ্ডেশান-এর ড্রাফট করা এট বিল এতে ছি। একথা সম্পূর্ণ অসন্তা। ফোর্ড ফাউণ্ডেশান আমাদের শিক্ষানপ্ররে কোন বিল পাঠাননি। (এ ভয়েস—রিপোর্ট আছে।)

নেটা হ। ছ রিপোট অফ্ দি ওরারকিং অফ দি ইউনিভারসিটি সম্বন্ধে। তারা কোন চিঠিও পাঠাননি যে

উনিভার্সিটি আইনকে বাতিল কবতে হবে। এরকম কোন প্রতিশ্রুতিও দেননি যে এই টাকা দেঝা, ইএই করলে। তাঁলের টাকা দেবার কথার কোন প্রতিশ্রুতির কথাই নেই। তবে কোন পরিপ্রেক্ষিতে, কি পটভূমিকার এই বিল এসেছে, সেটা বলতে পারি। বিশ্ববিভালরের মাননীর উপাচার্য মহালয় যথন কাল্ল করতে করতে একটা বাধা দেখলেন, তথন তিনি একটা বিল ভাফট করে আমাদের কাছে আনেন। সেই বিল বিশ্ববিভালরের সেনেটের কমিটিতে আলোচিত হয়েছে। বিশ্বক্র মগুলীতে এ নিয়ে বহু আলোচানা হয়েছে। সংবাদপত্রে বিস্তৃতভাবে আলোচানা হয়েছে, এমন কি এই বিধান মগুলীতেও এ সম্বন্ধে প্রেমার পর প্রশ্ন করা হয়েছে। সবই হয়েছে। যেটা উপাচার্য মহালয় এনেভিলেন, সেটা আমরা তেমনি ভাবে গ্রহণ করিনি বলে, মাননীয়া সলভা শ্রমি তা ইলা মিত্রের আপত্তি সেধানে। উপাচার্য মহালয়ের সক্ষেদ্রাকরের পর বিদ্বান বিদ্বান বলে ক্রিকি করেছি, যে কি ভাবে এই বিলটি আনবো। উপাচার্য মহালয় ছাড়া আর কোন লোকের সঙ্গে এই বিল নিয়ে আলোচনা করিনি। ফোর্ড ফাউণ্ডেগান-এর কথা সম্পূর্ণ অসত্য।

#### Shri Nikhil Das:

ষার্ড ফাউণ্ডেদান ইউনিভার্দিটিতে রেজিষ্ট্রারের ঘর নিয়ে বদে আছেন কেমন করে ?

#### Shri Rabindralal Sinha:

ইউনিভার্সিটির ঘরে কে বদবে, দে ক্ষমতা ইউনিভার্সিটি বিলে দেননি। সে ক্ষমতা আগের আইনে নেই এগনকার আইনেও নেই। স্থভরাং বিশ্ববিদ্যালয় যদি দিয়ে থাকেন, আমরা সরকার, দে বিষয় ক্ষমতাহীন

### Shri Nikhil Das:

বিধু ম**ল্লিক মহাশ**য় ফোর্ড ফাউণ্ডেসান-এর দ্বারা গাইভেড্ হয়ে এই বিল করেছেন।

### Shri Rabindralal Sinha:

আমি যতদ্র জানি, ডা: স্থবোধ মিত্র যাখন ভাইসচাানসেলর ছিলেন, তথন তিনি ফোড ফাউওেসানকে আহবান করেন কতকগুলি বিষয় পাঁরীক্ষা করবার জন্ম ও পরামর্শ দেবার জন্ম, সেই সময় তাঁরা আসেন। তারপর তাঁরা কোন কিছু করেছেন বলে আমার জানা নেই।

### Shri Nikhil Das:

এই বিল ড্রাফট করবার সময় লোড ফাউণ্ডেশান বডিকে আহ্বান করা হয়নি ?

# Shri Rabindralal Sinha:

বিদ সম্পর্কে তাঁরা এসেছেন বলে আমার জানা নেই। সে রকম কিছু হয়নি।

আমি এই কথা বলতে চাচ্ছি যে ফোর্ড ফাউণ্ডেসানকে এই বিলের জন্ম কথনও আহ্বান করা হয়নি।

আর ষ্ট্রাটিউট্ স, অর্ডিক্সান্স সম্বন্ধে যে অভিযোগ উঠেছে, সেথানে অমি বলতে চাই যে বিল ত এথনও পাশ হয়নি, এই বিল পাশ হলে, যিনি চাানসেলর হবেন, তিনি কম পক্ষে ছয় জনকে নিয়োগ করতে পারবেন, তাঁরাই কেবল ষ্ট্রাটিউট করতে পারবেন, অক্ত কারও ক্ষমতা নেই। কোর্ড ফাউণ্ডেসান আমাদের কাছে কোন চিঠি পার্চাননি, কোন কথা বলেননি বা তাঁদের কথায় এই বিল আনা হয়নি। তবে বিদেশী শিক্ষাবিদদের পরামর্শ গ্রহণ করতে ভারতবর্ধ নারাজ নয়। আজকে যে কুঠারী কমিশন হয়েছে, তাতে রাশিয়া থেকে আরম্ভ করে ইউ, কে, আমেরিকা থেকে, সর্ব জায়গা থেকে শিক্ষাবিদদের আনা হয়েছে।

### [5-45-5-53 p.m.]

ভবে সেটা আপনারা বিচার ব্রিবেচনা করে নেবেন আমাদের আত্মসম্মানের পক্ষে সেটা হানিকর কিনা, সেটা আমরা গ্রহণ করতে পারবো কিনা! সেদিক থেকে সমালোচনা করবার অধিকার আপনাদের ধোল আনা আছে, কেবলমাত্র ফোর্ড ফাউণ্ডেসান-এর নাম করে একটা আবেগ ও উন্তেজনা স্পন্তীর প্রয়াস থেকে আপনারা বিরন্ত থাকবেন এই আবেদন আপনাদের কাছে জানাচ্ছি।

এখানে এই বিলকে সারকুলেশনে দেবার জন্ম আলোচনা হয়েছে। তার উত্তরে আমি বলুবো যে এই বিলটিকে নিয়ে আমি রাস্ ইন করিনি, তাড়াছতা করে এই বিলটি আমি নিয়ে আসিনি। লীর্ঘদিন ধরে এই বিলটিকে নিয়ে আলাপ আলোচনা করেছি। সিনেটেও আলোচনা হয়েছে, আমি বিশিষ্ট শিক্ষা বিদ্যাের সজ্পে এই নিয়ে দেখাসাক্ষাং করে তাদের মতামত লিপিবক্ষ করেছি। সংবাদপত্তে এনিয়ে আলোচনা হয়েছে। এই সম্পর্কে এই হাউসেও প্রস্নোত্তর হয়েছে, হত্বরাং এই বিল নৃত্ন কিছু নয়, জনসাধারণ এই বিল সম্বন্ধে জানেন। ১৯৬৪ সালে প্রথম এই বিল আন। হয়েছে, সেপ্টেম্বর মাসে এক বছরের বেশী হয়ে গেছে। সিলেক কমিটাতে ১৬ দিন ধরে এই বিল নিয়ে আলোচনা হয়েছে। সেগানে তারা বসে পৃষ্যাহপৃষ্ট্রপ্রপে এ সম্বন্ধে আলোচনা করেছেন, বিবেচনা করেছেন, সেইখানে দেশেব নেতৃস্থানীয় শিক্ষাবিদ্যাের মতামত বিবেচনা করেছেন। বাজেই এই পরিপ্রেক্ষিণ্ড এই বিল প্রচারে দেবার কোন আবশ্রকত। নাই, স্তরাং সংশোধন প্রতাবের কিয়েছিল। করে আনার প্রতাবিটি গ্রহণ করবার ভল্ন মাননীয় সংস্ক্রের বাছে আব্যানক করেছি।

The motion that the bili be circulated for the purpose of eliciting opinion thereon was then put and a division taken with the following result:

#### NOES---70

Abdul Bari Moktar, Shri Abdullah, Shri S. M. Abul Hashem, Shri Bankura, Shri Aditya Kumar Bandyopadbyay, Shri Smarajit Banerice, Shri Jaharlal Basu, Shri Abani Kumar Bauri, Shri Nep d Bazlur Rahamai, Dargapuri Moulana Beri, Shri Daya Rum Bhattacharyya, Shri Bejov Krishna Bhattacharyya, Shri Syamadas Chakravarty, Shri Hrishikesh Chattopadhyay, Shii Brindabon Chattopadhyay, Dr. Susil Ranjan Das, Shri Ambika Charan Das, Shri Ananga Mohan Das, Dr. Bhusan Chandra Das, Shrimati Sənti Das Gupta, Shri Khagendra Nath Das Gupta, Dr. Susil Dev. Shri Kanai Lall Dhar, Shrimati Charushila Dutta, Shrimati Sudha Rani Fazlu: Rahman, Shri S. M. Gayen, Shri Brindaban Hazra, Shri Parbati Charan Hemram, Shri Kamala Kanta Julan, Shri Iswar Das

Janı, Shri Prabir Chandra Jehangir Kabir, Shri Karam Hossain, Shri Khan, Shu Gurupada Kolay, Shri Jagannath Mahanty. Shri Charu Chandra Mahata, Shri Surendra Nath Mahato, Shri Debendra Nath Maitra, Shri Birendra Kumar Maiti, Shrim iti Abha Maity. Shri Bijoy Krishna Maity, Shri Subodh Chandra Majumdar, Shrimati Niharika Mandal, Shri Krishna Prasad Misra, Shri Sowrindra Mohan Mitra, Shrimati Biya Mitra. Dr. Gopikaranjan Mondal, Shrimati Santilata Mondal, Shri Sishuram Mukherjee, Shri Pijush Kanti Mukherjee, Shri Santosh Kumar Mukhopadhyay, Shri Ananda Gopal Mukhopadhyay, Shrimati Purabi Nahar, Shri Bijoy Singh Pandit, Shri Krishna Pada Pramanik, Shri Puranjoy Ray, Shri Kamal Krishna Roy, Shri Arbinda Roy, Shri Gonesh Prosad Roy, Shri Pranab Prosad Roy, Shri Tara Pada Saha, Shri Dhaneswar Saren, Shri Mangal Chandra Sen, Shri Navendra Nath Sen, Sl ri Prafalla Chandra Sen. Shri Santi Gopal Shakila Khatun, Shrimati Shukla, Shri Kvishna Kumar Sinha, Shri Phanis Chandra Tanti, Shri Anadi Mohon Ziaul Haque, Sbri Md.

## AYES--24

Abul Mansur Habibullah, Shri Syee Basu. Shri Amarendra Nath

Basu, Shri Hemanta Kumar Bhattacharjee Shri Nam Bhattacharya, Dr. Kanai Laf Chakravarty, Shri Haridas Choubey, Shir Natavan Das, Shri Nikhil Das Gupta, Shri Sumil Das Mahapatra, Shri Balai Lal Dhibar, Shri Radhika Ghosh, Shri Sambhu Charan Golam Yazdanı, Dr Guha, Shri Kamal Kanti Hamal, Shri Bhadra Bahadin Maitra, Shri Kashi Kanta Majhi, Shu Kandru Mandal, Shu Adwaita Mitra, Shimati Ha Mukherjee, Shu Gurja Blins in Roy, Shir Aswini Roy, Shri Monoranian Roy Di Narayan Chandra Thakur Shri Shreemohan

The Aves being 24 and the Noes 70, the motion was lost,

The motion of Shir Rabindialal Sinha that the Calculta University di, 1964, as reported by the Joint Committee be taken into considera on, was then put and agreed to

## Adjournment

The House was adjourned at 5.53 p.m. till 1 p.m. on Friday, the 10th (comber, 1965) at the "Assembly House" Calculta

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Assembly Heuse, Calcutta, on Friday, the 10th December, 1965 at 1 p.m.

#### Present

Mr. Speaker (Shri Keshab Chandra Basu) in the Chair, 7 Ministers, 2 Ministers of State and 157 Members.

# STARRED QUESTIONS (to which oral answers were given)

[1-1-10 p.m.]

Eviction of slum-dwellers at 15 Murari Pukur Road, Calcutta

\*353. (Admitted question No. \*1799.) Shrimati Ila Mittra:

গ্র নির্মাণ বিভাগের মণ্ডিমহাশয় অন্ত্রহপ্রেক জানাইবেন কি-

- (ক) ইহা কি সত্য যে, ১৯৬৫ সালের ২৫এ মে তারিখের এইচ ডব্লিউ প্রজ্ঞাপন দ্বারা মানিকতলা অঞ্চলম্থ ১৫নং মরোরী পর্কুর রোডের বস্তী উচ্ছেদের যে নোটশ দেওয়া হইয়াছে তাহার মধ্যে কোন কোন বস্তীবাসী কাম্পটেণ্ট অথারটির কোর্টের রায় অন্যায়ী বিকল্প বাস্তু পাইবার অধিকারী;
- (খ) সত্য হইলে, যাহারা ঐ বিকল্প বাস্তু পাইবার অধিকারী তাহাদের বিকল্প বাস্তু দেওয়া হইয়াছে কিনা?

#### Shrimati Abha Maiti:

- (ক) হাাঁ, ৭১টি পরিবার কর্মাপটেণ্ট অর্থারটির আদেশ অন্সারে বিকাপ বাসংখান পাইবার যোগ্য বলিয়া বিবেচিত হইয়াছিলেন।
- ্থ) অন্নেশধান করিয়া জানা গিয়াছে যে কর্মপিটেণ্ট অর্থারটি-র রায় **অন্**যা**র্লী** অন্ধিকার দখলকারী উদ্বাস্তুগণ পনের ট'কা (কর্মসিডারেসন মানি) না দেওয়ায় ভাহারা **আ**ন বিকল্প বাস্থান পাইবার অধিকারী নন।

#### Shrimati Ila Mittra:

মাননীয় স্পীকার মহাশয়, এই প্রশেনর উপর আমার অনেকগ্লি সাক্ষিমেণ্টার আছে, আমি একটা একটা করে রাখছি। আমার প্রথম সাক্ষিমেণ্টার হচ্ছে এই যে, কন্পিটেণ্ট অথরিটি কোর্টের রায় হচ্ছে যে যতক্ষণ পর্যণত না এই সমস্ত রিফিউজিদের বাসস্থান দেওয়া হবে ততক্ষণ পর্যণত কেউ তাদের স্থানচ্যুত করতে পারবে না। কিন্তু কোর্টের সেই রায় হওরা সঙ্গেও গন্ডণিমেণ্টের তরফ থেকে যে নোটিশ দেওয়া হয়েছে এইচ, ভরলিউ, বিজ্ঞাপন ১৯৬৫ সালের মে তারিখে, তাতে তাদেরকে বিস্ত থেকে উচ্ছেদ করা হল। এটা গভর্ণমেণ্টের তরফ থেকে করতে পারে কিনা ?

#### Shrimati Abha Maiti:

আমি আগেই বলেছি যে কর্মাপটেন্ট অর্থারটির আইন অনুসারে কাউকে বিকল্প বাসস্থান দিতে গেলে তার কর্নাসভারেসন মানি সেটা কোটো জমা দিতে হয়। এঁরা তা দেননি। আমরা দেবার জন্য প্রস্তুত ছিলাম।

#### Shrimati Ila Mittra:

এটা ঠিক নয়, মত্রী মহাশয় বোধ হয় জানেন না। আপনার কাছে যা লেখা আছে, যেটা পছে গেলেন এটা ঠিক নয়। এই ব্যাপারে আমি নিজে কমিশনার শ্রীশম্ভ ব্যানাজারির সংগে দেখা করেছি কোটোর রায় নিয়ে গিয়ে। তিনি বলৈছেন জমিদার যদি এটা ছেড়ে দেয় তাহলে আমাদের কিছ্ব বলবার নেই। কিন্তু তাঁরা যথন বাস্তু পাবার অধিকারী হবেন বাস্তু যথন দিতে পারবেন তখন জমিদারকে মোটামর্টি একট টাকা দিয়ে ব্যবস্থা করা যেতে পারে। কিন্তু সেট, না করে আগেই কি করে আপনারা এইভাবে উচ্ছেদের নোটিশ দিলেন? ন্বিতীয়তঃ হচ্ছে যখন কমিপটেন্ট অথরিটি কোটোর রায় রয়েছে যে উচ্ছেদ করা যায় না, তখন জাপনারা কি করে উচ্ছেদের নোটিশ দিতে পারেন? তৃতীয়তঃ জমিদারদের তরফ থেকে আপনাদের কাছে কোন নালিশ যায়নি যে তাঁর: এই ধরণের টাকা দেয়নি, না দেওয়ার জন্য আমরা তাঁদের উচ্ছেদ করেছি?

#### Shrimati Abha Maiti:

আমি বলৈছি ৭১টি পরিবার এই কর্মাপটেণ্ট অর্থারটির রয়ে অন্সারে প্রার অধিকারী এবং আমরা কলকাতার কাছাকাছি জায়গায় এ'দের দিতে পারি। কিণ্তু কর্মাপটেণ্ট অর্থারটির জন্য যে অংশ সেটা যদি না মানেন তাহলে আমরা দিতে পারিনা।

#### Shrimati Ila Mittra:

আমরা এটা মানতে রাজী আছি। কিব্তু আমি লিখিতভাবে আপনার ডিপার্টমেণ্টের করে দিয়েছি, আপনার ডিপার্টমেণ্টে সে খবর আপনাকে দেননি। তাঁরা বলেছেন যে ১ টাকা, ২ টাকা দিয়েই হোক বা যেভাবেই হোক জমিদারের সংগে কর্মসাল করে নিতে পারেন ভাতে আমাদের কোন আপত্তি নেই। কিব্তু আমরা, যখন জমির টাকার ব্যবংগ করতে পারবে তখন তাদের দেবো এই কথা বলছেন, কিব্তু সেই কারণে আটকায়নি। জমিদারের বাড়ীতে যে ক'নেন ছিল ভার টাকা দিতে পারে নি বলে তাঁধের নোটিশ দেওয়া হথেছে একগা ঠিক নয়। আমাব দিবতায় প্রশন হচ্ছে যখন ক্মপিটেন্ট অথরিটি কোটোর রায় হয়েছে যে তাঁদের ততক্ষণ প্যাত কেউ বাস্তুছতে করবে না যতক্ষণ প্যাত না ভার। প্রাবাসন পাঞ্চন, সেই অবস্থায় এই উচ্চেদের নোটিশ কি করে দিলেন :

#### Shrimati Abha Maiti:

অমি আগেই বললাম যে এই আইনের দনটো অংশ আটে, এবটা আমাদের ওপর দায়িত আছে পালন করবার এবং আর একটা দায়িত্ব আটে উদ্বাস্ত্রদের উপর জ্বার বরবার। অনুবা এটা নিশ্চয়ই পালন করতে পারি এবং জমি দিতে পারি যদি তরি। স্নিকটা টাকা দিতে পারেন, তাইলে উচ্ছেদের এখন আসে না।

## Shrimati Ha Mittra:

আমার প্রশন হচ্ছে উচ্ছেদ আপন রা করতে পারেন বাঁহত উচ্ছেদের যে ফাম আছে সেই ফাম অন্যায়ী, আমি তার বিরোধী নই, কারণ সেখানে বাঁহত উচ্ছেদ করে হয়ত একটা ভাল রাইতা করবেন, সেজন্য তার সপক্ষে আমি, কিন্তু আমার বন্ধবা হচ্ছে, বাঁহত উচ্ছেদ করের পর সেখানকার বাঁহতবাসী যারা, যাঁরা রিফিউজি নয়, সেখানে সকলেই যে রিফিউজি থাকবে এমন কোনকথা নেই, তাঁদের পনেবাসনের জন্য অনেক ঘর, বাড়া তৈরী হয়েছে সেটা আমি নিজে পর্যাত দেখেছি, আমার প্রশন হচ্ছে পাটি কুলারলি তাঁদের সম্পর্কের যাঁরা কোটের বায় অন্যারে বাই জমি পাবেন, কিন্তু ১৫ বছর ধরে এই গভগমিেটের গাফিলভির কলে রিফিউজির: একটা অবর্ণানীয় দর্মাণার মধ্যে আছে এবং যার ফলে এই ৭১টি পরিবারকে আজ ১৫ বছর ধরে পনেবাসন দিতে পারেমনি। আপনারা নিজেরা গিয়ে সেই জয়গা দেখনে তাঁরা কুকুর বিড়ালের মড সেখানে বাস করছেন, একটা ছোট ঘরের মধ্যে—আমি সেখানে গিয়ে ১ ফটা বসতে পাারান, তাঁদের সম্পর্কে কি ব্যবহ্যা করেছেন ? দিবতীয় প্রশন এর সংগ্রে জড়িত যে আপনার গভগমেনট

ধ্যেক এই কথা বগছে যে, যে মৃহুতে বিশ্ব উচ্চেদ হয়ে যাবে তাঁদের জন্য যে বিকল্প বাড়ী তৈরী হয়েছে গভগমেন্টের পক্ষ থেকে তাঁরা সেখানে চলে যাবে। কিন্তু আপনার ভিপাটিমেন্ট থেকে এই কথা বলছে যখন তাঁরা বিকল্প বাড়ীতে চলে যাচ্ছে তখন বাস্তু পাবার যে আধকার সেই অধিকার তাঁরা হারাচেছ। তাহলে কি তাঁরা পথে বসবে? একদিকে বলছেন যে বিকল্প বাস্থানে যদি না যায় তাহলে গভগমেন্টে দেওয়া প্রনর্বাসন পাবার অধিকারী নয়, আবার গভগমেন্ট তাঁদের বাস্তুও দিচ্ছেন না, তাহলে কি তাঁরা পথে বসে মারা যাবে? আমি হাউসিং ডিপাটামেন্ট, রিফিউজি ডিপাটামেন্টে গিয়েছি কেউ কিছ্ব বলতে পার্ছেন না, সেইজন্য আমি হাউসে এই প্রশন তুলেছি।

## Shrimati Abha Maiti:

আমার বিভাগের তরফ থেকে যা উত্তর দেওয়া সম্ভব তাই আমি দিয়েছি, এর থেকে ন্তৰ কিছু বলার নেই।

### Shrimati Ila Mittra:

আপনার ডিপার্টমেন্ট থেকে উত্তর দিচ্ছে যে তাঁরা কনসিভারেশন মানি দেয়নি বলে দিতে পারছেন না। অথচ ১৫ বছর ধরে এই রিফিউজিরা কুকুর শেয়ালের মত কোন রকমে মাধা গাঁকে রয়েছে। আমরা এা সেন্বলীতে প্রশন করছি কিন্তু উত্তর পাচ্ছি না, উনি কিছ্ জানেন না, কিছ্ বলতেও পারছেন না, তাহলে, স্পীকার মহাশ্য়, কি করা যাবে?

(নো রি॰লাই।)

#### Shri Sanat Kumar Raha:

যে প্রশ্নট শ্রীমতী ইলা মিত জিপ্তাসা করেছেন সেটা খবেই গ্রেপ্ণা। তাহরে আমরা কি এটা বারুবারে যে প্নের্মিনের দাসিত্বের প্রশন সমকারী দণতর থেকে এড়িয়ে বারুয়া হচ্চেই আমার বন্ধবা সরকার কি বিভাগীয় দণতর থেকে প্নের্মাননের দায়িত গ্রুবার্ডারে নিয়েছেন, যদি না নিয়ে থাকেন তাহলে পরিক্রার করে বলনে, আরু যদি নিয়ে থাকেন তাহলে সহজভাবে কিভাবে প্নের্মিন দেওয়া সায় তা বলনে ?

## Shrimati Abha Maiti:

আমিত আগেই বলেছি এই প্রশেষর যা উত্তর ২.৩ পারে এই বিভাগ থেকে সেটা পারকোরভাবে বলে দিয়েছি।

#### Shrimati Ha Mittra:

সদার, আমিত কিছাই ব্যেতে পারছি না। ৬।ন ব্যাপারটা জানেন না, কিছা বলাতেও পারছেন না, তাহলে কি কবা যাবে ?

## Mr. Speaker:

অপনি যে কোশ্চেন করেছেন তার উত্তর উনি দিয়েছেন। তারপরে আপনি যদি অন্তব করেন যে আপনার কোশ্চেনের প্রের আনসার ম্যান, এটা অত্যুক্ত গ্রেড্প্র্ণ, তাহলে আমাদের রনেস্য অব প্রসিডিয়োরে অনেক কিছ্ম আছে, ইউ মে টেক রিকোস ট্যু দোজ প্রাসাডওরস। কিল্তু কেশ্চেনের ত আর জ্যের করে আনসার দেওয়াতে পারবো নং।

[1 10-1 20 pm]

## Shrimati Abha Maiti:

আপান হাউসিং বিভাগকে প্রশ্ন করনে।

#### Shrimati Ila Mittra:

আমার কথা হচ্ছে এই যে কনসিভারেসন মানি যে টাকাটা জমিদারদের সংগে যদি আজই মিটমাট করা যায়—মনে কর্ন এর পরে আমি এসেম্বলী থেকে সেখানে গেলাম, গিয়ে জমিদারের সংগে ফয়সালা করলাম তাহলে কালকে তাদের বাসংখান দেবেন কিনা?

## Shrimati Abha Maiti:

নিশ্চয় আমরা চেণ্টা করবো—কারণ অনেক দেওয়া হয়েছে।

## Shri Birendra Narayan Ray:

আমার পরেণ্ট আ অর্ডার স্যার, মাননীয় সদস্য শ্রীসনং রাহা প্রশন করলেন যে রিফিউজীদের পনের্বাসনের বিকল্প ব্যবস্থা সরকার করেছেন কিনা যদি না করে থাকেন বলনে যদি করে থাকেন তাহনে বলনে কি ব্যবস্থা করেছেন—তার উত্তরে মশ্রী মহাশয় বললেন আমার যা বলবার তা বলে বিয়েছি . . .

## Mr. Speaker:

তার আগে উনি আনসার পিটা। ছলেন বলে ইনি সে আনসারটা রেফার করেছেন।

## Shri Birendra Narayan Ray:

স্যার, উনি যা উত্তর দিয়েছেন তারমধ্যে এই প্রশেনর উত্তর নেই . . .

## Mr. Speaker:

এতে আপনার পয়েন্ট অব অর্ডারের কিছা নেই।

#### Shrimati Ila Mittra:

এটা স্বার ক্লারিফিকেসনের দরকার। এটা এবচা গা্র্ব্ধপূর্ণ বাাপার। তাহলে আপুনি আধ ঘণ্টা সময় দিন এ ব্যাপারে আলোচনা করার জন্য।

#### Mr. Speaker:

রনেসে যেরকম প্রসিডিওর আছে সেইভাবে আপনার: দিলে পর জাই মে কনসিভার কিন্তু এটা এভাবে হয় না আপনি রনেসটা দেখে নেবেন।

## Shrimati Ila Mittra:

কমপিটেণ্ট অথরিটির কোর্টের যে রয় হয়েছে . . .

#### Mr. Speaker:

অপনাদের রনেস আছে এটা গ্রেন্থপূর্ণ হলে ইউ ক্যান ফলো আদার প্রাস্তিওরস্।

## Home for the physically handicapped persons

- \*384. (Admitted question No. \*1243.) Shri Ananga Mohan Das : ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মণ্ডিমহাশয় অন্ত্রহপূর্বক জানাই বন কি—
  - (ক) ফিজিক্যালি হ্যা**্ডিক্যাণ্ট ব্যক্তিগ**েগর জন্য সরকারী কায়ে কোন হোম আছে কি
  - (খ) থাকি:ল **উহাদের সং**খ্যা কত এবং কতজন এগর্নাতে আশ্রয় পাইয়াছে ?

## Shrimati Abha Maiti:

- (ক) হ্যা, আছে।
- (খ) ৮ (আট), যথা---

আবাসের নাম		গ্ৰ আবাদিকের সংখ্যা ১১-৬৫ প্যশ্তি)
(১) ম্ক ও বধির বিদ্যালয়, রায়গঞ্চ;		৭ জন।
(২) পরের্য ভবঘরে আবাস, কলিকাতা		১৬২ ,,।
(৩) বিশেষ ভবঘনরে আবাস, মেদিনীপনর		88 " (
(৪) নারী ভবঘ্রে আবাস, উত্তরপাড়া		90 ,, 1
(৫) প্রবাশ্রম, কামারহাটি		20 " 1
(৬) সাময়িক প্রের্ষ ভবঘরে আবাস, আন্দরলরোড,	<b>হাওড়া</b>	<b>५</b> २ ,, ।
(৭) ঢাকুরিয়া ভবঘনের আবাস,		ا ,, ا
(৮) কুণ্ঠ রোগাক্রান্ত ভব্ঘনরে আবাস, কলিকাতা		<b>५५२ ,, ।</b>
	মোট	৪৮৪ জন।

## Shri Ananga Mohan Das:

যে সমস্ত অংধ এবং খঞ্জ লোক আছে তাদের আপনারা ফিজিক্যালি হ্যাণ্ডিক্যাণ্ড বলে মনে করেন কিনা?

## Shrimati Abha Maiti:

ফিজিক্যালি হ্যা॰ডক্যা॰ড বলে মনে করি বলেই তো আমাদের মন্থ বধির বিদ্যালয় রায়গঞ্জে করা হয়েছে এবং সেখানে লোকজনও আছে।

## Shri Ananga Mohan Das:

এই প্রদেশে অংশ এবং খঞ্জের এখন মোট সংখ্যা কত তা আপনার জানা আছে কি?

## Shrimati Abha Maiti:

ধর্তমানে আমার মোট সংখ্যা জানা নেই—নোটিশ দিলে বলতে পারবো।

## Shri Ananga Mohan Das:

ম্বাপনাদের রিলিফ বিভাগ থেকে স্থায়ীভাবে রিলিফ ডোল দেওয়া হয় যারা অংশ খঞ্জ তাদের— কাজেই তাদের সংখ্যাটা রাখার আপনাদের কোন ব্যবস্থা আছে কিনা?

#### Shrimati Abha Maiti:

আপনি একজন রিলিফ কমিটির সদস্য—আপনি ভাল করেই জানেন যে অংধ এবং খঞ্চ— এদের আমরা আলাদা লিন্ট করতে বলেছি—কিন্তু হারা রিলিফ পায় তাদের মধ্য থেকে অংধ এবং খঞ্চের তালিকা নিলে তাতে সারা বাংলা দেশের চিত্র পাওয়া যায় না।

## Shri Ananga Mohan Das:

তাদের সংখ্যা আরও অনেক বেশী—কাজেই তাদের হোমের সংখ্যা বাড়িয়ে তাদের রাখবার ব্যবস্থা করছেন কি?

#### Shrimati Abha Maiti:

আমাদের হোমে আরও বেশী সিট আছে সব ভর্তি হোক তার পরে করবো?

#### Shri Sanat Kumar Raha:

**দাংলাদেশে এই রকম হ্যাণ্ডিক্যাণ্ট ফিজিক্যালি কত আছে তার তথ্য আপনার আছে কি?** 

#### Shrimati Abha Maiti:

আমাদের কাছে কোন তথ্য নেই তবে সংগ্রহ করার চেণ্টা করছি। আমাদের যে রিলিফের টাকা শেওয়া হয় তার ভিতর থেকে একটা অংশ পাওয়া যাবে বলে মনে কর্রাছ—তবে সব পাওয়া पाবে না।

## Shri Sanat Kumar Raha:

<mark>ু এই যে হ্যাণ্ডিক্যাণ্ট ফিজিক্যালি যারা আছে তাদের সংখ্যা কোন্ দণ্তর থেকে নেওয়া হচেছ</mark> ?

#### Shrimati Abha Majti:

শামাদের রিলিফ ডিপার্টামেণ্ট যে রিলিফ দেয় তার ভিতর ক্যাটিগরী করে আমরা সংখ্যাটা পাওয়ার চেণ্টা করছি-কিন্তু আমি আগেই বলেছি যে এর দ্বারা বাংলাদেশের সব চিত্র পাওয়া ধাবে না।

#### Shri Sanat Kumar Raha:

এই যে রাস্তাম যারা ঘরে ফিরে বেডাম তাদের কোন সংখ্য আপন্দের কাছে আছে কি?

## Shrimati Abha Maiti:

এই রকম কিছা নেই—সাধারণত পালিশের থেকে আমাদের কাছে গেগুলি লেয় ভবগারে এলার অন্যসারে আমরা তাদের এ্যাকমডেসন দিয়ে থাকি—তবে আমাদের বিভাগে নিজে চিত্রটি যে এর একটা প্রামাণ্য তথ্য পর্বলশের সংগে সহযোগিতা করে যোগাড করতে।

## Shrimati Biya Mitra:

আমি মাননীয় মত্ত্রী মহাশয়কে জিজ্ঞাস। করি এই হ্যাণ্ডিক্যপ্তে খিলিফ্র্যালি এপর এন্য কেন বিদ্যালয় আছে কিনা এবং থাকলে ক্যটি?

#### Shrimati Abha Maiti:

একটি অ'ছে-রায়গঞ্জ।

#### Shrimati Biya Mitra:

এই বিদ্যালয়গর্মল রেসিডেন্সিয়াল বিদ্যালয় কিনা সেটা জানতে চাই।

## Shrimati Abha Maiti:

**এ**টা রেসিডেশিয়াল-বর্তমানে ৭ জন আছে।

## Dr. Golam Yazdani:

মাননীয় মন্ত্রী মহাশয়া বললেন যে রাস্তায় যারা ঘরে ফিরে বেড়ায় পর্যালশ সেই সমস্ত সংবাদ দেয়-এই সমস্ত সংবাদ প্রবিশ কি নিজেরা দেয়-না, আপনারা প্রবিশকে নির্দেশ দিয়েছেন?

#### Shrimati Abha Maiti:

আমরা অনেক সময় কোন জ্বায়ুগায় যদি দেখি-প্রন্তিশকে বলি রাউণ্ড আপ করার জন্য, আবার পর্নাল নিজের থেকেও করে।

## Agricultural loan and agricultural group loan

\*385. (Admitted question No. \*1636.) Shri Abani Kumar Basu: ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মণ্ডিমহাশয় অন্ত্রহপ্র্ণক জানাইবেন কি—

- (ক) এগ্রিকালচারাল গ্রন্থ লোন কাহাদের মধ্যে বিতরণ করা হয়:
- (খ) এই কৃষি ঋণ ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করার কোন ব্যবহথা আছে কি না; এবং
- (গ) গত ৩ বংসরে এগ্রিকালচারাল লোন ও এগ্রিকালচারাল গ্রন্থ লোন যথাক্রমে ক্ত টাকা বিতরণ করা হইয়াছে?

#### Shrimati Abha Maiti:

- (ক) আবাদযোগ্য ভূমির মালিক বা দর্খালকারদিগকে দর্দ'শা লাঘবের জন্য এগ্রিকালচারাল গ্রন্থ লোন দেওয়া হইয়া থাকে।
- ্খ) হ্যাঁ, আবাদযোগ্য ভূমির দর্খালকারগণকেও দর্দ'শা লাঘবের জন্য এই ঋণ দেওয়া ।।ইতে পারে।

(গ)

(4)	১৯৬২-৬৩ টাকা	১৯৬৩-৬৪ টাকা	১৯৬৪-৬৫ টাকা
একক ঋণপত্রে বিতরিত কৃষি ঋণের পরিমাণ	৭,১৫,৭০৮	৯.৫৪,৯৩৭	৮,৪১,৩ <b>৪০</b>
যোথ ঋণপতে বিতরিত কৃষি ঋণের পরিমাণ	866,69,00	<b>৫৮,২০</b> ,৫৬8	89,৫8 <b>,৬৬৫</b>

[২৪-পরগণা জেলা সম্পর্কে তথ্য এখনও পাওয়া যায় নাই বলিয়া উপরোক্ত পারসংখ্যানে। ১৪-পরগণা ভিন্ন বাকী ১৪টি জেলা সম্পর্কে তথ্য দেওয়া হইয়াছে।]

## Shri Abani Kumar Basu:

শ্রী মহাশয় কি জানাবেন যে এই সমশ্ত ভূমিহীন কৃষক এদের একক ঋণ দেবার কোন ব্যবস্থা যাছে কিনা?

## Shrimati Abha Maiti:

মিহীন কৃষকদের একক ঋণ দেবার ব্যবস্থা নেই—্যৌথভাবে ফেল্ফার ব্যবস্থা জ্বান্তে।

### Shri Abani Kumar Basu:

াননীয়া মণ্ট্রী মহাশয়া কি জানেন যে পশ্চিমবাংলা এই সমণ্ড ভূমিহীন কৃষকদের কোন একক । দবার ব্যবংথা না থাকার জন্য ভূমিহীন কৃষকদের প্রয়োজন যত বেশীই হোক না কেন—। হৈডম্যান অব দি গ্রন্থে যতক্ষণ না এ্যাকসেপ্ট করছে সেই ভূমিহীন কৃষককে ততক্ষণ তারা । পায় না ?

## Shrimati Abha Majti:

াননীয় সদস্য মহাশয় অবগত আছেন যে ঋণ দিতে হলে ঋণ পরিশোধের ব্যবস্থা করতে হয়। বং ঋণ নিতে হলে কোন একটা জমিকে বংধক রাখতে হয়। সত্তরাং যার জমি নেই ডাকে নমরা খয়রাতি দিতে পারি কিন্তু তাকে ঋণ দিতে পারি না যদি না তার হয়ে আর একজন কেউ ড়ায়।

K - 103.

#### Shri Abani Kumar Basu:

মুদুরী মুদ্রাশয়া কি জানাবেন যে জুমিকে সিকিউরিটি হিসাবে রেখে ক্রেডিট ওয়াদিনেস না করে র্যাদ তাদের উৎপন্ন ফসলকে প্রপার সিকিউরিটি বলে ধরে নেওয়া হয় তাহলে তাদের ঋণ দেওয়া যায় কিনা?

#### Shrimati Abha Maiti:

এখনও সেটা আমরা বিবেচনা করে দেখি নি।

## Shri Abani Kumar Basu:

মাননীয়া মত্নী মহাশয়া জানেন কি যে সারা পশ্চিমবংগে বহু, কৃষি পরিবার তারা রিলিফ পায় া বলে প্রয়োজনের সময় চাষ করতে পারে না—এটা বিবেচনা করে তিনি এ বিষয়ে সম্বর বিবেচনা করবার কোন আশ্বাস আমাদের দেবেন কি?

## Shrimati Abha Maiti:

এটা ঠিক যে বহু, লোক পান-অধিকাংশ পান না তা নয়, যারা নিতে চান এই গ্রন্থপর ভিতর তাদের সকলকেই আমরা দিয়ে থাকি-গ্রন্থের মধ্যে যে হেডম্যান সে সিকিউরিটি হিসাবে কাজ করে।

#### Shri Abani Kumar Basu:

গাননীয়া মন্ত্ৰী মহাশয়া কি জানাবেন যে তিনি যে তথ্য দিলেন ১৯৬৩-৬৪ থেকে ১৯৬৪-৬৫ নালে ঋণ বিতরণের পরিমাণ যে কমে গেছে। এই কমে ধাবার কারণ কি?

#### Shrimati Abha Maiti:

আমাদের কাছে সাধারণত জেলা ম্যাজিন্টেটরা যে রক্ম চান আমরা সে রক্ম দিয়ে থাকি-তাঁরা যেভাবে চেয়েছেন সেইভাবেই আমরা দিয়েছি—বেশী চাইলে বেশী পেতেন।

## Shri Nani Bhattachariee:

মাননীয়া মত্রী মহাশয়া কি বলবেন যে এই গ্রন্থে লোনের এখন যে পরিমাণ আছে সেই পরিমাণ বাডানোর কোন পরিকল্পনা আছে কিনা?

## Shrimati Abha Maiti:

এগর্নল লোক্যাল অফিসার, ডিণ্ট্রিক্ট ম্যাজিণ্ট্রেটরা করে থাকেন—তাদের উপর দায়িত দেওয়া আছে—তাঁরা ইচ্ছা করলে করতে পারেন।

## Shri Nani Bhattacharjee:

ধরনে, একটা গ্রন্থে ২৫০ কি ৩০০ টাকা আছে . . .

## Shrimati Abha Maiti:

আমি তো বললাম তাঁরা ইচ্ছা করলে বাড়াতে পারেন—আমরা এখান থেকে নিদিশ্টি করে কিছু দিই না-এটা জেলা ম্যাজিণ্টেটরা কিছটো করতে পারেন-কিছটো কমিশনার করতে পারেন-সাধারণত তিন হাজার টাকা পর্যাত ইচ্ছা করলে কমিশনাররা স্যাংশন করতে পারেন-ভার এক দ্রাজার টাকা পর্যাত ইক্ষা করলে জেলা ম্যাজিন্টেটরা স্যাংশন করতে পারেন।

[1-20—1-30 p.m.]

#### Shri Sanat Kumar Raha:

বর্তমানে লেভী যে অবস্থায় চলেছে তাতে আমাদের ধারণা যে দাদন এবং বর্তমানে চাষারা ঋণগ্রস্ত হবার ফলে সমস্ত স্টেট ট্রেডিং বানচাল হবার সম্ভাবনা আছে। কারণ চাষারা ঋণগ্রস্ত হর্মান, ঋণমন্ত হবার জন্য গভর্ণানেশ্ট কি কোন চিন্তা করছেন? সামনে যখন কৃষি ঋণের ডাই-রেকটিভ্সে দেবেন জেলা ম্যাজিণ্ট্রেটকে এর্প কৃষি ঋণের হাত থেকে বা মহাজনের হাত থেকে বাঁচাবার জন্য তাদের গ্রন্প লোন বাড়াবেন কি?

#### Shrimati Abha Maiti:

প্রয়োজন হলে ব্যবস্থা গ্রহণ করা হবে।

## Shri Sanat Kumar Raha:

ভাগ চাষী ঋণ দেবার ব্যবস্থা করা হবে কি না?

## Shrimati Abha Maiti:

ভাগ চাষীরা এদের মধ্যে পড়তে পারেন যদি জমি না থাকে।

## Shri Nani Bhattacharjee:

মাননীয়া মাত্রী মহাশায়া কি বলবেন যে ভূমি ঋণ এবং জমির খাজনা বর্তমান অবস্থার াদকে তাকিয়ে লোন-এর পরিমাণ বাড়ানর কথা চিন্তা করছেন কিনা এবং এগ্রিকালচারাল লোন বাড়াবার কথা ভাবছেন কিনা ?

#### Shrimati Abha Maiti:

আমরা কিছন পরিমাণ নিদিপ্টি করে দিচিছ না। আমরা জেলা ম্যাজিণ্ট্রেট এবং লোক্যাল কমিশনার কতটা পরিমাণ স্যাংশন করছেন সেটা বলে দিয়েছি। বাডানর কোন আপতি নেই।

## Shri Nani Bhattachariee:

এইরকম পলিসি নেবার কথা ভাবছেন কিনা। আজকে গ্রো মোর ফর্ড ক্যান্দেন-এর লোভ কণ্ট্রাক্ট সমন্ত ব্যাক্প্রাউণ্ড-এ ৭ একর যার নিজের যেসমন্ত জমি আছে সেই সমাত জামতে কৃষি ঋণ বৃদ্ধি করার জন্য লোন-এর পরিমাণ বাড়ানর কথা চিন্তা করছেন কিনা? জেলা ম্যাজিন্ট্রেট যে পরিমাণ অর্থ পান সেটা মাননীয়া মন্ত্রী মহাশয়া হয়ত জানেন। যে কোন জেলার লোন-এর কত প্রয়োজন এবং সেটা সেইভাবে দিতে পারছেন না কেন?

## Shrimati Abha Majti:

এভাবে এটা হয়নি, আমরা ভেবে দেখছি।

## Dr. Gopika Ranjan Mitra:

মাননীয়া মন্ত্রী মহাশয়া কি জানেন যে এই যে গ্রন্থে লোন দেওয়া হয় এর মধ্যে ২।৪ জন যদি দিতে না পারে তাহলে আর ঐ গ্রন্থে লোন দেওয়া হয় না?

## Shrimati Abha Maiti:

शौ।

## Shri Abhoy Pada Saha:

মাননীয়া মণ্ড্ৰী মহাশয়া কি জানেন যে গ্ৰন্থ লোন চিণ্ট্ৰিবিউসন-এর মধ্যে পেশাল র্বল এবং জেনারেল র্বল এইন্ডাবে কোন আইন আছে কিনা?

#### Shrimati Abha Maiti:

পেশাল রন্ল এবং জেনারেল রন্ল এইর্প আইনের আমি কিছন জানিনা, আমরা একটা রন্ল অননসারে দিয়ে থাকি, এ ধরণের যদি একজনকে দিয়ে যদি দেখা যায় যে তাকে আরও দেওয়া দরকার তখন তাকে আমরা আরও দিতে পারি।

## Shri Abhoy Pada Saha:

মাননীয়া মন্ত্রী মহাশয়াকে আমি বলতে চাই যেটা তা হচ্ছে স্পেশাল রূল অর্থে যাদের জমি নেই বর্গাদার তাদের দেওয়া চলবে না আর জেনারেল রূল বলতে যাদের জমি আছে। স্বতরাং এভাবে দেওয়া হয় কিনা বলবেন?

## Shrimati Abha Maiti:

যাদের আবাদযোগ্য জমি আছে তাদের দিয়ে থাকি। কিন্তু তা সত্ত্বেও বাদের আবাদযোগ্য জাম নেই আমরা তাদের দিতে পারি যদি তারা গ্রন্থ লোন করে।

## Shri Birendra Narayan Ray:

গত ২ ৰংসর এগ্রিকালচারাল গ্রন্থে লোন-এর ব্যাপারে যে অংক আমরা দেখছি এর টার্মাস এবং কণ্ডিসন-এ উৎসাহিত বোধ করছি না। সত্তরাং এ বিষয়ে একটা বলবেন?

## Shrimati Abha Maiti:

আমাদের অভিজ্ঞতা তা নয়।

## Rehabilitation of Camp Refugees

\*386. (Admitted question No. \*1693.) Shri Gour Chandra Kundu: উদ্বাস্ত্, ত্রাণ ও পন্নর্বাসন বিভাগীয় মন্ত্রিমহাশয় অন্:গ্রহপূর্বক জানাইবেন কি যে সমস্ত ক্যান্প উন্বাস্ত্ পরিবার দশ্ডকারণ্য ও বাংলার বাহিরে পন্নর্বাসনে যাইতে অস্বাকার করিয়াছিল তাঁহাদের পশ্চিমবঙ্গের অভ্যান্তরে পন্নর্বাসন দিবার জন্য কোন সরকারী পারকলপনা করা হইতেছে কিনা?

## Shrimati Abha Maiti:

সম্প্রতি কেন্দ্রীয় সরকার এত জ্ঞাতীয় উদ্বাংতুগণকে কিছ্ম প্নের্বাসন বাবদ সাহায্য দ্বার প্রস্তাবে নীতিগতভাবে সম্মত হইয়াছেন। পরিবার প্রতি এই সাহায্যের পরিমাণ ঠিক কত হইবে তাহা কেন্দ্রীয় সরকার না জানাইলে ই হাদের প্রনর্বাসনের কোনও পরিকল্পনা রচনা করা সম্ভব নয়।

## Shri Aswini Roy:

আপনি বললেন কিল্ডু এদের সংখ্যা কত সেটা কি জানাবেন ?

## Shrimati Abha Maiti:

প্রায় আট হাজারের মত পরিবার।

#### Shri Sanat Kumar Raha:

বাংলাদেশে এদের পনের্বাসনের ব্যবস্থা করবেন কিনা। অর্থাৎ বাংলাদেশে এদের যে পনের্বাসন দেওয়া হবে এর কোন পরিকল্পনা আছে ?

## Shrimati Abha Maiti:

যেখানে ছিল এক্স-ক্যাম্প অধিবাসী তার আশেপাশে দেওয়া যায় কিনা হস বিষয় অনেকাদন ধরে কেন্দ্রীয় সরকারকে জানিয়েছি এবং একথা আমি হাউসে ইতিপূর্বে বলেছি। বর্তমানে ভারা এটা নীতিগতভাবে স্বীকার করেছেন যে তাদের সাহায্য দেওয়া উচিত কিন্তু ভাষের কাছ থেকে স্পেসিফিক্যালি কিছন পাচিছ না। তারা কিছন সাহায্য করতে চান তবে তাদের সাহায্য না পেলে কোন পরিকলপনা করতে পার্রাছ না।

## Shri Sanat Kumar Raha:

আমার প্রশ্ন হচ্ছে সাহায্য দিলে বাংলাদেশের মধ্যে তাদের প্রনর্বসতি দেওয়া যাবে কিনা ?

## Shrimati Abha Maiti:

কাউকে বেশী কাউকে কম টাকা দেওয়া হবে অনেক শ্তর আছে।

## Shri Sanat Kumar Raha:

বাংলাদেশের ভেতরে তাদের পনের্বাসন দেবার পরিকল্পনা আছে কিনা এবং তারজন্য কৈ কোন এন্টিমেট করেছেন?

## Shrimati Abha Maiti:

অন্যান্য উদ্বাস্তুদের যে সাহায্য দিয়েছি আমরা খানিকটা সেইভাবে দিতে চাই। কিন্তু তারা এবিষয়ে কিছ্ন বলছেন না যার জন্য আমরা কোন পরিকংপনা রচনা করতে পারছি না।

## Shrimati Santi Das:

যে সমস্ত ক্যাম্প-এ বা কলোনীতে রিহ্যাবিলিটেসান পেয়েছে তারা লোন এবং জমি নিয়ে সেখান থেকে চলে গেছে সেই সমস্ত খালি প্লট ঐ ক্যাম্প-এ যে সমস্ত রিফিউজি-রা রয়েছে তাদের সেখানে রিহ্যাবিলিটেসান করা যায় কিনা?

#### Shrimati Abha Maiti:

নিশ্চয়ই করা যায়। জমি যেখানে পড়ে আছে, বাড়ী সেখানে তৈরী করেছে, সেখানে রিকমপেন্স করা যায়।

## Test Relief Centres in Tufangani Subdivision

- \*387. (Admitted question No. \*1761.) Shri Jiban Krishna Dey: ত্রাণ ও সমাজ কল্যাণ বিভাগের মণ্ডিমহাশয় অন্ত্রহপ্র'ক জানাইবেন কি—
  - (ক) তুফানগঞ্জ মহকুমায় চলতি টেণ্ট রিলিফ কেন্দ্র কতটি:
- (খ) বর্তমান বংসরে কোন কেন্দ্র থেকে টাকা কিংবা গম বিতরণে কোন দন্দশীতর সরকারের নিকট এসেছে কিনা :
  - (গ) যদি (খ) প্রশেনর উত্তর হ্যাঁ হয় তবে অভিযোগগালের সংখ্যা কত :
  - (ঘ) এই অভিযোগ সম্পর্কে কোন তদন্ত হইয়াছে কি না : এবং
  - (৬) তদন্ত হইয়া থাকিলে, তাহার ফলাফল কি?

## Shrimati Abha Maiti:

- (ক) তৃফানগঞ্জ মহকুমায় বর্তমান বংসরে এ পর্য'ত ১১টি কেন্দ্রে সহায়ক কার্য চালন করা হয়।
  - (খ) হাা।
  - (গ) এক।
  - (য) তদন্ত চলিতেছে।
  - (%) প্রশ্ন উঠে না।

### Dr. Golam Yazdani:

এই বে ১৯টা কেন্দ্র, এই ১৯টা কেন্দ্র থেকে কতটা টেন্ট রিলিফ-এর কাজ হয়েছে এবং কি ধরণের কাজ হয়েছে?

#### Shrimati Abha Maiti:

এগর্নিতে বেশীর ভাগ রাস্তা ঘাট তৈরী করা হয়েছে।

## Shri Abhoy Pada Saha:

আপনি 'খ' প্রশেনর উত্তরে বললেন হ্যা। কি ধরণের দনে শিতমলেক অভিযোগ পেয়েছেন?

#### Shrimati Abha Maiti:

মন্ত্রের এবং পে মাণ্টার বেশী কমীর সংখ্যা দেখিয়েছিলেন এক জায়গায়। আমাদের আফস থেকে সেখানে এনকোয়ারী করতে যান এবং ঐ ব্যাপারে সন্দেহ হয় এবং তার ফলে কেস দায়ের করা হয়েছে।

### Shri Bhadra Bahadur Hamal:

গমের যে ব্র্যাক মার্কেটিং হয়েছিল সেটা কি জানেন?

## Shrimati Abha Maiti:

এ প্রশ্ন থেকে এটা ওঠে না। আমি আগেই বর্লেছি যে কোরাপসন-এ একটা কেস ধরা হয়েছে এবং একথাও আমি পরিচকার করে বর্লেছি যে ব্ল্যাক মার্কেটিং করেছে কিনা তা জানা নেই।

## Rehabilitation of camp refugees at 98 Maniktolla Road

\*388. (Admitted question No. \*1798.) Shrimati Ila Mittra:

উন্বাস্ত্র, ত্রাণ ও পর্নর্বাসন বিভাগের মন্ত্রিমহাশয়া অন্ত্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) ইহা কি সত্য যে ৯৮নং মানিকতলা রোডের ৯৮নং ক্যাম্পের (সতীন সেন পল্লী) অধিবাসীদের আজিও প্নের্বাসন হয় নাই : এবং
- (খ) সত্য হইলে, উহার কারণ কি এবং কবে পনের্বাসন হইবে?

[1-30 - 1-40 p.m.]

#### Shrimati Abha Maiti:

- (ক) হাা<u>ঁ।</u>
- (খ) ১৯৫১ সনের পশ্চিমবংগ আইন ১৬ মতে এই সকল অধিবাসীগণ পালিত নহেন বিলয়া কেন্দ্রীয় সরকার ইহাদের কোনও বিকল্প বাসস্থানের ব্যবস্থার মাধ্যমে প্নর্বাসনের সাহায্য মঞ্জার করেন নাই।

#### Shrimati Ila Mittra:

একথা কি জাপনি জানেন যে ১৯৪৮ সাল থেকে ওখানে, ঐ ৯৮নং রেফিউজি ক্যান্সে, অনেক রেফিউজি, তাদের প্রমাণপত্র সহ রয়েছেন?

#### Shrimati Abha Maiti:

এই যে ১৮নং মাণিকতলা রোডের ক্যাম্প, এটি একটি রিকিউজিসান করা বাড়ী। দেশ বিভাগের ফলে, ষেসমন্ত সরকারী কর্মচারীরা এখানে চলে এসেছিলেন, তাঁরা অনেকে সরকারকে এ্যাপ্রোচ করেন যে তাঁরা ভাড়া দিয়ে থাকবেন, বাড়ী রিকিউজিসান করে দেওয়ার জন্য এবং সেইজন্যই এখানে এই বাড়ীটি রিকিউজিসান করে তাদের দেওয়া হয়েছিল। ইতিমধ্যে আমরা তাঁদের বিল যে যখনই আমরা বাড়ী তৈরী করতে পারবো, তখনই ঐ রিকিউজিসান করা বাড়ীটি আমরা ছেড়ে দেবো, এবং তাঁদের সেখানে, সেই টেনামেণ্ট-এ তাঁদের প্যানাণ্ডরিত করবো। আমরা এরকম ২০০ পরিবারকে জানি, যাঁরা ওখানে বসবাস করছেন। তাঁদের মধ্যে অনেককে আমরা যখন গাণগ্রনিবাগান টেনামেণ্ট তৈরী করি, রিফিউজি, উন্বাস্ত্র সরকারী কর্মজন্তিক জন্য বিশেষ করে, তখন সেখানে তাঁদের যাওয়ার জন্য বিলি, কিন্তু আজ পর্যাত তাঁরা সেখানে যাননি।

#### Shrimati Ila Mittra:

জার্পান যেসকল রেফিউজি সরকারী কর্মচারীরা আপনাকে এবং আপনার ডিপার্টমেন্টকে বলেছিল, যে আমাদেরকে এখানে আপাততঃ থাকতে দেওয়া হোক, তাদের সম্পর্কে অবশ্য আমি জানি না। আমি যাদের সম্পর্কে জানি, আমি রিসেন্টেলি সেখানে গিয়ে দেখে এসোছ, তারা তাদের প্রমাণপত্র আপনাদের কাছে দাখিল করতে পারবে। তারা যে ৯৮নং বাড়ার ক্যাম্পে আছেন, এই বাড়াটি র্যাদ কেউ না দেখেন, তাহলে সেই ক্যাম্পের অবস্থা ব্যুবতে পারবেন না, কলিকাতা সহরে র্যাদ সামান্য একট্র বৃষ্টি হয়, তাহলে সেখানে ঘর, বাড়ী সমস্ত ডুবে যায়, এবং আপনার ডিপার্টমেন্ট তা বেশ ভাল করেই জানেন। কলকাতায় এবারও দর্শতন বার বড় রকমের বৃত্তি হয়ে গিয়েছে, সেইসময় আমি আপনার ডিপার্টমেন্টকে বারবার জানাই,— এখন তাদের জন্য একট্র খাদ্যের ব্যবস্থা করা হয়, যেমন করে কুকুর শেয়ালকে একট্র করে গর্ড়, চিঁড়ে ছড়িয়ে দেওয়া হয়, তেমনি করে আপনার ডিপার্টমেন্ট থেকে এঁদের দেওয়া হয়। জল হলে, চার দিন, পাঁচ দিন পর্যাত সেখানকার ঘর, বাড়ী ডুবে থাকে, এইরকম অবস্থায়, আপনারা সেখানে গিয়ে, এইভাবে, কুকুর শেয়ালের পর্যায়, চিঁড়ে, গর্ড় ছড়িয়ে এসেছেন, একথা আমি জানি। কিন্তু এইভাবে, রেফিউজিরা সেখানে ১৯৪৮ সাল থেকে রয়েছে এবং সাত্যিকারের তাদের প্রমাণপত্র রয়েছে, তাদের সম্পর্কে কোন ব্যবস্থা আপনারা করবেন কনা, একট্র স্পণ্ট করে বন্দন?

#### Shrimati Abha Maiti:

আমিত আগেই বলেছি এখানে যাঁরা আছেন, সেই বাড়াটির কি পজিসন এবং এই বাড়াটির রিকুইজিসান যাদের জন্য করা হয়েছিল, তাঁরা সকলেই সরকারী কর্মাচারী, তাঁদের যেতে বলা হয়েছিল টেনামেণ্ট-এ গাংগলেবাগানে, সেখানে তাঁরা যান নি এবং এখানে যাঁরা বর্তমানে বাস করছেন, তাঁরা কেউই কম্পিটেণ্ট অথ্রিটি-র দ্বারা প্রোটেক্টেড নন। স্ত্রাং প্নর্বাসনের কোন প্রশ্ন আসছে না এখানে।

## Shrimati Ila Mittra:

কন্পিটেণ্ট অর্থারটি-র বা কোর্টের রায়ের কথা এঁদের সম্পর্কে আমি বলিনি। আমি বলেছিলাম এদের প্নর্বাসনের জন্য। তারা রেফিউজি এবং তারা বহুদিন থেকে দরবার করে আসছে, এই বোধহয় সেদিন মাস তিন, চার আগেও, আমি যখন আপনার ডিপার্টমেন্টে গিয়ে এঁদের সম্পর্কে কথা বলি, তখন তারা বলেন, দেখনে, ওর মধ্যে কিছ্ন ডেজাল লোকও আছে, তবে সত্যিকারের যারা রেফিউজি, তাদের সম্বংধ ব্যবস্থা করবো, যেমন, যেমন প্রয়োজন এবং কেন্দ্রীয় মশ্রী ত্যাগীর সংগ্ কথা বলে ঠিক করবো। আমার শ্রুন হচ্ছে এই যে তারা এত দীর্ঘ দিন ধরে সেখানে রেফিউজি হিসাবে বাস করছে এবং তাদের সম্পর্কে ক্রিপ্টেন্ট অথ্বিটির-র কোর্টে কোন রায় হয়নি. তাদের আপনারা কোন প্রনর্বাসন দেবেন কিনা?

## Shrimati Abha Maiti:

আমি তো আগেই বললাম কর্মাপটেণ্ট অধরিটির কেস না হলে, আমাদের পক্ষে দেওয়া সম্ভব নম্ন। এবং বাড়াটিতে প্রাথমিকভাবে যাদের থাকতে দিয়েছিলাম, তাদের অবস্থার কথা, আম পর্রোপর্নর বলেছি, নৃত্ন করে বলার নেই। তবে, দিবির বহিভূতি যেসমুস্ত রিফিউজিরা আমাদের বিভিন্ন জায়গায় রয়েছেন, তারা কেউ কোন সময় আমাদের কাছে দরখাম্ত করল. এবং আমরা যে প্রো-রেটা কন্ট নিই, সেটা যদি আমাদের দেন, তাহলে অনেক জায়গাতে আমরা এ'দের স্ক্র্যাট দিয়ে থাকি। এই ধরণের নন-সি. এ এবং নন-ক্যাম্প হচ্ছে গিয়ে উ,বাস্তু, তাঁদের দিয়ে

#### Shrimati Ila Mittra:

একথা কি সত্য যে তাদের সম্প্রতি তুলে দেবার জন্য রিফিউজি ডিপার্টমেন্ট-এর লোক াগয়ে বলেছেন আপনারা ওখান থেকে শীঘ্র চলে যাবেন, না গেলে যে-কোন প্রকারে হোক আপনাদৈর উচ্ছেদ করে দেব? ১৯৪৮ সালে যে জাম যে দামে কিনেছেন, আপনারা টাকা নিয়ে সেখানে জমি কিনে নিন্ন এবং সেখানে চলে যান ইত্যাদি বলে এসেছে।

#### Shrimati Abha Maiti:

যারা নন-ক্যাম্প, নন-সি. এ, তাঁরা বহ; সময় আমাদের কাছে আসেন, তাঁরা প্রো-রেটা কন্ট-এ প্লট কিনতে রাজী আছেন। লোয়ার ইনকাম গ্রন্থ, মিডলে ইনকাম গ্রন্থ-এর মান্যেরা হাউসিং ডিপার্ট মেন্ট থেকে টাকা লোন নিয়ে থাকতে পারেন। আপনি ভাল করে জানেন নন-ীস, এ, নন-ক্যাম্প রিফিউজিদের পনের্বাসনের ব্যাপারে সাহায্য দানের জন্য কোন বন্দোব্যত নাই। তবে এই ব্যবস্থা আছে যে সব জায়গায় প্লট খালি পড়ে আছে-কলোনী ছেড়ে তারা চলে গেছে-এই রকম প্লট তাঁরা প্রো-রেটা কন্ট দিয়ে কিনে নেবেন, আমরা দিতে পারি এবং সেইভাবে তাদের প্রনবিসতি হতে পারে।

## Shrimati Ila Mittra:

আমি জানতে চাই সম্প্রতি সতান সেন পল্লীতে আপনার দ'তরের লোক গিয়ে বলেছেন আপনার। দলে যান, নয় তো গর্মল করে পাঠিয়ে দেব। এটা কি আপনি জানেন?

## Shrimati Abha Maiti:

নোটীশ দেবেন, না হয় চিঠি লিখবেন, জানিয়ে দেব।

## Shrimati Ila Mittra:

চিঠি লিখবেন কেন? মুখে তে; বলছি, তাতে হবে না?

## Mr. Speaker:

আপনার কোশ্চেন সম্বশ্ধে সাপ্লিমেন্টারি করনে, উনি জবাব দেবেন।

## Shrimati Ila Mittra:

ঐ ৯৮ নদ্বর মানিকতলা মেন রোডে, যে সমন্ত রিফিউজি রয়েছে, তাঁরা এখনো সরকারী ৰ্যকথায় পন্নবাসন পাচ্ছেন না-একথা কি ঠিক?

#### Shrimati Abha Maiti:

আমি আগেই হোল পজিসানটা পরিক্কার করে বলেছি, নতেন আর কিছন বলবার নাই।

## Shrimati Ila Mittra:

আপনার অফিস থেকে লোক গিয়ে কাগজে লিখিয়ে নিয়ে এসেছে পরিবারের কর্তার নাম. তার মাসিক আয় কত এবং বলেছেন জমি কিনে তাদের অন্যত্র চলে যেতে হবে. না গেলে জোর করে উচ্ছেদ করা হবে। একথা কি আপনি জানেন?

## Shrimati Abha Maiti:

ষা কিছু, করা হয়েছে, তা তাদের ভালোর জন্যই করা হয়েছে।

## Rice-mills at Abhirampore in Burdwan district

- \*389. (Admitted question No. \*1875.) Shri Sanat Kumar Raha: সমৰায় বিভাগের মণ্ডিমহাশয় অন্ত্ৰহপূৰ্বক জানাইবেন কি—
  - (ক) ইহা কি সত্য যে বংশমান জেলায় অভিরামপরে চাল কলটি সরকারী উদ্যোগে প্রতিষ্ঠিত:
  - (খ) যদি (ক) প্রশেনর উত্তর হ্যা হয়, মণ্ডিমহাশয় অন্ত্রহপ্রেক জানাইবেন কি-
    - (১) উত্ত কলটির জন্য কত টাকা বরান্দ আছে ;
    - (২) উক্ত চাল কলটি প্রতিষ্ঠার ব্যাপারে কোন এণ্টিমেট হইয়াছে কিনা ; এবং
    - (৩) এ**ণ্টিমেট অন**্যায়ী কণ্টাক্টরদের নিকট হইতে কোন টেণ্ডার আহ**্**বান করা হ**র** কিনা?

## Shri Tarun Kanti Ghosh:

- (क) ना। ইহা একটি সমবায় চালকল।
- (খ) (১) সরকার এই সমবায় সমিতিতে তিন লক্ষ টাকার শেয়ার ক্রয় করিয়াছেন।
- (২) ও (৩) খবর লইয়া জানা গিয়াছে যে সমবায় সমিতি এণ্টিমেট করিয়াছিল এবং টেণ্ডারও আহন্যন করিয়াছিল।

## Shri Sanat Kumar Raha:

এই সমবায় সমিতির চেয়ারম্যান কে জানেন?

## Shri Tarun Kanti Ghosh:

**टियात्रमान २८७२न नदान्यनाथ ठाउँ।** 

#### Shri Sanat Kumar Raha:

এখানে যে টেণ্ডার আহ্বান করা হয়েছে, তার কি কাগজে বিজ্ঞাণ্ড দেওয়া হয়েছে?

### Shri Tarun Kanti Ghosh:

সমবায় সমিতি তো আর সরকারী দণ্ডর নয়। আমি খবর নিয়ে যেট। জেনেছি সেটা বলে দেই।

#### Ouestion

If tender was called by the Society for building construction and purchase of machinery and if the lowest tender was accepted. If tender was not called, what arrangement was made for the execution of the works.

#### Reply

Tenders were invited by the society for both building construction and purchase of machinery and the tenders of Chatterjee & Construction Co. and Sarada Engineering Co. Ltd. was duly accepted by the Managing Committee of the society.

## Shri Syed Abul Mansur Habibullah:

এটা কি আপনি জানেন বর্ধমান মাঝে টিং সোসাইটি বলে যে ন্তন সংগঠন গড়ে উঠেছে, ভার সম্বদ্ধে অভিট রিপোর্টে বিরূপ ঃ তব্য করা হয়েছে, টাকা তছরূপ হয়েছে ?

# Shri Tarun Kanti Ghosh s

K-101

[1-40-1-50 p.m.]

## Shri Ananda Gopal Mukhopadhya:

মাননীয় মাত্রী মহাশায় কি জানাবেন যে এই চালকলে ধান থেকে চাল করার পাধতিতে বেশী চাল রিকভারি হবে কিনা, মানে ওয়েণ্টেজ কম হবে কি ন

## Shri Tarun Kanti Ghosh:

আমরা মেমারিতে যে ন্তন চালকল করতে যাতিই কো-অপরেটিভ সেকটারে তাতে ওয়েণ্টেজ কিছ; কম হবার সম্ভাবনা রয়েছে।

## Shri Ananda Gopal Mukhopadiya:

মাননীয় মাত্রী মহাশয় কি জানাবেন যে এই সমবায় যে চালকল করেছেন এই চালকলে চালের যে গাঁড়ো হবে সেটা, শা্ধা চালা না করে। রাইস কাম অয়েল করার কোন পরিকল্পনা। সমবায়ের আছে কিনা বা পশ্লিবংগ সরকার তালের ভিয়ে করাতে চাইবেন কি না ?

## Shri Tarun Kana Ghosh:

আপাততঃ চালকল হিসাবেই রয়েছে, তাদের পরেরপরির পরিকর্মনা আমাদের জানা নেই।

## Shri Sanat Kumar Raha:

এই যে চালকল প্রতিণ্ঠিত হল তাতে ৩ লক টাকা সরকারী শেয়ার কেনা হয়েছে। আমার প্রশন হচ্ছে মোট ম্লেখন কত আর সরকার পক্ষ থেকে এতে কোন প্রতিনিধি আছে কি না ?

#### Shri Tarun Kanti Ghosh:

এদের টোটাল এ্যাসেট হচ্ছে, কণ্ট অব ল্যাও এয়াড বিল্ডিংস-এর মধ্যে কণ্ট অব ল্যাও হচ্ছে ১০,৫০০ টাকা, টোটাল এণ্টিমেটেড কণ্ট ফর বিল্ডিং কন্ট্যাকশন হচ্ছে ২৯,৫১,৭৮৯ টাকা, আর টোটাল এণ্টিমেটেড কণ্ট অব মেশিনারি হচ্ছে ১.১০,০০০ টাকা, এই হচ্ছে টোটাল কণ্ট।

## Shri Sanat Kumar Raba:

আমার বস্তব্য হচ্ছে, ন্যাশনাল স্কাল নিজের এতিকোর জালাদের আছে, এইরকম ধরণের পয়সা খরচ করবার পর আবার সেইরকম ডিক্ত আভজ্জার আমবা পেশীছাবো কিনা ?

## Shri Tarun Kanti Ghosh:

কো-অপারেটিভ যে জিনিষটা করবে তার সংখ্যা কি ন্যাশনাল সন্গার মিল একই পর্যায় পড়ে?

#### Shri Aswini Roy:

এর থেকে উৎপাদন হচ্ছে কিনা?

#### Shri Tarun Kanti Ghosh:

এটা প্রতিষ্ঠিত হয়েছে এই বছরে এবং আমাদের মুখ্যমন্ত্রী ২১-১১-৬৫ তারিখে গিয়ে উন্বোধন করেছেন এবং উৎপাদন আরুভ হয়ে গিয়েছে।

## Shri Aswini Roy:

দিনে উৎপাদন ক্ষমতা কত?

## Shri Tarun Kanti Ghosh:

উৎপাদন ক্ষমতা হচ্ছে

500 maunds per day within stipulated period under Factory Law.

## Shri Nani Bhattacharjee:

মাননীয় মন্ত্রী মহাশয় টোটাল এ্যাসেটস-এর পরিমাণ দিলেন প্রায় সোয়া চার পক্ষ টাকার মত। এই টোটাল এ্যাসেটস-এর মধ্যে ৩ লক্ষ টাকার শেয়ার সরকার কিদেছেন। যথল সন্ধকারের এড টাকা সেখানে লাগান হরেছে তখন সরকারের প্রতিনিধি ঐ কো-অপারেটিভের ডাইরেট্রারস রেডের্ড রাখার কথা বিবেচনা করছেন কিনা?

## Shri Tarun Kanti Ghosh:

নিশ্চয়ই আমাদের আছে, আমরা করবো।

## Dr. Gopika Ranjan Mitra:

মাননীয় মত্ত্ৰী মহাশয় কি বলবেন, এই যে চালকলটা প্ৰতিচিঠত হয়েছে এর যে সব মোশনান্তি এসেছে সেগ্যলি কি এ দেশের, না বিদেশ থেকে অনো হয়েছে ?

#### Shri Tarun Kanti Ghosh:

আমি খবর নিয়ে জেনেছি যে এগর্নল সবই এখানকরে মেশিনারি।

## Dr. Gopika Ranjan Mitra:

এই যে সমবার সমিতি এই চালকল নিয়েছে এটা অ.উট রাইট সেল হয়েছে অন্য মিলের কাছ থেকে, না কোন লিজ সিসটেমে এই মিলটা নেওয়া হয়েছে ?

## Shri Tarun Kanti Ghosh:

না, **এখানে নতেন জমি কিনে, নতেন মেশিন দিয়ে**, বাড়ী ইরেক্ট করে সেটা চালান হচেছ।

## Shri Birendra Narayan Ray:

আপনিত কিছন্দিন আগে এই চালকল পরিদর্শন করে এসেছেন, আপনি কি স্যাটিসফায়েত এদের ম্যানেজমেণ্ট এবং এয়াসেটস যা আপনি বললেন সেটা টুন্ন?

#### Shri Tarun Kanti Ghosh:

নিশ্চয়ই।

#### Shri Ananda Gopal Mukhopadhya:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেল এই অভিরয়েশ্যর সমগ্রয় চলেকলটি এ প্রণতি **কত ধান** সমবায় ভিত্তিতে কিনেজেন ৪ কেন্দ্র ভ**ি এলে ইতিশ আটেট তার দিস কেলেজেন।** 

#### Shri Tarun Kanti Ghosh:

সে খবর এখনও আমাদের কাছে ত'সেনি তবে এটা শালেছি বর্ধমান ফোলায় সমবায় ভিতিতে ধান কেনা খবে জোর চলছে।

## Dr. Gopika Ranjan Mitra:

মাননীয় মত্রী মহাশয় কি জানাবেন এই যে সমব্যয়ের মাধ্যমে একটা চালকল প্রতিটিঠত হয়েছে এই রকম সমব্যয় মাধ্যমে আর কোন চালকল করবার ভোনরকম প্রকাপ আতে কিটা?

## Shri Tarun Kanti Ghosh:

সবশ্যের ৩৮টি চালকল সমবায়ের মাধ্যমে করবার আমাদের পরিকল্পনা রয়েছে। এর মধ্যে অভিরামপরেরটি চালর হরে গিয়েছে। আব একটি মেমারিতে জাপানী চালাবরেশনে করছে মডানা রাইস মিল, সেটা আমারা আন্দা কবি চাল উভাল রান হালাভ করে জিলার করেছে এবং এই মাদের মধ্যেই শরের করতে পারবে। আর ৩৮ টির মধ্যে ১২টি কেস এটাপ্রভিড হয়েছে এবং ২৬টি কেস পেশ্ডিং আছে দেখে নেবার জন্য। আমাদের যে ৩৮টি চালকল হবে এর মধ্যে বর্ধমানে ১১টি, বারভ্যমে ২টি, বাঁকড়ায় ৪টি, যেদিনীপরের ১টি, পরেলিয়াল ২টি, হরেলীতে

১টি, ২৪-পরগণার ৩টি, মালদহে ১টি, ওরেস্ট দিনাজপরে ২টি, জলপাইগর্ডিতে ২টি এবং কুচবিহারে ১টি। সবদর্শ্বর ৩৮টি। আমাদের পরিকল্পনা হচ্ছে সমবায় মারফত যে ধাশ কিনবো সেগরিল যথাসম্ভব সমবায় যে চালকলগর্নল আছে সেখানে এইগর্নল ভেণ্ণো ভিন্মিবিউট করবার বন্দোকত করবো।

Shri Aswini Roy:

वर्षभारत स्य ১১টি शानकंत कत्ररवन, এইগर्नत कि आश्रनात्रा न्छन कत्ररवन, ना श्रन्तात्ना कत्र किरम निरम्न कत्ररवन ?

Shri Tarun Kanti Ghosh:

আপনি নিশ্চয়ই জানেন যে সব জায়গায় ন্তন কল নাও কেনা সুস্তব হতে পারে। কিন্তু আমরা ৩৮টি সমবায়ের মাধ্যমে চালকল করবো ঠিক করেছি।

Dr. Gopika Ranjan Mitra:

মাননীয় মণ্ড্রী মহাশয় কি জানাবেন এই যে সমবায় ভিত্তিতে তিনি চালকল করবেন বললেন এর পরের বছর থেকে, বাইরে প্রাইভেট ক্যাপিটালে যে সব চালকল চলছে তাদের সঞ্চের কান্দিটালৈ যে সব চালকল চলছে তাদের সঞ্চের কান্দিটালৈ এই সমবায় ভিত্তিকে কতট্যকু সাহায্য করবে এবং তার সংগ্য এই প্রশ্নটাও রাখছি এই যে কনজিউমার্স কো-অপারেটিভ ভ্টোর্স নানা জায়গায় তৈরী হয়েছে সেই সমবায় ভিত্তিতে যে চালকল তৈরী হবে তারা সেই সব কনজিউমার্স ভ্টোর্সকে আগে সাংলাই করতে পারবে কিনা এবং কনজিউমার্স ভৌরবি আগে সাংলাই করবে পরে বাইরের ব্যবসাদের সাংলাই করবে কিনা?

## Shri Tarun Kanti Ghosh:

জামি জাগেই বললাম যে আমরা সমবায় ভিত্তিতে ধান কিনতে যাচিছ যদিও ১৫ লক্ষ টনের মধ্যে দেড় লক্ষ টন নৃতন পণ্ধতিতে সমবায় ভিত্তিতে কিনতে পারবো। আমরা সমস্ত জেলা শাসককে বলে দিয়েছি, বিশেষ করে ৬টি উন্বৃত্ত জেলাতে সমবায় মারফং কিনবার চেষ্টা করার জন্য। সেখানে যত ধান সংগৃহীত হবে তা সমস্তই এই সমবায় চালকলগ্নিতে ভেশেগ সেগ্নীল বিতরণ করার সময় নিশ্চয়ই সমবায় ভাশ্ডারকে অগ্রাধিকার দেওয়া হবে এ বিষয় কোন সন্দেহ নেই।

## Shri Balai Lal Das Mahapatra:

মাননীয় মণ্ট্রী মহাশয় কি বলবেন যে বাংলাদেশে যে ৭ শত চালকল আছে ত: দখল করে সমবা<mark>রের</mark> অধীনে আনবার সরকারের কোন পরিকণ্পনা আতে কিনা ?

Mr. Speaker:

এ প্রশ্ন এ থেকে এ্যারাইজ করেনা।

## Farakka Barrage Employees Consumers' Co-operative Store

- \*390. (Admitted question No. \*1886.) Dr. Narayan Chandra Roy: Will the Minister-in-charge of the Co-operation Department be pleased to state—
  - (a) whether the Farakka Barrage Employees Consumers' Co-operative Store is distributing controlled foodgrains to the employees of Farakka Barrage Project;
  - (b) whether there is a proposal to open a Departmental Ration Store to distribute controlled foodgrains taking away the responsibility from the said Employees Co-operative Store; and
  - le) if so, what is the reason for such change?

## Shri Tarun Kanti Ghosh: (a) Yes.

- (b) Yes.
- (c) The reasons as ascertained from the Chief Engineer, Farrakka Barrage Project are briefly as follows:
  - (i) difficulty experienced by the Co-operative Store with its limited working capital in supplying controlled foodstuff to all employees of the Farrakka Barrage Project and other institutions connected with the construction work;
  - (ii) the business in controlled commodities is not a paying proposition, and with the limited resources available with the society it is becoming increasingly difficult for it to cater to the needs of a very large number of persons including non-members.

Dr. Narayan Chandra Roy: Is the Hon'ble Minister aware that the order came from the Department that the departmental ration store was being opened and the consumers' store would be closed and that the cost of articles would go up a little because of the addition of the cost of transportation and other things?

প্রদন হচ্ছে যখন এখানে ডিপার্টমেণ্টাল কর্নজিউমার যদি ট্যাকল করতে না পারে তাহলে why not consumers co-operative plus the departmental store.

এটা বন্ধ করে দেবার কারণ এবং দাম বাড়ার কি কারণ?

[1-50--2 p.m.]

#### Shri Tarun Kanti Ghosh:

নারায়ণবাব, নিশ্চয় জানেন যে ৫০ হাজার পপ্রলেসন না থাকলে কনজিউমারস কো-অপারোটন্ড স্টোরস করা আমাদের পক্ষে সম্ভব নয়, এখানে ফরাক্কা ব্যারেজ এমালয়ীদের ওরফ থেকে যেটা করা হয়েছিল তাদের প্রায় ৯৩০ মেশ্বার ছিল—কিম্তু ৮ হাজারের বেশী লোককে খাদ্য সরবরাহ করতে হোত, এতগ্রনি লোককে সরবরাহ করতে গেলে আপনারা জানেন যে অন্যান্য দোকানদারের মত এদের আর ফিছ; করবার নেই। অতএব লিমিটেড ক্যাপাসিটি নিয়ে তাদের পক্ষে কাজ করা সম্ভব হয় নি।

## Dr. Narayan Chandra Roy:

ইহা কি সত্য ৰে ডিপার্টমেণ্টাল ন্টোর করার জন্য দাম বেড়ে গেল—ট্রান্সপোর্টেসন কণ্ট ইত্যাদি এর জন্য কর্নাজন্ট্রার কো-অপারেটিভের যা দাম ছিল তার চেয়ে বেশী দাম দিতে হবে ?

Shri Tarun Kanti Ghosh:

এটা আমি ঠিক ' দানি না—খোঁজ করে দেখতে হবে।

## Shri Nani Bhattacharjee:

শশ্রী মহাশয় বন্ধ বেন কি যে এই যে ডিপার্টমেণ্টাল রেশন ভৌসে এখানে যে কণ্টোলডে ফডে গ্রেন সাংলাইরের গারিত্ব নিয়েছেন এটা এই কারণে কিনা যে সরকার নিয়াগ্রিত বাঁধা দরে কো-অপারেটিভগর্নিন এই কো-অপারেটিভগর্নি তাই—যে চাল বা ফড়ে গ্রেনস পাওয়া যায় না—কোন দোকানদার হোক বা যারা সাংলায়ারই তারা দের না—তার ফলে শ্বেং অন্য কো-অপারেটিভে তা নর—এই কো-অপারেটিভে প্রবলেম দেখা দিয়েছে? Shri Tarun Kanti Ghosh:

সে প্রবলেম অন্য জান্নগান্ন ছিল আপনারা জানেন—আমাদের যে হোল কো-অপারোটভত তাদের চাল জোপ ভ করা শন্ত হয়েছিল—কিন্তু এখানে যা হয়েছে—তারা যা তথ্য পাঠিয়েছে তাদের লিমিটেড ৯ শন্ত মেন্বার সেখানে ৮ হাজারের বেশী লোককে সরবরাহ করতে হোত সেইজন্য তাদের পক্ষে করা সম্ভব হয় নি।

### Shri Nani Bhattacharice:

এটা খোঁজ নেবেন যে, ফারাক্কা ব্যারেজ এমগ্লায়িজ কনজিউমার কো-অপারেটিভ সোসাইটির ক্ষেত্রে এটা সত্য কিনা যে, তারা নিয়ন্তিত দরে চাল পার নি বলে অনেক ক্ষেত্রে আমরা জানি ক্যাসমেকোতে যে ার নিত তার থেকে বেশী পয়সা এই সমস্ত কর্নাজউমার কো-অপারেটিভগর্নিকে দিতে হয়েছে। 'ারে মেলাতে পারে নি—অভিটে গোলমাল হয়—এই ভিফিকাল্টি এ্যাভয়েড করার জন্য এখানে কো- গুপারেটিভ চাল সরবরাহের দায়িত্ব নিচেছ না—অথচ চাল দেওয়া দরকার সেইজন্য এই ভিপার্ট মেন্টাঃ কর্নাজউমার ভৌর চাল সরবরাহের দায়িত্ব নিচেছ ?

## Shri Tarun Kanti Ghosh:

যেকথাটা বললেন আমি খোঁজ নিয়ে দেখতে পারি-এখন উত্তর দেওয়া আমার পক্ষে সম্ভব নয়।

## Dr. Narayan Chandra Roy:

এটাও খোঁজ নেখেন ঐ অর্জারটা ঐ কনজিউমার কো-অপারেটিড বাধ করো এইভাবে আসে নি— ডিপার্টমেণ্টাল টেটার খোলা হচ্ছে কর্মজ্ঞান কো-অপারেটিড খোলা হবে এইভাবে অর্জার হয়েছে ?

## Shri Tarun Kanti Ghosh:

আমাদের যা কো-ছাপারেটিভ চ্টোর রয়েছে তারা কোন আপত্তি করে নি বরং দে হ্যাব ওয়েলকাম্ড।

Dr. Gopika Ranjan Mitra:

এই সমস্ত কর্নাছ উমার কো-অপারেটিভ তারা কণ্টোল্ড জিনিসের ব্যবসা করতে গিয়ে যে লাভ করতে পারছে না তারজন্য আপনার ডিপার্টমেণ্ট থেকে এদের কোন সাবসিডি দেবার ব্যবস্থা করছেন কিনা ?

Shri Tarun Kanti Ghosh :

আমরা তাদের খর বাবদ একটা ছোট্ট সাবসিডি দেবার ব্যবস্থা করেছি—তাতে তাদের পক্ষে স্তবিধা হবে।

#### Quarterly Legislative Records

\*391. (Admitted question No. \*2053.) Shri Syed Abul Mansur Habibullah: Will the Minister-in-charge of the Commerce and Industries Department Le pleased to state—

- (a) whether the Government publication covering acts, notifications, etc., known as Q.L.R. are published regularly and in time;
  - (b) whether it is a fact that High Court Daily Cause List which is printed in Government Press and which used to be available in the previous evening are now available in the morning of the date:
  - (c) whether monthly and weekly cause lists of the Hon'ble High Court prolonger come out even in six months; and
  - (d) if the answers to (b) and (c) be in the affirmative, the reasons therefor?

Shri Iswar Das Jalan: Sir, with your permission I may answer this question as it relates to courts.

- (a) No.
- (b) Yes. Previously the practice was to make the printed copies of the Daily Cause List (Appellate Side) available after 10 p.m. of the previous evening.

The Hon'ble High Court have been getting the Cause List of its Original Side printed all along at private presses under their own arrangement.

- (c) Yes.
- (d) As regards Daily Cause Lists of the Hon'ble High Court (Appellate Side), the MSS thereof are being supplied by the Court to the press at about 5-30 p.m. of the day previous to the day to which the Cause List relates. To avoid overtime working and consequent violation of the provisions of the Factories Act, these Lists are being printed in the Second Shift of the West Bengal Government Press, Alipore, which commences from 10 p.m. Printed copies of the Daily Cause Lists are delivered to the Bar Association and the Hon'ble High Court between 4-30 a.m. and 5-30 a.m. of the day to which these relate.

As regards Monthly Cause List (Supplementary Issue) and Weekly Cause List, the Hon'ble High Court (Appellate Side) have since agreed, as per arrangement, to the publication of a Cause List (termed "List of Ready Cases") twice a year, and of a Supplementary List of Ready Cases for each month. These Lists are being printed as and when MSS are received, as per arrangements, from the Hon'ble High Court.

## Shri Syed Abul Mansur Habibullah:

মত্রী মহাশয় কি বলবেন যে গভর্ণমেন্ট প্রিন্টিং প্রেসের নির্দেশ অন্যায়ী চলবার জন্য ছাই-কোটকে তাকে লিন্ট দিতে হবে আপনাদের কাছে এইরকম মনে করছেন কি?

Shri Iswar Das Jalan: High Court has to accommodate the Government Printing Press to enable it to print the lists any time.

## Shri Syed Abul Mansur Habibullah:

কিউ, এল, আর ছাড়া অন্যান্য গভর্ণমেন্ট পার্বলিকেসন—লেজিসলেটিভ পার্বলিকেসন আছে যেমন নেবার গেজেট—এগর্মল কি সময় মত পার্বলিসড়া হয়ে থাকে ?

Shri Iswar Das Jalan: I am sorry to say that there is so much over work in the Government Press that all these publications have fallen in arrears and we are trying to have some of them printed by a private Press, instead of Government Press.

## Shri Syed Abul Mansur Habibullah:

মাত্রী মহাশয় জানেন কি যে সময়মত পাবলিকেসন হয় না বলে বাজারে আইনসংক্রাণ্ড বইয়ের ন্যাপারে একটা ন্যাক্মাকেন্ট জারী আছে ?

Shri Iswar Das Jalan: Not that I know of. There is nothing unlikely. The position is that all these notifications and other things are published in the Gazette and anybody who wants to have this information can get it in the Gazette.

## Factories manufacturing Sulphuric Acid

\*392. (Admitted question No. \*2090.) Shri Sailendra Nath Adhikary: শিলপ ও বাণিজ্য বিভাগের মন্তিমহাশর অন্ত্রাহপূর্বক জানাইবেন কি পশ্চিমবংগ সালফিউরিক এ্যাসিড তৈরীর কারখানা করটি আছে এবং ভাদের নাম কি?

#### Shri Tarun Kanti Ghosh:

৭টি (ব্হদায়তন)।

- ১। বে•গল কেমিক্যাল এ্যাণ্ড ফার্মাসিটিক্যাল ওয়ার্কস লিমিটেড।
- २। हिन्दस्थान द्रिष्ठ क्रिकातम् तिमिएष्ड्।
- ৩। ইণ্ডিয়ান আয়রণ এণ্ড ণ্টিল কোম্পানী লিমিটেড ।
- ৪। ফস্ফেট কোম্পানী লিমিটেড্।
- ৫। হিন্দুস্থান ষ্টিল লিমিটেছ।
- ৬। কেশোরাম রেয়ন।
- ৭। জয়শ্রী কেমিক্যালস্ এণ্ড ফার্টিলাইজারস্ লিমিটেড।

## Dr. Kanai Lal Bhattacharya:

বছরে কত তৈরী হয়?

## Shri Tarun Kanti Ghosh:

টোট্যাল প্রোডাকসন ক্যাপাসিটিটা আমি বলতে পারি বে॰গল কেমিক্যালে ১১,৭৪০।

## Dr. Kanai Lal Bhattacharya:

কত তৈরী হয় টোট্যাল জানেন না?

## Shri Tarun Kanti Ghosh:

টোট্যাল প্রোডাকসন ক্যাপাসিটিটা রয়েছে, সেটা বলে দিতে পারি কত তৈরী হয় যেমন

তারপর আমার বক্তব্য হচ্চে শিক্ষামন্ত্রী বলেছেন যে আমরা স্পন্সর্ড কলেজকে আল্ডে আন্তে সরকারী কলেন্দ্রে পরিণত করব। আমি তাঁকে ধন্তবাদ জানাই তিনি সরকারী কলেন্দ্রে পরিণত করুন। আমি আগে বলেছিলাম সমন্ত কলেজকে সরকারী কলেজে পরিণত করুন। কিন্তু যথন য়্যাফিলিয়েটেড কলেজ-গুলিকে ইউনিভার্সিটীর আইনের মধ্যে আনছেন, সরকারী কলেজ সরকারী আইনের মধ্যে রাথছেন তথন **স্পন্মর্ড কলেজকে ইউনিভারসিটি আ**ইনের মধ্যে আ<mark>ত্মন</mark> এবং যথন সরকারী কলেজে পরিণত করবেন তথন সরকারী আইনের মধ্যে নিয়ে বাবেন। শেষ প । স্তু আমি সেথানে পূর্বে বলেছিলাম সেই ৮বি সংশোধনী গ্রহণ করন। সেই ৮বি সংশোধনী হচ্ছে প্রথম যেটা বলেছিলাম স্পন্সর্ড কলেজকে বিশ্ববিভালয় আইনের আওতার মধ্যে আছুন। হয়তো প্রো-ভাইস-চ্যান্সেলর ফর য়্যাকাডেমিক য়্যাফায়ার্স-এ পোইটা তুলে দিন এবং রেগুলেসনের ব্যাপারে ম্যাকাডেমিক কাউন্সিল চুড়ান্ত সিদ্ধান্ত নেবেন এবং 🕉 মেজারটি প্রেক্সেট অ্যাণ্ড ভোটিং এর উপর সিনেটের রিভিউ করবার ক্ষমতা দি মেম্বারস থাক্বে সেটা বিবেচনা করুন এবং সিণ্ডিকেট সম্পূৰ্ণভাবে গভর্মিং বডি এক বৎসরের বেশী কাজ করতে পারবেন না এবং ৫ম তে। বি, সি মালিকের বিশ্ববিদ্যালয়ের আইনের খণড়া অমুযায়ী ভাইস-চাম্পেলার-এর নমিনির পরিবর্ত্তে আমপেয়ারের ব্যবস্থা করতে ছবে। ৬নং -এ বলতে চাই সিগুকেটে চাঙ্গেলারের নমিনির সংক্রান্ত যে ধারা আছে সেটা তুলে দিন। এবং এফিলিয়েসানের ব্যাপারে সরকার আগে থেকে জানিয়ে দেবেন কতকগুলি কলেঞ্চকে আর্থিক সাহায্য দিতে পারবেন—বিজ্ঞান কলেজ, মহিলা কলেজ, ডান্ডারী কলেজ ইন্ডাদিকে। কিন্তু এফিলিয়েলানের ব্যাপারে विश्वविश्वामारात छेभत्र मतकारतत कोनतकम मच शोकरव ना धवः करमञ्ज मिक्कक श्रीजिनिधि मिरनरि ३६, একাডেমিক কাউন্দিল ১, সিণ্ডিকেটে ১টা করে আসনের কথা আমি পূর্বের যা বলেছি সেটাই আবার বলছি এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষক প্রতিনিধি সিনেটে ১৫, একাডেমিক কাউন্সিলে ৫ এবং সিণ্ডিকেটে একটি আসন দেবার ব্যবস্থা করুন। শ্রীন্সালিকের বিল অন্থ্যায়ী ফ্যাকালটি-ওয়াইক ভাবে রেজিটার্ড গ্রাজ্যেট কনস্টিটিউসান গুলিকে ভাগ করতে হবে এবং বুধ ভোটিং-এর ব্যবস্থা করতে হবে। কাজেই মোটামুটি বে কথা পূর্কে বলেচি সে কথাই জাবার বলছি শেষ পণ্যস্ত আমি জানি এ বিল পাল হয়ে যাচেছ কারণ মেজরিটি বর্থন এক্লিকে রয়েছে তথন আমাদের কথার কোন মূল্য নেই, তবুও আমরা দাঁড়িয়ে ৫ দিন ধরে এক কথায় বলতে

গেলে বেওরালে পিঠ দিরে লড়ছি, কিন্তু কোন ধারার পরিবর্ত্তন করতে পারিনি। তব্ও শেষ পর্যান্ত শিক্ষা ক্ষ্মীকে বলবো তিনি বিলটা বিবেচনা করন। একদিক থেকে এ বিল নিশ্চয়ই ১৯৫১ সালের চেয়ে থানিকটা ইমপ্রশুভভ সেজত তাঁকে অভিনন্ধন জানাছি কিন্তু অভাদিক থেকে এই যে শিক্ষাবিরোধী ধারাগুলো এ ধারা জলো যদি প্রত্যাহার না করেন তাহলে এ বিলকে আমি অভিনন্ধন জানাতে ও সমর্থন করতে পাছি না।

#### Shri Hemanta Kumar Basu:

স্তার ৬টা বেজে গেছে হাউদের মেম্বারর। সব দায়ার্ড। আমি পার্লামেট একেয়ার্দের মন্ত্রীকে আপনার মাধ্যমে বিশেষভাবে অন্তরোধ করছি যে আজ এটা থাক কাল হবে।

## Shri Jagannath Kolay:

আপনি যথন বলছেন তথন কালকে যদি ১ ঘণ্টায় সেরে দিতে পারেন তাতে আপত্তি নেই।

#### Adjournment

The House was then adjourned at 6-10 p.m. till 1 p.m. on Wednesday, the 15th December, 1965, at the Assembly House, Calcutta.

# Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India.

The Assembly met in the Legislative Building, Calcutta, on Wednesday, the 15th December, 1965, at 1 p.m.

#### Present

Mr. Speaker (Shri KESHAB CHANDRA BASU) in the Chair, 8 Ministers, 2 Ministers of State and 161 Members.

# STARRED QUESTIONS (to which oral answears were given)

[1-1-10 p.m.]

#### Mutation of names in tenancy roll in respect of Agricultural and non-Agricultural lands

- \*429. (Admitted question No. \*632.) Shri Abani Kumar Basu: Will the Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—
  - (a) districtwise number of application for mutation of names of the applicants in the tenancy roll in respect of agricultural and non-agricultural lands pending up to 30th September, 1965; and
  - (b) average time taken for disposal of such application?

Shri Syamadas Bhattacharyya: (a) A statement showing the district-wise number of applications for mutation pending upto 30th September 1965 is placed below. Separate figures for agricultural and non-agricultural lands cannot be furnished because such petitions do not indicate the classification of lands.

(b) It depends on the nature of applications. If the prayer for mutation relates to separation of Jamas in respect of co-sharer tenancies, question of issuing notices to the other co-sharers crops up. This naturally causes delay. The matter becomes more complicated when any of the co-sharer is found to be dead. When the application relates to inheritance, some sort of investigation is necessary. It is not therefore possible to give any indication of the time taken for the disposal of the petitions.

Statement referred to in (a) of answer to question No. \*429, showing the districtwise figure for application for mutation and transfer notices.

Districts	No. of applications
Jalpaiguri	27,703
Malda	1.256
Nadia	18,089
Murshidabad	21,700
Burdwan	3,573
Howrah	3.666
Bankura	555
Birbhum	714
Hooghly	6,572
Purulia	1.920
Darjeeling	9.707
West Dinajpur	204
Midnapore	1.08,299
Cooch Behar	15,121
24-Parganas	3,996

#### Shri Abani Kumar Basu:

সাপ্নেমেন্টারী কোরেন্চেন স্থার, মাননীয় মন্ত্রী মহাশয় ডি**ট্রিক্ট** ওরাইজ ফিগার দিরে বে তথ্য এধানে পরিবেশন করলেন, তাতে দেখছি— ত্ব' লক্ষেরও বেশী গ্রাপ্লিকেশন পড়ে আছে এতাবংকাল পর্যন্ত। আমি জানতে চাচ্ছি, এ পর্যন্ত তাঁরা বে আউট ষ্ট্যাণ্ডিং গ্রাপ্লিকেশনস্-এর তালিকা দিরেছেন, তার মধ্যে ক তন্ত্রলি গ্রাপ্লিকেশন ডিসপোস্ত অফ করা হয়েছে ?

## Syamadas Bhattacharyya:

সে ফিগার আমার কাছে নেই।

## Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন এই দেপারেশন অফ জমা ছাড়া, অক্সান্ত ক্ষেত্রে, সেধানে কভদিন দেরী লাগে এই ইনভেষ্টিগেশন করতে ?

## Syamadas Bhattacharyya:

এ কথা বলা সন্তব নয়। প্রত্যেকটি মুটেশান-এর বাপারে ইনভেষ্টিগেশান-এর দরকার হয়।
A sued mutation may be a case for mutation without a case for separation of jamus but even in that case time is needed.

#### Shri Abani Kumar Basu:

মাননীয় মন্ত্রী মহাশায় এ কথা কি জানেন যে, যে সমন্ত প্রার্থী মুটেশান-এর জন্ম দরধান্ত করেছেন, তাদের মুটেশান না হ'ওয়ার জন্ম বা জন্ম এক সঙ্গে যাবার জন্ম, অনেক ক্ষেত্রে অন্ত কো-শেয়ারার থাজনা না দেওয়ার জন্ম, এঁর বিরুদ্ধে পাবশিক ডিম্যাগুস রিকভারি এটি অন্তুসারে প্রোসিভিং নেওয়া হয় ?

## Syamadas Bhattacharyya:

যারা মুটেশান-এর জন্ম দরপান্ত করেছেন, অওচ মুটেশান হয়নি, সেথানে তাদের ক্ষেত্রে পাবলিক ডিম্যাণ্ডস রিকজারি এ্যাক্ট প্রয়োগ করা যেতে পারেনা, অন্ম কোন কো-শেয়ারার-এর এগোনেষ্টে হতে পারে।

#### Shri Abani Kumar Basu:

আমার প্রশ্নটা বোধ হয় ঠিক বুনতে পারেননি। আমার প্রশ্নটা হচ্ছে একটা জমা, তার যতক্ষণ প<sup>হ</sup>স্ত না সেপারেশান হচ্ছে সেথানে অন্য কো-শেয়ারার-এর ডিফলট ইন পেমেনট অফ রেনট-এর জন্ম, এনটায়ার হোল্ডিং-এর উপর এবং এনটায়ার হোল্ডিং-এর যারা, যারা দখলকারী, তাদের উপর পাবলিক ডিমাণ্ডিস রিকভারী এটাক্ট অন্ত্রপারে প্রোসিভিং নেওয়া হয়, এটা জানেন কি?

#### Syamadas Bhattacharyya:

এটা আইনের কথা। মাননীয় সদস্য এটা বোধহয় জানতে পারেন, রাজ্ঞাের অনেক জায়গায় মৃটেশান ২০০০ তার নাম থারিজ হয় নাই।

mutation is one thing and separation of Jamas is another thing. Even when mutations are effected, his name is added to the list of co-sharers and therefore for the purpose of payment of the co-sharer's share, the entire rent is taken into account."

#### Shri Sanat Kumar Raha:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি—মূর্টেশান খারিজের ব্যাপারে যে লক্ষ লক্ষ কেস পড়ে আছে এ বিয়য়ে সরকারী প্রশাসনিক ব্যবস্থা যথেষ্ট নয় ? একথা তিনি স্বীকার করেন ?

## Syamadas Bhattacharyya:

এটা ঠিক যে নাছার অফাঁকেস দেখে একথা মনে হবে। তবে এরজন্ম জে, এল, আর, ও, আছে, সার্কেল ইনসপেক্টর আছে। তাছাছ্ম আর একজন কমপন্সেশন মোহরার এপয়েনট্ করা হয়েছে। জে, এল, আর, ও, ও সার্কেল ইনসপেক্টরদের বলা হয়েছে তাঁরা যেখানে যেখানে মাসে মাসে যাবেন, সেখানের এই মুটেশান কেদের দর্খাতঃগুলি তদন্ত করবার জন্ম সঙ্গে নিয়ে যাবেন এবং তার তদন্তের ব্যবস্থা করে আসবেন। এই

ভাবে কাব্দের নির্দেশ দেবার পর থেকে কাব্দটার অগ্রগতি ভাগই হচ্ছে। তবে আহ্না কে, এল, আরু, ও, ও সার্কেল ইনসপেক্টানের অক্সান্ত কাব্দ দিয়ে থাকি, তাতে এর কন্ত বাবা আসছে। সেইকল্প আমরা চিন্তা করছি মুটেশান-এর কন্ত পৃথকভাবে কোন অরগানাইক্রেশন বা বিশেষ অফিসার নিযুক্ত করা যায় কি না।

## Shri Sanat Kumar Raha:

এখনো আপনারা চিন্তা করছেন—এ ব্যাপারে কিছু করা যায় কি না ! এই যে লক্ষ লক্ষ কেস এরিয়ার পড়ে আছে, তা আর কয় বছরের মধ্যে শেষ করতে চান ?

# Syamadas Bhattacharyya:

পুব শীজ।

## Shri Radha Krishna Sinha:

লেডী অর্ডারের বারা না হয় মুটেশান-এর বারা আপনারা অনেক লাগু হোলডারকে বেকার করে দিরেছেন। জমির মালিক হিসেবে—মুটেশান না হবার দক্ষন অস্থবিধা হচ্ছে এবং সাধারণ লোকের বে ডিফিকালটিজ হচ্ছে, তা দূর করবার জন্ম আপনি কি করছেন ?

# Shri Syamadas Bhattacharya:

যে লেভী অর্ডার করা হয়েছে সেটেলমেন্ট রেকর্ড দৃষ্টে। কিন্তু মৃটেশান করলে যে সেটেলমেন্ট রেকর্ড সংশোধন হয়ে যায়—তা নয়। মৃটেশান হওয়া সত্তেও এমন হয়েছে—একজনের জমি ট্রাজ্ঞফার করা হয়ে গেছে। সেধানে মৃটেশান করা সত্তেও রেকর্ড বলল হয় নাই। তার কথা নয়। আমরা রেকর্ড লেপে বিভিন্ন জায়পায় লেভী ধার্ধা করি। এই লেভী কন্টোল অর্ডারে বলা হয়েছে—বধন লেভী আলেশ দেওয়া হবে, তথন সেই আদেশপ্রাপ্ত বাজি তিনি লরখান্ত করতে পারেন এবং বলারে পারেন ত'র নামে যে রেকর্ড দেখান হয়েছে, সেই রেকর্ড পারবন্তী কালে সংশোধনের স্থাোগ ছিল না। এর মধ্যে জমা ভারত্বর হয়েছে। ফলে বে লেভী ধার্ধা হয়েছে তার চেয়ে কম ধা্যা হতে পারে। ভার বিধানও এই লেভী কনটোল অর্ডারের মধ্যে আছে।

#### Shri Shamsuddin Ahammad:

আমাদের লাণ্ডি ব্রিন্ম্প এটক্ট-এর জমির কোন প্রকৃষ্ট বন্দোবস্ত নাই। বি, টি, এট**ক্ট ছাড়া আদালতে** বৈধ হয় না। যে জমি বিভাগ করছেন, আদালতে তার বৈধ ভিত্তি গাকছে না। এই সমপ্তা সমাধানের কথা আপনি ভাবছেন কিনা?

#### Shri Syamadas Bhattacharya:

আমার মনে হয় আইনের ঐ ব্যাপ্যা ভূল। বি, টি, এয়াক্ট এর ধারাগুলি জমা বিভাগ দহছে প্রবোজা ছিল, তা বাতিল করে দিয়ে নতনভাবে রুল করা হয়েছে।

#### Shri Sanat Kumar Raha:

সরকারের হাতে যে কেসগুলি জমে আছে—ক্লিয়ার হয় নাই তা ডিসপোজ অফ করা হয় নাই মৃটেশান না হবার দক্ষণ। তার ফলে চাবী সরকারকে জমি দিতে বাধা হয়েছে—রান্তাঘাটের জক্ত ট্রান্সকার হবার ডয়ে। তার থাজনা বহন করবার জন্ত —তার উপর নোটীস চাপান হয়েছে। এই রকম কেস কত আছে জানেন ?

#### Shri Syamadas Bhattacharya:

এ বৰম আছে—জানি। তবে কত আছে—আমি জানি না।

#### K ... 147

#### Balubhut-Tufanguni and Tufanguni-Dhalnel roads

\*431. (Admitted question No. \*1951.) Shri Jihan Krishna Dev: পূর্ব্ব (সভক) বিভাগের যদ্ভিক্তাপর অন্তগ্রহপর্বক জানাইবেন কি---

- (ক) বালাভত-তুকানগল ও তুকানগল-খলপল সভক তুটি পাকা করার কাছ কি এখনও চলতে না শে इदा शिक्तः
- (খ) যদি না চলে ভাহলে ভার কারণ কি , এবং
- (গ) কতদিনের মধ্যে ঐ কান্ধ সমাপ্ত করার সিদ্ধান্ত আছে ?

#### [1-10-1-20 p.m.]

#### Shri Khagendra Nath Das Gunta:

- (क) এখনও চলচে।
- (খ) প্রশ্ন উঠে না।
- (গ) আগামী বৎসরের জুন মাস নাগাদ শতকরা ৭৫ ভাগ কান্ত সম্পন্ন হইবে এবং অবশিষ্ট কাং ১৯৬৭ সালের মার্চ মাস নাগাদ সম্পন্ন করা বাইবে বলিয়া আশা করা যায়।

#### Shri Jiban Krishna Dev:

রান্তা তুইটির স্থাংশন কবে হয়েছিল ?

#### Shri Khagendra Nath Das Gupta:

্পার্ড-ফাইভ ইয়ার প্ল্যানের মধ্যে এই রাস্তা তুটি নেওয়া হয়েছিল।

#### Shri Jiban Krishna Dev:

কভ বছর আগে ?

#### Shri Khagendra Nath Das Cupta:

এই প্লান পিরিরডেই নেওয়া হয়েছে।

#### Shri Jiban Krishna Dev:

মাননীয় মন্ত্ৰী মহাশয় কি অবগত আছেন তুফানগঞ্চ ধলপল যে সড়কটি এটাই পাক-ভারত যোগাযোগে একমাত্র রাস্তা। এটা পড়ে থাকার কি আপনাদের অস্থবিধা হচ্ছে না ?

#### Shri Khagendra Nath Das Gupta:

এটাই পাক-ভারত সীমান্তের একমাত্র রান্তা নয়, অনেক রান্তা আছে। তাছাড়া এই রান্তার গুরুত্ব আয়ে বলেই এই রাস্তা নেওয়া হয়েছে। এই রাস্তার এ্যালায়েন্টমেন্ট স্থির করতে সময়, লেগেছিল, কোথা দি বাবে, সেই জমি এয়াকয়ার করে নিতে এই সব কারণে দেরী হয়েছে। ভবে রান্ডার কান্ধ স্কল্প হয়ে পিরেন এবং অনেকটা এগিয়েছে।

## Shri Jiban Krishna Dey:

ভফান গঞ্জ ধলপদ সভকের কান্ত কি চলচে।

#### Shri Khagendra Nath Das Gupta:

ষ্টা চলছে। স্থামি বলেছি যে কাজটা এগিয়েছে এবং আগামী জুন মাসের মধ্যে ৭৫ পানে টি কমল্লিট হয়ে बांदव ।

## Shri Jiban Krishna Dey:

আমি জানি ৬ মাস আগেনা রান্তার কাজ বন্ধ হয়ে গিরেছে গ

## Shri Khagendra Nath Das Gunta:

না। আমরা ইভিনিয়ারের কাচ থেকে বে টেলিগ্রাম গেরেচি মেটা হতে, বাল চলতে।

#### QUESTIONS AND ANSWERS

members of the Low Income Group Housing Scheme in an district

\*482. (Admitted question No. \*1985.) Shri Ananga Moham Das :
গুড় নির্মাণ বিভাগের মন্ত্রিমহাশর অমুগ্রহপূর্বক জানাইবেন কি—

- (ক) লো ইনকাম গ্রুপ হাউদিং স্বীমএ মে দিনীপুর বেলার এ বাবং কভগুলি ক্ষেত্র টাকা কেওরী হইরাছে:
- (খ) ঐ জেলার উক্ত স্কীমএ কতগুলি ক্ষেত্রে গুহনির্মাণ লেব হইরাছে; এবং
- (গ) ঋা গ্রহীভাগণের মধ্যে কভজন কিন্তির টাকা আদার দিচ্ছেন না ;

#### Shri Khagendra Nath Das Gupta:

- ক) কণটি ক্ষেত্রে ঋণের সম্পূর্ণ টাকা দেওয়া হইয়াছে এবং ণটি ক্ষেত্রে আংশিক টাকা দেওয়া হইয়াছে:
- (খ) ৪১টি ক্ষেত্রে গৃহ নির্মাণ সম্পূর্ণ হইয়াছে।
- (গ) বে ৫৭ জনকে পুরা ঋণ দেওয়া হইয়াছে তাহার মধ্যে ৮ জনের নিকট কোন কিন্তিই আলায় হয় নাই এবং অপর ৮ জনের নিকট কিন্তির টাকা আংশিক আলায় হয় নাই।

## Shri Ananga Mohan Das:

মেদিনীপুর জেলাতে মাত্র ৫৭টি লো হাউসিং গ্রুপের জ্জু টাকা মঞ্কুর করেছেন। সেধানে মোট দরধান্ত কন্ত প্রয়েছিলেন ?

#### Shri Khagendra Nath Das Gupta:

মেদিনীপুর জেলার ১৯৬৫ সালের সেপ্টেম্বর পর্যস্ত ঋণের জন্য ৬৪ জনের দরধান্ত মধ্র করা হরেছে। কতগুলি এয়াপ্লিকেশন পেরেছিলাম তা এখানে নেই, প্রশ্ন করলে আমি কলতে পারবো। তবে সাধারণতঃ বারা এলিজিবিল হয় তাদের প্রত্যাকেই ঋণ দেওয়া হয়। আমাদের নির্মের মধ্যে বারা পড়ে ভারের প্রত্যাকরে করেছিল এবং ৬৪ জনকেই মধ্ব করা হয়েছে, ৩ লক্ষ্ণ ৮ হাজার ৫ শত টাকা।

#### Shri Ananga Mohan Das:

লো ইনকাম গ্রাপু হাউসিং স্কীমে যে সমন্ত লোক পড়ে তারা বাড়ী তৈরী করবার জন্ম দরধান্ত করলে ভালের বে পদ্ধতি রয়েছে সেই পদ্ধতিতে দীর্ঘকালের মধ্যে ঋণ পাবে না এই সন্দেহ হচ্ছে। কারণ একজন লোক দরধান্ত করলো তার রাইট ঠিক আছে কিন! দেটা রেজিষ্ট্র অফিসে খোঁজ করেন এবং বিভিন্ন জানসার দক্ষায় খোঁজ করার জন্ম এক একটা লোন পেতে দীর্ঘ সময় লেগে যায়। এই পদ্ধতি সংশোধন করে ভাডাভাডি যাতে দেওয়া যায় সেই ব্যবস্থা করবেন কি?

## Shri Khagendra Nath Das Gupta:

পদ্ধতিটা বথাসাধ্য সরল কর। হয়েছে, কিন্তু যে জমিটা বন্ধক নিয়ে, গৃহ যেটুকু অমির উপর হবে সেই অমিটুকু বন্ধক নিয়ে টাকা দিয়ে দিছি । কাজেই সেই জমিটা তারই অধিকারে কিনা এই বিষয় আমাদের পরিকার হতে হবে এবং তারজন্ম যেটুকু সময় দরকার তা দিতে হবে ।

#### Shri Ananga Mohan Das:

বে ৮ জন লোক একদম কিন্তির টাকা দেয়নি তাদের কাছ থেকে টাকা আলায় করবার জন্ম কি ব্যবস্থা করেছেন ?

## Skri Khagendra Nath Das Gupta:

সাধারণতঃ ধনের সম্পূর্ণ টাকা দেওরার এক বছর পর থেকে পরিশোধ করতে হর। বে ৮ জনের কাছ কেন্ট্রেটিকা আলার হরনি তাদের মধ্যে একজনের বিক্লাভ বেওরানী মামপা কলু করা হরেছে ৪ আনের বিক্লাভ

মানসা কর্ম্ব করার বস্তু প্ররোজনীর কাগকপত্র সরকারী উক্তিদের নিকট প্রেরণ করা হরেছে এবং তিন আননা টাকা আলার করার বস্তু প্রয়োজনীর তাগালা দেওরা হইতেছে। অপর বে ৮ জন আংশিক টাকা নের্রি ডালের টাকা আলায় করার বস্তু তাগিল দেওরা হয়েছে।

#### Shri Ananga Mohan Das:

ষারা কিন্তির টাকা দেয়নি তাদের নাম বলতে পারেন ?

#### Shri Khacendra Nath Das Gupta:

নাম আমার কাছে নেই।

#### Gramdan in Murshidabad district

\*433. (Admitted question No. \*2022.) Shri Sanat Kumar Raha:
ভূমি ও ভূমি বাৰুত্ব বিভাগের মন্ত্রিমণাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

- ক) মূর্শিদাব দ জেলায় এ প<sup>†</sup>স্ত ''গ্রামদান'' ইিদাবে কতগুলি গ্রাম দান করা হইয়াছে;
- (থ) নবগ্রাম খানার শক্ষণপুর, ঝুলনপুর, রবকতপুরু নামক ৩টি গ্রামদানী গ্রামের জমি ও সম্পদ কাছার ভোগ দখল করিতেছে; এবং
- (গ) গ্রামদান আইন এই এলাকায় চালু আছে কি না ?

#### Shri Syamadas Bhattacharya:

- (क) ३८छि।
- (খ) গ্রামদানকারীগণ।
- (গ) স্থা, কিন্তু নিয়মাবলী চূড়ান্ত না হওয়ার জন্ম এই সকল গ্রামদানী গ্রাম আইন অন্থসারে কোন ব্যবস্থা করা বায় নাই।

#### Shri Sanat Kumar Raha:

এই ১৪টি গ্রাম শুধু নয়, সারা বাংলা লেশে যত গ্রামনান হয়েছে আইন তৈরী হয় নি বলে কি কোণায়ও এই জ্বাইন প্রয়োগ করা হয়নি ?

#### Shri Syamadas Bhattacharya:

স্থামি এর আগেও বলেছি শ্রীযুক্ত চারু ভাণ্ডারী মহাশয় যিনি এখানে গ্রামন্থান সম্পর্কে ভারপ্রাপ্ত, গ্রামন্থান সম্পর্কে তিনি আমানের পরামর্থ দিয়েছিলেন এবং তাঁর পরামর্থ মত আমরা একটা থসড়া নিয়মাবদী করেছিলাম এবং তাঁর কাছে পাঠিয়েছিলাম। তিনি এখানে আন্ত সকালে এসেও আমানের সংগে যুক্তি করে তাঁর কতকগুলি মতামত দিয়ে গিয়েছেন, আমরা আশা করি এবারে চূড়ান্ত নিয়মাবলী প্রকাশ করতে পারবো।

#### Shed For the lawyers' clerks

- \*434. (Admitted question No. \*2083.) Dr. Kanai Lal Bhattacharya Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state-
  - (a) whether it is a fact that a shed for the lawyers' clerks has not ye been constructed inspite of several representations made by th Howrah Bar Association to the Government to this effect; and
  - (b) if so, the reasons thereof?

#### Shri Iswar Das Jalan: (a) Yes.

(b) Under the rules there is no such provision for accommodating the pleaders' clerks on Government land. However, with a view to mitigating their hardship a proposal for their accommodation is now under consideration of Government.

Or. Kanal Lal Bhattacharya: Will the Hon'ble Minister be pleased o state whether he had personally assured the lawyers when he visited the Howrah Court about two years back that a shed would be constructed every soon? Does he remember that?

Shri Iswar Das Jalan: I do not think that I made such a commitment. If it is found necessary we shall consider it.

Dr. Kanai Lal Bhattacharya: May I know whether he had assured the lawyers that he would consider the case? He is still saying that he will consider the case. May I know how long will he take to consider construction of a simple shed?

Shri Iswar Das Jalan: I do not remember anything about such an assurance. I visited the Howrah Court about two years back and I do not remember to have made any such assurance. The question is, whether for the pleaders' clerks a building has to be constructed or not. That matter is now under consideration of the Government. It has not got a very high priority which should be remembered.

#### Record room for the Howrah District Judge's Court

- \*441. (Admitted question No. \*2084.) Dr. Kanai Lai Bhattacharya: Will the Minister-in-charge of the Judicial Department be pleased to state—
  - (a) whether it is a fact that the District Judges Court, Howrah, has got no record room of its own for the disposed of cases and all records of such disposed of cases are kept in the Record Room of Chinsurah; and
  - (b) if so, the reason thereof?

[1-20-1-30 p.m.]

#### Shri Iswar Das Jalan: (a) Yes.

(b) The average expenditure per year for transmission of disposed-of records to and from Hooghly including cost of special messengers is nominal in comparison with the cost of construction of a new Record Room for Howrah. In view of the acute financial stringency of the State, the construction of a new Record Room involving large capital expenditure of the order of above Rs. 2 lakhs could not be taken up so far.

Dr. Kanai Lai Bhattacharya: Is the Hon'ble Minister aware that it become difficult for litigant public to go to Chinsurah to get a copy of the record if they want it?

Shri Iswar Das Jalan: Yes, it is so.

Dr. Kanai Lal Bhattacharya: Considering this, does he think that a capital expenditure of Rs. 2 lakhs will be too much for constructing a Record Room at Howrah?

Shri Iswar Das Jalan: Regarding the construction of Record Room at Howrah, it is a question of finance and if the Finance Department sunctions the expenditure, I will agree to the proposal. Many proposals

like this are not entertained by the Finance Department on account acute financial stringency.

Shri Radhakrishna Singha: Whether it is the practice for the lawye clerks to sit in the corridors of the court room and disturb the litiga public ?

Shri Iswar Das Jalan: No.

Shri Aswini Roy: Regarding clerks' accommodation, the Hon'l Minister just now stated that higher priority has been given to consider tion of this case. So when does he think of finalising their case?

Shri Iswar Das Jalan: We have asked for a fresh estimate to prepared for the constructiin of the accommodation of pleaders' cleri As soon as we receive the fresh estimate, we will proceed further.

Shri Aswini Roy: Will the Hon'ble Minister state whether he h received such representation from the clerks at Burdwan?

Shri Iswar Das Jalan: For that purpose I will require notice.

#### Cultivation of Government Khas lands at Nirmalchar in Murshidabad distr

- \*435. (Admitted question No. \*2091.) Shri Sailendra Nath Adhika: ভমি ও ভমি রাজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি-
  - (ক) মূর্নিদাবাদ জেলার পাকিস্থান সীমান্ত দক্ষিণ নির্মলচরে গত করেক বংসর বাবং কতজন কুন্ত চ ও ভৃত্তিলীন চাবী খাদ কমি টেম্পোরারী পারমিটে পাইয়া আদিতেছে ;
  - (খ) উক্ত অমির মোট পরিমাণ কত ;
  - (n) ইচা কি সভ্য বে ঐ সব চারীকে উচ্ছেদ করিরা শত মাইল দূরবর্তী এলাকার কিছু পরিবারকে **।** দিবার বাবস্থা হইরাছে ; এবং
  - (খ) সভ্য হইলে, ইহার কারণ কি?

## Shri Syamadas Bhattacharya:

- (ড়) প্রভ ১৩৬২ সাল হইতে অস্থায়ী সাইসেল দেওরার বিবরণ নিম্নে দেওরা হইল:
  - (১) কুত্রচারীর ১৬৬২ সাল-৬৮, ১৩৭০ সাল-৬৮, ১৩৭১-৬৮, ১৩৭২--৫১ সংখ্যা !
- (২) ক্বফ্লীন চাৰীর সংখ্যা ১৬৬৯—৩৯, ১৩৭•—৪২ ১৩৭১—৬৪, ১৩৭২—১২১ ।
- (খ) দাল অভ্যারী লাইদেল লেওয়া মোট অমির পরিমাণ :

मोग ३७७३ 2090 1991 ১৩৭২ বাস ্পরিয়ার্থ ১৯৪'১৫ একর ২১১'৭১ একর ১৭৮'৭২ একর 766.72 CALL 1

- (গ) না.
- ं (र) श्राप्त देश वर्ग

## SAS L

#### Quarters for the members of the West Bengal Legislature

- \*356. (Admitted question No. \*2147.) Shri Nikhil Das: Will the linister-in-charge of the Public Works Department be pleased to state—
  - (a) whether it is a fact that quarters for the members of West Bengal Legislature are being built; and
  - (b) if so, how many quarters are being built?

Shri Khagendra Nath Das Gupta: (a) Yes, a building to provide hostel accommodation for the members is under construction;

(b) 40 suites for 80 members for the present.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state where this is being constructed?

Shri Khagendra Nath Das Gupta: Kyd Street.

Shri A. H. Besterwitch: Will the Hon'ble Minister be pleased to state as to when will the building be completed?

Shri Khagendra Nath Das Gupta: For the present these 40 suites will be completed by March next.

Shri Sanat Kumar Raha:

এই বে বিভিঃ ভৈরী হচ্ছে এতে গভর্নমেট এমপ্লয়ীদের এমপ্রাফদের কোন ব্যবস্থা হচ্ছে কি ?

Shri Khagendra Nath Das Gupta:

না, এগুলি মেম্বারদের জম্ম।

Shri Haridas Chakravarty:

আপনি বললেন ৪০ সীটস এইট টি মেমারস—এটা ঠিক বুঝতে পারলাম না।

Shri Khagendra Nath Das Gupta:

এক একটা ছরে চুইজন করে থাকবেন।

Shri Radhakrishna Singha:

এণ্ডলি পাবার জন্ত 🗣 আগে থেকে দরখান্ত করতে হবে বা কোন নোটিশ দিনে হবে ?

Shal Khagendra Nath Das Gupta:

ভার এখনও সমর হরনি।

Sint A. H. Besterwitch: Will the Hon'ble Minister please recall that during the last budget session he had stated on the floor of the House that the building will be completed by the end of this year, and now he says that the building will be completed by the end of March 1966? So, which statement is correct—whether the previous statement of the Hon'ble Minister or his present statement?

Sist Khagendra Nath Das Gupta: I had said it would be completed by the end of the current year, and current year means current financial year; that means by the end of March, 1966.

Shri A. H. Besterwitch: If the records are gone through it will seen that what the Minister had said, was by the end of 1965 and not e of the current financial year.

Mr. Speaker: পাই বাজেটের—১৯৬২ সালের কারেন্ট-ইয়ারের এনডে—তার মানে ১৯৬৬ মা That question does not arise. He has already stated that it is expecte to be completed by March, 1966.

Shri Nani Bhattacharjee: এই খরের সীটের ভাডা কত করে হবে ?

Shri Khagendra Nath Das Gupta: সেটা এখনও ঠিক হয় নি।

Shri Sanat Kumar Raha:

মন্ত্ৰী মহাশয় কি জানাবেন—এই যে বিল্ডিং হচ্ছে এখানে যদি কোন ষ্টাফ না থাকে তাহলে গোৰ্ভিং মেসিং নি সিসটেমে চলবে ভার একটা আইডিয়া কি দেবেন ?

Shri Khagendra Nath Das Gupta: হোষ্টেশের ব্দ্রা যে তাফ থাকা নরকার তার ক্র্যা এরেশ্বমেণ্ট আছে ?

Shri Jiban Krishna Dey:

এই বে বাড়ীগুলি—এগুলি ফ্রি একমডেসন, না, এগুলি ভাড়া দেওয়া হবে—এ সম্বন্ধে কিছু ঠি

Shri Khagendra Nath Das Gupta: খাওয়া দাওয়ার বন্দোবন্ত যুখন ওখানে থাকবে—তথন নিশ্চয়ই পয়সা দিতে হবে।

#### Maharaja Nal...a Kumar's memorial

\*437. (Admitted question No. \*2158.) Shri Sudhir Chandra Das: পূর্ত্ত বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি —

- ক) ইহা কি সত্য যে মহারাল্প নন্দকুমারের শ্বতি রক্ষার্থে পশ্চিমবঙ্গ সরকার উল্ফোগী হইয়াছেন ; এব
- (খ) সত্য হইলে, কোন স্থানে ঐ স্বুতিরক্ষার ব্যবস্থা হইতেছে ?

## Shri Khagendra Nath Das Gupta:

- (क) কোন সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই।
- (খ) মহারাজ নন্দকুমারের ফাঁদীর স্থান নির্ণয়ের জন্ম প্রস্থুতাত্তিক অধিকারিককে নির্দেশ দেওয়া হইয়াছে

Shri Balailai Das Mahapatra:

মন্ত্রী মহাশ্র কি বলবেন,বৈ নম্মকুমার যে গৃহে বাস করতেন সেই গৃহটি সরকারী দখলে নিয়ে তাঁর উপযুক্ত শ্ব,ভিরক্ষার ব্যাবস্থা করা হবে কিনা?

Shri Khagendra Nath Das Gupta: ৰ্ম্মনও পৰ্ণন্ত সরকার সে সহজে কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নি।

Shri Birendra Narayan Ray:

আপনি বলছেন প্রত্নতার্থিকরা অন্তসন্ধান করছে—কিন্ত আমরা জানি মূর্শিলাবাদের সৈলাবাদে নম্মকুমারে শৈত্রিক বাসভূমি ছিল, এবং সেটা জীর্ণ--প্রতনোগ্ন থ অবস্থায় আছে সেটা সম্বন্ধে কোনু ব্যাবস্থা করছেন ন কেন?

#### Shri Khagendra Nath Das Gupta:

জ্ঞান আৰ্থিক অবস্থান দক্ষন এ বাজীটি রিপেয়ার করতে যে পরিমাণ অর্থের প্রয়োজন সেই পরিমাণ অর্থ নার করা স্মীটীন কিনা সেটা এখনও স্থির হয় নি।

#### Shri Birendra Narayan Ray:

আপনি বে বলেন প্রত্নতাত্বিকরা খোঁক করছেন তাহলে কি খোঁক করছেন ?

#### Mr. Speaker:

ুকি খৌত্ত করছেন দেটা উনি কি করে বলবেন।

[1-30-1-40 p.m.]

#### Shri Balailal Das Mahapatra:

ধাননীয় মন্ত্রী মহাশয় বদদেন এ বিষয়ে থোঁজ থবর করা হয়েছে, প্রান্ত থাছিক কি কি বিষয় থোঁজ করা ছয়েছে, ক্রার্থাৎ কোন স্থানে স্থাতিরক্ষা করা হবে বা অন্ত কোন বিষয় সংবাদ আছে ?

#### Mr. Speaker:

আপনি বললেন এ বিষয়ে শৌজ নেওয়া হয়েছে কিনা এ বিষয়ে জেনারেলভাবে কি কি থোঁজ নেওয়া হয়েছে তা বলা হয়েছে। এছাড়া আলাদাভাবে প্রশ্ন দেবেন তবে সেটা বলা যাবে আপনি সেইভাবে জিজ্ঞাসা কর্মন।

#### Shri Balailal Das Mahapatra:

শ্বতিরক্ষার জন্ম সরকার কি কি অমুসন্ধান করেছেন এবং কোন স্থানে করেছেন ?

## Shri Khagendra Nath Das Gupta:

আমি বলেছি যে স্বৃতিরক্ষার সমজে কোন স্থির সিন্ধান্ত গ্রহণ করা হরনি। স্থান নির্ণয়ের জন্ম আমর। নির্কোশ দিয়েছি আমাদের ডিপার্টমেণ্টকে।

#### Shri Amarendra Nath Basu:

আমি মন্ত্রী ক্ষাপরকে জিজ্ঞাসা করছি যে নন্দ কুমারের ফাঁসি কোথায় হয়েছিল ?

#### Shri Khagendra Nath Das Gupta:

সে সম্পর্কে অন্তসন্ধান হচ্ছে।

#### Shri Amarendra Nath Basu:

কোন ৰৌজ পেরেছেন কি?

#### Shri Khagendra Nath Das Gupta:

স্থির নিজাক্ষে উপনীত হতে পারিনি।

#### Shri Amarendra Nath Basu:

তার কাঁদি হয়েছিল ১নং রমেশনত ন্ট্রীটের কাছে ঐ মির্ণাভা থিয়েটারের কাছাকাছি।

#### Shri Kashi Kanta Maltra:

ননং রাছা, শৈলেন বাবু, আর বিরেন বাবু গভ ২বংসর ধরে মহারাজ নসকুমারের শ্বতিরকার প্রাপ্ন কুলেছেন।
আমি জিজ্ঞানা করছি এ সক্ষত্তে তা রেকর্ড হিট্টি আছে, ইতিহাসে সমস্ত জিনিব লেখা আছে। সে ইতিহাসকৈ
বাদ ক্রিরে আপনারা পাবলিক ওয়ারকাস ভিপাটিমেউ-এর ইনজিনিয়াররা কি ইতিহাস রচনা করবেন, ভারশর কি'টিক ক্ষুত্তে পেইভিহাস লেখা আছে সেটা কি ইতিহাস নয়। আপনারা ক্ষেন হু ইন্ম ক্ষুত্তিন আক্রেনের নেম্বল ভি ক্ষুত্তেন। এটা কি পলিটিক্যালি ভিনাইত ক্ষুত্তেন কা এক্সিমিসফ্রেটিক ভিনিসানের নাগায়।

Shri Khagendra Nath Das Gupta: কোন ইতিহাসে শেখা নেই মহারাজ নক্ষ্মারের ফ'াসী কোণায় হরেছে। নানা শোকের কর্মা নানা স্থান শেখা আছে।

Shri Balailal Dag Mahapatra:

নন্দকুমার বে গতে বাস করতেন সে গ্রন্ধে সে গৃহ নিয়ে তার উপর কিছু করবার কথা ভাবছেন এবং এপথে থোঁজ করবার কথা ভাবছেন!

Shri Khagendra Nath Das Gupta: আপনি যা বলচেন সেটা এভাবে এত সহজ নয়।

## Lease of char-lands of the Ganges

\*438. (Admitted question No. \*2162.) Shri Sambliu Charan Ghosh ভূমি ও ভূমিরাক্তম বিভাগের মন্ত্রিমহাশয় অফুগ্রহপূর্বক জানাইবেন কি—

- ক) বর্দ্ধমান জেলার কাটোয়া হইতে হাওড়া জেলার বালি পর্যন্ত গলার সমন্ত চর কি কাহাকেও ইজা দেওয়া হইয়াছে ?
- (খ) যদি (ক) প্রশ্নের উত্তর ফ্রা হয়, মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি-
  - (১) উক্ত ইজারাদের নাম কি;
  - (২) কন্ত বংসরের জন্ম ইজারা দেওয়া হইয়াছে; এবং
  - (৩) ইন্ধারার কোন শর্ত আরোপিত আছে কিনা; এবং
- (গ) গঙ্গার চর ইজ্ঞারা দেওয়ার ব্যাপারে পূর্বে কি পদ্ধতি অন্নুসরণ করা হইত ?

#### Shri Syamadas Bhattacharya:

- (ক) কিছু অংশ দেওয়া হইয়াছে।
- (খ) (১) ইজারাদারদের নাম—শ্রীগোরেন্দ্র নাথ সাক্তাদ, শ্রীবসন্ত কুমার কুণ্ডু ও শ্রীজ্ঞানেন্দ্র না সাহা ।
  - (২) শ্রীবদস্ত কুমার কুণুকে ১০ বৎসরের জন্ম ও অন্য তুই জনকে ৫ বৎসরের জন্ম; मि अत्याष्टे तिकल मार्टनम मिनात्रल कलम ১৯৫৯ अन्त्रवाजी देखातात नर्क आत्राभिक आहि।
  - (গ) পূর্বে জ্বেলা সমাহর্তা (কালেক্টর) কর্ত্তক পার্মিট দেওয়া হইত।

## Shri Sambhu Charan Ghosh:

কাটোরা থেকে হাওড়া জেলার বালি পগস্ত গন্ধার চর ইজারা দেওয়া হয়েছে তার পরিমাণ কত?

Shri Syamadas Bhattacharya:

ইনীয়া জেলায় নবদীপ মৌজা ইড্যান্দিতে ৩৩ হাজার একর জমি পারমেদি প্রাকৃতি মৌজার ৫৮ হা<sup>ল্লর</sup> একর অমি এবং হুগলী জেলার বলাগড়, মগরা, চুঁচড়া ইত্যাদিতে ২৪ শত একর অমি আর বিবড়া কোরগর মধ্যবর্তী স্থানে ৭২ একর জমি;

Shri Sambhu Charan Ghosh:

ু এই বে পরিমাণ ক্ষমি যা প্রায় করেক হাজার একর, এই জমি আপনি ইজারা দিরেছেন, ধ ইন্ধারাদারদের অক্ততম বে বসন্ত পাণ্ডা তাকে কড টাকার ইক্সারা দেওয়া হয়েছে?

Shri Syamadas Bhattacharya:

' কলতে পারবো না। গত করেক বংসরে হগলী জেলার কড় আলার হরেছে. দেটা আমার <sup>কা</sup> খাছে, বসন্ত পাভাবে কেন ইখারা দেওয়া হরেছে, সেটা নেই :

## Shri Sambhu Charan Ghosh :

**35** 3

ক্রারার ব্যক্ত সর্ভ আরোপ করা হ'রছিল, ভালের মাধ্য একপ্রনের নাম বসন্ত পাণ্ডা হাকে ৰুশ ব্যুসরের ব্যক্ত ইব্যারা দেওরা হরেছে আমি বিজ্ঞাসা কর্মিচ ইব্যারা দেবার সময় যে সর্ভ আরোপ করা। হয়েছে ভাতে সরকার কত টাকায় ইক্সারা দিয়েছেন।

## Shri Syamadas Bhattacharya:

আমরা বখন ইজারা দিই তখন ওয়েউ বেলল মাইন্স এয়াও মিনারেলস রুল্স অন্থ্যারে দি, ডাডে কডকগুলি সর্ভ থাকে। প্রথম কথা হছে যারা ইজারা নিতে চান, তাদের আবেদন করতে হয় এবং ১০০ টাকা আবেদন কিস দিতে হয়, প্রথম ২০০ টাকা প্রথমিক বয়চ হিসাবে এভিদনাল কালেইর এর কাছে রেখে আবেদন করতে হয়, তারপর তিনি আবেদন বিবেচনা করেন। তিনি ওয়েউ বেলল মাইন্স এয়াও মিনারেলস রুল্স অন্থ্যারেই করেন, কমাস এও ইনডাটি তিগার্টমেণ্টএর প্রতিনিধিক্ষেপ করেন। তারপর তাকে সিকিউরিটি মানি হিসাবে ৫০০ টাকা জমা দিতে হয় এবং য়য়েলটি হিসাবে টাকা অমা রাখতে হয় যত কিউবীক ফিট বালি তোলা হবে সেই অন্থ্যারে, ১ টাকা থেকে ২॥০ টাকা হিসাবে রয়েলটি দিতে হয়; কোন কিছু নিদিই কয়া হয়নি, বিভিন্ন আবেদন থেকে এভিসন কালেইর বেছে নেন। তিনি খাকে উপযুক্ত মনে করেন তাকেই দেন। এর আরম্বর্ড সর্ত্ত থাকে লীজ এগ্রিমেন্ট থেকে ১ টাকা থেকে ২॥০ টাকা কিউবিক দিতে হয়, রয়েলটি রকম অন্থ্যারের দিতে হয়

#### Shri Sambhu Charan Ghosh:

বসন্ত পাণ্ডা বাকে দশ বংসরের জন্ম ইন্ধারা দেওয়া হয়েছে এবং আরও কয়েকজন যে ইন্ধারাদারের নাম বদদেন তাদের ইন্ধারা দেবার সময় কোন ডাক হয়েছিল কিনা ?

#### Shri Syamadas Bhattacharya:

সেটা বলতে পারবো না। বেভাবে ইজারা দেওরা হয় সেইভাবেই হয়েছে। এনভিশক্তাল কান্দের্ন্তর বাকে উপযুক্ত মনে করেন তাকেই দেন। এই বাপোরে যারা ইজারা নেন তাদের কতকগুলি প্রতিশ্রুতি দিতে হয়।

#### Shri Aswini Roy:

মাপনি কাটোয়া, বর্ধমান, হুগলী ও নদীয়ার ফিগার দিলেন একত্রে কন্ত জমি আছে। এরপ আপনার হাছে বর্ধমান, কালনা, কাটোয়া সাব-ভিভিসন্ত কন্ত জমি আছে সে ফিগার আছে কি ?

#### Shri Svamadas Bhattacharva:

कामना, काटोयाद त्नहे। ननीया ७ हननीत बाह्य।

#### Construction of Houses under Low Ir come Group Housing Scheme

\*439. (Admitted question No. \*2222.) Shri Aswini Roy:

গৃহ বিভাগের মন্ত্রিমহাশয় অন্তর্গ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) নিম্ন আয় বিশিষ্ট লোকদের গৃহ নির্মাণ প্রকরে এই বংগর কতগুলি গৃহ নির্মাণের প্রকর আছে : এবং
- (খ) উক্ত গৃহগুলি পশ্চিমবন্ধ রাজ্যের কোথায় কোথায় নির্মিত হইবে ?

## Shri Khagendra Nath Das Gupta:

- (क) ১১টি গৃহ নির্মাণ প্রকল্প আছে।
- (ধ) কলিকাভার ৪টি নমন্মে ২টি সোদপুরে ৩টি ইাওড়ার ১টি
  - ্ ছর্গাপুরে ১টি

Shri Aswini Roy:

এই বে ১১টা পৃত্তের কথা বল্লেন, এ বংসর এর কণ্ড কণ্ড টাকা বছুরী হরেছে? জ্গাপুত্তে কণ্ড টাকা মন্ত্রী হরেছে?

Shri Khagendra Nath Das Gupta:

১১টা গৃহের জন্ম ১ কোটা ৯৪ লক্ষ ৩৪ হাজার ২৪৭ টাকা। এবং ত্র্গাপুর, গোপীরাষপুর ইজ্যানির জন্ম ১১ লক্ষ ৫৬ হাজার টাকা।

Shri Aswini Roy:

তুর্গাপুর প্রকল্পে কড লোক থাকতে পারবে ?

Shri Khagendra Nath Das Gupta:

তুর্গাপর প্রকল্পে ১০২টা ফ্র্যাট করা হচ্ছে।

Shrimati Ila Mitra:

কলকাতার বে ৪টা গৃহ নির্মাণ, বে লো ইন্কাষ্ গ্রুপঞর পরিকল্পনা আছে সেটা কোন্ কোন্ কারণান্ন এবং

এই গৃহ নির্মাণ কবে আরম্ভ হবে ?

Shri Khagendra Nath Das Gupta:

ত্রনং বেলগেছিয়া রোডে ত্র্তা ক্লাট, ৪১।এ ট্যাংরা রোডে ২৫৬টা ক্লাট, ৪১।এ।১ডে ৯৬টা ক্লাট, বেলগেছিয়া ভিলায় ৪০টা ক্লাট হয়েছে।

Shrimati Ila Mitra:

কবে থেকে বাসস্থানের জন্ত লোক পেতে পারে ?

Shri Khagendra Nath Das Gupta:

আত্মারী-ফেব্রুয়ারী মাস নাগাদ।

Shrimati Ila Mitra:

হাওড়ার যেটা হচ্ছে সেটা কোন আয়গায় হচ্ছে ?

Shri Khagendra Nath Das Guyta:

হাওড়ার বেলার বালটিকুরীতে ১৫২টা ক্ল্যাট এবং মোট ১৫৫২টা ক্ল্যাট হরেছে৷

[1-40-1-50 p.m.]

Shri Anadi Das:

হাওড়ার এই ক্ল্যাটগুলি কবে নাগাদ নিম্ন আয়বিশিষ্ট লোকের ব'দ করবার জন্ম পাওয়া বাবে ?

Shri Khagendra Nath Das Gupta:

ঞ বছরই শেষ হবার কথা। তথন পাওয়া যাবে।

Shri Anadi Das:

কৰে কমপ্লিট হবে ?

Shri Khagendra Nath Das Gupta:

এ বছরেই ; কারেন্ট ফাইস্থান্সিরাল্ ইয়ারএ কম্প্লিট হয়ে বাবে এবং ইলেক্টিক কানেক্সন্ পেলেই নেগুলি ডিট্টিকিউট কয় হবে।

Dr. Kanai Lai Bhattacharya :

আপনি বি আনেন ও যাস আগেই ফ্রাটগুলি কম্মিট হয়ে গিয়েছে, ইলেক্টিক কালেক্ষান্ত্র অভাবে আন্ত পর্যন্ত আপনারা শেশুলি ভিট্টিবিউট করেন নি ?

#### Shri Khagendra Nath Das Gupta:

ক্ষাক্তিল ক্লাটি আছে বার ইলেক্ উক্ কানেক্সল্ পাওয়া বাজে না বলে ক্লাটভালি ভিট্লিবিউট ভারকে মেমী হজেন ডিলে হজে।

Dr. Kanai Lai Bhattacharya:

ज्यांगनि कि बदन करहन ना, it is an unusual delay ?

#### Shri Khagendra Nath Das Gupta:

এতগুলি স্ল্যাটএ ইলেক্ ট্রক্ কানেক্সন্ দিতে হবে তাতে একটু সময় লাগবেই। তবে তাকে একটা আন্ইউক্স্যাল্ ভিলে বলভে পারেন না। ইলেক্ট্রিক সাগ্রাই কোং'র কাছে এটাগ্রাই করা হঙ্গেছে একটা সাই-উল্ল্যাক্ জন্ত, তারা এখনও পর্যস্ত কালেক্সন্ দিতে পারেন নি।

#### Shri Hemanta Kumar Basu:

কি কি ধরণের ক্লাট হরেছে, এবং তার কত কত ভাড়া ?

## Shri Khagendra Na'h Das Gupta:

তিন রক্ষের ক্ল্যাট আছে। একটা হচ্ছে, প্রমাণ তুই কামরা, আর একটা হচ্ছে, সাধারণ তুই কামরা।
আই একটা হচ্ছে, নিরমিত ছোট তুই কামরা। এই ছোট তুই কামরা বেগুলি, সেগুলি বল্প আর বিশিষ্ট লোকের জন্ত, বাদের আর ও হাজার টাকার কম। সেধানে আমরা ২৫ পার সেই সাব্ সিটি নিই,
আই বাকীগুলিই সাব্ সিটি নেই। বাকীগুলি no lose no profit basis প্র বেবার জন্ত নোটিন্দ্র সেওরা হয়েছে।

#### Shri Hemanta Kumar Basu:

লাটগুলির ভাডা কত ?

## Shri Khagendra Nath Das Gupta:

ভাষা দশ্পর্কে একটা নোটিস বেরিরেছিল পেপাব্এ, আপনারা বোধ হর দেখেছেন। শেপারএ কি প্রকাশিত হরেছিল, তা ঠিক, এখন আমি বলতে পারবো না।

#### Shrimati Ila Mitra:

পেপারএ খবর বেলগেছিরার ফ্র্যাট সম্পর্কে প্রকাশিত হয়েছিল। এটা কি সব বিভি**ংগুলির ক্ষেত্রে**। সর্বত্ত প্রবোজ্য ?

#### Shri Khagendra Nath Das Gupta:

मा। मरक्षित्र वक्त महा। स्थात्न (र विकि:क्षित्र हरहरू, जांद्र वक्त ।

#### Dr. Kanal Lai Bhattacharya:

মানে বানের কেড়শো থেকে আড়াইশো ইন্কাম্ছিল, তানের হাউন দেওরা হত, এখন কি নেই নিয়মটা চেঞ্করে কেওরা হল ?

#### Shri Khagendra Nath Das Gupta:

লো ইন্কাম্ গ্রুপ বলতে ৬ হাজার টাকা বছরে বালের আর, তালের বলা হ'ত, এখনও ভাই আছে। এখন আইনা বন্ধ আর্বিনিট লোক, যালের বছরে ৩ হাজার টাকার কম আর, তালের বন্ধ আর একটা ক্লাপ করেছি, ভালের কেন্তে ২৫ পার লেট সাব সিদি দেওরা হচ্ছে। আলে এটা ছিল না!

#### . Shri Santi Das:

আৰ্থনি বে সংখ্যান্তলি আমানের সামনে পরিবেশন করপেন ভেটেরিনারি কলেছে যে বাজীভণি ভৈনী করিছে, এবং বা কাগতে এটাভ ভারটাইভ করা হরেছে, তা কি এর মধ্যে ইন্যুক্ত করা হরেছে ?

#### Sint Eingender Nath Das Gupts:

খ্যা। বেলগাড়িয়া ভিলা ভে, দেধানেও আডে, আবার বেলগাছিয়া রোভে ৩২ •টি আছে।

#### Shri Santi Das:

বে বাজীখনির ভাজা দেওরা হবে, তার জন্ত কাগতে এাড ভারটাইক দেওরা হয়েছে। আক্সে প্রহিকেশন দাব মিট করবার লাই ডেট। আমার কাছে এখন খবর আছে বে এগুলি এ্যালটমেন্ট করবার पूर्विष्टे औ वाष्ट्रीश्वनि नथन करत्र वरम चाह्निन, এ थवत्र क्रिक किना ?

## Shri Khagendra Nath Das Gupta:

া। এ ধবর ঠিক নয়, সভা নয়।

#### Shri Somnath Labiri:

বেলগাছিয়ার বাড়ী ভাড়ার এ্যাড্ভারটাইক্ষেট বেরিরেছে ৪৭, ৮৫ আর ১০৫ টাকা, সেই ভাড়া ধার্য্য দ্মা হয়েছে। এর আগে দি আই টি রোভের গভর্নদেট হাউদিং এটেটএর বাড়ী ভাড়া ৬০ টাকা শামরা দেখেছি। এক্ষেত্রে ভাড়ার পরিমাণ বৃদ্ধি হচ্ছে বলে মনে হচ্ছে। এর কারণ কি ?

#### Shri Khagendra Nath Das Gupta:

শাপনি বে কর জারগার কথা বললেন সে কর বছর আগের বাড়ী ভাড়া। এখন বাড়ী ভৈরীর **মটিরিয়েল্এর দর বেড়ে গেছে তার জন্ম বেশী ভাড়া ধা**য্য হয়েছে।

#### Shrimati Ila Mitra:

শোষার ইন্কাম্ গ্র\_প বলতে আগে ৬ হাজার টাকা আয়ের লোক বলেছেন, আর এখন বলছেন ৩ হাজার -টাকা আরের লোক। তা হলে কোন কেটাগরীর লোককে বোঝাচ্ছেন ?

## Shri Khagendra Nath Das Gupta:

**শোরার** ইন্কাম গ্র**ুপ বলতে ৬ হাজার টাকা আ**রবিশিষ্ট লোককে বোঝাচ্ছি।

#### Shrimati Ila Mitra:

এই ও হাজার টাকা আয়ে যাদের, ডাদের ২৫ পার সেটে সাব্সিডি দিয়ে ৪৭ টাকা ভাড়া করেছেন। মর্থাৎ যার ছুশো-আড়াইশো টাকা মাসিক আয়ু, সে কি করে ৪৭ টাকা ভাড়া দিবে গ

(No reply)

#### Shri Aswini Roy:

এই যে তুর্গাপুরে ১২০টা ফ্র্যাট করেছেন, সে সব কি একই ধরণের ১

#### Shri Khagendra Nath Das Gupta:

য়া। তুর্গাপুরে প্রমাণ তু কামর। ৩০টি, সাধারণ তু কামর। ৩৬টি আর নিয়মিত তু কামরা ৩৬টি।

#### Shri Santi Das:

uই বাড়ীগুলির আলট্মেণ্ট্ কি প্রোসিডিওরএ হবে বলবেন কি ?

#### Shrt Khagendra Nath Das Gupta:

্যাড়দিন আগে পাস্ত ১৮ হাজার এপ্লিকেশন পেয়েছি। আরও হয়ত তু-ভিন হাজার পাওয়া বাবে ক্ষন্ত বিলি করার কি প্রে সিডিওর আমরা গ্রহণ করবো, এখনো তা ঠিক করতে পারছি না।

#### Shri Radhakrishna Singha:

নে এ পরেন্ট্ অব্ প্রিভিলেজ্ সার্, এইমাত্র মন্ত্রীমুদাশর কোলেনের আন্সার্এ বললেন, বেলগাছিরার বে দাইগুলি হরেছে, তাতে এখনো ভাড়াটে বদে নি। কিন্তু আমি ঐ ক্লাটগুলির পাশেই বাস করছি; ক্ষ্মীৰ জানি নেবানে বছদিন বৈকে—তিন মাস আগে থেকে বহু লোক সেগুলি ভাড়া নিয়ে অকুণাই করে ছিল আছেন। উনি হয় সঠিক থবর আনেন না, যিস-ইনফরমভ , আর না হয় অসভ্য ভথ্য-পরিবেশন PELDO I

## Shri Khagendra Nath Das Gupta:

্তিখানে রেন্টাল্ হাউদিংএর জন্ত কিছু কিছু যে রেন্টাল্ হাউদ্ হরেছে, হয়ত উনি সেই বাজীর কথা বিশ্বহেন। দেখানে গভর্মেন্ট এম্প্ররিজ আছেন। লো ইন্কাম্ এ পথের জন্ত যে বাড়ী তৈরী হয়েছে, শার জন্ত এটাড্ভার্টাইজ্মেন্ট দেওয়া হরেছে, দেগুলি এখনো খালি আছে।

#### Shri Santi Das:

এই বে লোৱার ইন্কাম্ গ্রুপ এবং মিড্ল্ ইন্কাম্ গ্রুপএর হাউস্-বিভিং লোন্ ভিট্রিবিউট করবার জ্ঞা বেমন সার্ভেরিং কমিটি আছে, তেমনি এই বাড়ীগুলি রেন্টাল্ বেসিস্এ বধন এ্যালট্মেন্ট লেওরা হবে, ওখন কি কোন সার্ভেগ্রিং কমিটি হবে ?

## Shri Khagendra Nath Das Gupta:

ध्यथाना किछ चित्र इत्र नाहे।

Registration of deeds in the registry offices of Tamluk Subdivision \*440. (Admitted question No. \*2080.) Shri Ananga Mohan Das:

বিচার বিভাগের মন্ত্রিমহাশয় অমুগ্রহপূর্বক জানাইবেন কি-

- ক) গত ১৯৬৪ সালে মেদিনীপুর জেলার তমনুক মহকুমার বিভিন্ন রেঞ্জিষ্ট্রী অফিনে মোট কত পলিল রেজিষ্ট্রী হইয়াছিল এবং ডজ্জা সরকারের কত টাকা আয় হইয়াছে;
   উহার মধ্যে কতগুলি লাইনেজ প্রাপ্ত পলিলেথকগণের য়ায়া লিখিত এবং কতগুলি লাইনেজ-
- (খ) উহার মধ্যে কতগুলি লাইনেন্দ প্রাপ্ত দলিললেথকগণের দারা লিখিত এবং কতগুলি **লাইনেন্দ্র** বিহীন লেথকগণের দারা লিখিত ?
- (গ) লাইসেন্সবিহীন লেথকগণের দারা লিখিত দলিল বাবদ সরকারের কন্ত টাকা রাজ্যবের ক্ষিত্ত হইয়াছে ?

#### Shri Iswar Das Jalan:

- (ক) গন্ত ১৯৬৪ সালে মেদিনীপুর কেলার তমলুক মহতুমার বিভিন্ন নিবন্ধন কার্য্যালরে মোট ৬৪,১৩৬টি দলিল নিবন্ধীরত হইরাছিল এবং তজ্জ্য় সরকারের ৪,৩১,৫৩৭ টাকা আয় হইরাছিল।
- (খ) এইরূপ কোন হিসাব নিবন্ধন কার্য্যালয়ে রক্ষিত হয় না। সেইন্সন্য এই প্রান্তের উক্তর দেওর। সম্ভবপর নয়।
- (গ) দলিল লেখার কান্ধ লাইনেন্স প্রাপ্ত দলিল লেখকের একচেটিয়া নহে। লাইনেন্সবিহীন লেখকরাও নিজ নিজ দলিল লিখতে পারেন। সেইজন্য রাজস্বের ক্ষতির কোন প্রশ্ন উঠে না।

#### Shri Ananga Mohan Das:

় আপনারা তো রেজিষ্ট্রেশন আইন করেছেন<sup>।</sup> প্রত্যেক রেজিষ্ট্রী অফিসে নিয়ম আছে যে **সমন্ত ভিত**ুরাইটার দিলিল-লেখক আছে, তাদের লাইদেল নিতে হবে। আবার লাইদেল না নিয়েও **অ**ন্য **লোকে দলিল** লিখতে পারে। এইরকম ব্যবস্থা কেন আছে ?

## Shri Iswar Das Jalan :

স্বাই দলিল-লেখকের কাছে গিয়ে দলিল লিখাবে তা হয় নাই। এটা বন্ধ করে দেওয়া হল্পে এবং নির্দেশ দেওয়া হয়েছে লাইসেল দলিল লেখক ছাড়া অন্য কেউ দলিল-লেখক হবে না।

#### [1-50-2 p.m.]

#### Shri Ananga Mohan Das:

ৰশিৰ্ক কোন লোক নিজে একজিকিউট করতে পারে, শিখতে পারে এবং আদালতে বামদার কোন লোক উদ্ধিন না দিয়ে নিজে তিকেও করতে পারে একথা সভা। কিন্তু যে নিজে তিকেও করতে পারে না ভাকে কর্ম কোককে আলিকেউ করতে হয়, সাইসেনস প্রাপ্ত উকিল দিতে হয়। সেইরকমভাবে রেজিয়া অকিন विश्वात चारक रकता नामा गामान-रमवक शर जारक दिक्किन महिरान्स निएक शर्द र निका सामस्तात मा নিমে বে সময় লোক দলিল লিখহে তামা মনা লোকেন নামে টিশ্সই মিবে কাৰ চালিয়ে ব্রাজেন এইবৰম নানা কাও হচ্ছে। এ আনরেবিটার গলিল-লেখক কাতে না থাকে ভারকন্য ব্যবস্থা क्टाराज कि ?

#### Shri Lewar Das Jalan :

**al** 1

Shri Abdul Bari Moktar:

वाहेरदा लाक निरंत यति ध्वे निम्म लथा २४ काव्यक ध्वेर कि बाहेरीजान बना माहेरम्बन ध्येषा কেন রাখা হরেছে ?

Shri Iswar Das Jalan:

বাদের লাইদেন্স আছে তারা ওঞ্চানে বসতে পারে, চুকতে পারে, সব কাজ করতে পারে। বারা বাইরে থেকে আনে তারা বে নলিলের জন্য আসরে সেই নলিলের জনাই কাজ করতে পারবে।

Shri Abdul Bari Moktar:

এই গলিল শেথকদের লাইসেন্স দেবার ব্যাপারে এমন কোন বাধ্যবাধকতা আছে কিনা বা কোন ু ভিত্তি আছে কিনা যে ভিভিন্ন উপর দলিল-দেখকদের লাইসেন্স দেওরা হয় <sup>8</sup>

Shri Iswar Das Jalan:

্বে এয়াল্লাই করে তার একজামিনেশন করে তাকে লাইদেন্স দেওরা হর।

Shri Abdul Bari Moktar:

একজামিনেশন করবার ব্যাপারে কোনরকম ব্যবস্থা ইতিপূর্বে বা এখন কোন বিধান আছে কি সরকারের ?

Shri Iswar Das Jelan:

এটা আমি বলতে পারবো না।

## Panchannegram Khal Scheme

\*442. (Admitted question No. \*2151.) Shri Nikiti Bas:

স্কে ও জনপথ বিভাগের মন্ত্রিমহাশয় অন্তগ্রহপূর্বক জানাইবেন कि-

- 🌣(क) ইহা কি সত্য যে ২৪ পদ্শাণা কেলাদ্ৰ পঞ্চামনপ্ৰাম থাল শক্তিকল্পনাদ্ৰ কাৰ্য । এখনও লম্পূৰ্ণ হন সাই ;
- (d) বৃদ্ধি 'ক' এর উদ্ভব হাঁ। হয় তবে এই অসম্পূর্ণতার কারণ কি ;
- খ(গ) ইছা কি সত্য বে অসম্পূর্ণ কাজটি সম্পন্ন করার ব্যাপারে পুরাতন সরকারী পরিকরন। বাজিদ করিয়া নতুন পরিকল্পনা গ্রহণ করিবার চেটা চলিভেছে ; এবং
- (थ) वहि 'श' ध्रव केखड 'हा"।' वह करन प्रकार कारने कि ?

#### Shri Syamadas Bhattacharya:

- (#) **S**II 1
  - (খ) কিছু ক্ষির ক্ষুত্র না পাওয়ার জন্য ভিনটি শাখা খালের বন্দ কর্ম্য বিশার্থিত হইছেছেঃ
- ्रीको १६ (१) जानीत अन्यासान (अध्योगन गतिस्थात अस्तितार्थ अस्ति सात्रा सात्रा सात्रा सिक्ट सार्थ THE WAR DESIGNATION OF THE PARTY NAMED AND PARTY OF THE PARTY NAMED AND PARTY. भागातम विकासीन भाष्य ।

# OUESTIONS AND ANSWERS



# Mani Bhattacharles

্ৰ পৰিকল্পনা দেই পৰিকল্পনা বাভিল করার আগে বা ছবিভ রাধার আলে একং ব্যালাক্ষ্য কৃষ্ণি থেকে বে লগখান্ত পেলেছেন সেটা বিচার কিবেচনা করার সময় আপনারা কি ভোল ক্ষাৰ্ক ক্ৰিটিৰ বাৰা ওটা পৰীকা ক্ৰিনেছিলেন ?

# Shri Syamadas Bhattacharya :

এই কুপুৰ্বে মাননীয় সমত নিপিলবাৰ আমাকে একটা পত্ৰ দিয়েছেন, আমি সেই পত্ৰ বিবেচনাত্ৰ জন্য

# Copyists of the Registration Department

443. (Admitted question No. \*2171.) Shri Sambhu Charan Glash : क्रांबः विकारभव सक्रिम्सभव चन्न् अरुभूवंक बानास्त्वन कि-

- ক) রেজিট্রেশন বিভাগের অভিরিক্ত নকল নবীশদের পারিক্রমিকের রেট কিয়ণ;
- (ব) ঐ অভিনিক্ত নকল নবীশদের ছুটীর কোন নিরম আছে কিনা; এবং
- (গ) রেজিট্রেশন বিভাগের অভিরিক্ত নকল নবীশদের প্রভিতেও ফাও, শেন্সন প্রাকৃতির কোন ব্যক্তি

## Shub Iswas Dan Jalan :

- (ক) নিবন্ধন কার্ব্যালয় সমূহে নিযুক্ত অভিরিক্ত নক**ল** নবীশদের পারি**শ্রমিকের** হার নিয়ন্ত্রণ:—
  - (১) প্রতি দশ পৃষ্ঠা নকল করিলে এবং প্রতি কুড়ি পৃষ্ঠা মিলাইয়া দেশিলে ... क्निकां निवस्त कांधानाः ...
- বেখম অন্তর্বতীকালীন ভাতা—উপরোক্ত হারে অভিজ্ঞ পারিশ্রমিকের শতকরা দশ ভাগ।
- (৩) বিতীয় অন্তর্ব তীকালীন ভাত্য-পারিশ্রমিক ও প্রথম অন্তর্ব তীকালীন ভাতার পরিমাণের
- (৪) মহার্ঘ্য ভাতা—পারিশ্রমিক এবং প্রথম ও দিতীয় অন্তর্ব তীকালীন ভাতার পরিমাণে<del>য় শতকর</del>।
- (e) অতিৰিক ফাৰ্য্য ভাতা--> টাকা।
- (৬) বাড়ী ভাড়া ভাভা—( কেবলমাত্র নিজ গৃহে বাস করিলে (১), (২) ও (৩) এ বর্ণিত <del>গারিখারিক</del> কলিকাতাএবং হাওড়া সদর অঞ্চলে ও ভাতার পরিমাণের শতকরা দশ ভাগ। ভাড়া করিয়া ব্দবন্থিত কার্য্যালয় সমূহে প্রাদেয় ) বাস করিলে দশ টাকা।
- (৭) নগদ ভাভা—৫ টাকা। (নিরবচ্ছিরভাবে হয় মাস কাল করিলে এই ভাতা পাওয়া বায় )
- (a) **ছটির কোন নিরম** নাই।
- (भ) धरेक्रण कान वावका नाहे।

Shri Sambhu Charan Ghosh:

প্ৰক্ষীশক্ষে পাক্ষিম্মানকের বে রেটের কথা বললেন সেই রেট বর্ডখান অবস্থানক সাক্ষা শৰাৰা চিন্তা করছেন কিনা?

## Shri Iswar Das Jalan :

षामात्र षाना तह ।

Sharen Gho....

वि अपन केलाइन जातन होनि त्यांन नित्रम (नहें। चामि किलाना प्रशास पर

#### Shri Iswar Das Jalan:

আমার জানা নেই আগুার কন্সিচারেশন আছে কিনা।

Shri Sambhu Charan Ghosh:

আপনি (গ) প্রান্তের উত্তরে বলৈছেন এই নক্সনবীশদের প্রতিভেণ্ট ফাণ্ড, পেনসনের কিছু ব্যবস্থা নেই। এই সম্পর্কে সরকার বলি কিছু না করে থাকে তাহনে করবেন কিনা ?

#### Shri Iswar Das Jalan:

আমি এটা বলতে পারি না বে এখন কোন বিবেচনাধীন আছে কিনা। কিছ বলি কোন প্রশ্ন উঠে ভালনে নিশ্চয়ই বিবেচনা করা হবে।

#### Shri Anadi Das:

মাননীয় মন্ত্রী মহাশায় কি বলবেন, এই যে নকলনবীশরা নকল করে থাকেন ১ টাকা হারে ভাতে দিনে ৬ ঘন্টায় জাঁৱা কড টাকা উপায় করতে পারেন ?

## Shri Iswar Das Jalan :

নোটিশ দিলে বলতে পার্বো।

#### Shri Anadi Das:

এটা কি হারে হয়, দিনে কত উপার্জন করতে পারে এবং সেই উপার্জনে একটা নকলনবীশের সংসার চলতে পারে কিনা সেইসব হিসাব থাকা উচিত ছিল?

#### Shri Iswar Das Jalan:

त्नांहिन ना मिल्न वर्नाट भावत्वा ना त्य मिल्न कड **डे**भाव करत ।

#### Dr. Kanai Lai Bhattacharya:

জেলায় হচ্ছে ১ টাকা করে রেট জার কলকাতায় ১৷• জানা এই পার্থক্য কেন ?

#### Shri Iswar Das Jalan:

বোধ হয় খরচ একটু বেশী বলে।

#### Salt Lake Reclamation Scheme

\*444. (Admitted question No. \*2224.) Shri Aswini Roy:

সেচ ও জলপথ বিভাগের মন্ত্রিমহাশর অন্তগ্রহপূর্বক জানাইবেন কি-

- (ক) কলিকাতা লবণ হল ভূমি পুনক্ষার প্রকলে ১৯৬৫ সালের ৩১শে মক্টোবর পর্যন্ত কত একর জমি পুনক্ষার করা হইরাছে; এবং
- ু (খ) উক্ত পুনত্নদ্ধারকত জমি কতগুলি প্লটে (প্লট) ভাগ করা হইরাছে ;
  - (গ) গৃহ নির্মাণ করিবার জন্ম উক্ত জমি কন্দোকত দেওয়া হইয়াছে কি না ; এবং
  - (प) বন্দোবন্ত বা বিলি দেওয়া হিইলে উক্ত তারিখ পর্যন্ত কন্ত সংখ্যক প্লট কেওয়া হইরাছে এবং বন্দোবন্তের কোন সর্ভ আরোপ করা হইরা থাকিলে তাহা কি?

#### iri Syamadas Bhattacharya:

- 1 Per cest 74
- i) श्रीमकानकृष्ठ समित्र श्रीभव काम (Sentor I) ७७०३ वर्गी (Plot) जान क्या उडेडाटा ।
- ।) अवन्त वत्मावक त्राक्षा स्त्र नारे
- ी जान केंद्रे मा।

#### QUESTIONS AND ANSWERS

Shri Aswini Roy:

े बट्यांवेख स्वात करा यांगनाता कि कार यांत्रकानगढात करा विकालन मिरतिकानन १

Shri Syamadas Bhattacharva:

शंबती चारकानशरखद करा विकाशन मिराकिशाय।

Shri Aswini Roy:

পাওরা সিরেছে ৩১শে অক্টোবর পর্যান্ত কত ?

Shri Syamadas Bhattacharva: ২৫ হাজারের বেশী।

#### Industrial Housing Estate at Danesh Sekh Lane, Howrah

(Admitted question No. \*2188.) Dr. Kanai Lai Bhattacharya: Will the Minister-in-charge of the Housing Department be pleased to state-

- (a) the total number of tenants now residing in the Industrial Housing Estate at Danesh Lane, P. O. Botanic Garden, Howrah;
- (b) the rents of each flat payable by the tenants;
- (c) in how many blocks the said estate is devided;
- (d) if it is a fact that there is no suitable arrangement for the drainage of dirty water from the latrines and bathrooms of the flats occupied by the tenants and as a result of this the entrence of each block remains always over-flowed with dirty water, causing much inconvenience to the residents;
- (e) if so, what action has been taken by Government in this respect;
- (f) whether any application from the residents of the said estate, stating some inconveniences suffered by them has been received by Government this month; and
- (g) if so, what action has been taken thereon?

#### Shri Khagendra Nath Das Gupta: (a) 418.

- (b) Rs. 33 per month including service charges.
- (c) 32 blocks.
- (d) It is not a fact.
- (e) Does not arise.
- (f) We have received no such application.
- (g) Does not arise.

Dr. Kanai Lai Bhattacharya:

মাননীর মন্ত্রীমহাশর বললেন বে ইট ইজ নট এ ফ্যাক্ট বে ঐ ক্রেনেজের যে কিল্পি ওরাটার দেটা টিক অনুটাব্দের সামনে পড়ে ন।। এটা মন্ত্রী মহাশর রিটিন দিয়েছেন এবং এটাসেম্ব্রীতে বলছেন ইট ইঞ্চ নট এ স্থাটি। আমি মাননীয় মন্ত্রীমহাশয়কে অস্থ্রোধ করবো তিনি বদি আমার সক্ষে বান তাহলে ঐ স্ল্যাটের বে ইঞ্জিনীয়ারিং ডিজেট সেটা আমি জাঁকে নিজে দেখিয়ে দেবো যে এন্টাজের দামনে জল পড়াই এক এন্ট্রাল্ট্রী ক্রিছে হরে ররেছে। তিনি কি আমার সকে বেতে রাজী আছেন?



Shri Khagendra Nata was Gupta;

नावि त्यादन नित्न निरवर्षि, त्यानकोत क्या विक्रिनियानि छ्या स्था देव सो। विक्रिनियानि छ्या ৰেকে বোটানিকাল গাৰ্ডেনের বিলে বার।

Dr. Kansi Lai Bhattacharva:

আমার প্রস্তাট। আগনি ঠিক বুরতে পারেন নি। আমার প্রস্ত হচ্ছে প্রত্যেকটি রুরাটের বে জটি প্রস্তাটার (महो हाटनद क्लाहे बनून श्रांत शोहशानांत क्लाहे वनून, এकही शाहेश क्लाह श्रांत निकल अस्की (क्रांत এনে পড়ে এবং সেই ছেনটা হচ্ছে ঠিক এনটালের ত্ব'লিকের সাম্বন এবং ভার মধ্যে এতথানি গ্যাপ আছে বার ফলে এ জলটা পড়লে স্পালাস করে সমস্ত এনটাস্টা ভিজে বাজে এবং ডাটি ইজে িএটা শাগনাদের ডিফেকটিভ কন্টাকশনের জন্ম হচ্ছে এটা সত্য কিনা ?

Shri Khagendra Nath Das Gupta: এইবৰম কোন সংবাদ পাইনি, আৰু প্ৰথম আপনার কাছ পেকে ওনলাম।

## **UNSTARRED QUESTIONS** (to which written answers were laid on the table)

#### National Sugar Mills. Birbhum

721. (Admitted question No. 1354.) Shri Anadi Das:

পিল্ল ও বাণিজ্য বিভাগের মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি-

- বীর্ভ্য ক্রেলার আহমদপর স্থগার মিলের অধিকারী বর্তমানে কে এবং ইহার মালিকানা কি সরকার সতীয়াকেন :
- (খ) ঐ মিল চালু করার কোন ব্যবস্থা হইতেছে কি:
- (গ) হদি হয়, কবে হইতে চালু করা হইবে;
- (ছ) ইহা কি সভা বে এই মিলের টাফের ভন্ত মিলের কোয়াটারগুলি সাধারণকে ভাড়া দেওয়া इंडेएकाइ जर
- (৬) এই মিল চালু করার কোন অস্তরায় আছে কি না এবং থাকিলে তাহা কি কি?

## The Minister for Commerce and Industries:

- .(ক) দি ক্সাপনাল স্থগার মিলস লিমিটেড: কিন্ত উক্ত মিলে সরকারী লরীর নিরাপ্তার **বা**র্থে ঐ মিলের স্থাবর সম্পত্তির কর্তু ছ সরকারী আওতায় আনা হইয়াছে।
- (ব) ইয়া। মিলটি চালু করার জন্ত প্রয়োজনীয় ব্যবস্থা করা হইতেছে। স্বয়্লকালের মধ্যেই মৃধা বাস্ত্রকার (চীক ইঞ্জিনীয়ার) নিয়োগ করা হচ্ছে। তিনি ব্যৱপাতির সংস্কার সাধনের জন্ম প্রায়োজনীয় লোক নিয়োগ করিবেন।
  - (র) সঠিক ভারিধ বলা সম্ভব নর। খব সম্ভব আগামী বৎসর হইতে।
- ্ৰ (খ) প্ৰসঠিক জানা নাই।
- ই্যা, অধীবদরাম রার এবং প্রীক্ষরাথ রায় নামক ক্রিক্লানীর ভইজন প্রাওনালার হাইকোটের विकर माजना विवेदियात नावीटण प्रदेशि केरेलिर चान चामिरक्नाम महिनारकन वाक जेलिन ग्रहीण et na

ক্ষিত্ৰ কৰাৰ সৰ্বাধী আওতাৰ আনিবাৰ পৰ ঐ কোপানী ভাৰতীৰ স্বিবাদেৰ ২২৬ গাৰ क्षी बारका गढ गाविन कडिडाक्न । जि बारका महिल क्षतिक शाहरकार्य निरंकिन विरंकित

## QUESTIONS AND ANSWERS

of Cooch Behar Zilia Parishad

বংসরে কে কর্ড তীকা লইরাছিলেন ভাহার একটি বিবরণ সঙ্গে দেওয়া হইল।

ं मलचटलं नोम

৬। জ্রী ফ্রে এন-রায় ৭। জ্রীজে সি-সরকার

of Cooch Bener Zine Parished

222. (Admitted question No. 1422.) Shri Sunii Basunia:

